অতি—(1) *adv & prep* over, beyond, improperly, going beyond, excessively, beyond the compass or range (of), outside (2) *a* very improper or unbecoming, excessive, excellent ('অতি নাগর') (3) *n* an improper or excessive amount (কিছুরই অতি ভাল নয়) (4) *pfx* used in all the senses given above under 1 and 2, ex-, extra-, hyper-, out-, over-, super-, sur-, trans-, ultra- অতিকথা—*n* exaggerated or useless talk, a myth. অতিকায়—*a.* having a huge or prodigious body, gigantic অতিচালাক—*a.* over-clever, really foolish although appearing to be clever অতিচালাকের গলায় দড়ি—an over-clever person hangs himself, the fox must pay his skin to the furrier

অতিজন—*n* the majority অতিতপ্ত—*a* superheated অতিতর—*a* very much, excessive

অতিদর্প—*n* excessive pride or vanity অতিদর্পে হতা (বা হত) লঙ্কা—(lit) the fall of Lanka was caused by (King Ravana's) excessive vanity; (fig) Pride will have a fall. অতিপাতক—*n* any of the most heinous sins, a deadly sin অতিপান—*n* (habitual) over-indulgence in intoxicating liquor, intemperance. অতিপ্রাকৃত—*a* supernatural, supernal অতিবল—*a* extremely strong or mighty. অতিবাড—*n* overgrowth, unnatural growth or development, excessive haughtiness or pride, extreme immoderation or excess অতিবাড় বাড়া—*v* to grow extremely haughty or arrogant. অতিবাড বেড নাক ঝডে পড়ে যাবে—(lit) don't grow too high lest a storm makes you tumble down, (fig) Pride will have a fall অতিবাদ—*n* exaggeration অতিবৃদ্ধি—same as অতিচালাক অতিবৃদ্ধ—*a* very old, decrepit অতিবৃদ্ধি—*n* overgrowth অতিবৃষ্টি—*n.* excessive or heavy rainfall অতিবেগনী, অতিবেগুনী—*a* ultraviolet অতিব্যস্ত—*a* (usu. dero) very busy, very anxious, fussy অতিভক্তি—*n* excessive devotion or reverence (usu insincere) অতিভক্তি চোরের লক্ষণ—too much courtesy, too much craft অতিভুজ—*a* (geom.) a hypotenuse অতিভোজন—*n* over-eating, surfeit, gluttony অতিভোজন করা—*v* to over-eat; to gourmandize, to gormandize অতিভোজী—(1) *a* voracious, gourmand, (2) *n* a gourmand, a glutton অতিমন্দা—*n* (comm) slump অতিমাত্র, অতিমাত্রায়—*adv* beyond measure, extremely অতিমান—*n* excessive vanity অতিমানব, অতিমানুষ—*n* a great man or a man of exceptional qualities and

powers, a superman, a greatly wise man অতিমানবিক, অতিমানুষিক—*a* superhuman, supernal, spiritual, divine অতিরঞ্জন—*n* exaggeration অতিরঞ্জিত—*a* exaggerated অতিরথ—*n* a warrior capable of fighting innumerable enemies simultaneously অতিরাষ্ট্রিক—*a* extra-territorial

অতিক্রম, অতিক্রমণ—*n* act of going beyond; act of passing over, act of crossing, transgression, non-observance, violation, act of excelling or exceeding অতিক্রম করা—*v* to go beyond, to pass over, to transgress, to violate, to exceed, to excel, to surpass or outdo অতিক্রমণীয়, অতিক্রম্য—*a* that which can be or is to be passed beyond or crossed or transgressed or overcome, violable, surpassable

অতিক্রান্ত—*a* passed beyond, crossed, transgressed, violated, surpassed, outdone, passed away, elapsed, past (অতিক্রান্ত দিন) অতিক্রান্ত হওয়া—*v* to be passed beyond or transgressed or violated or overcome or surpassed or outdone, to pass away, to elapse.

অতিথি, (coll) অতিথ—*n* a guest অতিথিবৎসল—*a* hospitable অতিথিশালা—*n* a guest-house অতিথিসৎকার, অতিথিসেবা—*n* hospitality অতিথিসেবক—*n* a hospitable man, a host

অতিপন্ন—*a* lapsed অতিপন্ন হওয়া—*v* to lapse

অতিপত্তি—*n* lapse

অতিপাত করা—*v* to spend or pass (time, life, term, etc)

অতিবাহন—*n* act of spending or passing (time, life, term, etc) অতিবাহন করা—*v* to spend or pass

অতিবাহিত—*a* (of time, life, term, etc) spent. অতিবাহিত করা—*v*. to spend or pass

অতিরিক্ত—*a*. more than what is needed, redundant, supernumerary, supererogatory, additional, surplus, extra, superfluous, excessive (অতিরিক্ত তাপ), exceeding (তদতিরিক্ত কিছু), (bot) accessory

অতিরেক—*n*. abundance, superfluity, excess, surplus

অতিশয়—(1) *a* too many or too much, great excessive (অতিশয় তাপ), large (অতিশয় ভিড়) (2) very, exceedingly, excessively. অতিশয়োক্তি—*n* (rhet) a Sanskrit figure of speech akin to English hyperbole, exaggeration

অতিষ্ঠ—*a* unable to stay or keep steady, unsettled, restless, uneasy, irritated অতিষ্ঠ করা—*v* to make unsteady, to unsettle, to make restless or uneasy, to make unbearable, to irritate

অতিসার—*n* morbid looseness of bowels, diarrhœa, dysentery

অতীক্ষ্ন—*a* not sharp or keen; blunt

অতীত—(1) *a* elapsed, passed away, gone by, dead, past, existed or occurred in the past, ancient (2) *prep.* past, beyond, beyond the range of (দৃষ্টির অতীত) (3) *n* past times or days, ancient times, the past, (gr) the past tense অতীতকাল—*n* same as অতীত (*n*) অতীতবেত্তা—*n* one who knows the incidents of the past অতীত হওয়া—*v*. to pass away, to elapse

অতীন্দ্রিয়—*a* beyond the range of the senses, not perceptible by the senses, impalpable, subtle, (loos) transcendental অতীন্দ্রিয়তা—*n* impalpabi-

For words in অতি-, not given separately, see অতি

lity, subtlety, (loos) transcendentalism.

অতীব—*adv* very, very much, extremely, exceedingly, excessively

অতীসার—alt spell of অতিসার

অতুল, অতুলন, অতুলনীয়, অতুল্য—*a* beyond compare, incomparable, matchless, peerless, unequalled, unparalleled *fem* অতুলনা, অতুলনীয়া

অতুষ্ট—*a* unsatisfied, not pleased or gratified, unappeased, discontented অতুষ্টি—*n* dissatisfaction, displeasure, lack of gratification, lack of appeasement, discontent.

অতৃপ্ত—*a* insatiate, ungratified, unsatisfied; unappeased. অতৃপ্তি—*n* lack of satiation or gratification, dissatisfaction, lack of appeasement অতৃপ্তিকর—*a* causing dissatisfaction or displeasure

অত্যধিক—(1) *adv* very much, too much, exceedingly, extremely (2) *a* excessive, great

অত্যন্ত—(1) *adv* very much, too much, exceedingly, extremely (2) *a* excessive, extreme, great অত্যন্তগামী—*a* extremely swift or speedy অত্যন্তসংযোগ—*n* uninterrupted extension or expansion অত্যন্তাভাব—*n* total want or absence, (phil) complete non-existence or absence

অত্যয়—*n* death, destruction, annihilation (দেহাত্যয়), passing away or elapsing (কালাত্যয়), waste, fault, crime, vice, sin, danger or hazard, an unexpected danger, emergency অত্যয়প্রমাণপত্র—*n* an emergency certificate. অত্যয়-সংচিত—*n* emergency reserve

অত্যল্প—*a* very little or very few, scanty

অত্যাহিত—*n* extreme harm or injury

অত্যাচার—*n* oppression, outrage, tyranny, strain (চোখের উপর অত্যাচার), intemperate and irregular habits, act of taking undue advantage (স্নেহের বা আতিথ্যের উপর অত্যাচার), অত্যাচার করা—*v* to oppress, to outrage, to tyrannize over, to strain, to be of intemperate and irregular habits, to take undue advantage of অত্যাচারী—(1) *a* oppressing, oppressive, outrageous, tyrannizing, tyrannical, of intemperate and irregular habits, (2) *n*. an oppressor, a tyrant, a man of intemperate and irregular habits

অত্যাজ্য—*a* incapable of being given up or away, not to be abandoned or deserted or relinquished or disowned

অত্যাবশ্যক—*a* urgently or absolutely necessary, essential, very urgent or important.

অত্যাশ্চর্য—*a* most astonishing, very wonderful, miraculous

অত্যাসক্ত—*a* very much addicted (to), strongly attached (to) অত্যাসক্তি—*n* extreme addiction, strong attachment

অত্যাহিত—*n* harm, injury, great fear

অত্যুক্তি—*n* exaggeration

অত্যুগ্র—*a* extremely haughty or indignant, exceedingly bright or hot, very harsh, excessively austere

অত্যুজ্জ্বল—*a* extremely bright or shining, extremely brilliant (অত্যুজ্জ্বল চরিত্র)

অত্যুৎকৃষ্ট—*a* superexcellent.

অত্যুৎপাদন—*n* (of agricultural produces and factory products) over-production

অত্যুষ্ণ—*a* very hot, excessively heated

অত্র—*adv* in or to or of this place, here, অত্রত্য, অত্রস্থ—*a* of this place

অথই—*a* unfathomable, bottomless, very deep

অথচ—*con. & adv* yet, still, notwithstanding, in spite of, even then

অথবা—*con* or

অথর্ব—(1) *n* the last one of the four Vedas (2) *a* deprived of the power of movement (esp owing to age) decrepit, disabled, unable to work, good-for-nothing

অথান্তর—*n* (lit.) change of fortune for the worse, distress, worry, anxiety, danger or hazard, difficulty

অথির—poet. corrup of অস্থির

অথৈ—alt spell of অথই

অদক্ষ—*a* unskilled, inexpert.

অদগ্ধ—*a* not consumed by fire, unburnt.

অদণ্ডনীয়—*a* not to be punished, unpunishable

অদত্ত—*a* not given

অদন—*n* eating, any edible article, food

অদন্ত—*a* toothless, edentate

অদমনীয়, অদম্য—*a* indomitable, untameable, pertinacious, unconquerable, turbulent.

অদরকারি—*a* unnecessary, unimportant

অদহনীয়, অদাহ্য—*a* incombustible অদহনীয়তা, অদাহ্যতা—*n* incombustibility

অদিতি—*n* (myth.) the mother of gods অদিতিনন্দন—*n* a son of Aditi (অদিতি); a god

অদিন—*n* an inauspicious day, hard times, difficult days

অদীক্ষিত—*a* uninitiated

অদীপ—*a* when or where lamps have not yet been lighted ('অদীপ সন্ধ্যা')

অদূর—*a* not distant, not far, near, close, yonder অদূরদর্শিতা—*n* absence of foresight, imprudence, (rare) recklessness অদূরদর্শী—*a* bereft of foresight, imprudent, (rare) reckless *fem* অদূরদর্শিনী. অদূরবর্তিতা—*n.* state of being not at a distance, nearness, proximity অদূরবর্তী—*a* not in a distant position, near, yonder *fem* অদূরবর্তিনী অদূরবদ্ধ—*a* deprived of a long range অদূরবদ্ধ দৃষ্টি—shortsightedness অদূরস্থ—same as অদূরবর্তী অদূরে—*adv* not far; near, close by

অদূষিত—*a* not corrupted, not defiled, (of water, air, etc) not rendered impure or foul

অদৃশ্য—*a* invisible, imperceptible অদৃশ্য হওয়া—*v* to go out of sight, to disappear or vanish, to become invisible or imperceptible

অদৃষ্ট—(1) *a.* not seen, unseen (2) *n.* fate, luck, fortune, destiny অদৃষ্টক্রমে—*adv* as ordained by destiny; as luck would have it, by chance, fortunately অদৃষ্টপরীক্ষা—*n* act of telling or learning one's fortune by means of divination, palmistry, etc; act of trying one's luck (esp in a game of chance) অদৃষ্টপরীক্ষা করা—*v.* to tell one's fortune, to try one's

luck অদৃষ্টপরীক্ষা করান—*v* to have one's fortune told অদৃষ্টপুরুষ—*n masc* Destiny, God অদৃষ্টপূর্ব—*a* not seen before, novel, new অদৃষ্টবশতঃ—*adv* as luck would have it, by chance অদৃষ্টবাদ—*n* fatalism অদৃষ্টবাদী—(1) *n* a fatalist, (2) *a* fatalistic অদৃষ্টলিপি—*n* the unseen writings of one's fate, one's destiny অদৃষ্টের পরিহাস—irony of fate

অদেখা—*a* unseen.

অদেয—*a* incapable of being given

অদ্বয—(1)*n* Brahma(ব্রহ্ম), Buddha (2) *a* having no second or parallel, absolute অদ্বয়বাদ—*n* monism, Buddhism অদ্বয়বাদী—(1) *n* a monist, a Buddhist, (2) *a* monistic, Buddhistic

অদ্বিতীয়—*a* having no second or parallel, absolute, matchless, singular, supreme

অদ্বৈত—(1) *a* (theo) hav ng no second or diversity, monistical, unitarian, non-dual, absolute (2) *n* Brahma (ব্রহ্ম), God অদ্বৈতবাদ—*n* non-dualism, monism, monotheism, unitarianism অদ্বৈতবাদী—*n* a non-dualist, a monist, a monotheist, a unitarian

অদ্ভুত—(1) *a* strange, queer, quaint, odd, uncouth, extraordinary, astonishing, unthought-of, sudden (2) *n* (rhet) a description that strikes the reader with its extraordinary queerness (also অদ্ভুতরস) অদ্ভুতকর্মা—*a* endowed with extraordinary capabilities, one who has performed or is capable of performing miraculous deeds অদ্ভুতদর্শন—*a* odd-looking

অদ্য—*n* & *adv* today অদ্যকার, অদ্যতন—*a* today's অদ্যভক্ষ্যধনুর্গুণ—*n* (fig) over-calculation, (inc but pop) state of having nothing to eat today, abject poverty অদ্যাপি—*adv* even today, even now, even at present, as yet. অদ্যাবধি—*adv* from today, hereafter, till today, till now

অদ্রব—*a* insoluble, undissolved

অদ্রাব্য—*a* insoluble.

অদ্রি—*n* a mountain

অদ্রোহ—*n* absence of malignity or malice or envy, absence of quarrel, amicability

অধঃ—*adv* & *prep* down, below, beneath, under, in or to the underworld অধঃকৃত—*a* cast or thrown downwards, felled, vanquished, defeated, lowered অধঃক্রম—*n* descending order অধঃপতন, অধঃপাত—*n* a falling down, downfall, degradation, degeneration, moral downfall, abandoned state অধঃপতিত—*a* fallen down, downfallen, degraded, degenerated, morally degenerate, abandoned অধঃপাতে যাওয়া—*v* to be ruined morally or otherwise, to go to the dogs, to go to the bad. অধঃপেতে—vul form of অধঃপতিত (chiefly facet or in raillery) অধঃস্থ—*a* lying, or situated or placed under, lower, subordinate

অধম—*a* lowest, inferior, vile, mean, despicable, abominable, hateful, insignificant, worthless (অধম ভক্ত) অধমর্ণ—*n* a debtor অধমাঙ্গ—*n* the part of the body from the waist downwards, (usu) the foot or the leg অধমাধম—*a*. worse than the worst, vilest of the vile, most insignificant or worthless

অধর—*n* (ori) the lower lip, (loos) any of the two lips or both the lips অধরদল—*n* (bot.) a labellum অধরপল্লব—*n* a lip or lips as tender as tree-leaves অধরমধু বা অধরসুধা পান—*n* (lit.) act

of drinking lip's honey or nectar, (fig) act of kissing greedily অধরমধু বা অধরসুধা পান করা—*v* to kiss greedily

অধরা—*a* incapable of being caught hold of, intangible, elusive

অধরামৃত পান—same as অধরসুধা পান (see অধর)

অধস্তন—*a* inferior অধস্তন কর্তৃক—inferior service

অধর্ম—(1) *n* any act in contravention of scriptural or moral laws, a sinful act, a sin, irreligiousness, an unrighteous act, unrighteousness (2) *a* sinful, unrighteous অধর্মচারী, অধর্মপরায়ণ—*a* given to committing sins or practising unrighteousness, sinful, sinning, unrighteous অধর্মাচরণ—*n* (esp habitual) act of committing sins, sinful practice, unrighteous practice অধর্মাচারী—same as অধর্মচারী অধর্মী—*a* sinful, unrighteous, unreligious, impious, (loos) treacherous

অধস্তন—*a* lying or situated or placed under, born or grown on a lower stratum or on the ground, lower, inferior, lower subordinate (অধস্তন কর্মচারী) অধস্তন পুরুষ—*n* a later generation, posterity

অধার্মিক—*a* irreligious, impious, unrighteous, sinful অধার্মিকতা—*n* irreligiousness, impiety, unrighteousness, sinfulness

অধি—*pfx* used in the senses of above, on, over, upon, higher, greater, more, superior, ruling, dominating, etc, over-, super-, sur-, ad-, etc

অধিক—*a* many, much, more, exceeding, more than (পাঁচের অধিক), additional, superfluous, too many, too much *compar* অধিকতর, *super* অধিকতম অধিকন্তু—*con & adv* moreover, over and above, further, besides, in addition

অধিকম্প—*n* a beat or beating (নাড়ীর অধিকম্প)

অধিকর—*n* super-tax

অধিকরণ—*n*. anything that holds or contains, a container, a place, a vehicle or medium, proximity, a court of justice (ধর্মাধিকরণ), domination, possession or occupation, (gr) the locative case

অধিকর্তা—*n* a director in charge of a government department

অধিকল্প—*n* an era

অধিকাংশ—*a* almost all, most, greater number or portion of অধিকাংশ ক্ষেত্রে বা স্থলে—in most cases, mostly

অধিকার—*n* ownership, possession, occupation, right, title, claim, domination, control, overlordship, authority, experience, knowledge (গণিতশাস্ত্রে অধিকার), jurisdiction, a public directorate (শিক্ষাধিকার), ability, competency or claim (রাজাশাসনে অধিকার) অধিকার করা—*v* to occupy, to possess অধিকারকভাগদেয়—*n* royalty অধিকারক্ষেত্র—*n* jurisdiction অধিকারগত—*a* in one's possession, concerning one's possession or rights or claim or office, titular অধিকারচ্যুত—*a* dispossessed অধিকারী (1) *a* having ownership or right or claim or possession or competency or authority; (2) *n* an owner, a proprietor, a king, a prince ('চান্দ অধিকারী'), a claimant, a competent man, a proprietor (who is also the motion-master) of an opera-party, orchestra-party, etc (যাত্রাদলের অধিকারী); any venerable person of the Vaishnaba (বৈষ্ণব) community অধিকারিণী—(1) *a. fem* of অধিকারী, (2) *n*

a proprietress, a mistress, a female claimant, a competent woman

অধিকৃত—*a* that which has been taken possession of, occupied, possessed, brought under control, learned, earned, obtained

অধিকোষ—*n* a banking establishment, a bank অধিকোষস্থিতি—*n* bank-balance

অধিক্রমণ—*n* act of overlapping

অধিক্ষেত্র—*n* jurisdiction

অধিগত—*a* attained, obtained, acquired, earned, learned, known, studied, brought under control, mastered

অধিগম্য—*a* accessible, attainable, acquirable, capable of being learnt or known, knowable, comprehensible, capable of being studied, capable of being mastered

অধিচাপ—*n* (geom) a major arc

অধিজন—*n* the majority অধিজন-সম্প্রদায়—*n* the majority community

অধিত্যকা—*n* a plateau, a table-land

অধিদেব, অধিদেবতা, অধিদৈবত—*n* a guardian deity, a presiding or controlling deity

অধিদেয়—*n* an allowance of money

অধিনায়ক—*n* a leader, a chief, the captain or skipper of a playing team, an army commander

অধিনিয়ম—*n* a legislative act. অধিনিয়মন—*n* enactment, legislation

অধিপ, অধিপতি—*n* a master, a lord, an owner, a proprietor, a king, a prince

অধিপাল—*n* a vice-chancellor (of a university)

অধিপুরুষ—*n* a rector

অধিপ্রাণবাদ—*n* (phil) the vitalistic theory.

অধিবক্তা—*n* a legal advocate

অধিবর্ধন—*n* overgrowth

অধিবর্ষ—*n* a leap-year

অধিবাস১—*n* a dwelling-place, a home, an abode

অধিবাস২, অধিবাসন—*n* ceremonial purification of a person on the eve of a solemn function (বরের অধিবাস), any performance preliminary to any solemn ceremony (পূজার অধিবাস)

অধিবাসিত—*a* (of a person) purified ceremonially on the eve of a solemn function, established in a residence, placed

অধিবাসী—*n* an inhabitant, a native, a resident

অধিবাস্তববাদ—*n* surrealism অধিবাস্তববাদী—*n* a surrealist.

অধিবিদ্যক—*a* metaphysical

অধিবিদ্যা—*n* metaphysics

অধিবৃত্ত—*n* (math) a parabola

অধিবৃত্তি—*n* a bonus

অধিবেত্তা—*n* a man who marries a second time although his first wife is still living

অধিবেদন—*n* act of marrying a second time when one's first wife is still living

অধিবেশন—*n* a meeting, a sitting, a session অধিবেশন হওয়া—*v* to be held

অধিভার—*n* a surcharge

অধিমাস—*n* an intercalary month

অধিমূল্য—*n* a price above par অধিমূল্যে—*adv* above par

অধিযন্ত্রবাদ—*n* (phil) the mechanistic theory

অধিযান্ত্রিক—*n* a mechanical foreman, a machine foreman

অধিযাচন—*n* requisition অধিযাচনপত্রী—*n* a requisition slip

অধিযুগ—*n* an epoch

অধিরথ—*n* a chariot-driver, a charioteer, a warrior on chariot who can

fight innumerable foes simultaneously

অধিরাজ—*n* an emperor, a suzerain, a sovereign prince

অধিরাজ্ঞী—*n* an empress, a sovereign queen

অধিরাজ্য—*n* a dominion of an empire

অধিরূঢ়—*a* mounted, seated upon, riding on, ascended, অধিরূঢ় হওয়া—*v* to mount, to sit upon, to ride, to ascend

অধিরোপণ—*n* act of making one mount or ride or ascend, act of placing (upon), act of charging a bow with an arrow অধিরোপণ করা—*v* to make one mount or ride or ascend, to place (upon), to charge (a bow) with (an arrow)

অধিরোহ—*n* an ascent, an elevation অধিরোহণ—*n* act of mounting or ascending or climbing or riding অধিরোহণ করা—*v* to mount, to ascend, to climb, to ride অধিরোহণী—*n* a flight of steps, a ladder, a staircase অধিরোহিণী—var of অধিরোহণী, *fem* of অধিরোহী অধিরোহী—(1) *a* mounting, ascending, climbing, riding, (2) *n* a mounter, a climber, a rider

অধিশয়িত, অধিশয়ান—*a* placed or lying upon or over, established over or upon, presiding over

অধিশায়িত—*a* placed or laid upon or over

অধিশ্রয়—*n* (phys) focus

অধিষ্ঠাতা—(1) *a* dwelling or living, existing in a place or person or thing in question, present, governing, directing, controlling, presiding, holding (an office or a post), possessing, occupying (2) *n* a dweller, a governor, a director, a controller, a president, one who is present, one who holds (an office or post), a possessor, an occupier. *fem* অধিষ্ঠাত্রী.

অধিষ্ঠান—*n* act of living or dwelling, stay, existence in a place, person or thing in question, presence or appearance, act of being seated or placed, presence to guide and control, a dwelling-place, a resort (দেবতার অধিষ্ঠানে), state of being situated, act of holding (an office or a post), (psy) inherence, act of taking possession of অধিষ্ঠান করা—*v* to live or dwell or stay in, to exist in, to be present in, to be seated or placed in or upon, to be present to guide and control, to be situated, to hold (an office or a post), (psy) to inhere, to take possession of, to occupy

অধিষ্ঠিত—(1) *a* dwelling or living or staying, existent in a place or person or thing in question, present, appeared, seated, present to guide and control, situated, holding (an office or a post), possessing, occupying, dwelt, inhabited, possessed, occupied অধিষ্ঠিত হওয়া—*v* to live or dwell (in), to inhabit, to exist (in), to be present (in), to appear (in), to be present (in) to guide and control, to be seated or placed (in or upon), to be situated (in), to be established (in an office or a post), to be in possession or occupation of, (psy) to inhere

অধিহার—*n* a rate above par অধিহারে—*adv* above par

অধীক্ষক—*n* a superintendent, a supervisor

অধীত—*a* read, studied, perused. অধীতি—*n* study, act of reading, perusal অধীতী—*a* engaged in studying

or reading or perusing, learned, erudite, well-studied

অধীন—*a* brought under control, subjugated, tamed, dependent, dependent for maintenance or subsistence, bound by obligation (to), included, dominated, governed or ruled (by), subordinate (অধীন কর্মচারী), subservient (to), subject (to) *fem* অধীনা, (inc) অধিনী অধীনতা—*n* subjugation, tamed condition, dependence, dependence for maintenance or subsistence, obligation, inclusion, domination, subordination, subserviency, subjection

অধীয়মান—*a* that which is being read or studied

অধীর—*a* restless, fidgety, impatient, eager, anxious, worried, alarmed, concerned, uneasy, excited, agitated, beside oneself *fem* অধীরা অধীরতা—*n* restlessness, fidgetiness, impatience, eagerness, anxiety, worry, alarm, fear, excitement, agitation অধীর হওয়া—*v* to become restless, or impatient or eager or anxious or alarmed or excited or agitated, to fidget, to worry, to be beside oneself

অধীশ, অধীশ্বর—*n* a great king, an emperor, a sovereign ruler, an owner, a master, a lord, a ruler or director, a chief *fem* অধীশ্বরী

অধুনা—*adv* in recent times, at present, nowadays অধুনাতন—*a* of recent times, present-day, inc

অধৃষ্য—*a* unconq

অধৈর্য—(1) *a* im less, uneasy, fidgety ied. (2) *n* restlessness, unea anxiety, worry

অধোগত—*a* gone downwards, descended, subsided, downfallen, deteriorated, depraved, stricken with misery, distressed, condemned to hell, reborn as an inferior creature.

অধোগতি, অধোগমন—*n* a gait or going downwards, descent, subsidence, downfall, deterioration, depravity, misery, distress, domination, rebirth as an inferior creature

অধোগামিনী—*fem* of অধোগামী

অধোগামী—*a* going downwards, descending, subsiding, downfallen, deteriorating, depraved, miserable, distressed, condemned to hell, reborn as an inferior creature

অধোদৃষ্টি—*a* looking downwards, having looks fixed at the tip of one's nose whilst practising yoga, অধোদৃষ্টিতে—*adv* with downcast looks

অধোদেশ—*n* the lower portion or part, posteriors, buttocks, downward direction

অধোবদন—*a* having one's face or head hanging down *fem* অধোবদনা অধোবদন হওয়া—*v* to hang one's face or head down অধোবদনে—*adv* with one's face or head hanging down

অধোবিন্দু—*n* the nadir

অধোভাগ—same as অধোদেশ

অধোমুখ—same as অধোবদন *fem.* অধোমুখী

অধ্বর *n* an ecclesiastical sacrifice (esp in accordance with the যজুর্বেদ)

অধ্বর্যু—*n* a priest who is versed in the যজুর্বেদ.

অধ্যক্ষ—*n* a manager, a tive, a superintendent, charge, a principal (of institution), a lord or ধ্যক্ষ), a president legislative assem

managership, management, the post or office or function of a chief executive, superintendentship, superintendence, overlordship or mastership, principalship, presidentship, presidency, speakership.

অধ্যবসায়—*n* perseverance অধ্যবসায়শীল, অধ্যবসায়ী—*a*. persevering

অধ্যয়ন—*n* assiduous or absorbing study or reading অধ্যয়নরত, অধ্যয়ননিরত—*a* engaged in studying or reading (esp absorbedly) অধ্যয়নশীল—*a* given to studying or reading (esp absorbedly)

অধ্যশন—*n* over-eating, surfeit, act of eating a second time before the food taken previously has been digested.

অধ্যাত্ম—*a* pertaining to the Supreme Being, pertaining to the individual soul; spiritual, metaphysical, physical অধ্যাত্মতত্ত্ব—*n* knowledge about God, knowledge about the soul, metaphysics অধ্যাত্মতত্ত্ববিৎ—*n* one who has knowledge about God or the soul, a metaphysician অধ্যাত্মবাদ—*n* subjectivism, spiritualism অধ্যাত্মবাদী—(1) *a* subjectivistic, spiritualistic, (2) *n* a subjectivist, a spiritualist. অধ্যাত্মিক—var of আধ্যাত্মিক অধ্যাত্মীয়—*a* subjective

অধ্যাদেশ—*n* an ordinance

অধ্যাপক—*n* a teacher, an instructor, an advisor, (usu) a professor or lecturer (of a college etc). *fem* অধ্যাপিকা

অধ্যাপন, অধ্যাপনা—*n* act of teaching, or advising or instructing অধ্যাপনা করা—*v* to teach, to instruct, to advise, (usu.) to work as a professor or lecturer (in a college etc)

অধ্যাপয়িতা—same as অধ্যাপক *fem*. অধ্যাপয়িত্রী

অধ্যায়—*n* a chapter, a section, a canto, etc (of a book)

অধ্যারূঢ়—*a* mounted (on)

অধ্যারোপ—*n* (rhet) transference of epithet, (phil) imaginary ascription of foreign qualities to a person or a thing, illusion.

অধ্যাস১—*n* ascription, attribution; (phil) imaginary ascription of foreign qualities to a person or a thing, illusion.

অধ্যাস২, অধ্যাসন—*n* act or state of being placed or seated upon or over, act of sitting, state of being seated, domination, (of deities) invisible presence

অধ্যাসিত, অধ্যাসীন—*a* placed or seated upon or over, mounted, in possession of, (of deities) present invisibly

অধ্যাহার, অধ্যাহরণ—*n* (gr) act of making a word or words elliptic, (gr) an ellipsis, quotation.

অধ্যাহৃত—*a* (gr) left out as an ellipsis, quoted

অধ্যুষিত—*a* inhabited, dwelt in, colonized

অধ্যেতা—(1) *a* engaged in study (2) *n* a student, a reader.

অধ্রুব—*a* inconstant, unstable, transitory, changeable, variable, uncertain, doubtful

অন্—var of অ-২ to be prefixed to words beginning with a vowel (e g. অনধ্যায় < অধ্যায়, অনৈতিহাসিক < ঐতিহাসিক)

অনক্ষ—*a* having no wheel

অনক্ষর—*a* illiterate, unlettered, ignorant.

অনঘ—*a* sinless, pure, holy, inno-

cent, free from danger, safe, secure, pleasant, sorrowless, happy

অনঙ্কুরিত—*a* not yet sprouted or germinated, unsprouted, ungerminated, (*poet*) unrealized

অনঙ্গ (1) *a* bodiless, unembodied, incorporeal (2) *n.* Madan (মদন) the god of love **অনঙ্গমোহন**—*n* Krishna (কৃষ্ণ) **অনঙ্গশর**—*n* a shaft or shafts of the god of love, pangs of love, love-sickness **অনঙ্গারি**—*n* Shiva (শিব)

অনচ্ছ—*a* opaque, muddled, turbid, dirty

অনটন—*n* want, shortage, deficiency, poverty, penury

অনড—*a* motionless, immobile, still, fixed, firm, stolid, never to be retracted, irrevocable (আমার কথা অনড়)

অনতি—*a* (chiefly used as a *pfx*) not much or many, not excessive or superfluous, moderate, middling

অনতিকাল—*n* not a long time, a short time. **অনতিকালমধ্যে**—*adv* ere long, in a short time, shortly.

অনতিক্রম, অনতিক্রমণ—*n* act of not passing beyond or over, act of not crossing, act of not transgressing or infringing or violating **অনতিক্রমণীয়, অনতিক্রম্য**—*a* incapable of being passed beyond or over, incapable of being crossed, impassable, inviolable, incapable of being overcome (অনতিক্রম্য বাধা), insuperable **অনতিক্রান্ত**—*a* that has not been passed beyond or over, not crossed, not transgressed or violated or infringed, not overcome, not surmounted, unbeaten

অনতিদীর্ঘ—*n* not very long (অনতিদীর্ঘ পথ বা রাত্রি), not very tall (অনতিদীর্ঘ দেহ) **অনতিদীর্ঘকাল**—*n* not a very long time

অনতিদূরবর্তী—*a* situated or present at not a great distance

অনতিদূরে—*adv* not at or to a great distance, not very far

অনতিপূর্বে—*adv* not long before

অনতিবিলম্বে—*adv* without much delay, before long, shortly, soon

অনতিবিস্তৃত—*a* not very extensive or broad or wide or spacious

অনতীত—*a* not yet gone by or past. **অনতীতবাল্য**—*a* one who has not yet passed his childhood or boyhood

অনধিক—*a* not exceeding, not more than

অনধিকার—(1) *n* absence of right or claim or possession (2) *a* unrightful, without authority or claim or possession, ultra vires, unwarranted **অনধিকারচর্চা**—*n* unauthorized interference, meddling, officiousness, interference without competence or qualification **অনধিকারচর্চা করা**—*v* to interfere without authority, to meddle, to act officiously, to interfere without competence or qualification **অনধিকারপ্রবেশ**—*n* trespass, intrusion. **অনধিকারপ্রবেশ করা**—*v* to trespass, to intrude **অনধিকারী**—*a* having no right or claim or authority or competence, unrightful, unauthorized, incompetent, not entitled, ineligible

অনধিকৃত—*a* not taken possession of, not captured or seized, unoccupied, unconquered

অনধিগত—*a* unearned, unlearnt, unstudied, unread, unattained, not reached or gone through

অনধিগম্য—*a* unknowable, incomprehensible, incapable of being learnt (অনধিগম্য বিষয়), inaccessible, unapproachable (অনধিগম্য স্থান), un-come-at-able.

অনধিষ্ঠিত—*a* not placed upon or over, not present, absent, inexistent, not established (in a place etc), not appointed (to a post, office, etc), not seated upon or over

অনধীত—*a* that which has not been read or studied, unread or unstudied

অনধীন—*a* not depending on, not controlled or dominated by, not subject or subservient to, not subordinate to অনধীনতা—*n* state of being not dependent or controlled or dominated or subservient or subordinate, independence, freedom

অনধ্যায়—*n* rest from study, a day of rest from study, a school holiday

অননুকরণীয়—*a* incapable of being imitated, inimitable

অননুকূল—*a* adverse, unfavourable

অননুভবনীয়—*a* incapable of being felt, unperceivable

অননুভূত—*a* unfelt

অননুমত—*a* unpermitted, unsanctioned, unapproved, disallowed, not agreeable to

অননুমেয়—*a* incapable of being guessed, not conjecturable, unimaginable

অননুমোদন—*n* absence of permission or sanction, disapproval, rejection, absence of consent অননুমোদিত—*a* unpermitted, unapproved, unsanctioned, not assented to, disapproved, disagreed, rejected, prohibited (অননুমোদিত এলাকা)

অননুশীলন—*n* lack or absence of systematic practice or training অননুশীলিত—*a* not practised, without systematic training, uncultivated

অননুষ্ঠিত—*a* unperformed, unexecuted, outstanding

অনন্ত—(1) *a* endless, boundless, unlimited; inexhaustible, everlasting, eternal, imperishable (2) *n* Vishnu (বিষ্ণু), Shesha (শেষ) the thousand-headed king of snakes, a metal ornament of women worn above the elbow, an armlet অনন্তকাল—*n* eternity অনন্তকালব্যাপী, অনন্তকালস্থায়ী—*a* eternal, everlasting অনন্তচতুর্দশী—*n*. the fourteenth day of the lunar fortnight of the month of Bhadra (ভাদ্র), a religious penance observed on this day. অনন্তদেব—*n* Shesha (শেষ) the king of snakes অনন্তনিদ্রা—*n* Vishnu's sleep on the person of Ananta (অনন্ত) the snake-king, everlasting or eternal sleep, (fig) death. অনন্তপ্রকার—*a* of endless or countless varieties অনন্তবীর্য—*a* of endless or inexhaustible strength or virility অনন্তমূল—*n* a medicinal root অনন্তরূপ, অনন্তরূপী—*a* of endless forms or shapes, of endless manifestations অনন্তশয়ন, অনন্তশয্যা—*n* use of the person of Anantadeva (অনন্তদেব) by Vishnu as his bed, (fig) death অনন্তশীর্ষ—*a*. hydra-headed

অনন্তর—*a* & *con* hereafter or thereafter, afterwards, then

অনন্তরূপ, অনন্তরূপী, অনন্তশয়ন, অনন্তশয্যা, অনন্তশীর্ষ—see অনন্ত

অনন্বয়ী অব্যয়—*n* (gr) an interjection

অনন্য—*n* no other than, having no other, having no second, sole, singular, supreme, unparalleled, solely or absorbedly engaged *fem* অনন্যা. অনন্যকর্মা—*a* having or doing no work other than, not attending to any work other than, solely engaged or absorbed in অনন্যগতি—*a* having no way or means or alternative other than;

compelled by absence of any alternative অনন্যচিত্ত—*a* having nothing in the mind other than, fixed with close attention to nothing other than, intent on অনন্যচিত্তে—*adv* thinking of nothing other than, having one's attention fixed closely to nothing other than, intently অনন্যদৃষ্টি—*a* having sight directed to nothing other than, looking at nothing other than, gazing steadfastly অনন্যপরায়ণ—*a.* not devoted to anything other than, solely engaged in অনন্যবৃত্তি—*a* engaged in no occupation or endeavour other than, solely occupied in অনন্যব্রত—*a* engaged in or performing no task other than অনন্যমনাঃ—same as অনন্যচিত্ত অনন্যশরণ, অনন্যসহায়—*a* having no help or resort or patron or protector other than অনন্যসাধারণ, অনন্যসুলভ—*a* not to be found in anybody else, singular, unique, extraordinary, uncommon অনন্যসাপেক্ষ—*a* not depending on or subject to anything, absolutely independent

অনন্যোপায়—*a* having no means other than, having no alternative

অনন্বিত—*a* (gr) lacking in sequence or agreement, (phil) not governed by the law of causation, not related, detached, irrelevant, incoherent

অনপকারক, অনপকারী—*a* not injurious, harmless

অনপচয়—*n* absence of waste or wastefulness

অনপত্য—*a* childless

অনপনেয়—*a* indelible, irremediable (অনপনেয় দুঃখ), irremovable (অনপনেয় উৎপাত), irredeemable (অনপনেয় কলঙ্ক)

অনপরাধ—(1) *n* freedom from guilt or crime, impeccancy, innocence (2) *a* free from guilt or crime, impeccable, innocent অনপরাধী—*a* same as অনপরাধ (*a*) *fem* অনপরাধিনী।

অনপেক্ষ—*a* not depending on or subject to, independent, impartial, unbiased

অনপেক্ষিত—*a* not awaited, unexpected

অনবকাশ—*n* want of leisure or respite, lack of time for doing some particular work

অনবগত—*a* unaware, uninformed, ignorant, unknown

অনবগুণ্ঠিত—*a* having no veil, not veiled *fem* অনবগুণ্ঠিতা

অনবচ্ছিন্ন—*a* without intermission or respite, non-stop, incessant, continuous

অনবচ্ছেদ—*n* absence of intermission or respite, continuity.

অনবদ্য—*a* blameless, flawless, faultless, impeccable, unimpeachable, innocent (অনবদ্য কৌতুক) অনবদ্যতা—*n* blamelessness, flawlessness, faultlessness, impeccability, unimpeachability, innocence অনবদ্যাঙ্গী—*a fem* of unimpeachable beauty

অনবধান—(1) *n* inattention, carelessness, inadvertence (2) *a* inattentive, careless, inadvertent অনবধানতা—*n* inattention, carelessness, inadvertence অনবধানতাবশতঃ—*adv* owing to inadvertence, inadvertently.

অনবরত—(1) *a* ceaseless, unremitting, continuous (2) *adv* incessantly, unremittingly, continually, always, ever

অনবরুদ্ধ—*a* unconfined, not shut up, unbolted, not barricaded or blockaded, not besieged, unrestric-

ted, unhindered (অনবরুদ্ধ স্রোত) ; free

অনববোধ—n freedom from confinement or siege or restriction

অনবসর—(1) n absence of leisure or respite, lack of time for doing a particular work (2) a having no leisure or respite, (continuously) busy

অনবস্থ—same as অনবস্থিত

অনবস্থা—n lack of order, disorder; unsettled state, restlessness, (log) a defect in argument caused by working back from one thing to another especially from effect to cause, a regress

অনবস্থিত—a restless, unsettled unsteady, unstable, wavering অনবস্থিতচিত্ত—a. of unsettled mind, unresolved in purpose, mentally wavering, changing one's mind every moment, fickle-minded

অনবহিত—a inattentive, unmindful, heedless, careless, uncareful, neglectful, not on the alert, unguarded, unwary

অনভিজাত—a not born of a good family, not high-born, not aristocratic; low-born, not having a good pedigree (অনভিজাত কুকুর)

অনভিজ্ঞ—a inexperienced, inexpert, ignorant, foolish *fem* অনভিজ্ঞা অনভিজ্ঞতা—n. inexperience, lack of skill, ignorance, foolishness

অনভিপ্রায়—n disapproval, contrariety to one's desire or liking or intention

অনভিপ্রেত—a disapproved, disagreed, undesired, not to one's liking, contrary to one's volition or intention

অনভিভবনীয়—a. unconquerable, indomitable, not to be confounded or overwhelmed

অনভিভূত—a unconquered, not confounded or overwhelmed, unembarrassed

অনভিমত—a disapproved, unsanctioned, contrary to one's opinion

অনভিলষণীয়—a undesirable

অনভিলষিত—a undesired

অনভিলাষ—n unwillingness contrariety to one's desire, absence of desire অনভিলাষী—a unwilling, not desirous of, disapproving, having no desire for

অনভ্যস্ত—a unaccustomed, unwonted, inexperienced, unpractised, inexpert, unfamiliar, new (অনভ্যস্ত পথ)

অনভ্যাস—n lack of practice or training, unwontedness

অনমনীয়—a unbending, unyielding; indomitable, tough, hard, obstinate.

অনম্বর—(1) a. having no cover, bare, naked (2) n the sky, a Buddhist community.

অনর্গল—(1) a unbolted, unrestrained, unhindered, free, profuse, abundant, fluent. (2) *adv* incessantly, excessively, fluently.

অনর্থ—n harm, mischief, injury, reverse, peril, danger, ruin (অনর্থ ঘটান)

অনর্থক—(1) a futile, useless, unprovoked or unreasonable (অনর্থক কলহ), unnecessary (2) *adv* in vain, without provocation or reason, unnecessarily

অনর্থকর—a injurious, full of mischief, harmful, causing reverse or ruin.

অনর্থপাত—n occurrence of an accident, befalling of danger or reverse or ruin.

অনল—n fire অনলপ্রভ—a. as radiant or lustrous as fire অনলবর্ষণ—n.

raining of fire, showering or emitting of fire অনলবর্ষী—*a* raining fire, showering or emitting fire

অনলস—*a* not lazy or indolent, diligent, industrious, given to action, active

অনল্প—*a* not small in number or amount, many or much, considerably large in number or amount

অনশন—*n* abstinence from food, fasting, starvation অনশনক্লিষ্ট—*a* stricken with starvation, famished অনশন-ধর্মঘট—*n* hunger-strike অনশন-ব্রত—*n* abstinence from food (till one's death) under a solemn vow, (loos) hunger-strike

অনশ্বর—*a* imperishable, indestructible, immortal. অনশ্বরতা—*n* imperishability, indestructibility, immortality

অনসূয়—*a* free from malice or envy *fem* অনসূয়া

অনস্তগ—*a* (astr) circumpolar

অনস্বীকার্য—*a* undeniable, that which cannot but be admitted

অনাকর্ষণীয়—*a* uninviting

অনাক্রমণ—*n* non-aggression অনাক্রমণ চুক্তি—*n* a non-aggression pact

অনাক্রম্য—*a* incapable of being attacked, (hyg) immune অনাক্রম্যতা—*n* immunity

অনাগত—*a* not yet come or arrived, not yet happened, still to come or happen, future অনাগতবিধাতা—*n* one who makes provision for the future, one having foresight

অনাঘ্রাত—*a* unsmelt, unenjoyed *fem* অনাঘ্রাতা

অনাচার—*n* unscriptural or unholy practice, uncultured or indecent practice, an immoral or abominable practice. অনাচারী—(1) *a.* given to unscriptural or indecent or abominable practice, (2) *n* such a man

অনাচ্ছাদিত—*a* uncovered, having no roof, unthatched, bare

অনাছিষ্টি, অনাচ্ছিষ্টি—corrup's of অনাসৃষ্টি

অনাটন—inc form of অনটন.

অনাড়ম্বর—*a* unostentatious

অনাত্মজ্ঞ—*a* ignorant of one's own self, deprived of self-knowledge, not moving or acting in accordance with one's status or power or circumstances

অনাত্মীয়—*a* having no blood-relation or matrimonial relation (with), unrelated, hostile, unfriendly, having no kindred or relations. *fem* অনাত্মীয়া

অনাথ—*a* having none to help or protect, helpless, orphan *fem* অনাথা, —(inc) অনাথিনী অনাথনাথ—*n* one who helps or protects the helpless অনাথশালা, অনাথাশ্রম—*n* a charitable refuge for the helpless, an orphanage

অনাদর—*n* lack of cordiality or care or attention, neglect, slight, disrespect. অনাদর করা—*v* to treat with neglect or disrespect. অনাদরণীয়—*a.* unworthy of being treated with cordiality or care or attention

অনাদায়—*n* (of dues, money, revenue, claims, etc) non-realization অনাদায়ী—*a* unrealized

অনাদি—(1) *a* having no beginning or cause or origin, self-born (2) *n.* God

অনাদৃত—*a.* not received with cordiality or care or attention, neglected, slighted, disrespected.

অনাদেয়—*a* (inc.—of dues, money, revenue, claim, etc) unrealizable.

অনাদ্যন্ত—*a* having neither beginning nor end, neither origin nor destruction, self-born and immortal

অনাবশ্যক—*a* unnecessary, redundant, superfluous

অনাবাদী—*a* uncultivated, fallow, uncultivable, non-arable

অনাবাসিক—*a* non-resident, non-residential

অনাবিল—*a* not dirty or muddled, limpid, clear, clean, pure, uumixed, unadulterated (অনাবিল সুখ)

অনাবিষ্কৃত—*a* undiscovered, not yet invented, not found out, untraced, unknown.

অনাবিষ্ট—*a.* inattentive, absent-minded

অনাবৃত—*a* uncovered, unconcealed, bare, naked, open, discovered, revealed

অনাবৃষ্টি—*n* shortage or absence of rainfall, drought

অনাব্য—*a* not navigable

অনাময়—(1) *n* absence of illness, physical soundness, recovery from illness (2) *a* free from illness, recovered from illness, sound in health, free from all troubles and difficulties, peaceful

অনামা১—*a* nameless, one whose name is not known or famous, obscure

অনামা২ অনামিকা—*n* the ring-finger

অনামুখ, অনামুখা, অনামুখো—(1) *a.* (vul) having a face so inauspicious that one should not look at it, one whose face is an ill-omen, sinister-looking (2) *n* such a man *fem* অনামুখী

অনাম্নী—*fem* of অনামা১

অনায়ত্ত—*a* not brought under control, not learnt (অনায়ত্ত বিদ্যা), unmastered, beyond one's reach or power, un-come-at-able

অনায়াস—(1) *n* state of demanding no exertion or offering no difficulty, easiness (2) *a* demanding no exertion or offering no difficulty, effortless, easy, facile, spontaneous অনায়াসকৃত—*a* done without effort or strain or difficulty, accomplished easily অনায়াসলব্ধ—*a* obtained or earned without effort or strain or difficulty, got easily অনায়াসলভ্য—*a* obtainable without effort or difficulty, easily obtainable অনায়াসসাধ্য—*a* capable of being done or performed or attained or obtained without effort or difficulty, easy অনায়াসসিদ্ধ—*a* done or accomplished or attained or obtained easily অনায়াসে—*adv* without strain or exertion or difficulty; effortlessly, easily; spontaneously

অনারব্ধ—*a* not (yet) begun or commenced, not (yet) undertaken.

অনারোগ্য—*a* incurable, irremediable

অনার্তবা—*a* *fem* not yet attained puberty

অনার্দ্র—*a* not wet, dry, (chem) anhydrous

অনার্য—(1) *a* non-Aryan, uncivilized, uncultured, rudely discourteous, dishonest, impious, low-born (2) *n* such a man অনার্যোচিত—*a* befitting a non-Aryan, uncivilized; uncultured, rudely discourteous, dishonest, impious, low-born

অনালোচনীয়—*a* that which should not be or will not be discussed, that which is beyond the reach of discussion

অনালোচিত—*a* undiscussed

অনালোচ্য—var of অনালোচনীয়

অনাশ্রয়—(1) *a.* having no shelter or refuge, helpless. (2) *n* state of having no shelter or refuge, helplessness

অনাসক্ত—*a* having no attachment for or interest in, indifferent, unconcerned অনাসক্তি—*n.* absence of attachment or interest, indifference, unconcernedness

অনাসৃষ্টি—(1) *a* outside the created world, unnatural, disorderly, queer, strange (2) *n* such a thing or incident

অনাস্থা—*n* lack of trust or faith, no-confidence, unreliability অনাস্থা-প্রস্তাব—*n* a no-confidence motion অনাস্থাভাজন—*a* untrustworthy, unreliable অনাস্থাসূচক মত—vote of no-confidence

অনাস্বাদিত—*a.* untasted, unenjoyed অনাস্বাদিতপূর্ব—*a* not tasted or enjoyed previously

অনাহত—*a* unhurt, unwounded, (of stringed instruments) unstruck, unplayed ('অনাহত মোর বীণা')

অনাহার—*n* state of going without food, fasting অনাহারী—*a* going without food, fasting, (iron) honorary অনাহারে—*adv* in the state of going without food অনাহারে থাকা—*v* to go without food, to fast

অনাহূত—*a* uncalled, uninvited, unbidden, uncalled-for, unwanted

অনিঃশেষ—*a* inexhaustible, endless or imperishable ('অনিঃশেষ প্রাণ')

অনিঃসৃত—*a* not flowed or come out

অনিচ্ছা—*n* unwillingness, reluctance, disrelish (আহারে অনিচ্ছা), lack of consent, indifference, disinterestedness অনিচ্ছাকৃত—*a* done or performed reluctantly or unknowingly, not deliberate, unintentional, undesigned অনিচ্ছাপূর্বক—*adv* unwillingly, reluctantly, with disrelish, without consent or agreement, indifferently, disinterestedly অনিচ্ছাপ্রকাশ করা—*v* to express unwillingness or reluctance, to express disrelish, to disagree, to refuse to consent অনিচ্ছাভরে, অনিচ্ছায়—same as অনিচ্ছাপূর্বক অনিচ্ছাসত্ত্বেও—*adv* notwithstanding unwillingness or reluctance or disrelish or lack of consent or disagreement or indifference or lack of interest. অনিচ্ছাসহকারে—same as অনিচ্ছাপূর্বক

অনিচ্ছুক—*a* unwilling, reluctant, having no relish, refusing consent, disagreeing, indifferent, disinterested

অনিত্য—*a* not permanent or eternal or everlasting, transient, transitory, temporal (অনিত্য সংসার), perishable, frail, mortal (অনিত্য দেহ) অনিত্যতা—*n* impermanence, transience, transitoriness, temporality, perishableness, frailty, mortality

অনিদ্রা *n* sleeplessness, insomnia, wakefulness

অনিন্দিত—*a* (ori) unreproached, unblemished, not indecent, beautiful, blameless অনিন্দিতচরিত্র—*a* possessing an irreproachable or unimpeachable character

অনিন্দনীয়, অনিন্দ্য—*a* unblamable, irreproachable, faultless, flawless, praiseworthy অনিন্দ্যসুন্দর—*a* beautiful beyond reproach, exquisitely or immaculately beautiful

অনিপুণ—*a* lacking in dexterity, unskilful, unskilled, ungainly অনিপুণতা—*n* lack of dexterity or skill, ungainliness

অনিবন্ধী—*a* (chem) amorphous

অনিবার—(1) *a* unpreventable, irresistible, incessant, non-stop, continuous (2) *adv* incessantly, always

অনিবারণীয়—*a* unpreventable, irresistible, inevitable অনিবারিত—*a* unprevented, not resisted

অনিবার্য—*a* unpreventable, irresistible, inevitable, unavoidable (অনিবার্য কারণ)

অনিমন্ত্রিত—*a* uninvited, unbidden

অনিমিখ—(1) *a* (poet) not winking (অনিমিখ আঁখি), steadfast (অনিমিখ দিঠি) (2) *adv* with no winking, with a steadfast gaze

অনিমিষ, অনিমেষ—*a* not winking, motionless, steadfast অনিমেষনেত্রে—*adv* with eyes not winking, with a steadfast gaze

অনিয়ত—*a* not regulated, unsystematic, uncontrolled, unrestrained, not steady, changeful, uncertain অনিয়তাকার—*a* having no definite or permanent shape, amorphous

অনিয়ন্ত্রিত—*a* not regulated, uncontrolled, unrestrained, loose

অনিয়ম—*n* lack of rule or system or discipline, irregularity, indiscipline, disorderliness, want of control or restraint অনিয়ম করা—*v* to be given to irregularity অনিয়মিত—*a* uncontrolled, lacking in restraint or discipline, unregulated, unsystematized, irregular, unsystematic

অনিরুদ্ধ—*a* unobstructed, unhindered, free

অনিরূপিত—*a* undiscerned, not ascertained or determined, not assessed, unrealized (অনিরূপিত অর্থ), unfixed (অনিরূপিত মূল্য)

অনির্ণীত—*a* undiscerned, undefined, not determined, unassessed, unfixed

অনির্ণেয়—*a* undiscernible, undefinable, indeterminate, unassessable, incapable of being fixed

অনির্দিষ্ট—*a* not fixed or settled, uncertain, indefinite অনির্দিষ্ট কালের জন্য—sine die

অনির্দেশ—*n* absence of direction or directive, uncertain state

অনির্ধারিত—*a* not ascertained, unassessed, unfixed

অনির্বচনীয়—*a* indescribable, ineffable অনির্বচনীয়তা—*n* indescribability, ineffability

অনির্বাণ—*a* (theo) deprived of salvation, inextinguishable, blazing (for ever), restless or being tormented (for ever)

অনিল—*n* wind, air, breeze অনিলসখ—*n* fire

অনিশ্চয়—*n* uncertainty, doubt, doubtfulness, dubiousness

অনিশ্চিত—*a* uncertain, indeterminate, unsettled, unfixed, indefinite, doubtful, dubious অনিশ্চিতভাবে—*adv* without certainty, indeterminately, not in a settled or fixed condition, indefinitely, doubtfully, hesitatingly

অনিষিদ্ধ—*a* unprohibited

অনিষ্ট—*n* harm, injury, mischief, anything harmful or injurious অনিষ্টকর—*a* harmful, injurious, mischievous অনিষ্ট করা—*v* to harm, to do mischief অনিষ্টকারী—*a & n* one who causes harm or injury or mischief অনিষ্টচিন্তা—*n* act of devising harm (to) অনিষ্টচিন্তা করা—*v* to devise harm (to) অনিষ্টজনক, অনিষ্টদায়ক—same as অনিষ্টকর অনিষ্টপাত—*n* occurrence of harm or injury অনিষ্টসাধন—*n* act of causing harm অনিষ্টসাধন করা—*v* to cause harm (to) to harm

অনিষ্ট হওয়া—*v* to be harmed. অনিষ্টাচরণ—same as অনিষ্টসাধন অনিষ্টাশঙ্কা—*n* apprehension of harm

অনিষ্পন্ন—*a.* not accomplished or done, unexecuted, unfinished; outstanding

অনীকিনী—*n* a division of the army (=$\frac{1}{10}$th of an অক্ষৌহিণী)

অনীতিজ্ঞ—*n* ignorant of diplomacy or ethics

অনীপ্সিত—*a* undesired, unwanted.

অনীশ্বর—*a* godless, atheistic. অনীশ্বরবাদ—*n* atheism অনীশ্বরবাদী—(1) *n* an atheist, (2) *a.* atheistic

অনীহ—*a* lacking in energy or effort, apathetic, অনীহা—*n.* lack of energy or effort, apathy.

অনু- —*pfx* denoting behind in time or position, following, after, imitating, younger, every, duration, expansion, etc.

অনুকম্পা—*n* compassion, sympathy, kindness

অনুকরণ—*n* imitation, act of copying, act of pursuing or following after অনুকরণ করা—*v* to imitate, to copy, to follow after অনুকরণপটু—*a* apt to imitate or mimic অনুকরণপ্রিয়—*a* fond of imitating or mimicking অনুকরণবৃত্তি—*n* faculty of imitation, habit of imitation. অনুকরণশীল—*a* given to imitating, habitually imitative অনুকরণীয়—*a.* worthy of being imitated, exemplary হীন অনুকরণ—aping, apery হীন অনুকরণ করা—*v* to ape

অনুকল্প—*n* a secondary injunction, an alternative, a substitute, a deputy

অনুকার—*n.* imitation act of making similar (to). অনুকার-শব্দ—*n* an onomatopoeic word, an onomatopoeia.

অনুকারী—(1) *a* imitating, mimicking, imitative; making similar, similar, following after, (2) *n* an imitator, a mimic, a follower

অনুকীর্তন—*n* publicity or eulogy or praise or glorification at a subsequent time

অনুকূল—*a* helpful, conducive, favourable, benign, propitious অনুকূলতা—*n* helpfulness, conduciveness; help, favourableness; benignity, favour, good grace, propitiousness অনুকূল হওয়া—*v* to be helpful or conducive, to help, to be favourable, to become propitious

অনুকৃত—*a* imitated, copied, mimicked; followed (after) অনুকৃতি—*n* imitation, mimicry, act of working after the example of

অনুক্ত—*a.* unspoken, untold, unuttered, unpronounced, not mentioned, not expressed, understood অনুক্তপূরণ—*n.* act of supplying word or words in blank spaces, act of filling up gaps

অনুক্রম—*n* serial order, sequence; systematic succession, a programme অনুক্রমণ—*n* act of going or coming after, act of following, recurrence, repetition অনুক্রমণিকা, অনুক্রমণী—*n* (of a book) a preface, a foreword, a list of contents অনুক্রমিক—*a.* following the serial order, sequential অনুক্রমে—*adv* in order of, sequentially

অনুক্ষণ—*adv.* at every moment, always, continually, ever

অনুগ—*a* going or coming after, following, obeying, according to (নিয়মানুগ), conforming to

অনুগত—*a* obedient, following faithfully, devoted, complying, de-

pendent অনুগত হওয়া—*v* to obey, to follow faithfully, to be devoted to, to depend on

অনুগমন—*n* act of going or coming after, act of following or pursuing, act of obeying, act of killing oneself or dying in the wake of another's death অনুগমন করা—*v.* to follow, to kill oneself or die immediately after the death of

who is unscrupulously greedy of money, a Mammon-worshipper অর্থপ্রদ—*a* that which fetches money, money-earning অর্থপ্রাপ্তি—*n* act of obtaining or earning money অর্থবল—*n* financial strength or competency, power of wealth অর্থবান্—*a* rich, wealthy অর্থবিদ্যা—same as অর্থতত্ত্ব অর্থবিনিয়োগ—*n* investment of money অর্থবিজ্ঞান—same as অর্থতত্ত্ব অর্থবিজ্ঞানী—*n* an economist অর্থব্যয়—*n* act of spending money, expenditure, expense, cost অর্থমন্ত্রক—*n* the ministry of finance অর্থলাভ—same as অর্থপ্রাপ্তি অর্থলালসা, অর্থলিপ্সা, অর্থলোভ—*n* (chiefly morbid) desire for money, avarice, cupidity অর্থলিপ্সু, অর্থলোভী—*a* avaricious অর্থশালী—*a.* rich, wealthy অর্থশাস্ত্র—*n* political economy, economics, political science, politics (কৌটিল্যের অর্থশাস্ত্র) অর্থশূন্য—*a* unprovided with money, grossly short of money; penniless, insolvent. অর্থশূন্যতা—*n* lack of money, gross shortage of money, insolvency, pauperism অর্থসংগ্রহ—*n* procurement or collection or acquisition or earning of money অর্থসংগ্রহ করা—*v* to procure or collect or acquire or earn money অর্থসংস্থান—*n* provision or procurement of money অর্থসংস্থান করা—*v* to provide or procure money (for) অর্থসঙ্গতি—*n* provision or possession of money, solvency অর্থসঙ্গতি থাকা—*v* to possess money or funds (for), to be well-to-do or solvent অর্থসঞ্চয়—*n* act of saving or hoarding or accumulating money or wealth অর্থসঞ্চয়ী—*a* money-saving অর্থসাহায্য—*n* monetary aid or grant, donation অর্থসাহায্য করা—*v* to grant monetary aid, to grant, to help with money অর্থহানি—*n* loss of money অর্থহীন—same as অর্থশূন্য

অর্থাগম—*n* influx of money, income

অর্থাৎ—*con* that is to say, that is, signifying that, namely

অর্থান্তর—*n* difference in interpretations, a different interpretation, another or a different meaning or significance অর্থান্তরন্যাস—*n* (rhet) a figure of speech which corroborates the general by the particular or the particular by the general or the cause by the effect or the effect by the cause, corroboration

অর্থাপত্তি—*n* (log) a circumstantial source of proof, a kind of inference, presumption, (rhet) a figure of speech akin to metonymy

অর্থিত—*a* one of whom anything is asked or begged, that which is asked for or begged

অর্থি-প্রত্যর্থী—*n* the accuser and the accused, the plaintiff and the defendant

অর্থী—(1) *a* one who is asking or praying for, solicitous (ধনার্থী) desirous of (বিদ্যার্থী), one who accuses or complains rich, wealthy (2) *n* such a person, a petitioner, an applicant, a candidate, a desirer, an accuser, a complainant, a plaintiff, a rich man

অর্থে—*prep* for, on account of

অর্থোপার্জন—*n* act of earning money অর্থোপার্জন করা—*v* to earn money

অর্থোদ্ভেদ—*n* interpretation, exposition

অর্দন—*n* act of killing, a killer

অর্দিত—*a* killed

অর্ধ—(1) *n* any of two unequal parts (অসম অর্ধ), a half, a moiety

(2) *a* half, divided into two unequal parts (অর্ধ বঙ্গ) incomplete, in part, partial, partly (অর্ধাশন) (3) *adv* half, incompletely, partially, partly (4) *in comp* hemi-, semi- অর্ধকথিত—*a* told in part half-told অর্ধকৃত—*a* halved, divided into two parts, half-done incompletely done অর্ধগ্রাস—*n* (astr) partial eclipse. অর্ধঘণ্টা—*n* half an hour অর্ধচন্দ্র—*n* the crescent moon (facet) act of driving out by pushing by the neck, act of beating in this manner অর্ধচন্দ্র দেওয়া—*v* (facet) to drive out by pushing by the neck to beat or thrash in this manner অর্ধচন্দ্রাকার, অর্ধচন্দ্রাকৃতি—*a* crescent, crescent-shaped অর্ধদণ্ড—*n* twelve minutes (see দণ্ড) অর্ধনারীশ্বর—*n* a deity the right half of whose body is that of Shiva (শিব) whilst the left half is that of Durga (দুর্গা) অর্ধনিমীলিত—*a*. partially closed, half-shut. অর্ধপথ—*n* half the way the middle of the way অর্ধপরিস্ফুট—*a* half-articulate, indistinct অর্ধবয়স্ক—*a* middle-aged অর্ধবৃত্ত—*n* a semicircle অর্ধবৃত্তাকার—*a* semicircular অর্ধব্যক্ত—*a* half-revealed, half-expressed অর্ধভাগ—*n* a half part or share, half, a moiety অর্ধভূমণ্ডল—*n* a hemisphere অর্ধমাত্রা—*n* the half of a quantity or dose or musical metre অর্ধমৃত—*a* half dead, almost dead, more dead than alive dying অর্ধরাত্রি—*n* one half of the night, midnight. অর্ধশত—*n* & *a* fifty অর্ধশয়ান—*a* recumbent, reclining অর্ধস্ফুট—*a* half-articulate, indistinct babbling

অর্ধাংশ—*n* one of two equal parts or share, half, a moiety.

অর্ধাঙ্গ—*n* half of the body, (facet.) a husband. অর্ধাঙ্গী, অর্ধাঙ্গিনী—*n fem* wife, better half

অর্ধার্ধ—(1) *n* a quarter (2) *a* sharing or dividing equally in halves

অর্ধাশন—*n* underfeeding, imperfect nutrition or feeding

অর্ধেক—same as অর্ধ.

অর্ধেন্দু—*n* the crescent moon the half-risen moon অর্ধেন্দুশেখর, অর্ধেন্দুমৌলি—*n* one who has the crescent moon on one's forehead appellations of Shiva (শিব)

অর্ধোক্তি—*n* inarticulate or suppressed utterance, incomplete utterance

অর্ধোচ্চারিত—*a* uttered inarticulately or in a suppressed manner, mumbled, half-pronounced

অর্ধোদয়—*n* an annual auspicious conjunction of stars in Paus (পউষ) or Magh (মাঘ) which is a holy occasion for the Hindus for ceremonial bathing in the Ganges

অর্ধোদিত—*a* (of the sun, moon and stars) half-risen

অর্পণ—*n* act of giving or offering; act of placing or depositing, act of handing over or making over, committal, bestowal, award, investment অর্পণ করা—*v* to give, to offer, to place, to deposit to hand over to make over, to commit (to), to bestow, to award to invest (with) অর্পণীয়—*a* that which is to be or should be given or offered or placed or deposited or handed over or made over or committed to or bestowed or awarded or invested with

অর্পয়িতা—*a* & *n* one who gives or offers or places or deposits or hands over or makes over or commits (to) or bestows or awards or invests (with) *fem* অর্পয়িত্রী

অর্পিত—*a* given, offered, placed,

deposited, handed over, made over, committed, bestowed, awarded, invested. *fem* অর্পিতা

অর্বাচীন—*a* (often dero) one who or that which is coming after, backward younger, new, modern, immature, one whose intelligence and knowledge have not matured, inexperienced, unwise, foolish অর্বাচীনতা —*n* act of following, backwardness, state of being younger or new or modern, immaturity in age or intelligence and knowledge, inexperience, lack of wisdom, foolishness

অর্বুদ—(1) *a* & *n* one hundred millions (2) *n* a tumour, (bot.) a node অর্বুদযুক্ত—*a* (bot) nodulous

অর্শ—*n* piles, hæmorrhoids

অর্সা, অর্সান—*v* to devolve on, to come upon or influence or make responsible by way of contact, association, etc, to contaminate

অর্হ—(1) *a* worthy, deserving, -able (সম্মানার্হ) (2) *n* cost, price, value (মহার্হ)

অর্হণ, অর্হণা—*n* worthiness, -ability, worship, adoration অর্হণীয়—*a* worshipable, adorable

অর্হৎ—*n* a Buddhist or Jain anchorite who has attained salvation or is worthy of attaining it, Lord Buddha.

অর্হা—*fem* of অর্হ

অল—*n* a sting (esp of a scorpion)

অলংকরণ, অলংকর্তা, অলংকার, অলংকৃত, অলংকৃতি—alt spell's of অলঙ্করণ, অলঙ্কর্তা, অলঙ্কার, অলঙ্কৃত and অলঙ্কৃতি respectively

অলক—*n* a forelock, a ringlet, a fringe, a curling tress of hair ('অলকে কুসুম না দিয়ো'), cirrus, goat's-hair

অলকদাম—tresses of forelocks or curling hair

অলকনন্দা—*n* a celestial river, an Indian river which is actually a part of the Ganges

অলকমেঘ—*n* cirrus, goat's-hair

অলকা—*n* the kingdom of Kuvera (কুবের) the god of riches

অলকাতিলক, অলকাতিলকা—*n* paintings on one's face with sandal-paste.

অলকানন্দা—var of অলকনন্দা

অলকাপুরী—*n* the palace of Kuvera (কুবের) the god of riches

অলক্ত, অলক্তক—*n* lac, the liquid dye of lac. অলক্তরঞ্জিত—*a* dyed with liquefied lac অলক্তরাগ—*n* the colour or tint of lac.

অলক্ষণ—(1) *n* an ill-omen, an inauspicious sign (2) *a* ill-omened, inauspicious, sinister *fem* অলক্ষণা

অলক্ষণে—*a* ill-omened, inauspicious, sinister portending evil

অলক্ষিত—*a* unnoticed, unobserved, unseen, unperceived, furtive, stealthy অলক্ষিতে—*adv* unnoticeably, unobservedly, without being seen, imperceptibly furtively, stealthily.

অলক্ষুণে—coll corrup of অলক্ষণে

অলক্ষ্মী—*n* the goddess of misfortune and misery, a woman or girl who brings misfortune and misery a sinister woman or girl অলক্ষ্মীতে পাওয়া—*v* to get under the control or evil influence of the goddess of misfortune and misery, to be stricken with misfortune and misery, to become addicted to such a practice as which brings misfortune and misery. অলক্ষ্মীর দশা —*n* influence of the goddess of misfortune and misery, (state of being constantly in) misfortune and

misery; utter poverty, indigence অলক্ষ্মীর দৃষ্টি—*n* the sinister look of the goddess of misfortune and misery, (the state of being in) misfortune and misery

অলক্ষ্য—(1) *a* invisible, unseen, undiscernible imperceptible (2) *n* a place screened from the view, an invisible place (অলক্ষ্য হইতে), the sky or heaven ('অলক্ষ্যের পানে') অলক্ষ্যে—*adv* invisibly, unseen, undiscernibly, imperceptibly, furtively, stealthily

অলখ—poet form of, অলক্ষ্য (*a*) ('অলখ আলোকে')

অলখিতে—*adv* (poet) invisibly, unseen, undiscernibly, imperceptibly, furtively stealthily

অলগ্ন—*a* not attached or joined, disconnected, separated

অলঙ্করণ—*n* ornamentation, adornment, decoration, act of painting or dressing, artistic works or touches, (in lit) use of rhetoric অলঙ্করণ করা—*v* to ornament, to adorn, to decorate, to dress, to paint, to deck, (in lit) to use rhetorical language

অলংকর্তা—*n* one who ornaments or adorns, a decorator, a painter, a dresser *fem* অলঙ্কর্ত্রী

অলঙ্কার—*n* an ornament, act of dressing or painting, an ornamental dress · anything worn to display physical grace and beauty, a mark of honour, beauty, (fig) pride, glory (স্বভাব ভারতের অলঙ্কার), (in lit) rhetoric অলঙ্কারবর্জিত—*a* (in lit) bald. অলঙ্কারবহুল—*a* (ভাষা-সম্বন্ধে) florid অলঙ্কারবহুল ভাষা—ornate language অলঙ্কারশাস্ত্র—*n* the art of rhetoric

অলঙ্কৃত—*a* ornamented, adorned, decorated, painted, dressed, furnished with artistic workmanship, decorated with a badge or mark of honour, (in lit) rhetorical, full of figures of speech অলঙ্কৃত করা—*v* to ornament; to adorn, to decorate, to paint, to dress, to deck, to decorate with a badge or mark of honour, (in lit) to make rhetorical, (fig) to bring pride or glory to (বীরত্বের দ্বারা দেশকে অলঙ্কৃত করা)

অলঙ্কৃতি—var of অলঙ্করণ

অলঙ্ঘন—*n* act of refraining from overstepping or disobeying, non-transgression, non-violation, non-infringement অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য—*a* that which cannot be or should not be overstepped, disobeyed, transgressed, violated or infringed, inviolable, that which must be complied with (অলঙ্ঘনীয় আদেশ), that which cannot be crossed over by leaping impassable অলঙ্ঘনীয়তা—*n* inviolability, impassability

অলজ্জ—*a* unabashed, shameless, brazen-faced অলজ্জিত—*a* unabashed

অলঞ্জর—var of অলিঞ্জর

অলপ্পেয়ে—*a* (in raillery) one who is not to live long

অলবড্ডে, অলবড্ডো—*a* (dial & vul) disorderly ungainly, gawky, careless, dull-headed

অলব্ধ—*a* not obtained or got or earned or attained or gained or found

অলভ্য—*a* that which cannot be obtained or got or earned or attained or gained or found, unobtainable, unattainable.

অলস—*a* idle, lazy, slothful, indolent effortless, dull-headed অলসতা—*n* idleness, laziness, sloth, indolence, effortlessness, dull-headedness অলসপ্রকৃতি—*a* idle or indolent by nature, habitually idle or indolent.

অলাত—*n*. a piece of live coal or wood, a firebrand, embers অলাত-চক্র—*n* the transitory fire-red curve produced by whirling a piece of live coal or wood, a circle of fire

অলাবু—*n*. a gourd

অলাভ—*n* absence of profit or gain loss অলাভজনক—*a* profitless

অলি১—*n* the bumble-bee, the scorpion wine (মদিরা/পান)

অলি২—*n* a guardian, a custodian, a trustee

অলি-অছি—*n* the guardian of a minor person and the trustee of his or her property (usu the mother or an elder brother)

অলিকুল—*n* a swarm of bees

অলিগলি—*n* lanes and bye-lanes, an extremely narrow path, nook and corner

অলিজিহ্বা—*n* the uvula

অলিঞ্জর—*n* a large earthen cask or jar, a pitcher

অলিন্দ—*n* a balcony, a verandah, a terrace in the front part of a building

অলিপান—*n* act of drinking wine, a drinking bout

অলী—*n* the bumble-bee, the scorpion

অলীক—(1) *n* untruth, falsehood (2) *a* untrue, false, baseless, vain (অলীক স্বপ্ন)

অলুক—(1) *n* not subject to elision (2) *n*. absence of elision অলুকসমাস—*n* (gr) a compound of words in which the first word does not drop its case-ending

অলুব্ধ—*a* untempted, not greedy

অলোকদৃষ্টি—(1) *n* clairvoyance (2) *a* clairvoyant

অলোকসাধারণ, অলোকসামান্য—*a* not common or easily available in the world, uncommon, out of the ordinary or extraordinary or rare or superhuman *fem* অলোকসামান্যা

অলোকসম্ভব—*a* of unearthly or superhuman beauty, of rare or uncommon beauty

অলৌকিক—*a* superhuman, not possible or available in the world extra-mundane, unworldly, supernatural

অল্প—(1) *a* small in number or amount, a few, a little, a bit, short, of short duration, short lived (অল্প-জীবী), (gr) unaspirated (অল্পপ্রাণ), illiberal narrow (অল্পমতি), delicate (অল্প-তনু), less than what is necessary or usual, insufficient, inadequate, scanty poor (অল্প ফসল হওয়া, অল্প পোশাক, অল্প আয়, অল্প বিদ্যা) (2) *pro* a small number of persons or things অল্পই—*adv* only a few or a little, but little rarely, scarcely seldom, insufficiently অল্প অল্প করিয়া—little by little, bit by bit, by degrees, gradually, slowly অল্প-কাল, অল্পক্ষণ—*n* a short time, a short while অল্পকাল পরে, অল্পকালমধ্যে—shortly after, in a short time, before long অল্পচেতা—*a* narrow-minded, illiberal অল্পজীবী—*a* short-lived অল্পজ্ঞ—*a* imperfectly educated, not knowledgeable not erudite অল্পতম—*a* minimum অল্পতা, অল্পত্ব—*n* smallness in number or quantity, shortness shortness of duration, illiberality, narrowness, insufficiency, inadequacy, shortage, poorness অল্পদর্শী—*a* lacking in foresight, short-sighted, imprudent lacking in experience, inexperienced, narrow in outlook অল্পদর্শিতা—*n* want of foresight, short-sightedness, imprudence, want

of experience, narrowness of outlook অল্পধী—*a* dull-witted, unintelligent. অল্পপ্রাণ—*n*. short-lived, narrow-minded, illiberal, mean-minded, (gr) unaspirated অল্পবয়সী, অল্পবয়স্ক—*a* of tender age, young, minor অল্পবল—*a* possessing but a little strength or power or force (অল্পবল বাহু), weak অল্পবিদ্য—*a* possessing but a little learning; imperfectly educated অল্পবিদ্যা—*n* a little learning, imperfect education অল্পবিদ্যা ভয়ঙ্করী—little learning is a dangerous thing অল্পবিস্তর—*adv*. & *a* more or less অল্পবুদ্ধি—same as অল্পধী অল্পভাষী—*a* of few words, reserved in speech, taciturn, reticent অল্পভাষিতা—*n* taciturnity, reticence অল্পমতি—*a* mean-minded অল্পমাত্র—*a* just a little অল্পমাত্রা—*n* a small dose or quantity অল্পমূল্য—*a* cheap অল্পমূল্যে—*adv* at a low price, cheaply অল্পশঃ—*adv*. same as অল্প অল্প করিয়া অল্পসংখ্যক—*a* a few, small in number. অল্পসল্প—*a* a little, a bit, a few, not much or many, not frequent, temperate, moderate

অল্পাধিক—*a* more or less

অল্পায়ুঃ, (pop) অল্পায়ু—*a* short-lived

অল্পাশয়—*a* mean-minded, craving for trifles

অল্পাহার—*n* temperance in eating, restricted diet, light repast. অল্পাহারী—*a* restrained or temperate in eating, one who eats less

অল্পিষ্ঠ—*a* smallest, least, minimum

অল্পে—*adv*. not involving much, without much trouble or expense অল্পে অল্পে—little by little, bit by bit; by degress, gradually, slowly, not involving much, without much trouble or expense

অশক্ত—*a* unable; incapable, disabled, incompetent, powerless, weak অশক্তি—*n* inability, incapability, disability, incompetency, powerlessness, weakness

অশক্য—*a* that which cannot be accomplished, impracticable, lying beyond the reach of one's power

অশঙ্ক—*a* fearless, undaunted, brave, intrepid, unshaken, unworried অশঙ্কনীয়—*a* that which or one who is not to be feared, not alarming অশঙ্কিত—*a* unafraid, undaunted, intrepid, unshaken, unworried

অশথ—coll corrup of অশ্বত্থ

অশন—*n* act of eating, an article of food, food, victuals, a meal, repast. অশন-বসন—*n* food and clothing

অশনি—*n* thunder-bolt, thunder, lightning অশনিগর্জন, অশনিপতন, অশনিপাত, অশনিসম্পাত—*n* a crash of thunder, thunder-clap

অশরণ—(1) *a* unsheltered, resortless, homeless, helpless (2) *n* such a person

অশরীরী—*a* bodiless, incorporeal, formless, unembodied, intangible, un-come-at-able, supernatural অশরীরী আত্মা—a supernatural spirit, a ghost অশরীরী বাণী—a supernatural voice, a voice from an unembodied source, a voice from heaven, an oracle

অশাখ—*a* branchless

অশান্ত—*a* not calm or tranquil, agitated, disquieted, untamed, wild (অশান্ত অশ্ব), not gentle, restless, naughty (অশান্ত বালক), rough, troubled, ruffled (অশান্ত সমুদ্র), ceaseless

(অশান্ত গর্জন), worried, anxious, ill at ease, unconsoled, inconsolable অশান্তি—*n* absence of calm or tranquillity, agitation, unrest, disquiet, worry, anxiety, disturbed state

অশাসন—*n* absence of rule or government, lack of discipline or control, indiscipline অশাসনীয়, অশাস্য—*a* ungovernable, uncontrollable, unruly, grossly disobedient অশাসিত—*a* ungoverned, uncontrolled, not disciplined

অশাসিত, অশাস্য—see অশাসন

অশাস্ত্র—(1) *n* any book other than scriptures, any book containing unscriptural teaching, a harmful book (2) *a* unscriptural, imparting unsciptural or harmful teaching অশাস্ত্রীয়—*a* contrary to or not included in scriptures, unscriptural, improper

অশিক্ষা—*n* lack of education or training or instruction, bad or improper or harmful education or training or instruction, (loos) ill-breeding অশিক্ষিত—*a* uneducated, untrained, uninstructed, illiterate *fem* অশিক্ষিতা

অশিব—(1) *n* evil, bale, an ugly incident or misfortune, contretemps (2) *a* evil, sinister, baleful

অশিষ্ট—*a* uncivil, impolite, discourteous, ungentle impertinent, impudent, pert, saucy, rude, harsh, haughty, arrogant, slang, naughty অশিষ্টতা—*n* incivility, impoliteness, discourtesy, ungentleness, impertinence, impudence, sauciness, rudeness, harshness, haughtiness, arrogance, undignifiedness, naughtiness অশিষ্টাচরণ, অশিষ্টাচার—*n* rude behaviour, incivility, discourtesy, impertinence, impudence, sauciness, arrogance, naughtiness

অশীতি—*n* eighty অশীতিতম—*a* eightieth *fem* অশীতিতমী অশীতিপর—*a* octogenarian অশীতিপর ব্যক্তি—an octogenarian

অশুচ—coll corrup অশৌচ

অশুচি—*a* desecrated, profane, unholy, impure, unclean, foul অশুচিতা—*n* desecration, profanity, unholiness, impurity, uncleanness, foulness

অশুদ্ধ—*a* unholy, unsanctified, impure, unclean, unpurified, unrefined, unrectified, unamended, incorrect, erroneous, wrong অশুদ্ধতা, অশুদ্ধি—*n* unholiness, unsanctified state, impurity, uncleanness, unpurified or unrefined state, incorrectness, erroneousness, an error অশুদ্ধিপত্র—*n* a list of errata or corrigenda (esp one attached to a book) অশুদ্ধিশোধন—*n* act of purging impurities, purification, rectification, amendment, correction

অশুভ—(1) *n* a harm or bale, an evil, a contretemps, a sin (2) *a* harmful, baleful, evil, sinister, ominous (অশুভ লক্ষণ) অশুভকর, অশুভঙ্কর—*a* doing harm (to), evil, sinister অশুভক্ষণ—*n* an inauspicious moment or time অশুভসূচক—*a* foreboding evil, ominous, sinister

অশেষ—*a* endless, unending, infinite, eternal, unlimited, boundless, numerous and various অশেষজ্ঞ, অশেষতত্ত্বজ্ঞ—*a* all knowing, omniscient অশেষপ্রকার, অশেষবিধ—*a* numerous and various, numerous and various kinds of, adopting numerous and various ways. অশেষপ্রকারে—*adv* in numerous and various ways

অশোক—(1) *a* free from grief (2) *n* a kind of flower or its tree, the flamboyant, the great Maurya emperor of India অশোককানন—*n* a flamboyant-grove, (esp one in which Sita of the Ramayana was kept as a captive) অশোকচক্র—*n* the symbolic wheel introduced by King Asoka illustrating the stages of birth prior to salvation (it is the emblem of the official flag of India) অশোকবন—same as অশোককানন অশোকলিপি—*n* any of the religious and moral edicts of King Asoka inscribed on stone-pillars, an inscription of Asoka অশোকষষ্ঠী—*n* a festival for warding off grief or its cause observed (usu in a flamboyant-grove) on the sixth day of the lunar half of the Chaitra (চৈত্র) moon অশোকস্তম্ভ—*n* any of the stone-pillars of King Asoka on which his edicts are inscribed, an Asoka-pillar (it is the official emblem of India)

অশোচনীয়—*a* that which or one who is not to be grieved for, not to be lamented

অশোচিত—*a* unlamented

অশোচ্য—*var* of অশোচনীয়

অশোধন—*n* lack of purification or sanctification or refinement, or reclamation or rectification or correction, (rare) non repayment, non-requital অশোধনীয়—*a* incapable of being purified or sanctified or refined or reclaimed or rectified or corrected or repaid or requited incorrigible unrepayable অশোধিত—*a* not purified unrectified unrefined unreclaimed unrectified unrepaid, unrequited অশোধ্য—same as অশোধনীয়.

অশোভন—*a* unbecoming, unfitting, improper, lacking in decorum, indecorous, indecent *fem* অশোভনা. অশোভনতা—*n* unbecomingness, unfittingness, impropriety, indecorousness indecency

অশোষণীয়, অশোষ্য—*a* not absorbable

অশৌচ—*a* uncleanness, impurity, profanity, (scriptural) impurity of one's person owing to the birth or death of a relative, the period of duration of this personal impurity. অশৌচান্ত—*n* termination of the period of personal impurity আনন্দাশৌচ—*n* personal impurity caused by the birth of a relative দুঃখাশৌচ—*n* personal impurity caused by the death of a relative

অশ্ব—*n* the horse *fem* অশ্বা, অশ্বী—a mare অশ্বকোবিদ—(1) *a* experienced about horses, skilled in horse-breaking or horse-training or horsemanship (2) *n* one experienced about horses, a horse-breaker, a horse-trainer, a skilled horseman, an equestrian অশ্বকেশর—*n*. horse's mane, horse-hair অশ্বখুর—*n* a horse s hoof, a plant used as perfume অশ্বখুরা—*n* a creeper of the clitoria genus, its flower অশ্বগতি—*n* the pace (usu galloping) of a horse অশ্বগন্ধা—*n* a medicinal plant, withania somnifera অশ্বগ্রীব—*n* having a neck curved like that of a horse horse-necked অশ্বচক্র—*n*. a move in chess in which the two knights are placed in such positions that the opponent's king is checkmated অশ্বচালনা—*n* act of driving or riding a horse অশ্বচালনা করা—*v*. to drive or ride a horse অশ্বচিকিৎসক—*n* a horse-doctor, a horse-leech, a

farrier, a veterinary surgeon অশ্বচিকিৎসা—*n* farriery অশ্বডিম্ব—*n* a mere nothing, a hoax, (cp) a fiddlestick, (cp) a mare's nest অশ্বতর—*n* the mule *fem* অশ্বতরী অশ্বতুল্য—*a* like a horse, equine অশ্বপাল, অশ্বপালক—*n* a professional caretaker of horses, an equerry, a groom অশ্বপৃষ্ঠে—*adv* on horseback অশ্ববিৎ—*a* same as অশ্বকোবিদ অশ্ববৈদ্য—same as অশ্বচিকিৎসক অশ্বমেধ—*n* a solemn ritual performed by the princes of ancient India to have their sins condoned in this ritual a horse was given in sacrifice, the horse-sacrifice অশ্বযান—*n* a horse-drawn carriage, a horse-cart অশ্বরক্ষক—same as অশ্বপাল অশ্বরজ্জু, অশ্বরশ্মি—*n* a horse's rein or bridle অশ্বশক্তি—*n* the total number of horsemen in an army, the cavalry, (mech) horse-power অশ্বশাবক—*n* a colt, a foal (*fem* filly) অশ্বশালা—*n* a stable অশ্বসংক্রান্ত—*a* relating to the horse, equine

অশ্বত্থ—*n* an Indian fig-tree considered as sacred

অশ্বা—see অশ্ব.

অশ্বারূঢ়—*a* mounted on a horse, equestrian

অশ্বারোহ, অশ্বারোহণ—*n* horse-riding, horsemanship অশ্বারোহণ-বিদ্যালয়—*n* a riding school অশ্বারোহী—(1) *a* mounted on a horse, equestrian, fighting from on horseback, (2) *n* a horseman, a rider, a horse-soldier অশ্বারোহী বাহিনী—the cavalry

অশ্বিনী—*n* the first of the twenty-seven stars according to Hindu astronomy, (myth) the horse-shaped wife of the sun-god, (inc) the mare. অশ্বিনীকুমার, অশ্বিনীনন্দন—*n* either of twin brothers who are physicians of heaven

অশ্বী—see অশ্ব

অশ্ম—*n.* stone, rock, bitumen, fossil অশ্মমণ্ডল—*n* (geol) lithosphere অশ্মময়, অশ্মর—*a* full of stones or rocks, rocky অশ্মরী—*n* (path) concretion অশ্মীভবন—*n* fossilization অশ্মীভূত—*a* fossilized অশ্মীভূত হওয়া—*v* to fossilize

অশ্রদ্ধ—*a* without faith or confidence in, irreverent, apathetic, disgusted অশ্রদ্ধা—*n* want or loss of faith or confidence, irreverence, apathy, disgust অশ্রদ্ধা করা—*v* to treat with contempt, to despise, to deny to put faith or confidence in, to attach no importance to অশ্রদ্ধেয়—*a* not reverend or venerable, not worthy of faith or confidence

অশ্রান্ত—(1) *a* untired, untiring, tireless, incessant (2) *adv* incessantly অশ্রান্তি—*n* tirelessness, ceaselessness

অশ্রাব্য—*a* (of words, etc) unworthy of being heard, obscene, indecent, (rare) inaudible

অশ্রু—*n* a tear, tears অশ্রুগদ্গদকণ্ঠে—*adv* in a voice choked with tears অশ্রুজল—*n* (inc but widely used) tears অশ্রুনয়নে—*adv* with tearful eyes অশ্রুপাত—*n* act of shedding tears, act of weeping. অশ্রুপাত করা—*v* to shed tears, to weep অশ্রুপূর্ণ—*a* tearful অশ্রুপ্লাবিত, অশ্রুপ্লুত—*a* suffused or flooded with tears অশ্রুবর্ষণ—same as অশ্রুপাত অশ্রুবারি—same as অশ্রুজল অশ্রুবিগলিত—*a* moistened with tears, blubbering, blubbered অশ্রুবিন্দু—*n*

*For words in অশ্ব-, not given separately, see অশ্ব

a tear-drop, a tear অশ্রুবিমোচন, অশ্রুবিসর্জন—same as অশ্রুপাত অশ্রুভরা—*a* tearful অশ্রুভাবাক্রান্ত—*a* (of voice) choked with tears অশ্রুময়—*a* full of tears অশ্রুমুখ—*a* having a blubbered face *fem* অশ্রুমুখী অশ্রুমোচন—same as অশ্রুপাত অশ্রুরুদ্ধ—*a* choked with tears অশ্রুসংবরণ করা—*v* to check tears, to stop weeping অশ্রুসিক্ত—*a* drenched with tears, blubbering, blubbered

অশ্রুত—*a* unheard, unheard-of, obscure, unheard-of before, quite new to hear অশ্রুতচর, অশ্রুতপূর্ব—*a* unheard-of before

অশ্রেয়ঃ, (pop) অশ্রেয়—(1) *a* harmful, baleful, evil, inauspicious, unfavourable, not congenial, worst (2) *n* harm, bale, evil, disservice, contretemps অশ্রেয়স্কর—*a* same as অশ্রেয়ঃ (*a*)

অশ্রোতব্য—var of অশ্রাব্য

অশ্রোত্রিয়—(1) *n* a brahmin who has not studied the Vedas (2) *a* having no knowledge in the Vedas

অশ্লাঘনীয়—*a* not praiseworthy discreditable

অশ্লীল—*a* obscene, abominable, indecent, lascivious, wanton অশ্লীল চিত্র—an obscene or blue picture, pornography অশ্লীল বাক্য—obscene or filthy words or talk, bawdy talk অশ্লীল সাহিত্য—obscene or blue literature, pornography অশ্লীলতা—*n* obscenity, abomination, indecency, lasciviousness, wantonness অশ্লীলভাষী—*a* & *n* one who indulges in obscene or bawdy talk

অশ্লেষা—*n* (astr) a star considered as inauspicious by astrologers

অষুধ, অষুদ—coll corrup of ঔষধ. অষুধ করা—*v* to bewitch

অষ্ট—*n* & *a* eight অষ্টক—(1) *n* any collection of eight, an octave, a book containing eight chapters, a verse containing eight couplets, (2) *a* eight অষ্টকোণ—(1) *n* (geom) an octagon (2) *a*. octagonal অষ্টকোণী—*a* octagonal অষ্টগুণ—(1) *a* multiplied by eight, (2) *n* eight times অষ্টচত্বারিংশ—*a* forty-eighth অষ্টচত্বারিংশৎ—*n* & *a* forty-eight অষ্টচত্বারিংশত্তম—*a* forty-eighth *fem* অষ্টচত্বারিংশত্তমী অষ্টতলক—(1) *n* (geom) an octahedron (2) *a* octahedral অষ্টদিক্—*n* the four cardinal points of the compass and the four corners in between them (namely, north, north-east, east, south-east, south, south-west, west, north-west) অষ্টদিক্‌পাল—*n* the eight guardian deities of the eight points of the earth অষ্টধা—*adv* & *a* eight times, eightfold অষ্টধাতু—*n* the eight metals gold, silver, copper, bronze, bell-metal, zinc, lead and iron অষ্টনবতি—*n* & *a* ninety-eight অষ্টনবতিতম—*a* ninety-eighth *fem* অষ্টনবতিতমী অষ্টনাগ—*n* (myth) the eight chief snakes অষ্টনায়িকা—*n* the eight minor goddesses, the eight manifestations of Durga (দুর্গা), (lit.) eight moods of the heroine or the sweetheart (namely, going to assignation, expecting her lover to come to her bed-chamber, worried owing to sudden absence of her lover, deceived by her lover, stricken with anger and jealousy on observing on the person of her lover the signs indicating that he had been

For words in অশ্রু-, not given separately, see অশ্রু

to another woman, feeling miserable for having quarrelled with and sent back her lover, enjoying domineering control over her lover, and separated from her lover as he has gone abroad) অষ্টপঞ্চাশৎ—*n* & *a* fifty-eight অষ্টপঞ্চাশত্তম—*a* fifty-eighth *fem* অষ্টপঞ্চাশত্তমী. অষ্টপাদ—(1) *a* octopod, (2) *n* an octopod, the spider, a mythological octopod said to be even stronger than the lion (cp octopus, শরভ) অষ্টপ্রহর—(1) *n* a whole day and night, twenty-four hours, a form of collective religious chanting by the Hindus continuing for twenty-four hours at a stretch, (2) *adv* throughout the whole day and night, always, ceaselessly অষ্টবজ্র—*n* the eight infallible weapons of the eight principal gods অষ্টবজ্রমিলন—*n* simultaneous hurling of অষ্টবজ্র, which causes the destruction of the universe অষ্টবসু—*n* the eight demi-gods (see বসু) অষ্টবিধ—*a* of eight kinds অষ্টভুজ—(1) *a* eight-handed, octagonal, (2) *n* an octagon অষ্টভুজা—(1) *a* & *n* *fem* of অষ্টভুজ, (2) *n* a manifestation of Durga (দুর্গা) অষ্টভৈরব—*n* the eight terrible manifestations of Shiva (শিব) অষ্টম—*a* eighth অষ্টমঙ্গলা—*n* a manifestation of Durga (দুর্গা). অষ্টমবর্ষীয়—*a* of or in the eighth year, eight years old অষ্টমবাৎসরিক, অষ্টমবার্ষিক—*a* of the eighth year অষ্টমাংশ—*n* one-eighth, the eighth part অষ্টমী—(1) *n* *fem* the eighth day of the either fortnight of a lunar month, (2) *a* *fem* eighth, eight years old অষ্টমূর্তি—*n* the eight manifestations of Shiva (শিব) অষ্টরম্ভা—*n* (vul) a mere nothing, a hoax, a mare's nest, a fiasco অষ্টসিদ্ধি—*n.* the eight superhuman qualities attainable by ascetical practice.

অষ্টাংশিত—*a* divided into eight, (of a sheet of paper) octavo

অষ্টাঙ্গ—(1) *n* the eight limbs of the body (namely, two hands, the breast or bosom, the forehead, two eyes, the throat or speech, and the backbone, or alternatively, two great toes, two knees, two hands, the breast and the nose), the eight systems of yoga (2) *a* having eight branches or departments (অষ্টাঙ্গ আয়ুর্বেদ)

অষ্টাত্রিংশ—*n* & *a* thirty-eight. অষ্টাত্রিংশৎ—*n* & *a* thirty-eight অষ্টাত্রিংশত্তম—*a* thirty-eighth *fem* অষ্টাত্রিংশত্তমী

অষ্টাদশ—*n* & *a* eighteen, অষ্টাদশী—*a* *fem* eighteen years old

অষ্টাধিক—*a* more than eight, exceeding by eight.

অষ্টাপদ—*n* (obs) gold

অষ্টাবক্র—*n* an ancient sage whose body was ridiculously misshapen at eight places, (facet) a ridiculously deformed person

অষ্টাবিংশ—*a* twenty-eighth অষ্টাবিংশতি—*n* & *a* twenty-eight অষ্টাবিংশতিতম—*a* twenty-eighth *fem* অষ্টাবিংশতিতমী

অষ্টাশি, অষ্টাশীতি—*n* & *a* eighty-eight অষ্টাশীতিতম—*a* eighty-eighth *fem* অষ্টাশীতিতমী

অষ্টাস্র—(1) *a* octagonol (2) *n* an octagon

অষ্টাহ—*n* eight days

অষ্টেপৃষ্ঠে—var of আষ্টেপৃষ্ঠে

অষ্টোত্তরশত—*a* one hundred and eight

অসংকুচিত, অসংকোচ—alt spell 's of অসঙ্কুচিত, অসঙ্কোচ respectively

অসংখ্য—*a* innumerable, numberless, countless, infinite অসংখ্যাত—*a* unnumbered uncounted অসংখ্যেয়—*a* innumerable, countless

অসংগত—alt. spell of অসঙ্গত

অসংনম্য—*a* (phys) incompressible অসংনম্যতা—*n* incompressibility

অসংবদ্ধ—alt spell of অসম্বদ্ধ

অসংবৃত—*a* not covered, uncovered, divested of clothing, undressed, bare, one whose garments are about to fall off one's body *fem* অসংবৃতা

অসংযত—*a* unrestrained, unbridled, uncontrolled, uncontrollable, wild

অসংযম—*n* lack of self-control, wantonness, sensual indulgence, sensualism, incontinence, lack of restraint, intemperance অসংযমী—*a* lacking in self-control, abandoned, indulging in sensual enjoyment, sensual, incontinent, lacking in restraint, intemperate

অসংযুক্ত—*a* unattached, disjointed, detached, disconnected, not united or joined

অসংযোগ—*n* absence of union or connection or relation or communication or contact

অসংলগ্ন—*a* disjointed, unconnected, unattached, detached, incoherent, irrelevant, inconsistent, rambling (অসংলগ্ন বাক্য, অসংলগ্ন বিষয়)

অসংশয়—(1) *a* undoubting, confident doubtless (2) *n* freedom from doubt, confidence অসংশয়িত—*a* undoubting, confident, sure অসংশয়ে—*adv* without doubt, doubtlessly, confidently, surely

অসংশোধিত—*a* unrectified, uncorrected, unamended

অসংশ্লিষ্ট—*a* unattached, unrelated, unconcerned

অসংস্কার—*n* want of repair or conditioning

অসংস্কৃত—*a* unconsecrated, unrefined, vulgar, inelegant, not dressed or tended, loose (অসংস্কৃত কেশপাশ), (of languages etc) non-Sanskritic অসংস্কৃত বাক্য—a speech in a language other than Sanskrit, vulgar language, obscene language.

অসংস্থান—*n* non-provision

অসংহত—*a* not concentrated or united, sporadic, scattered

অসকাল—*n* inopportune time, end, termination, evening, nightfall (বেলি অসকাল')

অসঙ্কুচিত—*a* unhesitating, free, open, frank, liberal, not contracted

অসঙ্কোচ—*n* absence of hesitation, openness, frankness, liberality, absence of contraction অসঙ্কোচে—*adv* unhesitatingly, freely, openly, frankly, liberally

অসংখ্য—old spell of অসংখ্য

অসঙ্গ—(1) *a* companionless, unaccompanied, lonely, solitary (2) *n* solitariness, renunciation of worldly ties and interests, the Supreme Being

অসঙ্গত—*a* unreasonable, unjustifiable, irrelevant, incoherent, impertinent, improper, wrongful, unjust, unfair অসঙ্গতি—*n* incompatibility to reason or justice, unreasonableness, unjustifiableness, irrelevance, incoherence, impertinence, wrongfulness, impropriety, unjustness, (chiefly pecuniary) want

অসচ্চরিত্র—*a* unchaste, incontinent, licentious, profligate, immoral *fem* অসচ্চরিত্রা অসচ্চরিত্রতা—*n* unchasteness, incontinence, licentiousness, profligacy, immorality

অসচ্ছল—*a* financially uneasy, hard-up, ill-off, tight, indigent, poor **অসচ্ছলতা**—*n* financial uneasiness, hardship or difficulty, indigence, poverty

অসজ্জন—*n* a dishonest or wicked man, a man lacking in propriety

অসৎ—(1) *a* dishonest, bad, evil, wicked, unchaste, immoral, depraved, obscene (অসৎ বাক্য), rude (অসদাচরণ), (phil) inexistent, non-existent, (phys) virtual (অসৎ ফোকস) (2) *n* inexistence, non-existence, virtual nonentity

অসৎকর্মা—*a* given to doing wicked or dishonest acts

অসৎকৃত—*a* not accorded cordial reception, not treated with hospitality, neglected, ignored

অসৎপথাবলম্বী—*a* one who has taken to evil ways and means, wicked, dishonest

অসতর্ক—*a.* inadvertent, careless, unguarded, incautious **অসতর্কতা**—*n* carelessness, unguardedness, lack of caution

অসতী—(1) *a fem* unchaste, unfaithful to one's husband (2) *n* such a woman

অসত্য—(1) *a* untrue, false. (2) *n* untruth, falsehood, a lie **অসত্যবাদী, অসত্যভাষী**—*a* untruthful, indulging in telling lies **অসত্যবাদী বা অসত্যভাষী ব্যক্তি**—an untruthful person, a liar **অসত্যবাদিতা, অসত্যভাষিতা**—*n* act or habit of telling lies, untruthfulness **অসত্যসন্ধ**—*a* one who does not keep one's promise or word

অসদাচরণ—*n* rude behaviour or treatment, wickedness **অসদাচরণ করা**—*v* to behave or treat rudely, to indulge in wickedness

অসদাচার—(1) *n.* indecent or dishonest or evil practice, wickedness (2) *a* given to indecent or dishonest or evil practice, indulging in wickedness **অসদাচারী**—*a* same as **অসদাচার** (*a*)

অসদুপদেশ—*a.* mischievous or harmful counsel or advice

অসদৃশ—*a* dissimilar, unlike, incongruous, different, unbecoming, improper

অসদ্‌গ্রাহী—*a* one who accepts improper or unlawful gifts, given to accepting unlawful gratification **অসদ্‌গ্রাহিতা**—*n* acceptance of improper or unlawful gifts, practice of accepting unlawful gratification; practice of accepting bribes

অসদ্‌বিম্ব—*n* (phys) a virtual image

অসদ্‌বৃত্তি—*n* dishonest or evil practice or occupation, bad conduct

অসদ্ব্যবহার—*n.* discourteous or rude behaviour, ill-treatment, misuse, abuse.

অসদ্ভাব—*n* inexistence, absence, want of amity, unfriendliness, ill-feeling, bad blood, quarrel

অসন্তুষ্ট—*a* displeased, dissatisfied, discontented, ill-disposed, aggrieved **অসন্তুষ্ট করা**—*v* to displease, to dissatisfy, to make discontented or ill-disposed, to aggrieve

অসন্তুষ্টি, অসন্তোষ—*n* displeasure, dissatisfaction, discontent; ill disposition, aggrieved state, grievance

অসন্দিগ্ধ—*a* unsuspicious, undoubting, unhesitating, doubtless, sure, certain **অসন্দিগ্ধচরিত্র**—(1) *a* unsuspecting, credulous, (2) *n.* a character above suspicion **অসন্দিগ্ধচিত্তে**—*adv* with mind free from suspicion or doubt or hesitation, unhesitatingly.

অসন্দিহান—*a* unsuspicious, not doubting, free from misgivings

অসম্বদ্ধ—*a* not joined or tied (together), disjointed, untied, detached, unfermented.

অসপত্ন—*a* one who has no enemy

অসবর্ণ—*a* not belonging to the same caste অসবর্ণ বিবাহ—intercaste marriage

অসভ্য—*a* uncivil, discourteous, uncultured, unrefined, unpolished, rude, unsocial, uncivilized, wild, aboriginal, primitive. অসভ্য জাতি—a wild or aboriginal race অসভ্যতা—*n* incivility, discourtesy, lack of culture or refinement or polish, rudeness, unsocialness, lack of civilization অসভ্যতা করা, অসভ্য হওয়া—*v.* to behave discourteously or rudely or unculturedly, to behave ill-manneredly or indecorously

অসম—*a* unequal, dissimilar, incongruous, different, uneven, rugged, undulating

অসমকক্ষ—*a* unequal (esp in strength)

অসমক্ষে—*adv* at the back of, in one's absence

অসমঞ্জস—*a* asymmetrical, disproportionate, dissimilar, varying, irrelevant, unjust, undue; unbefitting, unbecoming

অসমতল—*a* not smooth or plain, uneven, rough.

অসমতা—*n* inequality, dissimilarity, incongruity, difference, unevenness, ruggedness

অসমদর্শী—*a* viewing or judging with partiality অসমদর্শিতা—*n* partial view or judgment.

অসমবর্তিত—*a* (astr) unpolarized

অসমবেগ—(1) *n* (mech) variable velocity (2) *a* endowed with variable velocity

অসময়—*n* inopportune or unsuitable time, inauspicious time, hard times, time of stress অসময়ে—*adv* at an inopportune or unsuitable time, at an inauspicious time, during or in hard times in time of need, unseasonably অসময়ের ফল—an unseasonal fruit. অসময়ের বন্ধু—a friend in need অসময়ের বৃষ্টি—unseasonal rain

অসমর্থ—*a* incapable, unable, incompetent, disabled *fem* অসমর্থা অসমর্থতা—*n* incapability, inability, incompetence, disability

অসমর্থন—*n* want of support or sanction or confirmation, disapproval, want of consent

অসমর্থিত—*a* unsupported, unsanctioned, unconfirmed, disapproved, unapproved, not consented to

অসমর্পিত—*a* not given or handed over.

অসমসত্ত্ব—*a* (psy) heterogenous

অসমসাহস—(1) *n* rare daring, complete fearlessness (2) *a* endowed with rare daring, completely fearless অসমসাহসিক, অসমসাহসী—*a* same as অসমসাহস (*a*) অসমসাহসী ব্যক্তি—a dreadnought, a Bayard

অসমাঙ্গ—*a* lacking in physical proportion or symmetry, deformed, disproportionate, asymmetrical

অসমাদর—*n* absence of cordial reception or acceptance, slight, neglect, disregard অসমাদর করা—*v* to deny cordial reception or acceptance to receive or accept coldly, to slight, to neglect, to disregard

অসমাদৃত—*a* received or accepted coldly, treated coldly, slighted, neglected, disregarded

অসমান—*a* unequal, dissimilar, uneven, rugged, undulating, not straight, curved

অসমাপিকা—*a fem* not completing অসমাপিকা ক্রিয়া—(gr) an infinite verb, a verb in its participial form

অসমাপিত, অসমাপ্ত—*a* unfinished, not ended or concluded or terminated, not over, not completed incomplete অসমাপ্তি—*n* state of being not finished or ended or concluded or terminated or completed, incompletion

অসমীক্ষ্যকারী—*a* lacking in due consideration, rash, impetuous, reckless অসমীক্ষ্যকারিতা—*a* absence of due consideration, rashness, impetuosity, recklessness

অসমীচীন—*a* indiscreet, injudicious, unjust, wrongful, improper, unbecoming

অসমীয়া—(1) *a* of Assam or its people or their language, born or produced in Assam, Assamese (2) *n* an Assamese, Assamese language

অসমৃদ্ধি—*n* lack of prosperity

অসম্পন্ন—*a* unfinished, unaccomplished, unexecuted, undone, outstanding, not well-to-do, ill-off

অসম্পর্ক—*n* absence of connection or relation অসম্পর্কিত, অসম্পর্কীয়—*a* unconnected, unrelated *fem* অসম্পর্কীয়া

অসম্পূর্ণ—*a* incomplete, unfinished, outstanding, not full, imperfect. অসম্পূর্ণতা—*n* incompletion, incompleteness, unfinished state, state of not being full, imperfection

অসম্পৃক্ত—*a* unrelated, unconnected, unattached, disjointed, detached, unconcerned অসম্পৃক্তি—*n* absence of relation or connection, absence of attachment, disjointed or detached state, unconcern

অসম্বদ্ধ—*a* (rare) not tied together, incoherent, desultory, rambling, incoherent and nonsensical (অসম্বদ্ধ প্রলাপ), unconnected, unrelated, unattached, unaffiliated অসম্বদ্ধতা—*n* (rare) state of not being tied together, incoherence, desultoriness, state of being incoherent and nonsensical, absence of connection or relation or attachment or affiliation

অসম্বন্ধ—*a* unrelated, incoherent, irrelevant inappropriate, unjust.

অসম্বাধ—*a* unobstructed, unimpeded, unopposed, free from collision.

অসম্ভব—(1) *a.* impossible, unlikely, improbable, absurd, uncommon and astonishing (2) *n* an impossible or uncommon incident, the impossible অসম্ভবপর—same as অসম্ভব (*a*)

অসম্ভাবনা—*n* impossibility, unlikelihood, improbability, absurdity অসম্ভাবনীয়, অসম্ভাব্য—*a* unlikely to occur, improbable

অসম্ভাবিত—*a* unexpected

অসম্ভাব্য—see অসম্ভাবনা

অসম্ভোগ—*n* non-enjoyment.

অসম্ভ্রম—*n* indignity, dishonour, disrespect, insult.

অসম্ভ্রান্ত—*a* not respectable or honourable, not aristocratic, not nobly born undignified

অসম্মত—*a* unwilling, reluctant, dissenting, disagreeing, declining অসম্মত হওয়া—*v* to be unwilling or reluctant, to disagree, to refuse to give consent, to dissent, to decline অসম্মতি—*n* unwillingness, reluctance, dissent, act of disagreeing or

declining অসম্মতিসূচক—*a* dissentient.

অসম্মান—*n* dishonour, disrespect, indignity, insult, slight, neglect, ignominy, disgrace অসম্মানকর—*a* dishonourable, undignified, disgraceful, ignominious, disrespectful, insulting, slighting অসম্মান করা—*v* to dishonour, to disrespect, to insult, to slight, to neglect. অসম্মানজনক—*a* dishonourable, undignified, disgraceful, ignominious অসম্মানসূচক *a* disrespectful, insulting, slighting অসম্মান হওয়া—*v* to cause indignity or disrespect to, to cause insult to অসম্মানিত—*a* insulted, disrespected, slighted

অসরল—*a* (of lines etc) not straight, curved, (of human nature etc) not frank or candid, tortuous, (of plans, proposals etc) crooked, deceptive, fishy অসরলতা—*n* curvedness, tortuosity, crookedness, fishiness

অসহ—*a* (on) intolerant, unforbearing, unforgiving, intolerable, insufferable, unbearable অসহন—(1) *n* intoleration, non-forbearance, unforgiveness, (2) *a* same as অসহ অসহনীয়—*a* intolerable, insufferable, unbearable অসহমান—*a* incapable of toleration or forgiveness, intolerant, unforgiving

অসহযোগ, অসহযোগিতা—*n* non-cooperation, (rare) indifference অসহযোগ আন্দোলন—*n* the Non-cooperation Movement of India অসহযোগী—*a* non-cooperating, non-cooperative

অসহায়—*a* helpless, lonely, solitary, companionless *fem* অসহায়া

অসহিষ্ণু—*a* impatient, incapable of enduring, restless, fretful অসহিষ্ণুতা—*n* impatience, restlessness, fretfulness

অসহ্য—*a* unendurable, insufferable, unbearable, intolerable

অসাক্ষাতে, অসাক্ষাৎ[1]—*adv* in one's absence, at one's back, stealthily, unobservedly, secretly (কাহাকেও) অসাক্ষাতে নিন্দা করা—*v* to backbite

অসাক্ষাৎ[2]—*n* the state of being away or out of view

অসাড—*a.* bereft of sensation or feeling or consciousness, insensate, benumbed, torpid, bereft of sensibility, insensible অসাডতা—*n* loss of sensation or feeling or consciousness, insensateness, unconsciousness, torpidity, insensibility অসাডে—*adv* insensately, unconsciously, unknowingly, unawares

অসাদৃশ্য—*n* dissimilarity

অসাধ—*n* unwillingness, disinclination, aversion, apathy

অসাধারণ—*a* uncommon, unusual, extraordinary, rare, distinguishing, distinctive, (log) not general, particular, specific অসাধারণতা, অসাধারণত্ব—*a* uncommonness, unusualness, extraordinariness, rareness, peculiarity, distinctiveness, (log) particularity

অসাধু—*a* evil, bad, wicked, dishonest, corrupt অসাধুতা—*n* evilness, wickedness, dishonesty, corruptness, corruption

অসাধ্য—*a* incapable of being done or accomplished or attained or realized, unperformable, impracticable, unattainable, unrealizable, unachievable through meditation, asceticism, etc (অসাধ্য সাধনা), irremediable, incurable (অসাধ্য রোগ) অসাধ্যসাধন—*n* act of making the impossible

possible, realization of the unrealizable, attainment of the unattainable, (loos) accomplishment of a seemingly impossible task (esp through extraordinary efforts) শিবের অসাধ্য—even gods cannot do, even beyond the power of gods.

অসাবধান, (অশু) অসাবধানী—*a* uncareful, careless, incautious, unguarded, inattentive, inadvertent অসাবধানতা—*n* carelessness, incaution, unguarded state, inattention, inadvertence অসাবধানতাবশতঃ (pop) অসাবধানতাবশত—*adv* through carelessness or inadvertence

অসামঞ্জস্য—*n* lack of proportion or symmetry, disproportionateness, asymmetry, incongruity, irrelevance, incoherence, unlikeness, difference, disagreement, lack of compromise

অসাময়িক—*a* untimely, unseasonal, inopportune *fem* অসাময়িকী

অসামরিক—*a* non-military, civil

অসামর্থ্য—*n* lack of strength or power or competence, inability, incapability, incompetence, disability

অসামাজিক—*a* not pertaining to the society, not inkeeping with the rules, formalities and traditions of the (or chiefly a particular) society, unsocial, unsociable, coy, shy, unmannerly

অসামান্য—*a* uncommon, unusual, extraordinary, not negligible, considerable (অসামান্য রূপ), very deep (অসামান্য দুঃখ), profound (অসামান্য জ্ঞান), superhuman অসামান্যতা—*n* uncommonness, unusualness extraordinariness, considerableness, considerable depth, profundity, superhuman state

অসামাল—*a* off one's balance, unsteady, embarrassed, uncareful, off one's guard, (vul) unable to restrain natural discharges or evacuations, incontinent.

অসাম্প্রদায়িক—*a* non-sectarian, non-*communal*, non-party, cosmopolitan, universal, open to all, free from prejudice etc, liberal অসাম্প্রদায়িকতা—*n* non-sectarianism, non-communalism, cosmopolitanism, universality, openness to all, freedom from prejudice etc, liberality

অসাম্য—*n* dissimilarity, incongruity, difference, inequality, disunity, disagreement

অসার—*a* unsubstantial, vapoury, negligible, worthless, false, pithless, marrowless, sapless (অসার কাষ্ঠ), futile, pointless (অসার যুক্তি) অসারতা, অসারত্ব—*n* unsubstantiality, vaporiness, negligibility, worthlessness, falseness, falsity, lack of pith or marrow or sap, futility, pointlessness

অসি—*n* a sword অসিক্রীড়া—*n* a sword-play, a sword-fight অসিচর্ম—*n* the sword and the buckler অসিচর্ম-সহযোগে দ্বন্দ্ব—a sword-and-buckler duel. অসিচর্যা, অসিচালনা—*n* act of learning or practising swordcraft, act of wielding the sword in a fight, swordcraft, swordsmanship অসিচালনা করা—*v* to wield the sword in a fight অসিনৃত্য—*n* a sword-dance অসিপত্র—*n* the sugar-cane (for its leaves resemble sword-blades), the scabbard of a sword অসিফলক—*n* the blade of a sword অসিযুদ্ধ—*n* a sword-fight, a sword-play অসিযোদ্ধা—*n* a swordsman, a sword-player

For words in অসি-, not given separately see অসি

অসিত—(1) *n* the black colour (2) *a* black, sky-coloured, deep blue *fem* অসিতা অসিতপক্ষ—*n* the dark fortnight of a lunar month অসিতবর্ণ—(1) *a* black, deep-blue, dark-complexioned, (2) *n* the black colour অসিতাঙ্গ—*a* dark-complexioned অসিতোৎপল—*n* sapphire

অসিদ্ধ—*a* unboiled, uncooked, half-baked, incomplete, unaccomplished, unsuccessful, futile, unfulfilled, (of arguments etc) untenable অসিদ্ধি—*n* lack of success or fulfilment, failure

অসীম—(1) *a* unlimited, unbounded, infinite, endless, vast, immense, profound (2) *n* the sky, the heaven (অসীমের পানে), the eternal world or life, the beyond (অসীমের যাত্রী)

অসু—*n* life, the five constituent elements of the temporal body

অসুখ—*n* unhappiness, distress, grief, uneasiness, discomfort, displeasure, illness, ailment, a disease অসুখকর, অসুখদায়ক, অসুখাবহ—*a* causing unhappiness, unhappy, distressing, oppressive, causing discomfort, uncomfortable অসুখী—*a* distressed, unhappy, sorrowful, displeased

অসুন্দর—*a* not beautiful, ugly, ungraceful, ungainly, uncouth

অসুবিধা—*n* inconvenience, disadvantage, incommodiousness, discomfort, difficulty, trouble, hindrance, impediment অসুবিধাজনক—*a* inconvenient, disadvantageous, incommodious, difficult, troublesome

অসুর—*n* (myth) one of a superhuman race hostile to gods, (cp) a Titan, a demon, a giant, a monster, (fig) a man of gigantic appearance or superhuman strength, a monster of a man *fem* অসুরী

অসুষ্ঠু—*a* ungraceful, ungainly

অসুস্থ—*a* unwell, indisposed, sick; ill, diseased, ailing, uneasy troubled, distressed অসুস্থতা—indisposition, sickness, illness, ailment, uneasiness, distress

অসূক্ষ্ম—*a* not fine or refined or subtle, crude coarse, gross, thick, blunt অসূক্ষ্মতা—*n* crudity, coarseness, grossness, thickness, bluntness. অসূক্ষ্মদর্শী—*a.* lacking in keen perception or acumen, short-sighted অসূক্ষ্মদর্শিতা—*n* lack of keen perception or acumen, short-sightedness

অসূয়ক—(1) *a* slandering, malicious, cynical (2) *n* a slanderer, a malicious person, a cynic

অসূয়া—*n* slander, malice, envy; grudge, jealousy, cynicism অসূয়াপর, অসূয়াপরতন্ত্র, অসূয়াপরবশ, অসূয়াপরায়ণ—*a* slanderous, malicious, envious, jealous, cynical

অসূর্যম্পশ্যা—*a fem* not even visited by the sun, living in the gynæceum

অসৃক্—*n* blood

অসৃক্রব—*n* (med) serum.

অসৃষ্ট—*a* not created, of spontaneous origination

অসেব্য, অসেবনীয়—*a* (of medicine etc) not to be taken

অসৈরণ—*a* incapable of being brooked, unbearable, intolerable

অসৌজন্য—*n* discourtesy, lack of cordiality, incivility

অসৌষ্ঠব—*n* lack of grace or beauty, ungainlinesss, disorderliness, clumsiness indecorousness, indecency

অসৌহার্দ, অসৌহার্দ্য—*n* lack of amity or friendliness

অস্ট্রেলিয়ান, অস্ট্রেলীয়—(1) *a* Australian (2) *n* an Australian, the language of Australia

অস্ট্রেলেশীয়—(1) *a* Australasian (2) *n* an Australasian, any of the languages of Australasia

অস্ত—*n* (myth) an imaginary mountain behind which the sun goes down whilst setting (also অস্তগিরি, অস্তাচল), the setting of the sun, moon, etc, act of going below the horizon, decline, end, fall অস্তগত, অস্তমিত—*a* (of the sun, moon, etc) that which has set or gone below the horizon, declined অস্তগমন, অস্তমন—*n* act of setting or going below the horizon, decline অস্তগামী, অস্তাচলগামী—*a* going to set, setting

অস্তর১—coll corrup of অস্ত্র

ক্রীড়া—*n* a play, a game, a sport, a pastime, a show, an exhibition, an amusement, an entertainment, fun ক্রীড়া করা—*v* to play, to sport, to frolic ক্রীড়াকন্দুক—*n* a ball to play with ক্রীড়াকৌতুক—*n pl* sports and pastimes, games and frolics ক্রীড়াকৌতুক করা—*v* to sport and jest ক্রীড়াঙ্গন—same as ক্রীড়াভূমি ক্রীড়াচ্ছলে—*adv* under pretence of sport, whilst playing with ক্রীড়াভূমি, ক্রীড়াস্থান—*n.* a playground, a playing field, an arena, a venue of a game or sport ক্রীড়াসক্ত—*a* (overmuch) attached to games or sports, frolicsome

ক্রীত—*a* bought, purchased ক্রীতদাস—*n* one who has been purchased to be the slave of the buyer for life, a slave *fem* ক্রীতদাসী—a slave-woman, a slave-girl ক্রীতদাসত্ব—*n* slavery ক্রীতদাসবৎ—*a* slavish ক্রীতদাস-ব্যবসায়—*n* slave-trade. ক্রীতদাস-ব্যবসায়ী—*n* a slave-trader, a slaver

ক্রীশ্চান—alt spell of ক্রিশ্চান

ক্রুজার—*n* a cruiser

ক্রুদ্ধ—*a* angry, angered, enraged, wrathful, indignant *fem* ক্রুদ্ধা

ক্রুশ—*n* a cross, a cruciform gib-

bet on which the ancient Romans exposed malefactors, the gibbet on which Jesus Christ was crucified, the Cross ক্রুশবিদ্ধ—*a* crucified. ক্রুশবিদ্ধ করা—*v* to crucify ক্রুশাকার—*a* cruciform

ক্রুশকাঠি, ক্রুশকাটি—*n* a crochet

ক্রুশবিদ্ধ, ক্রুশাকার—see ক্রুশ

ক্রুর—*a* merciless, unkind, hard-hearted, cruel, envious, malicious, spiteful, crooked, wicked, malignant ক্রুরতা—*n* mercilessness, unkindness, hard-heartedness, cruelty, envy, malice, spite, crookedness, wickedness, malignance, malignancy ক্রুরকর্মা—*a* one who performs horrible or cruel deeds, merciless ক্রুরমতি—*a* crooked-minded

ক্রেতব্য—*a* worth buying, that which can be or is to be bought, buyable, purchasable

ক্রেতা—*n* a buyer, a purchaser, a customer *fem* ক্রেত্রী.

ক্রেয়—same as ক্রেতব্য

ক্রোক—*n* legal seizure or attachment of goods or property, seizure, distraint ক্রোক করা—*v* to seize, to seise, to attach, to distrain ক্রোক হওয়া—*v* to be seized or seised, to be in distraint ক্রোকী—*a* pertaining to distraint ক্রোকী পরওয়ানা—a warrant of distraint ক্রোকী সম্পত্তি—a property of distraint মালক্রোক—distraint of movables

ক্রোড়১—(1) *n* ten millions, a crore (2) *a* ten million, crore ক্রোড়পতি—*n* a multi-millionaire, a billionaire, an extremely wealthy man

ক্রোড়২—*n* the fold of the body of a person sitting, the lap, (ক্রোড়ে বসা), the flank of a person standing (ক্রোড়ে তোলা), flank or side or brink (নদীর ক্রোড়), foot or vicinity or neighbourhood (বৃক্ষক্রোড়ে), bosom, heart, the inside (সমুদ্রের ক্রোড়) ক্রোড়ে ওঠা—*v* to get upon one's lap or to one's flank ক্রোড়ে করা, ক্রোড়ে তোলা, ক্রোড়ে লওয়া—*v* to take on one's lap, to lift to one's flank, to take in arms ক্রোড় অঙ্ক, ক্রোড়াঙ্ক—*n* an epilogue of a drama ক্রোড়চ্যুত—*a* fallen or removed from one's lap, separated, estranged, out of control ক্রোড়পত্র—*n* a supplement (of a magazine, deed, etc), a codicil (of a will), an appendix (of a book).

ক্রোধ—*n* anger, wrath, rage, fury, indignation ক্রোধন, ক্রোধপরায়ণ, ক্রোধপ্রবণ—*a* easily angered, hot-tempered, sulky, wrathful, wroth. ক্রোধবহ্নি, ক্রোধাগ্নি, ক্রোধানল—*n* the fire of anger or rage, terrible anger or fury ক্রোধশান্তি—*n* appeasement of anger ক্রোধাগার—*n* the room in which a wife shuts herself up after quarrelling with her husband or when displeased with him ক্রোধান্ধ—*a* blind with rage ক্রোধান্বিত, ক্রোধাবিষ্ট—*a* angered, enraged *fem* ক্রোধান্বিতা, ক্রোধাবিষ্টা ক্রোধাবেশ—*n* incitement of anger ক্রোধী—*a* hot-tempered, sulky by nature ক্রোধোদ্দীপক—*a* exciting anger ক্রোধোদ্দীপন, ক্রোধোদ্রেক—*n* excitement of anger ক্রোধোন্মত্ত—*a* mad or maddened with rage ক্রোধোপশম—same as ক্রোধশান্তি

ক্রোর—var of ক্রোড়১

ক্রোশ—*n* a measure of length or distance equal to 8000 cubits or a little more than two miles

ক্রৌঞ্চ—*n* a species of the heron or the curlew, the stork *fem* ক্রৌঞ্চী,

ক্রৌঞ্চবধূ, ক্রৌঞ্চমিথুন—*n pl* a couple or pair (one male and one female) of this bird

ক্রৌর্য—same as ক্রূরতা (see ক্রূর)

ক্লব—*n* a club, an association, a society

ক্লম—*n* extreme weariness, fatigue, exhaustion

ক্লান্ত—*a* extremely tired, wearied, fatigued, exhausted

ক্লান্তি—*n* extreme tiredness, weariness, fatigue, exhaustion ক্লান্তিকর, ক্লান্তিজনক—*a* tiresome, wearisome, fatiguing, exhausting ক্লান্তিনাশক, ক্লান্তিহর—*a* removing tiredness or weariness or fatigue, refreshing

ক্লাব—pop var. of ক্লব

ক্লাস—*n* a class ক্লাসে ওঠা—*v* to be promoted to a higher class ক্লাসে তোলা—*v* to promote to a higher class

ক্লিন্ন—*a* besmeared with liquid filth, besmeared with any morbid matter secreted from within one's body such as sweat, puss, slaver, etc , soiled , wet, moistened

ক্লিশিত—same as ক্লিষ্ট

ক্লিশ্যমান—*a* suffering, in sorrow or misery, in trouble, suffering from pain

ক্লিষ্ট—*a* troubled, stricken with sorrow or misery, suffering, pained, painful, wearied, fatigued

ক্লীব—(1) *n* a man divested of manliness, a sexually impotent man, an asexual or neuter human being (2) *a* unmanly, cowardly, sexually impotent, asexual or neuter. ক্লীবত্ব—*n* lack of manliness, cowardliness, cowardice, sexual impotency (in man), asexuality ক্লীবলিঙ্গ—*n* (gr) the neuter gender

ক্লেদ—*n* liquid filth or soil, foul water, any morbid matter secreted from within one's body such as puss, sweat, saliva etc, humidity, moisture ক্লেদাক্ত—*a* besmeared with liquid filth, besmeared with any morbid matter secreted from within one's body, soiled

ক্লেশ—*n* trouble, sorrow, misery, pain ক্লেশ দেওয়া—*v* to trouble, to distress, to inflict sorrow or misery (on), to pain ক্লেশকর, ক্লেশজনক, ক্লেশদায়ক—*a* troublesome distressing, painful, difficult ক্লেশার্জিত—*a* hard-earned ক্লেশিত—*a* one who is being troubled or distressed or pained, troubled, sorrowful, in misery, afflicted, distressed, pained

ক্লৈব্য—same as ক্লীবত্ব (see ক্লীব)

ক্লোম—*n* (anat.) the gall-bladder, the kidney, the lung ক্লোমনালিকা—*n* (anat) the wind-pipe ক্লোমশাখা—*n* (anat) the bronchus

ক্ষওয়া—alt spell of খওয়া

ক্ষণ—*n* a measure of time equal to about four minutes, a very small point of time, a moment, an instant, a while (ক্ষণমাত্র), a point of time (এক্ষণ), a length of time (বহুক্ষণ), a particular point of time (শুভক্ষণ) অশুভক্ষণ—*n* an evil hour, an inauspicious moment কিছু-ক্ষণ—(1) *n* some time, a short time, (2) *adv* for or during some time, for or during a short time কুক্ষণ—same as অশুভক্ষণ প্রতিক্ষণ—*adv* every moment, always, ceaselessly বহুক্ষণ —(1) *n* a long time, (2) *adv* for or during a long time শুভক্ষণ—*n* an auspicious moment সর্বক্ষণ, সারাক্ষণ *adv* always ক্ষণকাল—(1) *n* a moment, an instant, a very short time (2) *adv*

for a moment, for an instant, for or during a very short time ক্ষণকাল পরে —shortly after, a little later, before long, ere long ক্ষণকাল পূর্বে—shortly before ক্ষণচর—*a* roaming or existing for a very short time, fleeting, evanescent, short-lived, ephemeral, transient ক্ষণজন্মা—*a* (astrol & pop) born at an uncommonly auspicious moment, very fortunate, (loos) endowed with rare qualities, highly gifted ক্ষণদা—*n* the night ক্ষণধ্বংসী—*a* perishing in a moment, transitory, most frail ক্ষণপরে—*adv* shortly after, a little later, ere long, before long ক্ষণপূর্বে—*adv* shortly before ক্ষণপ্রভ —*a* flashing or gleaming only for a moment ক্ষণপ্রভা—*n* the lightning ক্ষণভঙ্গুর—*a* breaking or perishing in a moment, transitory, most fragile ক্ষণমাত্র—*adv* only for a moment ক্ষণস্থায়ী—*a* lasting for a moment, momentary, transitory, continuing for a very short period (ক্ষণস্থায়ী চাকরি) ক্ষণস্থায়িত্ব—*n* momentariness, transitoriness, continuation for a very short period

ক্ষণিক—(1) *a* lasting for a moment, momentary, lasting for a very short time, transitory (2) *adv* for or during a moment only, for or during a very short time (3) *n* a moment, a shortest point of time ('ক্ষণিকের অতিথি')

ক্ষণে—*adv* in a moment, at one moment, at one time ('ক্ষণে হাতে দড়ি, ক্ষণে চাঁদ') ক্ষণে-ক্ষণে—*adv* frequently, repeatedly, at short intervals, every now and then, spasmodically

ক্ষণেক—(1) *n* the shortest point of time, a moment, a short time (2) *adv* for a while, for a short time, a little ক্ষণেক দাঁড়াও—tarry a little

ক্ষত—(1) *n* a wound, an ulcer, a morbid boil, a sore part of the body, a sore (2) *a* wounded, ulcerated, sored, sore ক্ষতচিহ্ন—*n* a scar ক্ষতবিক্ষত—*a* wounded at several parts of one's body, covered all over with wounds ক্ষতযোনি—*a* (of a woman) one whose virginity has been taken, ravished, deflowered

ক্ষতাশৌচ—*n* impurity of the body on account of a wound or sore or hæmorrhage

ক্ষতি—*n* injury, harm, damage, detriment, depreciation, loss ক্ষতি করা—*v* to injure, to harm, to damage, to depreciate, to cause a loss (to) ক্ষতিকর, ক্ষতিকারক, ক্ষতিজনক —*a* injurious, harmful, damaging, detrimental, depreciatory, causing a loss (to), losing ক্ষতিগ্রস্ত—*a.* damaged, depreciated, one who has sustained a loss, injured, harmed ক্ষতিগ্রস্ত করা—same as ক্ষতি করা ক্ষতিগ্রস্ত হওয়া—*v* to sustain a loss, to be harmed or injured, to be damaged or depreciated ক্ষতিপূরণ—*n* compensation, indemnity ক্ষতিপূরণ করা—*v* to compensate, to indemnify ক্ষতিপূরণ হওয়া—*v* to be compensated, to be indemnified ক্ষতিবৃদ্ধি—*n* loss or gain ক্ষতিবৃদ্ধি হওয়া—*v* to have nothing to lose or gain

ক্ষত্তা—*n* a man born of a shudra (শূদ্র) father and kshatriya (ক্ষত্রিয়) or Vaishya (বৈশ্য) mother, one's (esp a king's) son born of his maid-servant

ক্ষত্র—*n* the kshatriya (ক্ষত্রিয়) caste, a member of this caste ক্ষত্রকর্ম—*n* an action or activities becoming a kshatra (ক্ষত্র) ক্ষত্রজাতি—*n* the ksha-

triya caste ক্ষত্রধর্ম—*n* the traditional obligations and duties of a kshatriya (ক্ষত্রিয়), chivalry. ক্ষত্রনারী—*n.* *fem* kshatriya (ক্ষত্রিয়) woman *masc* ক্ষত্রপুরুষ

ক্ষত্রিয়—*n* the second caste amongst Hindus according to the scriptural order they were chiefly entrusted with the administration and defence of the realm, a member of this caste, a caste amongst Upcountry Hindus, a member of this caste, a kshetree (ক্ষেত্রী) *fem* ক্ষত্রিয়া, ক্ষত্রিয়াণী—*n* kshatriya (ক্ষত্রিয়) woman *fem* ক্ষত্রিয়ী—*n* wife of a kshatriya (ক্ষত্রিয়) who may not necessarily be a kshatriya woman herself ক্ষত্রিয়জাতি—*n* the kshatriyas (ক্ষত্রিয়) ক্ষত্রিয়োচিত—*a* becoming a kshatriya (ক্ষত্রিয়)

ক্ষত্রোচিত—*a* becoming a kshatra (ক্ষত্র).

ক্ষত্রী—*n* a kshatra (ক্ষত্র) or kshatriya (ক্ষত্রিয়), a caste amongst Upcountry Hindus or a member of this caste

ক্ষন্তব্য—*a* pardonable, forgivable, excusable

ক্ষন্তা—*a* & *n* one who forgives

ক্ষপণক—*n* a Buddhist or (also) Jaina mendicant or ascetic

ক্ষপা—*n* the night

ক্ষম—*a* (used as a *sfx*) able (কর্মক্ষম), deserving (মার্জনক্ষম), -able, -ible

ক্ষমতা—*n* power, strength, might, ability, capacity, efficiency, proficiency, dexterity, skill, influence, control ক্ষমতাবান্, ক্ষমতাশালী—*a* powerful, strong, mighty, influential, able, capable, proficient, skilful *fem* ক্ষমতাবতী, ক্ষমতাশালিনী ক্ষমতাশূন্য, ক্ষমতাহীন—*a* powerless, lacking in influence, unable, incapable, inefficient, unskilled

ক্ষমা—*n.* forgiveness, pardon, forbearance, tolerance ক্ষমা করা—*v* to forgive, to pardon, to forbear, to excuse, to tolerate, to brook ক্ষমা দেওয়া—*v.* to forbear, to desist (from) ক্ষমাগুণ—*n* the quality of forgiveness or forbearance or tolerance in man ক্ষমাধর্ম—*n* the doctrine of forgiveness or pardon or forbearance or tolerance (as enjoined for man). ক্ষমাপর, ক্ষমাপরায়ণ—*a* forgiving, tolerating, given to forgiveness or tolerance *fem* ক্ষমাপরায়ণা ক্ষমাপ্রার্থনা—*n* act of asking for forgiveness, act of begging pardon, an apology ক্ষমাপ্রার্থনা করা—*v* to ask for forgiveness, to beg pardon, to apologize ক্ষমাপ্রার্থী—*a* (one who is) asking for forgiveness or begging pardon or apologizing ক্ষমাবান্—same as ক্ষমাপর *fem* ক্ষমাবতী ক্ষমাভিক্ষা—same as ক্ষমাপ্রার্থনা ক্ষমাশীল—same as ক্ষমাপর *fem* ক্ষমাশীলা ক্ষমার্হ—same as ক্ষম্য

ক্ষমী—*a* given to forgiveness or tolerance, forgiving, forbearing, tolerating, enduring, able, capable.

ক্ষম্য—*a* forgivable, pardonable, excusable

ক্ষয়—*n* destruction (শত্রুক্ষয়) defeat (অধর্মের ক্ষয়), waste, loss (অর্থক্ষয়), erosion (কূলক্ষয়), depreciation (মুদ্রাক্ষয়), decay (চন্দ্রের ক্ষয়), decrease (সংখ্যার ক্ষয়), consumption, phthisis, tuberculosis (ক্ষয়রোগ) ক্ষয় করা—*v* to destroy, to defeat, to vanquish, to waste, to lose, to erode, to eat into or away, to depreciate, to decrease ক্ষয় পাওয়া, ক্ষয় হওয়া—*v* to be destroyed, to be defeated or vanquished, to be wasted or lost, to be eroded, to be eaten into or away, to be depreciated, to decay, to decrease ক্ষয়কর,

ক্ষয়কারক, ক্ষয়জনক—*a* destroying, defeating, causing waste or loss, erosive, depreciating, causing decay or decrease, consuming ক্ষয়কাশ—*n* consumption, phthisis, tuberculosis ক্ষয়প্রাপ্ত—*a* destroyed, defeated, wasted, lost, eroded, eaten into or away, depreciated, decayed, decreased, dilapidated (ক্ষয়প্রাপ্ত অট্টালিকা), consumed ক্ষয়রোগ—same as ক্ষয়কাশ ক্ষয়রোগী—(1) *a* suffering from phthisis, consumptive, tubercular, (2) *n* a consumptive or tubercular patient ক্ষয়শীল—same as ক্ষয়িষ্ণু

ক্ষয়া—alt spell of খয়া

ক্ষয়িত—*a* destroyed, defeated, wasted, lost, eroded, eaten into or away, decayed, decreased, dilapidated

ক্ষয়িষ্ণু, ক্ষয়ী—*a* tending to decay or wear away or decrease, consumptive, perishable ক্ষয়িষ্ণুতা—*n* tendency towards decaying or wearing away or decreasing, consumptiveness, perishability

ক্ষর—(1) *n* an ooze or oozing, exudation, dripping (2) *a* oozy, exuding, dripping, perishable, fragile ক্ষরণ—*n* oozing, exudation, dripping, destruction ক্ষরিত—*a* oozed, exuded ক্ষরণ হওয়া, ক্ষরিত হওয়া, ক্ষরা—*v* to ooze, to exude, to drip ক্ষরী—*a* oozy, oozing, exuding, dripping

ক্ষাত্র—(1) *a* pertaining to kshatriyas (ক্ষত্রিয়), becoming a kshatriya (2) *n* the traditional obligations and duties or might of a kshatriya, chivalry, the state of being a kshatriya

ক্ষান্ত—*a* tolerant, forbearing, forgiving, desisted, stopped ক্ষান্ত করা—*v* to cause to forbear or desist (from), to stop or terminate (কর্ম ক্ষান্ত করা) ক্ষান্ত দেওয়া—*v* to forbear, to desist (from), to leave off ক্ষান্ত হওয়া—*v* to forbear, to desist (from), to leave off (যুদ্ধে ক্ষান্ত হওয়া), to stop, to be over (যুদ্ধ ক্ষান্ত হওয়া) ক্ষান্তি—*n* tolerance, forbearance, forgiveness, desistance, a stop, termination

ক্ষার—*n* alkali, a basic salt ক্ষারক—*n* a chemical base, alkali, a washerman ক্ষারকীয়—*a* (chem) basic, alkaline ক্ষারজল—*n* alkali water, alkaline water, salt water ক্ষারধাতু—*n.* alkali metal ক্ষারমিতি—*n* alkalimetry ক্ষারমৃত্তিকা—*n* alkaline earth

ক্ষারণ—*n* act of causing to ooze or drip, melting, liquefaction, slandering, stigmatization, corruption

ক্ষারিত—*a* caused to ooze or drip, melted, liquefied, slandered, stigmatized, corrupted

ক্ষারীয়—*a* alkaline ক্ষারীয় সন্ধান—alkaline fermentation

ক্ষালন—*n* washing (বস্ত্র-ক্ষালন), cleansing, exoneration (দোষক্ষালন, পাপক্ষালন), removal, purification ক্ষালন করা—*v* to wash, to cleanse, to exonerate, to remove, to purify

ক্ষালিত—*a* washed, cleansed, exonerated, removed, purified

ক্ষিতি—*n* the earth, the world, the ground (ক্ষিতিতল), clay (ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম এই পঞ্চভূত) ক্ষিতিজ—(1) *a* earth-born, growing on the ground, earth-grown, (2) *n* the Mars, the horizon ক্ষিতিজ-রেখা—*n*, a horizontal line, a horizontal ক্ষিতিতল—*n* the

For words in ক্ষার-, not given separately, see ক্ষার

surface of the earth, the ground ক্ষিতিধর—*n* a mountain ক্ষিতিনাথ, ক্ষিতিপ, ক্ষিতিপতি, ক্ষিতিপাল—*n* a king ক্ষিতিভৃৎ—*n* a mountain ক্ষিতিরুহ—*n* a tree (usu a large one)

ক্ষিতীশ—*n* a king

ক্ষিদা, ক্ষিদে—rej spell.'s of খিদা and খিদে respectively

ক্ষিপ্ত—*a* (ety) thrown, ejected, distracted, maddened, frenzied, mad, (of animals) must, musty, frantic, furious *fem* ক্ষিপ্তা. ক্ষিপ্ত করা —*v* to madden to make musty, to make frantic or furious ক্ষিপ্ত হওয়া— to go mad, to madden, to become frenzied, to become musty, to get frantic or furious ক্ষিপ্ততা—*n* mental distraction, madness, frenzy, (of animals) must, franticness, furiousness, fury ক্ষিপ্তবৎ—(1) *adv.* like mad, madly, frantically, furiously, (2) *a* mad, madding, frantic, furious

ক্ষিপ্যমাণ—*a* in the state of being thrown or ejected

ক্ষিপ্র—(1) *a* swift, quick, prompt, rapid (2) *adv* swiftly, quickly, promptly, rapidly ক্ষিপ্রকারী—*a* ready in action, prompt ক্ষিপ্রকারিতা—*n* promptness, promptitude ক্ষিপ্রগতি— (1) *a* swift-moving, swift, fast, nimble, (2) *n* a swift motion ক্ষিপ্রগামী —*a* swift-moving, fast-going, swift, fast, nimble *fem* ক্ষিপ্রগামিনী ক্ষিপ্রতা —*n* swiftness, quickness, promptitude, rapidity ক্ষিপ্রবেগে—*adv* swiftly, quickly, fast, rapidly ক্ষিপ্রহস্ত—*a* swift-handed ক্ষিপ্রহস্তে—*adv* swift-handedly, quickly

ক্ষীণ—*a* decayed (ক্ষীণচন্দ্র), lean, thin (ক্ষীণদেহ), slender (ক্ষীণকটি), meagre, insufficient (ক্ষীণালোক), subdued (ক্ষীণকণ্ঠ), feeble, weak (ক্ষীণদৃষ্টি) *fem* ক্ষীণা ক্ষীণ করা—*v* to decay, to emaciate, to attenuate, to make slender, to lessen (আলো ক্ষীণ করা), to subdue, to enfeeble, to weaken ক্ষীণ হওয়া— *v* to decay, to emaciate, to become slender; to lessen, to become subdued, to become feeble, to weaken ক্ষীণকণ্ঠ—(1) *n* a feeble or subdued voice, (2) *a* feeble-voiced, having a subdued voice ক্ষীণকায়—*a* lean-bodied, emaciated, thin, small (ক্ষীণকায় পুস্তক) ক্ষীণচন্দ্র—*n* the waning moon or the moon in wane (that is, the moon of the dark fortnight) ক্ষীণচেতা—*a* weak-minded ক্ষীণজীবী—*a* having low vitality, short-lived, frail ক্ষীণতা, ক্ষীণত্ব—*n* decayed state, leanness, thinness, emaciation, slenderness, meagreness, insufficiency, subdued state, feebleness, weakness ক্ষীণদৃষ্টি—*a* weak-sighted ক্ষীণদেহ —same as ক্ষীণকায় ক্ষীণপ্রাণ—same as ক্ষীণজীবী ক্ষীণবল—*a* weak, weakened, weak in military strength (ক্ষীণবল রাষ্ট্র) ক্ষীণবুদ্ধি—*a* dull-witted ক্ষীণমতি—*a* weak-minded ক্ষীণমধ্যা—*a fem* having a slender waist *masc* ক্ষীণমধ্য ক্ষীণশক্তি—same as ক্ষীণবল ক্ষীণশ্বাস— *a* having one's breath failing, dying, completely deprived of vigour, enfeebled, short-lived ('ক্ষীণশ্বাস প্রাণ')

ক্ষীয়মাণ—*a* decaying, waning

ক্ষীর—*n* milk (গো-ক্ষীর), juice, latex, milk condensed and sweetened by boiling (taken as a sweetmeat) ক্ষীরপুলি, ক্ষীরমোহন—*n.* diffrent kinds of sweetmeat ক্ষীরসমুদ্র, ক্ষীরসাগর—*n* (myth) a sea containing milk instead of water, the Milk Sea

ক্ষীরা, (dial.) ক্ষীরই—*n* a variety of small cucumber

ক্ষীরাব্ধি—var of ক্ষীরোদ

ক্ষীরিকা—var of ক্ষীরা.

ক্ষীরোদ—*n* (myth) a sea containing milk instead of water, the Milk Sea ক্ষীরোদতনয়, ক্ষীরোদনন্দন—*n* the moon (personified) ক্ষীরোদতনয়া—*n fem* Goddess Lakshmi (লক্ষ্মী)

ক্ষুণ্ণ—*a.* saddened, mortified, offended, restricted, restrained, frustrated, curbed, hindered, pulverized

ক্ষুৎ১, ক্ষুত—*n* a sneeze

ক্ষুৎ২—*n* hunger ক্ষুৎকাতর, ক্ষুৎপীড়িত—*a* distressed with hunger ক্ষুৎপিপাসা—*n* hunger and thirst

ক্ষুদ, ক্ষুদি, ক্ষুদে—alt spell 's of খুদ, খুদি and খুদে respectively

ক্ষুদ্র—*a* small, little (ক্ষুদ্রকায, ক্ষুদ্র বালক), base, mean (ক্ষুদ্রমতি), narrow, illiberal (ক্ষুদ্রাশয), niggardly (ক্ষুদ্র দান), contemptible, insignificant (ক্ষুদ্র লোক), trifling (ক্ষুদ্র ব্যাপার), poor (ক্ষুদ্র অবস্থা), short, short-lived (ক্ষুদ্রপ্রাণ) *fem* ক্ষুদ্রা ক্ষুদ্রকায়—*a* having a short and thin body, little, tiny (ক্ষুদ্রকায প্রাণী), small and not voluminous (ক্ষুদ্রকায় গ্রন্থ), small (ক্ষুদ্রকায বাহিনী, ক্ষুদ্রকায অট্টালিকা) ক্ষুদ্রচেতা—same as ক্ষুদ্রাশয়. ক্ষুদ্রতম—*a* smallest ক্ষুদ্রতর—*a* smaller ক্ষুদ্রতা, ক্ষুদ্রত্ব—*n* smallness, littleness, baseness, meanness narrowness, illiberality, niggardliness, contemptibleness, insignificance, triviality, poorness, poverty, shortness, short duration ক্ষুদ্রদৃষ্টি—*a* narrow in outlook, miserly ক্ষুদ্রপ্রাণ—*a* having low vitality or short span of life, short-lived, mean-minded, miserly ক্ষুদ্রবুদ্ধি, ক্ষুদ্রমতি—(1) *a* of limited intelligence, dull-witted, (inc) mean-minded, (2) *n* dull-wittedness, humble opinion (আমার ক্ষুদ্রবুদ্ধিতে) ক্ষুদ্রাকার—*a* of small size or structure, small, little ক্ষুদ্রান্ত্র—*n* the small intestine

ক্ষুদ্রায়তন—*a* small in size or magnitude, small. ক্ষুদ্রাশয়—*a* mean-minded

ক্ষুধা—*n* hunger, desire for food, appetite, desire, inclination, greed, avidity, a longing or craving ক্ষুধা বাড়ান—*v* to improve or increase one's appetite ক্ষুধা বোধ হওয়া—*v* to feel hungry ক্ষুধা হওয়া—*v* to feel hungry, to strike with hunger, to whet one's appetite (এ অষুধে ক্ষুধা হবে) ক্ষুধাকর—same as ক্ষুধাবর্ধক ক্ষুধাকাতর, ক্ষুধাতুর—*a* hunger-stricken, extremely hungry, famished, hungry ক্ষুধাতৃষ্ণা—*n* hunger and thirst. ক্ষুধানাশ—*n* loss of appetite. ক্ষুধা নাশ করা—*v* to dull one's appetite, ক্ষুধানিবৃত্তি—*n* appeasement or satisfaction of hunger ক্ষুধান্বিত—*a* hungry ক্ষুধাবর্ধক—*a* appetizing ক্ষুধাবর্ধক ঔষধ বা বস্তু—an appetizer ক্ষুধাবর্ধন—*n.* appetizement ক্ষুধামান্দ্য—*n* loss of appetite, (inc) indigestion ক্ষুধার্ত—same as ক্ষুধাকাতর ক্ষুধাশান্তি—same as ক্ষুধানিবৃত্তি ক্ষুধাসঞ্চার—*n* feeling of hunger, appetizement দুষ্টক্ষুধা—see দুষ্ট. দৃষ্টিক্ষুধা—see দৃষ্টি ক্ষুধায় মানুষকে পাগল করে—(fig) hunger drives the wolf out of woods

ক্ষুধিত—*a* hungry, desirous, inclined (to), greedy, avid, longing or craving (for) *fem* ক্ষুধিতা

ক্ষুন্নিবারণ, ক্ষুন্নিবৃত্তি—*n* appeasement or satisfaction of hunger ক্ষুন্নিবৃত্ত—*a* one whose hunger has been appeased or satisfied

ক্ষুপ—*n* a shrub, a bush.

ক্ষুব্ধ, ক্ষুভিত—*a* perturbed, distracted, agitated, distressed, offended, mortified, aggrieved, sorrowed, pained, sorrowful, regretful, sorry *fem* ক্ষুব্ধা, ক্ষুভিতা ক্ষুব্ধ করা—*v* to perturb, to distract, to agitate, to

distress, to offend, to mortify, to strike with grief or sorrow, to pain

ক্ষৌমা—*n* silk, linseed, hemp, jute

ক্ষুর—*n* a razor, a razor-blade, (of animals) a hoof, (of articles of furniture) a leg or foot or castor

ক্ষুরধার—*a.* (of intellect etc) as sharp as a razor, very keen

ক্ষুরপ্র—*n* (myth) a kind of arrow shaped like a crescent moon, a crescent-shaped digging tool

ক্ষুরা—rej spell of খুরা

ক্ষুরী—*n* a barber, a hoofed animal

ক্ষেউরি—rej spell of খেউরি

ক্ষেত, ক্ষৌত—rej spell 's of খেত and খৌত respectively

ক্ষেত্র—*n* an agricultural land, a field (ক্ষেত্রজাত ফসল), an area, a place, a field (কাজের বিস্তীর্ণ ক্ষেত্র), a venue (যুদ্ধক্ষেত্র), jurisdiction, bounds (ক্ষেত্রবহির্ভূত), a holy place (কুরুক্ষেত্র) (phil) the body, a sense-organ, the mind, (geom) a figure (চতুষ্কোণ ক্ষেত্র), (geom) surface, one's wife (ক্ষেত্রজ পুত্র), circumstances, condition, state (ক্ষেত্রানুযায়ী কর্ম) **ক্ষেত্রকর্ম**—*n* cultivation, agriculture, husbandry, action according to the circumstances **ক্ষেত্রগণিত**—*n* geometry **ক্ষেত্রজ**—(1) *a* grown on an agricultural field, produced by agriculture, agricultural, (of a child) born of one's wife by another man (usu appointed by the husband), (2) *n* a son born thus *fem n* **ক্ষেত্রজা** **ক্ষেত্রজীবী**—(1)*n* a peasant, a cultivator, a husbandman, a farmer, an agriculturist, (2) *a* one who earns one's livelihood by agriculture, depending on cultivation for one's livelihood **ক্ষেত্রজ্ঞ**—(1) *n* (phil & theol) the immortal soul that is inherent in every individual creature, (2) *a* conversant with the circumstances or condition, au fait, one who knows what should be done in the circumstances, learned, dextrous, adroit, versed in or engaged in agriculture **ক্ষেত্রপতি, ক্ষেত্রপাল**—*n* a land-owner, a landlord **ক্ষেত্রফল**—*n* measurement of an area, area measure, measure of an area, area **ক্ষেত্রমিতি**—*n* geometry, mensuration **ক্ষেত্রস্বামী, ক্ষেত্রাধিকারী, ক্ষেত্রাধিপতি**—same as **ক্ষেত্রপাল**

ক্ষেত্রী১—rej spell of খেত্রী

ক্ষেত্রী২—(1) *a* land-owning (2) *n* a husband (of a wife), a husbandman, a peasant, a cultivator

ক্ষেপ১—rej spell of খেপ

ক্ষেপ২, ক্ষেপণ—*n* act of casting, a throw (শরক্ষেপ, দৃষ্টিক্ষেপ), act of hurling or casting down, act of putting forth or placing (পদক্ষেপ), act of passing or spending (কালক্ষেপ), infringement, non-compliance (বিধিক্ষেপ) **ক্ষেপণ করা**—*v* to cast, to throw, to hurl down, to put forth, to place, to pass, to spend, to infringe, to disobey **ক্ষেপক**—(1) *a* one who or that which throws or hurls down or puts forth or places or passes or spends or infringes or disobeys, (2) *n* (of a book) an interpolated portion, an interpolation **ক্ষেপণাস্ত্র**—*n* a missile **ক্ষেপণি, ক্ষেপণী**—*n* a spoon-shaped oar, a scull, an oar, a casting-net. **ক্ষেপণিক**—*n* a sculler; an oarsman. **ক্ষেপণীয়**—(1) *a* that which is to be or should be cast or hurled down or put forth or placed or spent or infringed or disobeyed, missile, (2) *n* a missile

For words in ক্ষেপ-, not given separately, see ক্ষেপ২

ক্ষেপলা—rej spell of খেপলা.

ক্ষেপা—rej spell of খেপা

ক্ষেপ্তা—a var of ক্ষেপক (see ক্ষেপ২)

ক্ষেম—n weal, welfare, well-being, benefit, good, preservation of a (valuable) thing obtained (যোগক্ষেম) ক্ষেমঙ্কর, ক্ষেমংকর—a benignant, benign ক্ষেমঙ্করী, ক্ষেমংকরী—(1) a fem of ক্ষেমঙ্কর, (2) n an appellation of Goddess Durga (দুর্গা) ক্ষেমবান্—a well-off, prosperous fem ক্ষেমবতী

ক্ষোণি, ক্ষোণী—var 's of ক্ষৌণি

ক্ষোদক—(1) a one who or that which pulverizes or engraves or carves (2) n a pulverizer, an engraver, a carver

ক্ষোদন—n pulverization, engraving, carving ক্ষোদন করা—v to pulverize, to engrave, to carve

ক্ষোদা—rej spell of খোদা

ক্ষোদিত—a pulverized, engraved, carved

ক্ষোভ—n perturbation, distraction, agitation, distress, offended state, huff, mortification, grief, sorrow, pain

ক্ষোভিত—var of ক্ষুব্ধ fem ক্ষোভিতা

ক্ষৌণি, ক্ষৌণী—n the earth, the world ক্ষৌণীশ—n an emperor, a king

ক্ষৌম—(1) n linen-cloth, linen (also ক্ষৌমবস্ত্র), linen-thread, the fibres of the Linum, flax (2) a made of linen or linen-thread, linen

ক্ষৌর—(1)—n act of serving (also ক্ষৌরকর্ম) (2) a pertaining to the razor ক্ষৌরি—rej spell. of খৌরি ক্ষৌরিক—n a barber. ক্ষৌরী—n a razor, a razor-blade

খ

খ১—n the second consonant of the Bengali alphabet

খ২—n the sky, the air (খগোল, খপোত)

খই—n a food prepared by frying paddy in sand heated on an oven, parched rice খই ফোটা—v (fig) to talk or prattle rapidly or volubly (just like grains of paddy bursting open noisily whilst being fried) খই ভাজা—v to fry paddy to prepare parched rice খইচুর—n a ball-shaped sweetmeat prepared by boiling coarsely powdered parched rice in sugar malt, a sweet blob of parched rice খই-ঢেঁকুর—n eructation tasting of bile (caused by indigestion), bilious eructation খইয়া, (dial) খইয়ে—a having the colour or shape of parched rice, grey or tiny

খইনি—n a quid (of tobacco)

খইল—n oil-cake, earwax

খওয়া—(1) v to wear away or out, to be eaten away or in (2) a worn away or out, eaten away or in খওয়ান—(1) v to cause to wear away or wear out or eaten away or eaten in, to eat away or in, (2) a worn away or out, eaten away or in

খক্—int expressing the sound of a cough or a hawking sound খক্ করা—v to make this sound, to cough or hawk খক্‌খক্—int expressing the sound of coughing or hawking or laughing continuedly খক্‌খক্ করা—v to cough or hawk continuedly খক্‌খক্ করিয়া তোলা—v to hawk up or out খক্‌খকানি—n a fit of loud

For words in খই-, not given separately, see খই.

and continued coughing or hawking or laughter খক্‌খকে—*a* (of cough) attended with hawking noise

খগ—*n* the bird.

খগপতি, খগরাজ, খগেন্দ্র, খগেশ্বর—*n* the king of birds, different appellations of Gorooda (গরুড়).

খগোল—*n* the sky, the heavens, the firmament, a globe representing the sky, a celestial globe খগোলবিৎ, খগোলবিদ্, খগোলবেত্তা—*n* an astronomer খগোলবিদ্যা—*n* astronomy

খচমচ—(1) *int* expressing a harsh clamorous noise (as of beating cymbals or of continuous carping) (2) *n* this sound, a troublesome affair, botheration ('রাজসেবা কত খচমচ'), hullabaloo, dissension and quarrel (খচমচ লেগেই আছে)

খচর—var. of খেচর.

খচাখচ্—(1) *int* same as খচ্‌খচ্ (see খচ্) (2) *adv* quickly and noisily (খচাখচ্ কাটা)

খচিত—*a* interwoven, enwreathed, strung, inlaid, inset, embedded, pervaded, diffused, bedecked, adorned খচিত করা—*v* to interweave, to enwreathe, to string, to inlay, to inset, to embed, to pervade, to diffuse, to bedeck, to adorn

খচোমচো—alt. spell of খচমচ

খচ্—*int*. expressing the (imaginary) sound of chopping at one stroke or piercing suddenly খচ্‌খচ্—*int* expressing repetition of this sound খচ্‌খচ্ করা—*v* to give out a harsh sound as of chewing grits, to carp খচ্‌খচানি—*n* carping খচ্‌খচে—*a* (given to) carping

খচ্চর—*n* the mule, (sl—in abuse) a bastard, a rogue or scoundrel or scapegrace. তিলে খচ্চর—see তিল

খচ্‌মচ্—*int* expressing a rustling noise খচ্‌মচ্ করা—*v* to rustle খচ্‌মচানি—*n* a rustling, rustle খচ্‌মচে—*a* rustling

খঞ্চা—*n* a large dish or tray

খঞ্জ—*a* lame খঞ্জ করা—*v* to lame খঞ্জ হওয়া—*v* to be lame, to become lame খঞ্জতা, খঞ্জত্ব—*n* lameness

খঞ্জন—*n* the wag-tail. খঞ্জন-গঞ্জন—*a* putting the wag-tail to shame in restlessness ('খঞ্জন-গঞ্জন আঁখি').

খঞ্জনা—*fem*. of খঞ্জন

খঞ্জনি—*n* the tambourine

খঞ্জনিকা—*fem*. of খঞ্জন.

খঞ্জনী—alt. spell of খঞ্জনি

খঞ্জর—*n* a kind of short dagger or scimitar, a han(d)jar

খটকা—*n* a (sudden) doubt or suspicion, a misgiving, hesitation, a hitch (কাজে খটকা বেধেছে), a trouble or difficulty (খটকার অঙ্ক)

খটমট—*a*. complicated, intricate, difficult

খটাং—same as খটাৎ

খটাখট্—*int* expressing the sound made by striking repeatedly on or at something hard

খটাৎ—*int*. expressing a noise louder than খট্ খটাৎ-খটাৎ—*int* expressing repetition of this noise

খটাশ, খটাস১—same as খট্টাশ

খটাস২—*int* expressing a noise louder than খটাৎ খটাস্-খটাস্—*int* expressing repetition of this noise

খটিকা, খটিনী, খটী—*n* chalk

খটোমটো—alt spell of খটমট

খট্—*int* expressing the sound made by striking on or at something hard (as of knocking the door or of striking or stamping the hoof on stony ground) খট্‌খট্, খটাখট্—*int* expressing repetition of this sound,

thorough dryness খট্‌খট্‌ করা—*v* to strike noisily and repeatedly on or at something hard, to look hard and dry (রোদে খট্‌খট্‌ করা) খট্‌খটে—*a* thoroughly hard and dry

খট্টাশ, খট্টাস—same as খট্বাশ

খট্টি, খট্টী—*n* an improvised cot for carrying the dead to the crematorium, a bier

খট্বা—*n* a cot, a bedstead

খট্বাঙ্গ—*n* a leg or foot of a cot

খট্বারূঢ—*a* mounted or lying on a cot, lazy, foolish, wicked

খট্বাশ—*n* the polecat, the civet cat

খট্‌মট্‌—var of খট্‌খট্‌

খড—var of খদ

খড়—*n* hay, straw খড়কুটা—*n* dry straw, grass, twigs, etc collectively

খড়কে—pop var of খড়িকা

খড়খড়ি—*n* a Venetian blind

খড়ম—*n* a wooden sandal, a clog, (cp) a sabot খড়ম-পেয়ে—*a* (esp of a girl or woman) one with convex-shaped soles

খড়রা—*n* a curry-comb

খড়ি—*n* chalk (also চা-খড়ি, ফুলখড়ি), silt or alluvial clay (with which the forehead is painted), a cardinal number or a figure (খড়ি পাতা), dry dirt in form of a crust on the skin (খড়ি ওড়া) খড়ি ওড়া, খড়ি ওঠা—*v* (of skin or body) to give off dry dirt (esp when rubbed) খড়ি পাতা—*v* to divine or foretell by means of writing down numbers or drawing figures হাতে-খড়ি—see হাত

খড়িকা—*n* a toothpick, a small species (খড়িকা পুঁটি খড়িকা বাটা)

খড়ো—*a* made of straw (খড়ো চাল), thatched with straw (খড়ো বাড়ি)

খড়্‌খড়্‌—*int* expressing a rustling noise as of treading dry leaves, a grating noise or sensation খড়্‌খড়ে—*a* giving out this noise or sensation

খড়্গ—*n* a large falchion for immolating beasts, a large falchion, the horny appendage on the nose of the rhinoceros খড়্গপাণি—*a* holding or carrying a falchion in one's hand, armed with a falchion খড়্গহস্ত—*a* (ety—rare) holding or carrying a falchion in one's hand, (fig) extremely angry with, about to strike খড়্গাঘাত—*n* a stroke of a falchion খড়্গাঘাত করা—*v* to strike with a falchion

খণ্ড—*n* a part, a fragment, a portion, a region (ভূখণ্ড), a piece (প্রস্তরখণ্ড, বস্ত্রখণ্ড), a slice (একখণ্ড পাউরুটি), a section (of a story, poem, etc), a volume, a copy (একখণ্ড পুস্তক) খণ্ডকাব্য—*n* (rhet) an imperfect epic খণ্ডকাল—*n* a portion of a particular time, a part of a period খণ্ড-খণ্ড—*a* cut or broken or separated into pieces খণ্ড-খণ্ড করা—*v* to cut or break or separate into pieces খণ্ডগ্রাস—*n* (astr) a partial eclipse খণ্ডপ্রলয়—*n* a partial destruction of the universe, a tremendous upheaval or affray (resembling universal annihilation) খণ্ডবাক্য—*n* (gr) a clause খণ্ডবিখণ্ড—same as খণ্ড-খণ্ড খণ্ডযুদ্ধ—*n* a strife, a skirmish, an affray খণ্ডশঃ, (pop) খণ্ডশ, খণ্ডে খণ্ডে—*adv* part by part, in parts, piece by piece, piecemeal

খণ্ডন—*n* act of cutting or cleaving or breaking or dividing or

separating into parts or pieces, act of cutting or severing, refutation (যুক্তি-খণ্ডন), act of freeing from, vindication, absolution (দোষখণ্ডন, পাপখণ্ডন), annulment, rescission (বিধিলিপি-খণ্ডন) খণ্ডন করা—*v* to cut or cleave, to break, to divide, to separate, to sever, to refute, to free from, to vindicate, to absolve, to reverse, to annul, to rescind খণ্ডনীয়—*a* that which is to be or can be cut or cleft or severed, breakable, dividable, separable, refutable, vindicable, that which can be absolved ; reversible, that which can be rescinded

খণ্ডান—*v* to refute or cause to refute, to vindicate or cause to vindicate, to absolve or cause to absolve, to reverse or cause to reverse, to annul or cause to annul, to rescind or cause to rescind, (ety —not in use) to cut or break, to cause to cut or break

খণ্ডিত—*a* that which has been cut or cleft, cloven (খণ্ডিত খুর), sliced, broken, divided, separated, severed, refuted, freed from, vindicated, absolved, reversed, annulled, rescinded, cut short (খণ্ডিত আলোচনা, খণ্ডিত জীবন), incomplete, obstructed, frustrated, partial (খণ্ডিত দৃষ্টি) খণ্ডিত করা —*v* to cut or cleave, to slice, to break, to divide, to separate, to sever, to refute, to free from, to vindicate, to absolve, to reverse, to annul, to rescind, to cut short, to impede completion (of), to obstruct, to frustrate খণ্ডিতা—*n fem* (poetics) a heroine angered and made jealous at the sight of marks of cohabitation with another on the person of her lover

খত—*n* a letter or a chit, a note, a note of hand, a promissory note, a debenture, a loan-bond, a written undertaking (দাসখত), act of rubbing esp on the ground (নাকে খত) নাকে খত দেওয়া—*v* to rub one's nose on the ground (as a mark of undergoing punishment)

খতবা—*n* a Mohammedan public prayer delivered in mosques every Friday in the name of Mohammed or his heir or in that of a Muslim prince, khutbah

খতম—*n* end, termination, completion, removal, slaughter, murder খতম করা—*v* to finish, to complete, to terminate, to accomplish, to put an end to, to remove, to kill, to slay, to murder, (sl) to do in, to do to death খতম হওয়া—*v* to be finished or completed or terminated or accomplished, to end, to be removed, to be killed or slain, or murdered, (sl.) to be done in, to be done to death

খতরা—*n* fright, fear, danger, difficulty, a hitch

খতান—*v.* to calculate to reckon, to estimate

খতিয়ান—*n* a book of accounts, a ledger

খৎ—alt spell of খত

খত্তাল—dial corrup of করতাল

খদ—*n* a cavern, a mountain fault, a crevice, a very low valley

খদির—*n* catechu

খদ্দর—*n* a hand-woven coarse cotton cloth, khadi খদ্দরধারী—*a* dressed in khadi, in khadi

খদ্দের—coll corrup of খরিদদার (see খরিদ).

খদ্যোত—*n* the glow-worm, the

firefly. *fem* খদ্যোতিকা. খদ্যোতমালা—*n* a string of glow-worms, a multitude of glow-worms

খনক—(1) *n* a digger, an excavator (2) *a* employed in or used in digging, digging

খনন—*n* act of digging, excavation খনন করা—*v* to dig, to excavate খননীয়—*a* that which can be or is to be dug or excavated

খনা—*n* a famous woman of ancient Bengal uncommonly proficient in astronomy and mathematics খনার বচন—any of the rhymed proverbial predictions about crops, plantation, astronomy, etc attributed to Khana (খনা), one of Khana's sayings

খনি—*n* a mine, a quarry

খনিজ—*a* mineral

খনিত—*a* dug, excavated

খনিত্র—*n* a spud, a small weeding tool, a pick-axe a crowbar

খন্‌খন্‌—*int* expressing the sound made by striking on bell-metal খন্‌খন্‌ করা—*v* to give out this sound, to speak roughly and loudly with this sound in the voice খন্‌খনে—*a* giving out this sound

খন্তা—*n* a spud

খন্তি—var of খুন্তি.

খন্দ১—*n* a ditch, a pit, a piece of low land

খন্দ২—*n* crop (রবিখন্দ) খন্দকার, খোন্দকার—*n* a producer of crops, a farmer, a (Muslim) title of honour awarded to wealthy farmers

খন্য—same as খননীয় (see খনন)

খপাখপ্‌—same as খপ্‌খপ্‌ (see খপ্‌)

খপ্‌্পপ—*n* a mare's nest, a fiddlestick, moonshine

খপোত—*n* an aeroplane, an airship

খপ্‌—*int* expressing quickness, haste, suddenness (খপ্‌ করে) খপ্‌খপ্‌—*int.* expressing quickly or suddenly one after another, quickly, hastily

খপ্পর—*n* clutches, grip, a trap, pantile, a roof of pantile, a pantile shed

খবর—*n* news, tidings, report, information, intelligence খবর করা—*v* to inquire about, to communicate with (either personally or through letters) খবর জানা—*v* to have information, to be in the know, to get intelligence or news খবর পাওয়া—*v* to get news (of), to be informed (of), to come to know or learn খবর রাখা—same as খবর জানা খবর লওয়া—same as খবর করা খবরের কাগজ—a newspaper খবরদার—*int* expressing take care, beware, be on guard, halt for safety. খবরদারি—*n* caution, cautiousness, act of looking after, careful attendance, care, custody (ছেলেটি তার খবরদারিতে আছে), management (তার খবরদারিতে সংসার চলে) খবরাখবর—*n pl* all sorts of news or information

খমধ্য—*n* (astr & geog) the zenith

খমির, খমীর—var 's of খামির

খয়রা১—var of খয়েরী

খয়রা২—*n* a species of very small fish

খয়রাত, খয়রাৎ—*n* bounty, charity, almsgiving, alms, a charitable gift or donation খয়রাত করা—*v* to give in charity, to give as alms, (sarcas) to give or say gratis or uncalled-for (উপদেশ খয়রাত করা, কথা খয়রাত করা)

খয়রাতী—*a.* charitable, gratuitous

খয়া—var of খওয়া (*a*)

খয়ের—*n* catechu

খযেবখাঁ—n (also a) an yes-man, a flatterer, a bootlicker

খযেরী—a of the colour of catechu, dark brown, dark tan

খর১—n. the ass, the mule

খর২—a sharp, keen (খর তরবারি), severe, fierce (খর রৌদ্র), strong, violent (খরবায়ু), very quick or fast (খর বেগ), harsh, rough (খর বাক্য), (of water) saltish, salty, saline, hard খর জল—hard water খরজালি—n salt obtained by sunning something instead of boiling it খরতর—compar of খর. খরদশন—a sharp-toothed খরদৃষ্টি—a keen-sighted খরধার, খরশান—a very sharp খরস্রোত—(1) a having a strong current, (2) n a strong current fem খরস্রোতা

খরগোশ, খরগোস—n the hare, the rabbit

খরচ১—n (mus) the first note of the gamut

খরচ২ (coll) খরচা—n expenditure, expense, allowance (রাহাখরচ, হাতখরচ), cost (মামলা-খরচ), act of spending (সময় খরচ), consumption (স্টোভে তেল খরচ), debit (জমাখরচ) খরচ করা—v to spend, to consume খরচ লেখা—v (bookkeeping) to debit, (hum) to consider as dead or lost, to write off খরচ হওয়া—v to be spent or expended, to cost, to be consumed, (hum) to die, to go to one s account খরচের অঙ্ক—any of the entries on the debtor side of an account, a debit entry, the total of the debit side, total debit, (loos) an expenditure খাইখরচ—n ration money, ration allowance টিফিন-খরচ—n tiffin-money, tiffin allowance পকেট-খরচ—n pocket-money. পথখরচ, রাহাখরচ—n travelling allowance or expenses বাজে খরচ—incidental expenditure বিবিধ খরচ—miscellaneous expenditure হাত-খরচ—n pocket-money, a han(d)sel খরচ-খরচা, খরচপত্র—n pl expenses (collectively) খরচপত্র করা—v. to bear the expenditure. খরচান্ত—(1) a one whose purse has been exhausted by heavy expenditure (খরচান্ত হওয়া), (2) n termination of expenditure (খরচান্তে) খরচে—a lavish, extravagant, prodigal, spendthrift

খরমুজ, খরমুজা, খরবুজ, খরবুজা—n the melon, the musk-melon

খরশুলা, খরসুলা—var 's of খোরশোলা

খরা১—n the hare, the rabbit

খরা২—(1) n sunshine, the sun, summer, drought (2) a strongly fried, over-fried খরান—v to fry hard, to over-fry

খরিদ—n buying, purchase খরিদ করা—v to buy, to purchase খরিদদার, খরিদ্দার—n a buyer, a purchaser, a customer খরিদ-বিক্রি—n buying and selling খরিদ-মূল্য—n cost price. খরিদা—a obtained by purchase, bought, purchased

খরোষ্ঠী—n an ancient language of the north-west frontier of India, its script or style of writing, Kharosthi

খর্খর্—int expressing a grating noise or sensation (খর্খর্ করে ঘষা), quickness or celerity (খর্খর্ করে চলা) খর্খর্ করা—v to make a grating noise, to grate, to give a grating sensation, to move or talk rapidly, to move fussily খর্খরে—a that which makes a grating noise or

For words in খর-, not given separately, see খর২

gives a grating sensation, rough, not smooth, restless, moving fussily

খর্জুর—*n* the date-palm, its fruit, the date

খর্পর—*n.* a piece of broken earthenware, a potsherd, a skull of a dead person, the skull, an alms-dish, a beggar's bowl, a thief, a sly rogue, a knave, a sharper, a cheat

খর্ব—(1) *a* short, not tall (খর্বকায়), reduced, decreased, diminished (তেজ খর্ব হওয়া), thwarted, curved restrained, foiled (গতি খর্ব করা), lowered, humbled (গর্ব খর্ব হওয়া) (2) *n* & *a* ten thousand millions খর্ব করা—*v* to reduce, to decrease, to diminish, to thwart, to curve, to restrain, to foil, to lower, to humble খর্বকায়—*a* of short stature, short, small, diminutive খর্বতা—*n* shortness খর্বীকৃত—*a* reduced, decreased, diminished, thwarted, curved, restrained, foiled, lowered, humbled

খর্সুলা—var of খোরশোলা

খল১—*n* a small boat-shaped gallipot for pounding medicine খলনুড়ি, খলনোড়া—*n pl* this gallipot and a pestle

খল২—*a* malicious, envious, dissimulating, hypocritical, crooked, cruel, base, mean খলতা—*n* malice, envy, maliciousness, dissimulation, hypocrisy, crookedness, cruelty, baseness, meanness. খলতা করা—*v* to envy, to malice, to dissimulate, to practise hypocrisy, to play the crook, to practise cruelty

খলশে—coll corrup of খলিশা

খলি—*n* oil-cake, earwax

খলিত—*a* bald

খলিন—*n* a bridle, rein mouth-piece of a bridle, a bit

খলিফা—*n* a caliph, a calif, a khalif, a master artisan a master tailor, a tailor, (dero) one who plays the big boss খলিফাগিরি—*n* caliphate, the profession of an artisan or a tailor খলিফার রাজ্য বা শাসন বা আমল বা পদ—caliphate

খলিশা—*n* a species of fish akin to but smaller than the Anabas

খলীন—alt spell of খলিন

খলীফা—alt spell, of খলিফা

খল্‌খল্‌—*int* expresssing the metallic noise of sweet laughter খল্‌খল্‌ করা—*v* to laugh loudly with a sweet metallic noise খল্‌খলে—*a* loud and giving out a sweet metallic noise

খসখস, খশখশ—*n* cuscus, khuskhus

খসড়া—*n* a preliminary sketch, a draft, a manuscript

খসম—*n* (mus) husband

খসা—*v* to become detached, to come away (খিল খসা), to come off, (দেওয়াল থেকে চুন বালি খসা), to fall off, to be shed (গাছ থেকে পাতা খসা), to become loose (কোমরের কাপড় খসা), to become dishevelled (খোঁপা খসা), to drop off (মালা থেকে ফুল খসা), to get out of position accidentally, to slip (হাত থেকে খসে পড়া), to come out, to be uttered (মুখ থেকে কথা খসা), to be spent esp unnecessarily, to be spent or lost (টাকা খসা), to die (রোগে ভাইগুলি খসেছে), to flee, to escape (চোরটা খসেছে), to depart esp immediately (নাও, অনেক জ্বালিয়েছ, এখন খসে পড়) খসান—*v* to detach, to cause to come away, to cause to come off, to cause to fall off, to shed, to loosen to dishevel, to cause to drop off, to cause to slip (away or out), to

cause to come out, to cause to utter, to cause to be spent or lost.

খাই১—*n* a hole, a pit, a ditch, a trench (গড়খাই), a moat, depth (গর্তটার দু-হাত খাই)

খাই২—(1) *v* (*pr & 1st. per*) eat (2) *n* eating (খাই-খরচ), desire for food, appetite (যতই খাক,ওর খাই মেটে না), **খাই-খরচ**—see **খরচ** **খাই-খাই**—*n* constant or strong desire for food **খাই-খাই করা**—*v* to feel a strong desire for food, to be extremely hungry, to feel strong hunger constantly, to be insatiably hungry **খাই-খালাসী**—*a* usufractuary **খাই-খালাসী সম্পত্তি**—*n* property in usufractuary mortgage **খাইয়ে**—*a* able to eat much, gourmand, gluttonous, given to eating well, fond of choice dishes **খাইয়ে লোক**—a gourmand, a glutton, a gourmet, an epicure, a belly-god

খাওন—*n* act or manner of eating

খাওয়া—(1) *v* to eat, to drink (জল খাওয়া), to take (চা খাওয়া, ঔষধ খাওয়া, হাওয়া খাওয়া), to smoke (সিগারেট খাওয়া), to chew (পান খাওয়া), to accept or take (ঘুষ খাওয়া), to take or receive, to suffer (মার খাওয়া, কিল খাওয়া), to cause to lose, to cause to be dismissed from (চাকরি খাওয়া), to spoil or ruin (মাথা খাওয়া, চরিত্র খাওয়া), to consume or absorb (লণ্ঠনটায় খুব তেল খায়), to give (চুমু খাওয়া), to eat away, to wear away, to corrode (2) *a* eaten or drunk or taken or smoked or chewed completely or incompletely, used by one whilst eating or drinking and yet unwashed (খাওয়া থালা), partly eaten away or worn away or corroded **কিল খাওয়া**—*v* to receive a blow, to be buffeted **কুরিয়া খাওয়া**—*v* to scrape or gnaw away, to eat away **গালি খাওয়া**—*v* to be rebuked or rated **বকুনি খাওয়া**—*v* to be rebuked or reprimanded, to be taken to task **খাওয়া-খাওয়ি**—*n* mutual entertainment at tables, mutual feasting, (*idio*) mutual quarrelling (খাওয়া-খাওয়ি করা) **খাওয়া-দাওয়া**—*n* eating and connected affairs, eating and drinking **খাওয়া-দাওয়া করা**—*v* to eat and drink **খাওয়ান**—*v* to feed, to cause to drink or take or smoke or chew, to cause to accept (ঘুষ খাওয়ান), to cause to receive or suffer (মার খাওয়ান), to cause to spoil or ruin (মাথা খাওয়ান), to cause to consume or absorb (তেল খাওয়ান), to cause to be eaten or worn away, to cause to be corroded

খাংরা—var of খেঙরা

খাঁই—*n* desire, avidity, greed, demand (ববের বাপের বেজায় খাঁই)

খাঁকতি—*n* want, shortage, (*inc*) avidity, greed, demand

খাঁকার, খাঁকারি, খাঁকরি—*n* the noise of clearing one's throat, a hawking noise **খাঁকার দেওয়া**—*v* to hawk

খাঁ-খাঁ—*int* expressing emptiness or loneliness (বাড়ি খাঁ-খাঁ করছে), suffering due to estrangement or bereavement (মন খাঁ-খাঁ করা), state of being extremely stricken or scorched with heat (রোদে মাঠ খাঁ-খাঁ করছে)

খাঁচা—*n* a cage, a frame (বুকের খাঁচা) **খাঁচার পাখি**—a cage-bird (*fig*) one under restraint or in bondage **খাঁচায় পোরা বা ভরা বা আটকান**—*v* to encage **খাঁচায় বন্দী**—encaged

খাঁজ—*n* a notch, an indent, a groove, a hollow, an aperture

(দেওয়ালের খাঁজ), a line, a wrinkle, a furrow (কপালের খাঁজ), a fold (পেটের খাঁজ) খাঁজকাটা—*a* notched খাঁজ কাটা—*v* to notch, to indent খাঁজ পড়া—*v* to contract into wrinkles or furrows or folds, to become hollow খাঁজে-খাঁজে—*adv* fitting to the dovetail(s) খাঁজে-খাঁজে আটকান বা জোড়া—*v* to dovetail

খাঁটি₁—*n* (sl) country-made or home-brewed wine, country wine, grog

খাঁটি₂, খাঁটী—*a* pure, unadulterated, genuine, real honest, pure-souled (খাঁটি লোক), weighty, right, important, judicious (খাঁটি কথা)

খাঁড়—*n* molasses condensed into granular form

খাঁড়া—*n* a large falchion used in immolating beasts, a large falchion, the horny appendage on the nose of the rhinoceros

খাঁড়ি₁—*n* an estuary, an inlet, a creek

খাঁড়ি₂—*a* husked but unbroken খাঁড়ি-মসুর—*n* husked but unbroken lentil

খাঁদা, (coll) খেঁদা—*a* snub-nosed *fem* খাঁদী, (coll) খেঁদী খাঁদা নাক—a snub-nose

খাক—*n* ashes পুড়িয়া খাক হওয়া—to be burnt to ashes

খাকসার—*n* a humble servant, the name of a political party of Indian Muslims

খাকী₁, খাকি—(1) *a* dust-coloured, light brownish, khaki (2) *n* a light drab cloth used esp for military uniforms

-খাকী₂—*sfx fem* indicating one who eats up, consuming (ভাতারখাকী, গতরখাকী)

খাগ—*n* a kind of reed used as a pen

খাগড়া—*n*. a species of tall reed

খাগড়াই—*a* made at Khagda (খাগড়া) in Bengal (খাগড়াই বাসন).

-খাগী—var of -খাকী.

খাঙ্গরা—var of খেঙরা

খাজনা—pop var of খাজানা

খাজা—(1) *n* a kind of crispy sweetmeat made of flour and sugar (2) *a* (of fruits) slightly hard (খাজা কাঁঠাল), lacking in intelligence, stupid, good-for-nothing (খাজা লোক)

খাজাঞ্চি, খাজাঞ্চী—*n* a treasurer, a cashier, a paymaster খাজাঞ্চিখানা —*n*. a treasury, a cash-room, a paymaster's office

খাজানা—*n* revenue rent খাজানাখানা—*n*. a treasury

খাঞ্জাখাঁ—*n*. (dero) one who tries (ridiculously) to live in a princely style, a fop

খাট₁ (pronun খাট্)—*n* a cot, a bedstead

খাট₂ (pronun· খাটো)—*a* not long or tall, short (খাট দড়ি, খাট গড়ন), of short width (খাট কাপড়), not loud, low (খাট গলা), backward (পড়াশোনায় খাট), inefficient (কাজে খাট) weak (কানে খাট) খাট করা—*v* to shorten, to reduce, to shorten the width of, to lower, to humble (কাহাকেও খাট করা, কাহারও মান খাট করা), to disparage খাট হওয়া—*v* to become short, to become less wide or long than what is necessary, to be of short measure (জামাটা খাট হয়েছে), to be inferior to (কাহারও অপেক্ষা খাট হওয়া), to prove oneself inefficient, to be humiliated, to look smal (লোকের কাছে খাট হওয়া) খাট গলা—a low voice খাট নজর—(lit) shortsightedness, (fig) narrow-mindedness, mean-

mindedness, niggardliness কানে খাট —hard of hearing

খাটনি—var of খাটুনি

খাটলি—var of খাটুলি.

খাটা—*v* to toil, to labour (পরীক্ষার জন্য খাটা), to work (বাড়িতে রাজমিস্ত্রি খাটছে, এ রোগে ঔষধ খাটে না), to fit, to suit, to become (হলদের পাশে কাল খাটে না, তোমার এ আচরণ খাটে না), to be laid out, to be invested in (ব্যবসায়ে বা সুদে টাকা খাটা), to come true (তার ভবিষ্যদ্বাণী খেটে গেছে), (usu in neg) to be of value, to be of (no) avail (পাপীর কাছে ধর্মের কথা খাটে না) জেল খাটা—*v* to undergo a term of imprisonment, to serve time খাটা-পায়খানা—*n* a service-latrine খাটান—*v* to cause to toil or serve or work, to supervise others at work, to lay out, to invest, to pitch (তাঁবু খাটান), to hang (দেওয়ালে আলনা খাটান), to hoist, to ring up, to set (পাল খাটান), to set (ফ্রেমে ছবি খাটান)

খাটাল—*n* a large cattle-shed

খাটিয়া—*n* an improvised cot.

খাটিয়ে—*a* industrious, laborious, hardworking

খাটুনি—*n* labour, toil, effort, a (hard) task

খাটুলি—*n* an improvised cot, an improvised cot for carrying the dead to the crematorium, a bier

খাটো—alt spell. of খাট২

খাট্টা—(1) *n* any sour substance, an acid (2) *a* sour মেজাজ খাট্টা—out of humour

খাড়ব—*n* any of the musical modes that are expressed in six notes

জাল্ম—(1) *n* a vulgar or base or vile person, a rascal (2) *a* ignorant, illiterate, vulgar, base, vile, wicked

জাসু—(1) *a* knavish, (dero) veteran or leading (2) *n* a knave, (dero.) a veteran or leading person, a ringleader

জাস্তি—(1) *n* excess, abundance, plenty (2) *a* excessive

জাহাঁপনা—*n* the refuge or shelter of the world used whilst addressing a prince (cp Your Majesty)

জাহাঁবাজ—*a* (dero) very shrewd or vastly experienced, dominating, terrible

জাহাজ—*n* ship, a vessel, a steamer উড়ো জাহাজ—an airship, an aeroplane কলের জাহাজ—a steamship, a steamer ডুবো জাহাজ—a submarine. বিদ্যার জাহাজ—a prodigy of learning যুদ্ধ-জাহাজ—*n* a warship, a man-of-war সওদাগরী জাহাজ, বাণিজ্য-জাহাজ—*n* a merchantman, a trading ship এক-জাহাজ মাল—a shipload of goods or cargo জাহাজ চালান—*v* to steer or pilot a ship জাহাজ ভাসান—*v* to launch a ship, to sail জাহাজে ওঠা বা চড়া—*v* to board a ship, to embark জাহাজ থেকে নামা—*v* to disembark জাহাজ-ঘাট—*n* a dock, a wharf, a pier

জাহাজী—*a* relating to ships, ship-borne, working on board a ship, marine, naval জাহাজী মাল—cargo

জাহান—*n* the world (মুসলিম জাহান)

জাহান্নম, জাহান্নাম—*n* (Mus) the hell, Inferno জাহান্নমে দেওয়া—*v* (lit) to condemn to hell, (fig) to deprave or ruin beyond repair জাহান্নমে যাওয়া—*v* (lit) to be damned or condemned to hell, (fig) to be depraved or ruined beyond repair, to go to the dogs জাহান্নমী—*a* deserving to be condemned to hell, hellish

জাহির—*a* ostentatiously made public, asserted, displayed ostentatiously জাহির করা—*v* to make public or announce ostentatiously, to assert, to display ostentatiously

জাহ্নবী—*n* the daughter of Jahnoo (জহ্নু) the sage an appellation of the Ganges

জি—alt spell of জী

জিউ—alt spell of জীউ

জিওল—(1) *a* (of fish) that which, if kept in a vessel full of water, can be kept alive for a long time, (of trees etc) long-lived (2) *n* such a fish or tree জিওল-গাছ—*n* a kind of tree that lives long জিওল-মাছ—*n* the anabas, the barbed fish, etc

জিগির, (rej) জিগীর—*n* an emphasis, a refrain, a loud and particular clamour, a slogan, a public announcement, a shout of triumph

জিগীষা—*n* desire for victory or conquest জিগীষু—*a* desirous of victory or conquest

জিঘাংসা—*n* desire to murder জিঘাংসু—*a* desirous of murdering, murderous

জিজিয়া—*n* a tax imposed by Muslim rulers on non-Muslim pilgrims or non-Muslim subjects

জিজীবিষা—*n* desire to remain alive.

জিজ্ঞাসক—*a* one who questions or inquires

জিজ্ঞাসন—*n* act of questioning, interrogation, inquiry জিজ্ঞাসনীয়—same as জিজ্ঞাস্য

জিজ্ঞাসা—*n* a question, interrogation, inquiry জিজ্ঞাসা করা—*v* to ask, to question, to interrogate, to inquire জিজ্ঞাসার চিহ্ন—(gr) the note of interrogation জিজ্ঞাসাবাদ—*n* interrogation, a talk or discussion

জিজ্ঞাসিত—*a* one who or that which has been asked or questioned, interrogated, inquired of or about

জিজ্ঞাসু—*a* one who asks, questioning, inquiring, inquisitive

জিজ্ঞাস্য—*a.* that which is to be asked or questioned or inquired about. আমার জিজ্ঞাস্য যে—I want to know that, my question is

জিঞ্জির, (rej) জিঞ্জীর—*n* a chain, shackles, fetters, (rare) imprisonment or deportation

জিত—(1) *a* (pronun জিত্অ) conquered (জিতরাজ্য), vanquished, defeated (জিতশত্রু), subdued, brought under control (জিতক্রোধ) (2) *n* (pronun জিত্) victory (হারজিত)

জিতা—(1) *v* to win, to be victorious, to conquer (2) *a* that which has been won, conquered জিতান—*v* to cause to win or conquer, to declare victorious, to declare one a winner

জিতেন্দ্রিয়—*a* (lit) one who has subdued or mastered passions, continent জিতেন্দ্রিয়তা—*n* subjugation or restraining of one's passions, continence

-জিৎ—*sfx* conquering (বিশ্বজিৎ=a conqueror of the world, world-conquering)

জিদ—*n* insistence, importunity, tenacity, pertinacity, doggedness জিদ ধরা—*v* to insist (on) জিদাজিদি—*n* continual or mutual insistence জিদি—*a* insistent, importunate, tenacious, pertinacious, dogged, insisting, given to pertinacity or doggedness

জিন১—(1) *a* victorious (2) *n* Buddha, a Buddhist or Jaina friar, Vishnu (বিষ্ণু)

জিন২—*n* a demon, a giant

জিন৩—*n* a saddle, a harness

জিন৪—*n* a twilled cotton cloth, jean

জিনা—*v* to win to conquer, to vanquish, to defeat

জিনিস, (rej) জিনিষ—*n* a thing, an article, substance (এতে জিনিস কিছু নেই). জিনিসপত্র—*n pl* things, articles

জিন্দা—*a* alive, living (জিন্দা থাকা) জিন্দাবাদ—*int* long live ! vive !

জিন্দেগি, জিন্দেগী, জিন্দগি—*n* life, lifetime

জিব, জিভ—*n* the tongue জিবছোলা—*n* a tongue-scraper জিব কাটা—*v* to put out the tip of one's tongue and press it between the teeth as a mark of abashment জিব বাহির হওয়া—*v* to pant for breath (owing to exhaustion) জিবে—*a* tongue-shaped

জিমনাস্টিক—(1) *n* gymnastics (2) *a* gymnastic

জিম্মা—*n* custody, charge, care জিম্মা করে দেওয়া, জিম্মায় দেওয়া—*v* to commit to the custody or charge of, to put under care of জিম্মাদার—*n* a custodian জিম্মাদারি—*n* custodianship, charge

জিয়ন্ত—*a* alive, living

জিয়ল—var of জিওল

জিয়াদা—var of জেয়াদা

জিয়ান—(1) *v* to keep (fish etc) alive by preserving in a vessel full of water (কইমাছ জিয়ান), to bring back to life (লখীন্দর জিয়ান) (2) *a* preserved in a vessed full of water in order to keep (fish etc) alive, brought back to life জিয়াইয়া রাখা—*v* to keep alive, to preserve, (fig) to keep in force

জিরজিরে—*a* very thin or slender

জিরা—*n* cummin, cumin

জিরাত—*n* (chiefly used as a correl of জমি) land

জিরান—(1) *n* (pronun জিরান্) rest, respite, leisure (2) *v* (pronun জিরানো) to take rest জিরান কাট—the first day of the renewed incision into a date-tree for its juice after a respite of three days

জিরাফ—*n* the giraffe

জিরে—coll corrup of জিরা

জিরেন—coll corrup of জিরান (*n*)

জিলা—var of জেলা

জিলাপি, (dial) জিলিপি, (dial) জিলিবি—*n* a kind of wheel-shaped sweetmeat জিলিপির প্যাঁচ, জিলাপির প্যাঁচ—(lit) the tortuous shape of this sweetmeat, (fig) tortuosity, crookedness, angularity

জিলদ্, জিল্দ্—*n* the cover of a book, a method of book-binding in which each form is sewn separately

জিল্লা—rej var of জেল্লা

জিষ্ণু—*a* victorious

জিহাদ—var of জেহাদ

জিহীর্ষা—*n* desire to steal, kleptomania জিহীর্ষু—*a* desirous of stealing

জিহ্বা—*n* the tongue, power of tasting palate (চোখে দেখার মত জিহ্বা নেই) জিহ্বাগ্র—*n* the tip of one's tongue জিহ্বামূল—*n* the root of the tongue জিহ্বামূলীয়—*a* pertaining to the root of the tongue, (phon.) guttural

-জী—*n* (*masc & fem*) a title of courtesy affixed at the end of a person's name, or Mr or Mrs (নেতাজী, গান্ধীজী, মাতাজী), Sir or Madam (হাঁ জী)

জীব১, (obs) জীউ—*v* (in blessings etc) may you be alive may you live long

জীব২—*n* an animal, a creature, an organism, life, a corporeal or embodied soul, a living being, the soul of a living or dead being, (sc & phil) anything animate. কৃষ্ণের জীব—(hum) an extremely harmless or pitiable person জীবজগৎ—*n* the animal kingdom, the animal world, the animate world জীবজনি—*n* biogenesis জীবজন্তু—*n* animals or creatures জীবতত্ত্ব—*n* biology জীবতত্ত্বীয় —*a* biological জীবতাত্ত্বিক—(1) *a* biological, (2) *n* a biologist জীববলি—*n* animal sacrifice জীববিদ্যা—same as জীবতত্ত্ব জীবলোক—*n* the animate world, the world, the earth জীবহিংসা —*n* animal slaughter

জীবক—*n* a snake-charmer, a servant, a usurer, a money-lender, a beggar, a mendicant, a physician, the physician of Buddha

জীবৎ—*a* alive, living, animate জীবৎকাল—*n* lifetime

জীবদ—*a* life-giving, animating

জীবদ্দশা—*n* lifetime, state of being alive, living state

জীবন—*n* life, existence, lifetime (আজীবন), duration of life (জীবন ফুরান), a living or livelihood (চাষই তার জীবন), a person or thing as dear or valuable as (one's) life (ছেলেটি তার জীবন), water জীবন দেওয়া—*v* to sacrifice or lay down one's life, to die for, to give life to জীবন পাওয়া—*v* to come to life, to come back to life জীবন যাওয়া, জীবন হারান—*v* to lose one's life, to die জীবন লওয়া—*v* to take one's life, to kill জীবন-কথা, জীবন-কাহিনী, জীবন-চরিত—*n*. biography জীবনদর্শন—*n* philosophy of life জীবনদান—*n* act of giving life to জীবনদান করা—same as জীবন দেওয়া জীবন-ধারণ—*n* act of living, existence, act of leading one's life জীবনধারণ করা—*v* to live, to exist, to lead one's life জীবন-নাশ—*n* destruction of life, death জীবননাশ করা—*v* to destroy the life (of), to kill জীবননাশ হওয়া—*v* to have one's life destroyed, to lose one's life, to die জীবনবল্লভ—*n* husband, a lover জীবনবিমা—*n* life insurance, life assurance জীবনবিমা করা—*v* to insure one's life জীবন-বিহীন—same as জীবনশূন্য জীবনবৃত্তান্ত —*n* biography জীবনবেদ—*n* weltanschauung জীবনযাত্রা—*n* livelihood জীবনযাপন—*n* act of leading one's life, act of living জীবনযাপন করা—*v* to lead one's life, to live জীবনশূন্য—*a* lifeless, dead, inanimate জীবন-সংগ্রাম—*n* the struggle for existence জীবনসংশয়—*n* a critical or precarious condition. জীবনসঙ্গিনী—*n* a wife, a female life-companion *masc* জীবন-সঙ্গী—a male life-companion, a husband জীবনসঞ্চার—*n* infusion of life জীবন-সর্বস্ব—*n* everything in or of one's life, all that one lives for জীবনহীন—same as জীবনশূন্য জীবনস্মৃতি —*n* an autobiographical memoir

জীবনাধিক—*a* more important or valuable or dearer than (one's) life

For words in জীব-, not given separately, see জীব২

জীবনান্ত, জীবনাবসান—*n* end or termination of life, death

জীবনী—(1) *a* life-giving (2) *n* a biography জীবনীকার—*n* a biographer জীবনীশক্তি—*n* vitality.

জীবনীয়—(1) *a* necessary for the protection or retention of life (2) *n* water.

জীবনোপায়—*n* means of livelihood

জীবন্ত—*a* living, alive, full of life, vivacious, obvious or vivid (জীবন্ত সত্য), active (জীবন্ত আগ্নেয়গিরি)

জীবন্মুক্ত—*a* freed from earthly attachment even whilst living in this world, one who has attained salvation even whilst living in this world, freed in the living state জীবন্মুক্তি—*n* freedom from earthly attachment or attainment of salvation even whilst living in this world, freedom in the living state.

জীবন্মৃত—*a* almost dead although living, more dead than alive

জীবাণু—*n* the microbe রোগজীবাণু—*n* the bacillus (*pl* bacilli)

জীবাত্মা—*n* the sentient or embodied soul, the Supreme Soul as existent in different individual creatures

জীবান্তক—(1) *a* destroying life, life-taking, killing (2) *n* a hunter

জীবাশ্ম—*n* a fossil

জীবিকা—*n* livelihood, a profession, a calling, a trade জীবিকার্জন করা, জীবিকানির্বাহ করা—*v* to earn one's livelihood

জীবিত—(1) *a* living, alive (2) *n*. life (জীবিতনাথ) জীবিতনাথ, জীবিতেশ্বর—*n* the lord of (one's) life, a husband

-জীবী—*a* living, existing (দীর্ঘজীবী), practising for livelihood (ব্যবহারজীবী)

জীমূত—*n* the cloud, the mountain জীমূতনাদ, জীমূতমন্দ্র—*n*. the rumbling of the cloud জীমূতবাহন—*n* one who is borne by clouds an appellation of Indra (ইন্দ্র) the king of gods

জীয়ন্ত—alt spell of জিয়ন্ত.

জীয়ল—alt spell of জিয়ল.

জীয়ান—alt spell of জিয়ান

জীরক, জীর—*n* cummin, cumin

জীরে—alt spell of জিরে.

জীর্ণ—*a* worn out, decayed, dilapidated (জীর্ণ গ্রন্থ, জীর্ণ অট্টালিকা), impoverished (জীর্ণ দশা), emaciated (জীর্ণ দেহ), eaten away, corroded (জীর্ণ লৌহ), digested (জীর্ণ অন্ন), chronic (জীর্ণ জ্বর), ragged (জীর্ণ বস্ত্র) জীর্ণতা—*n* worn-out state, dilapidated or impoverished or emaciated state, eaten away or corroded state, digested state, chronic state, raggedness জীর্ণশীর্ণ—*a* emaciated and shrivelled, lean and thin, haggard জীর্ণসংস্কার—*n* repair জীর্ণসংস্কার করা—*v* to repair

জীর্ণা—*fem* of জীর্ণ

জীর্ণোদ্ধার—*n* repair, reclamation জীর্ণোদ্ধার করা—*v* to repair, to reclaim

জুই—*n* the jessamine.

জুখা—rej var of জোখা

জুগুপ্সা—*n* upbraiding, censure, abuse, blame, defamation, scorn জুগুপ্সিত—*a* upbraided, censured, abused, blamed, defamed, scorned

জুচ্চুরি—coll corrup of জুয়াচুরি.

জুজ—*n* (in book-binding) a form of a book. জুজ-সেলাই—*n* a method of book-binding in which each form is sewn separately

জুজু—*n* bugbear, a bug

জুজুৎসু—*n* the Japanese system of wrestling, ju-jitsu

জুজুবুড়ি, জুজুবুড়ী—same as **জুজু**

জুঝা—*v* to vie, to compete, to fight, to contend **জুঝান**—*v*. to cause to vie or compete or fight or contend

জুটা—*v* to be available or acquired (অন্ন জুটা, টাকা জুটা), to collect, to gather, to assemble (বহু লোক জুটেছে), to appear, to put in one's appearance (সময়মত জুটব) **জুটান**—*v* to get, to acquire, to cause to collect or assemble, to assemble, to cause to appear, to bring

জুড়া—*v* to join, to add, to affix, to attach, to cement or plaster (ফাটল জুড়া), to yoke or harness (লাঙলে বলদ জুড়া, গাড়িতে ঘোড়া জুড়া), to begin, to commence (গল্প জুড়া), to spread over, to pervade, to cover (দেশ জুড়া)

জুড়ান১—*v* to cause to join or add or affix or attach or cement or yoke or harness or begin, to join or add or affix

জুড়ান২—(1) *v* to cause to cool or to cool (দুধ জুড়ান), to allay or be allayed (জ্বালা জুড়ান), to console or be consoled, to satisfy or be satisfied (হৃদয় জুড়ান) (2) *a* cooled, allayed, consoled, satisfied

জুড়ি, জুড়ী—*n* a pair, a couple, one of a pair or couple, a doublet, an equal, a parallel, an associate, an accessory, an accomplice, a coach drawn by a pair of horses (also **জুড়ি-গাড়ি**), singers singing in a concert (জুড়ির গান), a particular string of the সেতার **জুড়িদার**—*n* match, a peer, an associate, an accessory, an accomplice, a singer of a concert

জুত১—*n* lustre, shine, light (চোখের জুত), energy, vigour, ability, fitness (দেহের জুত)

জুত২—*n* suitability, fitting, an opportunity or advantage **জুতসই**—*a* suitable, fitting, opportune, advantageous.

জুতা১—*v* to yoke or harness (লাঙলে বলদ জুতা, গাড়িতে ঘোড়া জুতা).

জুতা২—*n* shoe, boot **জুতান, জুতা মারা**—*v* to beat with a shoe, (fig) to insult grossly **জুতা সেলাই থেকে চণ্ডীপাঠ**—all kinds of jobs from the lowest to the highest.

জুৎ—alt spell of **জুত১,২**

জুদা—*a* separated, differing **জুদা করা**—*v* to distinguish between, to separate

জুব্বা—var of **জোব্বা**

জুমা, জুম্মা—*n* (Mus) Friday, the weekly day of prayer

জুয়া—*n* gambling, gambling at dice-playing **জুয়া খেলা**—*v* to gamble **জুয়ার আড্ডা**—a gambling-house, a gambling-hell, a gambling-den

জুয়াচুরি—*n* swindling, deception, fraud **জুয়াচুরি করা**—*v* to swindle, to deceive, to defraud, to have recourse to fraud

জুয়াচোর—*n* a sharper, a swindler, a cheat

জুয়াড়ী—*n* a gambler, a gamester

জুয়ান১ (pronun জুয়ান্)—var of **জোয়ান৩**

জুয়ান২ (pronun জুয়ানো)—*v* to get a supply of ('কথা না জুয়ায়'), to be proper ('ছাড়িতে না জুয়ায়')

জুয়ারী—var of **জুয়াড়ী**

জুরি, (rej) **জুরী**—*n* jury a juror

জুলজুল—alt spell of **জুল্‌জুল্‌**

জুলফি, জুলপি—*n* a lovelock

জুলম—rare var of **জুলুম**

জুলাপ—rare var of **জোলাপ**

জুলি—*n* a narrow outlet for water, a narrow drain or ditch **নয়নজুলি**—

জ্বালামালিনী—*n* a manifestation of Goddess Durga (দুর্গা)

জ্বালিত—*a* ignited, enkindled, lighted, inflamed, mortified

জ্যা—*n* a bowstring, (geom) a chord, a sine, the earth ধনুকে জ্যা পরান—to string a bow

জ্যাকেট—*n* a jacket

জ্যাঠা—alt spell of জেঠা

জ্যা-নির্ঘোষ—*n* the twang of a bow

জ্যান্ত—coll corrup of জিয়ন্ত

জ্যামিতি—*n* geometry জ্যামিতিক—*a* geometrical জ্যামিতিবিৎ—(1) *a* versed in geometry, (2) *n* a geometrician.

জ্যামুক্ত—*a* loosened or flung from the bow

জ্যারোপণ—*n.* act of stringing a bow

জ্যালজ্যালে—alt spell of জেলজেলে

জ্যেষ্ঠ—(1) *a* eldest (জ্যেষ্ঠ পুত্র), elder (ঐ ভাইটি আমার জ্যেষ্ঠ), older, senior (বয়োজ্যেষ্ঠ), highest (জ্যেষ্ঠবর্ণ) (2) *n* eldest brother or the elder brother জ্যেষ্ঠতাত—*n* an elder brother of one's father জ্যেষ্ঠা—(1) *a fem* of জ্যেষ্ঠ, (2) *n* the eighteenth of the twenty-seven stars according to Hindu astronomy জ্যেষ্ঠাধিকার—*n* primogeniture জ্যেষ্ঠাশ্রম—*n* the second stage of human life as enjoined by Hindu scriptures the life of a householder জ্যেষ্ঠী—*n* the common lizard found frequently in dwelling-houses

জ্যৈষ্ঠ—*n* the second month of the Bengali calendar (from the middle of May to the middle of June)

জ্যোতিঃ, (pop) জ্যোতি—*n* light, lustre, glow, a star or planet, the sun, sight (চক্ষের জ্যোতি হারান) জ্যোতির্বিদ্যা জ্যোতির্বিজ্ঞান—*n* astronomy, astrology জ্যোতির্বেত্তা—(1) *a* versed in astronomy or astrology, (2) *n* an astronomer, an astrologer. জ্যোতির্মণ্ডল—*n.* the luminous or celestial sphere, the (astronomical) zodiac, stars and planets collectively জ্যোতির্ময়—*a* luminous, radiant, bright. *fem* জ্যোতির্ময়ী জ্যোতিঃশাস্ত্র—*n* astronomy জ্যোতিশ্চক্র—*n* the (astronomical or astrological) zodiac, a halo জ্যোতিঃস্রোত—*n* a stream of (heavenly or divine) light.

জ্যোতিষ—*n* astronomy, astrology জ্যোতিষিক—*a* astronomical, astrological জ্যোতিষী—(1) *a* versed in astronomy or astrology, (2) *n* an astronomer, an astrologer

জ্যোতিষ্ক—*n.* any of the stars or planets, a luminary জ্যোতিষ্কমণ্ডল—*n* the celestial sphere, the zodiac, luminaries collectively

জ্যোতিষ্মতী—*fem* of জ্যোতিষ্মান্‌

জ্যোতিষ্মত্তা—*n* luminosity, brightness

জ্যোতিষ্মান্‌—*a* luminous, shining, lustrous, bright

জ্যোৎস্না—*n* moonlight জ্যোৎস্নাময়—*a* moonlit *fem* জ্যোৎস্নাময়ী জ্যোৎস্না-রাত্রি—*n*. a moonlit night

ঝ

ঝ—*n* the ninth consonant of the Bengali alphabet

ঝংকার, ঝংকারা—alt. spell 's of ঝঙ্কার and ঝঙ্কারা respectively

ঝংকৃত, ঝংকৃতি—*n* alt spell 's of ঝঙ্কৃত and ঝঙ্কৃতি respectively

ঝকমারি—*n* a folly (ঝকমারি করা), a mistake, a bloomer, a fault, an offence, a trouble (ঝকমারি সওয়া)

ঝক্কি—*n* a risk, troublesome burden or charge

ঝক্‌ঝক্‌, ঝক্‌মক্‌—*int* expressing

sparkling or glistening state. ঝক্‌ঝক্‌ করা, ঝক্‌মক্‌ করা, ঝক্‌ঝকান, ঝক্‌মকান —*v* to sparkle, to glisten, to glitter, to shine brightly ঝক্‌ঝকানি, ঝক্‌মকানি —*n* sparkling or glistening or glittering state ঝক্‌ঝকে, ঝক্‌মকে—*a* sparkling, glistening, glittering, brightly shining

ঝগড়া—*n* a quarrel, a brawl, a row, an altercation, a dispute. ঝগড়া করা—*v* to quarrel, to altercate, to wrangle ঝগড়া বাধান—*v.* to kick up a row, to pick a quarrel, to set at strife, to set by the ears ঝগড়া মেটান—*v* to make up a quarrel, to settle a dispute ঝগড়াঝাঁটি—*n* (usu. *pl*) trifling or peevish quarrel or altercation or dissension, quarrels ঝগড়াটে—*a* quarrelsome, wrangling.

ঝংকাট, ঝম্কাঠ—dial var 's of ধনকাট

ঝঙ্কার—*n* a jingling sound (as of the strings of a harp), a clattering sound (as of weapons), a humming sound (as of bees), (mus) a sharp and loud sound, a blaze, a loud and sudden brawling or bullying sound ঝঙ্কার দেওয়া,(poet) ঝংকারা—*v* to jingle, to clatter, to hum, (mus) to twist into a sharp and loud sound, to blaze up, to burst out into brawling or bullying

ঝঙ্কৃত—*a* jingled, clattered, hummed or humming, (mus) twisted into a sharp and loud sound, burst out into brawling or bullying ঝঙ্কৃতি—*n* jingle, clatter, hum, (mus) a twisting into a sharp and loud sound, a bursting out into brawling or bullying.

ঝঞ্চট—var of ঝঞ্ঝাট

ঝঞ্ঝনা—*n* a clattering sound (অস্ত্রঝঞ্ঝনা), a clap of thunder, thunder ('ঝঞ্ঝনা পড়ুক তার মাথার উপর')

ঝঞ্ঝা—*n* a rainstorm ঝঞ্ঝাক্ষুব্ধ, ঝঞ্ঝাপীড়িত—*a* stricken by a rainstorm ঝঞ্ঝাতাড়িত—*a* driven or blown by a rainstorm ঝঞ্ঝাবর্ত—*n* a cyclone ঝঞ্ঝাবাত, ঝঞ্ঝাবায়ু—*n* a stormy wind, a strong gale

ঝঞ্ঝাট—*n* a trouble, a fix, a disturbance, a troublesome burden or charge (ঝঞ্ঝাট পোহান) ঝঞ্ঝাটে পড়া—*v* to be in a trouble, to be in a fix ঝঞ্ঝাট বাধান, ঝঞ্ঝাট করা—*v* to create a trouble or disturbance ঝঞ্ঝাট পোহান, ঝঞ্ঝাট সহা—*v* to bear a trouble or disturbance ঝঞ্ঝাটে—*a* troublesome, disturbing

ঝটকা, ঝটকানি—*n* a sudden and forceful snatch or pull or jerk ঝটকা মারা—*v* to snatch or pull or jerk or snatch suddenly and forcefully

ঝটিকা—*n* a storm, as trong gale ঝটিকাবর্ত—*n* a whirlwind

ঝটিতি—*adv* quickly, hastily, hurriedly

ঝট্‌, ঝট্‌পট্‌১—same as চট্‌ and চট্‌পট্‌ respectively

ঝট্‌পট্‌২—*int* expressing flapping or the noise of flapping ঝট্‌পট্‌ করা, ঝট্‌পটান—*v* to flap ঝট্‌পটানি—*n* act or noise of flapping

ঝড়—*n* a storm, a strong gale ঝড়ঝাপটা—*n* the press or stress of a storm (fig) the press or stress of a danger or dangers ঝড়তুফান—*n* tempest and high waves ঝড়বৃষ্টি—*n* a rainstorm

ঝড়তি-পড়তি—*n* clippings or other waste, scrap

For words in ঝঞ্ঝা-, and ঝড়-, not given separately, see ঝঞ্ঝা and ঝড় respectively.

ঝড়ো—*a* stormy, tempestuous (ঝড়ো হাওয়া), storm-beaten (ঝড়ো কাক).

ঝণঝণা—*n* a clattering sound, a clap of thunder ঝণঝণায়মান—*a* clattering, thunderous

ঝণ্ডা—*n* a flag, a banner, a standard

ঝনকাট, ঝনকাঠ—*n* a lintel

ঝনৎকার—*n* a clattering sound as of weapons, the chink of coins.

ঝনাৎ—*int* expressing a sound louder than ঝন্

ঝন্—*int* expressing a clattering sound as of weapons or of striking a thin metal plate, the chink of coins ঝন্‌ঝন্—*int* expressing repeated or continuous clattering sound or chinking, a strong dizzy sensation (মাথা ঝন্‌ঝন্ করা) ঝন্‌ঝনান, ঝন্‌ঝন্ করা—*v* to clatter or cause to clatter, to chink or cause to chink, to be afflicted or to afflict with a strong dizzy sensation ঝন্‌ঝনানি—*n* clatter, chink, a strong dizzy sensation

ঝপাং—same as ঝপাৎ

ঝপাঝপ্—see ঝপ্

ঝপাৎ—*int* expressing the sound of diving or springing into water or of flinging down a heavy object.

ঝপ্—*int* expressing the sound of diving or falling into water or air suddenly, a sudden splashing sound, quickness (ঝপ্ করে খাওয়া) ঝপ্‌ঝপ্—*int* expressing the repeated or continuous sound of diving or falling into water or air or of sudden splashing, incessant profusion (ঝপ্‌ঝপ্ বৃষ্টি), quickness (ঝপ্‌ঝপ্ করে খাওয়া) ঝপাঝপ্—*adv* very quickly (ঝপাঝপ্ খাওয়া), quickly one after another (ঝপাঝপ্ ডুব দেওয়া)

ঝমঝমর, ঝমাঝম—see ঝম্‌ঝম্

ঝম্‌ঝম্—*int* expressing a loud jingling sound as of anklets, a loud pattering sound as of rain falling in torrents ঝম্‌ঝম্ করা—*v* to jingle ঝমরঝমর—*int.* expressing a very loud jingling noise as of anklets ঝমাঝম্—*adv* with a loud jingling noise (ঝমাঝম্ মল বাজা), noisily in torrents (ঝমাঝম্ বৃষ্টি পড়া)

ঝম্প—*n* a jump, a spring, a dive, a plunge. ঝম্প দেওয়া—*v* to jump, to spring, to plunge, to dive ঝম্পদান, ঝম্পপ্রদান—*n* act of jumping or springing or plunging or diving

ঝরই—*v.* (poet & obs) falls or fall, is or are shed, drops or drop, exudes or exude

ঝরকা—alt. spell of ঝরোকা

ঝরঝর—(I) *int* expressing the state or sound of rapid and profuse falling in small drops or minute particles (ঝরঝর করে বৃষ্টি বা বালি পড়া, ঝরঝর করে কাঁদা), state of being neat and clean or brightened up (ঘরদোর ঝরঝর করছে), state of being refreshed or being freed from morbidity (দেহটা ঝরঝর করছে) (2) *adv* in incessant streams ('ঝরঝর বরিষে বারিধারা') ঝরঝরে—*a* neat and clean (ঝরঝরে ঘর), neat (ঝরঝরে কাজ), neat and legible (ঝরঝরে ছাপা, ঝরঝরে লেখা), refreshed or freed from morbidity, (দেহটা ঝরঝরে লাগছে), freed from moisture (ঝরঝরে ভাত), dilapidated (বাড়িখানার ঝরঝরে অবস্থা), ruined (ঝরঝরে পরকাল), পরকাল ঝরঝরে করা—*v* to deprave utterly

ঝরণা—rej spell of ঝরনা

ঝরতি—*n* any negligible portion of things fallen out of a heap and passed over at the time of loading or carrying

ঝরনা—*n* a fountain, a waterfall, a cascade, a spring ঝরনা-কলম—*n* a fountain-pen

ঝরা—*v* to fall in drops, to ooze, to exude, to fall, to be shed (গাছের পাতা ঝরা), to be cast off or moulted (পাখির পালক ঝরা), to run (সর্দিতে নাক ঝরা) ঝরান—*v* to cause to fall in drops, to cause to ooze or exude, to cause to fall, to shed, to cast off, to moult, to cause to run

ঝরিত—*a* fallen in drops, oozed, exuded, fallen, shed, cast off, moulted, melted ('নির্ঝরঝরিত বারিরাশি')

ঝরোকা—*n* a small window, a bay window, a latticed window

ঝর্ঝর—*n* the sound of rapid fall as of a stream of water, a sieve, a colander, a cymbal, cymbals

ঝর্ঝরিত—*a*. full of the noise of rapid fall as of a stream of water, perforated in several places.

ঝর্ণা, ঝর্না—*rej* spell 's of ঝরনা

ঝলক, (coll) ঝলকা—*n* a gush (রক্তের ঝলক), a spray (আলোর ঝলক), a spell of corruscation (রূপের ঝলক), a spell of outpour or outburst (সুরের ঝলক), a spell ঝলকান—*v* to scatter in gushes, to corruscate, to flash ঝলকানি—*n* corruscation, flashing ঝলকে ঝলকে—in gushes

ঝলকিত—*a* corruscated, flashed

ঝলঝল—*int* expressing the state of hanging loosely ঝলঝলে—*a* loosely hanging

ঝলমল—*int* expressing corruscation ঝলমলান, ঝলমল করা—*v* to corruscate, to glitter ঝলমলে—*a* corruscating

ঝলসান—(1) *v* to daze or be dazed (চোখ ঝলসান), to dazzle (হীরেখানা ঝলসাচ্ছে), to scorch or be scorched, to singe or singed (আগুনে ঝলসান), to brown (রোদে গাছপালা ঝলসান) (2) *a* dazed, dazzling, scorched, singed, browned ঝলসানি—*n* daze or dazing, dazzle or dazzling, scorched or singed state, act of scorching or singeing, browned state or browning

ঝলসিত—*a* dazed, dazzled, scorched, singed browned

ঝলা—*v* (chiefly poet) to dazzle or shine ('পিঙ্গল জটাজাল ঝলিছে')

ঝল্‌ঝল্‌, ঝল্‌ঝলে—alt spell 's of ঝলঝল and ঝলঝলে respectively

ঝল্লক, ঝল্লরী—*n* a dish-shaped gong sounded musically at the time of worshipping a deity, a cymbal or cymbals

ঝাউ—*n* the tamarisk tree

ঝাঁ—*int* expressing great swiftness ঝাঁ করে—very swiftly, sweepingly

ঝাঁক—*n* a flock (পাখির ঝাঁক), a swarm (মউমাছির ঝাঁক), a shoal (মাছের ঝাঁক), a collection, a crowd, an assemblage (বদমাশের ঝাঁক)

ঝাঁকড়া—*a* long and clustering

ঝাঁকড়া-মাকড়া—*a* shaggy

ঝাঁকনি—var of ঝাঁকুনি

ঝাঁকরান—var of ঝাঁকান ঝাঁকরানি—var of ঝাঁকুনি

ঝাঁকা₁—*n* a large wicker-basket

ঝাঁকা₂—(1) *v* to shake (ঝাকান, ঝেঁকে ওঠা) (2) *n* a shake (ঝাকা খাওয়া)

ঝাঁকান—(1) *v* to shake (2) *a* shaken

ঝাঁকা-মুটে—*n* a porter who carries his load in a wicker-basket on his head

ঝাঁকি—*n* a shake

ঝাঁকুনি—*n* a shake, act of shaking

ঝাঁগড়ুগড়ুড়—*int.* expressing the noise of beating a drum

ঝাঁজি—*n* a kind of shaggy fibrous rush or sedge growing in water.

ঝাঁজ১—*n* strong heat (রোদের ঝাঁজ), a strong pungent aroma or taste (ঔষধের ঝাঁজ), severity or harshness (কথার ঝাঁজ)

ঝাঁজ২, ঝাঁজর১—*n* a dish-shaped gong sounded musically at the time of worshipping a deity

ঝাঁজর২—*a* full of holes, porous, alveolar, honeycombed, perforated in many places, extremely worn out (2) *n* a colander, a sieve, a strainer

ঝাঁজরা—*a* full of holes, porous, alveolar, honeycombed

ঝাঁজরি—*n* a colander, a sieve, a strainer, a porous cover or lid (as on the mouth of a drain), a spray, a porous water-pot for watering trees

ঝাঁ-ঝাঁ—*int* expressing severe heat (রোদ ঝাঁ-ঝাঁ করা), burning sensation (চোখমুখ ঝাঁ-ঝাঁ করা), silence, hush (রাত ঝাঁ-ঝাঁ করা), great swiftness (ঝাঁ-ঝাঁ করে কাজ শেষ করা)

ঝাঁজাল—*a* very hot, pungently aromatic, severe, harsh

ঝাঁঝ—var of ঝাঁজ১,২ and ঝাঁজি

ঝাঁঝাল—var of ঝাঁজাল.

ঝাঁঝর—var of ঝাঁজর১

ঝাঁঝরা—var of ঝাঁজরা

ঝাঁঝরি—var of ঝাঁজরি

ঝাঁট—*n* act of sweeping, a sweep ঝাঁট দেওয়া—*v* to sweep, to broom

ঝাঁটা—*n* a broom, a besom ঝাঁটা-খেকো—*a* (in abuses) accustomed to be flogged with a broom, contemptible ঝাঁটান—*v* to sweep ঝাঁটা মারা—*v* to flog with a broom ঝাঁটার বাড়ি—*n* a stroke with or of a broom.

ঝাঁটি—*n* a flowering shrub, the amaranth (?)

ঝাঁপ১—*n* an improvised door or lid made of wicker

ঝাঁপ২—*n* a jump, a spring, a dive, a plunge ঝাঁপ দেওয়া, ঝাঁপান—*v* to spring, to dive, to plunge, to rush to (কোলের মধ্যে বা বুকের মধ্যে বা বুকের উপর ঝাঁপান)

ঝাঁপটা—*n* an ornament for the woman's head, a tiara (?)

ঝাঁপতাল—*n* an Indian musical measure

ঝাঁপা১—var of ঝাঁপটা.

ঝাঁপা২—*v* (obs) to rush to, to jump into, (obs) to rise, to come up ('ঝা সদা মনে ঝাঁপে'), to cast, to fling ('ঝা তুরিতে ঝাঁপায়'), (obs) to cover, to screen ('বদন ঝাপিব বাসে')

ঝাঁপান১ (pronun ঝাঁপানো)—see ঝাঁপ২

ঝাঁপান২ (pronun. ঝাঁপান্)—*n* a playful handling and control of snakes (মনসাপূজার ঝাঁপান), a litter used for carrying people on hills

ঝাঁপি, ঝাঁপী—*n* a wicker-basket esp a small one with a lid

ঝাট—*adv* quickly, at once

ঝাড়—*n.* a bush, a thicket (ঝোপঝাড়), a cluster, a clump (বাঁশঝাড, গোলাপ-ঝাড), a race or family (শয়তানের ঝাড়), a chandelier (বেলোয়ারী ঝাড়) ঝাড়ে-বংশে—*adv* to the last member of the family, not excluding a single member of the family, one and all of the family ঝাড়ে-মূলে—*adv* root and branch.

ঝাণ্ডা—pop var of ঝণ্ডা

ঝানু—*a.* veteran, experienced, sly, cunning

ঝাপট, ঝাপটা১—*n* (of wind or storm) a gust, (of rain) a spray, (of wings) a flap, (of tails) a violent stroke.

ঝাপটা২—var of ঝাঁপটা.

ঝাপসা—*a* obscure, hazy, murky, blurred.

ঝামটা, (rare) ঝামট—*n* angry movement, spouting মুখ-ঝামটা—*n* angry movement of the face attended with scolding, mouth মুখ-ঝামটা দেওয়া—*v* to scold with a wry face, to mouth

ঝামর, ঝামরু, (rare) ঝামরি—*a* browned or pale ('হেমকান্তি ঝামরু হইল') ঝামরান—(1) *v* to become browned or pale, to flush (as with cold), to be pregnant with rain (আকাশ ঝামরান) (2) *a* browned, turned pale, paled, flushed, pregnant with rain

ঝামা—*n* a piece of over-burnt brick

ঝামেলা—*n* a trouble, a fix, a disturbance, a row, a troublesome burden or charge ঝামেলা করা, ঝামেলা বাঁধান—*v* to create a trouble or disturbance, to quarrel, to kick up a row ঝামেলা পোহান, ঝামেলা সহা—*v* to bear a trouble or disturbance ঝামেলায় পড়া—*v* to be in a trouble, to be in a fix

ঝারা—*n* a porous device to spray water etc. from on above

ঝারি—*n* a water-can with a porous spout.

ঝাল১—*n* solder ঝাল দেওয়া—*v* to solder

ঝাল২—(1) *a* acrid, biting, pungent, hot (2) *n* acrimony or grudge (গায়ের ঝাল), pungency, hotness (লঙ্কার ঝাল), chilli (তরকারিতে ঝাল দেওয়া), a variety of hot curry or gravy (মাছের ঝাল) ঝাল ঝাড়া, ঝাল মেটান—*v* (vul & coll) to feed one's grudge (esp. by flogging or scolding severely) ঝালে-ঝোলে-অম্বলে—*adv* in all affairs or places

ঝালর—*n* a fringe, a valance, tatting ঝালরওয়ালা—*a.* fringed, valanced.

ঝালা১—(1) *v.* (mus) to twist up a sharp and loud sound on string instruments, to blaze up (2) *n* a spell or act of blazing up

ঝালা২—*v* to solder, to dredge (পুকুর ঝালা)

ঝালান—(1) *v* to cause to solder, to dredge (পুকুর ঝালান), (fig) to refresh (বন্ধুত্ব ঝালান, স্মৃতি ঝালান), to recapitulate or revise (পড়া ঝালান) (2) *a* soldered, dredged, (fig) refreshed or recapitulated or revised

ঝালাপালা—*a* almost deafened or stunned or extremely vexed with a loud and unbearable noise (কান ঝালাপালা হওয়া), extremely afflicted (রোদে শরীর ঝালাপালা হওয়া)

ঝালি, (rare) ঝালী—*n.* the festival of ঝুলন or swinging, a pit dug at the mouth of a gutter, a bag, a basket, a wicker-basket

ঝি—*n* a daughter (রাজার ঝি, ঘোষের ঝি), a maid-servant ঝিকে মেরে বউকে শেখান—(fig) to flog or punish one's own innocent people as a lesson to other people

ঝিউড়ী—*n* a daugther, an unmarried daughter.

ঝিঁক—*n* a raised construction on an oven upon which cooking utensils are placed, any removable metal device to serve the same purpose

ঝিঁকড়া—*n* a kind of small bushy plant.

ঝিঁকা, (coll) ঝিঁকে—*n* a jerk ঝিঁকা দেওয়া—*v* to give a jerk, to jerk, to shrug (কাঁধ ঝিঁকা দেওয়া)

ঝিঁঝি১—*n* a species of insect, the cricket. ঝিঁঝির শব্দ বা ডাক—the drone of the cricket.

ঝিঁঝি২—*int* indicating a dizzy or buzzing or twinging sensation (মাথা ঝিঁঝি করা, পায়ে ঝিঁঝি ধরা). **ঝিঁঝি করা**—*v* to feel dizzy, to be stricken with a buzzing sensation **ঝিঁঝি ধরা**—*v* to be stricken with a twinging sensation, to have pins and needles

ঝিঁঝিট—*n* an Indian musical mode

ঝিকিমিকি—same as **ঝিক্‌মিক্‌**.

ঝিকুট, (rare) **ঝিকুর**—*n* the brain, the encephalon. **ঝিকুট নড়া**—*v* to be off one's head

ঝিক্‌মিক্‌—*int* expressing sparkling or glittering or twinkling **ঝিক্‌মিক্‌ করা**—*v* to sparkle, to glitter, to twinkle

ঝিল্লুর, ঝিল্লুর—*n* a species of insect, the cricket

ঝিণ্টি, ঝিণ্টিকা—*n* a flowering shrub, the amaranth (?)

ঝিনিঝিনি, ঝিনিকিঝিনি—*int* expressing a sweet and musical jingling sound (as of a dancer's anklets)

ঝিনুক—*n* a bivalve mollusc, the cockle, the oyster, an ear-shell, an abalone, a metal spoon shaped almost as a valve of the cockle (chiefly used in feeding babies)

ঝিন্‌ঝিন্‌—same as **ঝিঁঝি১**. **ঝিন্‌ঝিনি**—*n* a dizzy or buzzing or twinging sensation, the sensation of having pins and needles

ঝিম—(1) *n* drowsiness or langour (ঝিম আসা) (2) *a* stricken with drowsiness or langour, drowsy, languid (ঝিম হয়ে বসা)

ঝিমঝিম—*int* expressing a dizzy or fainting sensation **ঝিমঝিম করা**—*v* to feel dizzy, to feel like swooning (গা ঝিমঝিম করা)

ঝিমান—*v* to drowse, to doze, to slacken, to abate, to flag (আন্দোলন ঝিমিয়ে পড়েছে), to become inactive (সন্ত্রাসবাদীরা ঝিমিয়ে পড়ল).

ঝিমানি, ঝিমুনি—*n* dozing, a doze, slackening, abatement, flagging, inaction, lethargy

ঝিম্‌ঝিম্‌—alt spell of **ঝিমঝিম**.

ঝিয়ারী—*n* a daughter, an unmarried daughter.

ঝিরঝির, ঝির্‌ঝির্‌—*int* expressing the sound of wind or breeze blowing gently or of drizzling rain. **ঝিরঝিরে, ঝির্‌ঝিরে**—*a* (of the wind) gently blowing, (of the rain) drizzling

ঝিল—*n* a very large pond

ঝিলমিল১—*int* expressing fine corruscation or sparkle **ঝিলমিল করা**—*v* to corruscate or sparkle finely **ঝিলমিলি**—*n* fine corruscation or sparkle. **ঝিলমিলে**—*a* finely corruscating or sparkling

ঝিলমিল২, ঝিলমিলি১—*n* a shutter, a venetian blind

ঝিলমিলি২, ঝিলমিলে—see **ঝিলমিল১**

ঝিলিক—*n*. a mild or light flash. **ঝিলিক দেওয়া, ঝিলিক মারা**—*v* to flash mildly or lightly

ঝিলিমিলি—*a* corruscating, sparkling, glittering

ঝিল্‌মিল্‌—alt spell of **ঝিলমিল**.

ঝিল্লী, (pop) **ঝিল্লি**—*n* a species of insect, the cricket, membrane.

ঝুঁকা—*v* to incline, to stoop, to lean, to tilt, to have slight desire or liking (for), to be disposed or drawn (খেলার দিকে ঝুঁকা, ছেলের দিকে মায়ের মন ঝুঁকা) **ঝুঁকান**—*v* to cause to incline or stoop or lean, to rouse slight desire or liking in, to dispose or draw

ঝুঁকি—*n* a risk, a hazard, a risky responsibility **ঝুঁকি লওয়া**—*v* to risk, to hazard

ঝুঁটি, ঝুঁট, ঝুট১, (inc) ঝুঁটী—*n* a tuft of long hair on the head kept tied in a bun, a bun, a bird's crest ('কাকাতুয়ার মাথার ঝুঁটি'), (of bulls, camels, etc) a hump

ঝুট২—*int* false ঝুটমুট—*adv* for nothing

ঝুটা—*a* (of articles of food) partly eaten, (of dinner-plates etc) not yet washed after being used in dining, defiled, ravished, false (ঝুটা কথা), counterfeit or forged (ঝুটা দলিল), artificial, sham, imitation (ঝুটা হীরা), dissembling (ঝুটা লোক)

ঝুটাপুটি—*n* a scuffle (chiefly a playful one.) ঝুটাপুটি করা—*v* to scuffle.

ঝুটি—var of ঝুঁটি

ঝুটো—coll corrup of ঝুটা.

ঝুটোপুটি—coll corrup of ঝুটাপুটি

ঝুড়ি—*n* a wicker basket, a scuttle, a hamper ঝুড়ি ঝুড়ি—basketfuls of, a large number or amount of

ঝুনা—*a* ripe and hardened (ঝুনা নারিকেল), veteran, experienced (ঝুনা জমিদার), shrewd, sly

ঝুনঝুন, ঝুনুর-ঝুনুর—*int* expressing musical jingling sound as of anklets of a dancer ঝুনঝুন করা, ঝুনুর-ঝুনুর করা—*v* to jingle musically

ঝুনো—coll var of ঝুনা.

ঝুন্‌ঝুন্—same as ঝুনুঝুনু (often used to express a quicker sound)

ঝুপড়ি, ঝুপড়ী—*n* a low hut built with tree-leaves, wicker, bamboo, etc.

ঝুপুরঝুপুর—milder var of ঝপ্‌ঝপ্ and ঝুপ্‌ঝুপ্ (see ঝপ্ and ঝুপ)

ঝুপ্—*int* expressing the noise (milder than ঝপ্) of diving or falling into water or air suddenly, a sudden splashing sound, suddenness ঝুপ্‌ঝুপ্, ঝুপ্‌ঝাপ—*int.* expressing this noise repeatedly, quick succession.

ঝুমকা, (coll) ঝুমকো—*n* the bell-flower, the campanula, a bell-shaped ear-ring

ঝুমঝুম—milder var of ঝমঝম

ঝুমঝুমি—*n* a rattle for children

ঝুমুর—*n* a kind of love-song accompanied with dance

ঝুম্‌ঝুম্—alt spell of ঝুমঝুম

ঝুরঝুর—*int.* expressing the state or sound (milder than ঝরঝর) of rapid and profuse falling in drizzles or in minute particles (ঝুরঝুর করে বৃষ্টি বা বালি পড়া), the state or sound of blowing gently (ঝুরঝুর করে বাতাস বওয়া) ঝুরঝুরে—*a* drizzling (ঝুরঝুরে বৃষ্টি), freed from moisture (ঝুরঝুরে বালি, ঝুরঝুরে ভাত), gently blowing (ঝুরঝুরে বাতাস)

ঝুরা১—*v* (poet) to stream with tears ('রূপ লাগি আঁখি ঝুরে')

ঝুরা২—*a* pulverized, freed from moisture (ঝুরা ভাত), granular and dry (ঝুরা বালি) ঝুরাঝুরা—*a* freed from moisture; granular and dry.

ঝুরি—*n* an aerial root of a tree

ঝুরিভাজা—*n.* a kind of crisp snack made of pulverized pigeon-pea

ঝুরুঝুরু—milder and sweeter var of ঝরঝর

ঝুরো—var of ঝুরা২

ঝুল—*n* act of stooping, inclination (অত ঝুল দিলে পড়ে যাবে); vertical or downward length (জামার ঝুল), soot or dirt caught in cobweb (ঝুলকালি), lampblack, soot (হারিকেনের ঝুল)

ঝুলন—*n* act of swinging, suspension in the air, the Hindu festival of swinging (also ঝুলনযাত্রা).

ঝুলনা—*n* a rocking cradle

ঝর্লাপ—var. of জর্লাপ

ঝুলা—(1) *v* to be hung, to hang, to be suspended in the air, (hum) to be hanged, to swing, to incline towards, to lean to, to tend to (মা ছেলের দিকে ঝুলবেন), to be still in action (মামলা ঝুলছে) ঝুলাঝুলি—*n* (rare) repeated or continuous swinging, earnest solicitation (for some length of time) ঝুলান—*v* to hang, to suspend in the air, (hum) to hang by the neck, to suspend or adjourn, to keep in suspense

ঝুলি—*n* a small cloth-bag (esp one that can be carried by hanging it from on one's shoulder)

ঝুলোঝুলি—coll corrup of ঝুলাঝুলি (see ঝুলা)

ঝেঁটা—coll corrup of ঝাঁটা

ঝোঁক—*n* (rare) a stooping state, inclination, propensity, a tendency, liking, earnest interest (রাজনীতিতে ঝোঁক), a whim, a caprice, a penchant (দেশভ্রমণের ঝোঁক), overwhelming or besotting influence (নেশার ঝোঁক) ঝোঁকমাত্র—*n* velleity

ঝোঁকা—pop var of ঝুঁকা

ঝোঁটন—(1) *n* a crest (as of a bird) (2) *a* crested (ঝোঁটন বুলবুলি)

ঝোড়া১—*n* a large wicker-basket, a scuttle, a hamper

ঝোড়া২—*v* to lop off the unnecessary or overgrown branches of ঝোড়ান—*v* to cause to lop off the unnecessary or overgrown branches of.

ঝোড়ো—alt. spell of ঝড়ো

ঝোপ—*n* an underwood, a bush, a thicket, a copse, a coppice

ঝোরা—*n* a cascade, a fall, a fountain (পাগলা-ঝোরা)

ঝোল—*n* broth, juice

ঝোলা১—pop. var. of ঝুলা

ঝোলা২—*a* (of garments) hanging loosely (ঝোলা আস্তিন).

ঝোলা৩—as thin as broth.

ঝোলা৪—*n.* a (comparatively large) cloth-bag esp one that can be carried by hanging it from on one's neck.

ঝোলাঝুলি১—pop var of ঝুলাঝুলি (see ঝুলা).

ঝোলাঝুলি২—*n. pl.* belongings or luggage collectively, baggage ঝোলা-ঝুলি-সমেত—*adv* bag and baggage.

ঝোলান—pop var of ঝুলান (see ঝুলা)

ঞ

ঞ—*n* the tenth consonant of the Bengali alphabet

ট

ট—*n* the eleventh consonant of the Bengali alphabet

টইটম্বুর—*a* swollen to the extreme, full to the brim, brimming, overfull, overflowing

টং১—alt. spell of টঙ

টং২—*a.* about to burst (রেগে টং), thoroughly besotted (মদে টং)

টং৩—*int* expressing twang as of a bowstring টংটং—*int* expressing repeated twangs টংটং করে বেড়ান—to tramp idly, to while away time

টংকার—alt spell of টঙ্কার

টক—(1) *a* sour, acrid. (2) *n* sour taste, acridity, any sour-tasting pickle.

টকটক১—*a* sourish, acidulous

টকটক২—*int.* expressing deepnees or brightness or gorgeousness or brilliance (লাল টকটক করছে). টকটকে—*a* & *adv* deep, bright, gorgeous, brilliant (টকটকে লাল, টকটকে চেহারা)

টকা—*v* to turn sour, to become acid, to rot, to putrefy, to become irritated by being acidified (দাঁত টকা)

টকাটক্‌১, টকাটক১—*int* & *adv* very quickly or promptly

টকাটক্‌২, টকাটক২—(1) *int* expressing a very light sound of rapping or drumming repeatedly (2) *adv* making this sound

টকান—*v* to cause to turn sour, to turn sour, to acidify, to cause to rot, to putrefy, to irritate by acidifying (দাঁত টকান)

টকাস্‌—*int* expressing a light sound made by impact of two hard things (টকাস্‌ করে গাট্টা মারা), promptness or suddenness (টকাস্‌ করে কাজ সারা, টকাস্‌ করে বলে ফেলা)

টকো—*a* sour, acrid, sourish, acidulous

টক্‌১—*int* expressing haste, quickness, promptness

টক্‌২—*int* expressing a light noise of rapping or drumming

টক্কর—*n* a jolt, friction, collision, impact, competition, vying **টক্কর খাওয়া**—*v* to stumble (against), to collide (with) **টক্কর দেওয়া**—*v* to compete or vie (with) **টক্কর বাঁধান**—*v* to collide (with), to compete (with), to set at strife (with), to set by the ears, to be in competition or strife (with) **টক্কর লাগা**—*v* to stumble (against), to come in collision (with), to be faced with competition (with), to be vying (with), to be in strife (with)

টক্‌টক্‌১—var of টকাটক্‌১,২

টক্‌টক্‌২—*int* expressing the ticking sound of a clock, the sound made by a carter in order to speed up the horse, gee gee

টগর—*n* a kind of small flower (usu white)

টগ্‌বগ্‌, টগ্‌বগাবগ্‌—*int* expressing bubbling noise made by water or any other liquid when being boiled (টগ্‌বগ্‌ করিয়া ফোটা), noise made by or as by hoofs of a horse when running (টগবগ করিয়া চলা), fretting and fuming state (রাগে টগ্‌বগ করা=to seethe in anger)

টঙ—*n* a high platform for living in or for shooting from, a machan

টঙ্ক১—*n* any weapon for cutting or hewing such as an axe or a sword or a scimitar, any tool for digging such as a spud, anger or bragging (রোগা লোকের মুখে টঙ্ক)

টঙ্ক২—*n* a coin, a rupee **টঙ্কপতি**—*n* the superintendent of a mint, a mint-master **টঙ্কবিজ্ঞান**—*n* numismatics **টঙ্কশালা**—*n* a mint

টঙ্ক৩—*a* (dial) strong, firm

টঙ্কণ—*n* borax

টঙ্কপতি, টঙ্কবিজ্ঞান, টঙ্কশালা—see টঙ্ক২

টঙ্কা—*n* a rupee

টঙ্কার—*n.* the twang of a bowtring, any similar sound ('টাকার টঙ্কার')

টঙ্গ১—var of টঙ্ক১

টঙ্গ২, টঙ্গি—var 's of টঙ

টনক—*n* the seat of memory, remembrance, recollection **টনক নড়া**—*v* to come to remember or recollect, to be alerted, to be ruffled

টন্‌—*int* expressing a sharp metallic sound

টন্‌টনে—see টন্‌টন্‌

টন্‌টন্‌—*int* expressing severe irritation or pain caused by tightness or tension or strain or overfulness or sharpness **টন্‌টনানি**—*n* this irritation or pain **টন্‌টনে, টনটনে**—*a* very

sharp or sensitive, keenly alive, very much alive

টপ—*n.* a small concave mound

টপকান—*v* to leap over, to cross by leaping over.

টপতোলা—*a* shaped as a small concave mound

টপাটপ্, টপাটপ—*int* & *adv* in quick succession

টপাস্—*int* expressing the noise of falling of a large drop of liquid.

টপ্১—*int* expressing the noise of falling of a drop of liquid টপ্‌টপ্—*int* expressing repetition of this noise.

টপ্২—*int* expressing quickness or promptness (টপ্ করে খাওয়া বা বলা). টপ্‌টপ্—*int* expressing quick succession

টপ্‌টপ্—see টপ্১,২

টপ্পা—*n* a variety of amorous songs sung in a peculiar mode

টব—*n* a tub

টবর্গ—*n* ট্, ঠ্, ড্, ঢ্, ণ্ these five consonants respectively, the ট-pentad

টমটম—*n* a tandem

টম্যাটো—*n* the tomato

টর্চ, টর্চলাইট—*n* a torch. টর্চের আলো—torchlight

টর্নি, টর্নী—*n* one who supervises the legal affairs of others in lieu of small fees, an attorney

টল—var of টলন

টলটল—*int* expressing crystal clearness or slight movement of any liquid টলটলান—*v* to look crystal clear, to move or stir slightly, to stagger, to be on the verge of downfall or crush টলটলানি—*n* state of being or looking crystal clear, slight stir or movement, stagger, state of being on the verge of downfall or crush টলটলায়মান—*a.* staggering, on the verge of downfall or crush (টলটলায়মান সিংহাসন), (rare) looking crystal clear or stirring slightly. টলটলে—*a* crystal clear

টলন—*n* dislocation, fall, stagger bewilderment

টলমল—*int.* expressing restlessness or agitation, state of being on the verge of tumbling (সিংহাসন টলমল), shaking state (ধরণী টলমল বীরদাপে) overflowing state ('নদীজল টলমল'). টলমলান—*v* to become restless or agitated, to be on the verge of tumbling, to be shaking, to quake, to be overflowing টলমলানি—*n* restlessness or agitation, state of being on the verge of tumbling, state of being shaken or quaking, overflowing state, overflow

টলা—(1) *v* to waver, to vacillate (মন টলা), to stagger, to totter (পা টলা), to shake, to quake (পৃথিবী টলা), to tumble, to be dislocated or displaced (সিংহাসন টলা, টলিয়া পড়া), to be otherwise, to be retracted (কথা টলা), to flinch (দলের লোক টলা) (2) *n* wavering, vacillation, stagger, tottering, shake, quake, tumble, dislocation, displacement, change or retraction or non-compliance, flinching টলান *v* to cause to waver or vacillate, to cause to stagger or totter, to shake or quake, to cause to tumble, to dislocate or displace, to cause to retract, to cause to go back upon, to cause to flinch

টসকান—*v* to be impaired or weakened or damaged (শরীর টসকান), to be run down in health, to die (লোকটা টসকেছে), to break or perish (টসকায় ও মচকায় না)

টস্‌টস্‌, টসটস—*int* expressing the noise of repeated fall of liquid drops (টস্‌টস্‌ জল ঝরা), state of being overfull with (রসে টস্‌টস্‌), state of being flushed with cold (চোখ-মুখ টস্‌টস্‌ করছে) **টস্‌টসে, টসটসে**—*a* (over) filled with juice, juicy, flushed with cold

টহল—*n* ambulation, act of begging by wandering and singing, a round or beat (as of a watchman), act of going on one's round **টহল দেওয়া**—*v* to ambulate, to tramp, to beg wandering and singing; to go on one's round **টহলদার**—*n* an ambulator, a tramper, an ambulating watchman **টহলদারি**—*n* ambulation, act of keeping watch by ambulation

-টা—*sfx* used in Bengali to serve the purpose of the definite article, the (ছেলেটা, দুধটা)

টাইট—*a* tight, fast, strict, close-fisted **টাইট দেওয়া**—*v* (vul) to tighten, (sl) to take one to task.

টাইপ—*n* a printing type, a type, a model or pattern, a kind, a type (নানা টাইপের লোক), a typical specimen, a type (নাটকের টাইপ চরিত্র), typewriting (সে টাইপ জানে) **টাইপ করা**—*v* to typewrite, to type **টাইপ-করা**—*a* typewritten, typed

টাইম—*n* time **টাইম-বাঁধা, টাইম-ধরা**—*a* regulated by fixed intervals of time, punctual, routine

টাঁক—*n* an aim, a greedy gaze, act of awaiting **টাঁক করা**—*v* to aim at to gaze greedily (at), to await

টাঁকশাল—*n* a mint

টাঁকা₁—*v* to stitch, to tack, to sew (বোতাম টাঁকা), to put a tuck in, to tuck

টাঁকা₂—*v* to aim at, to prophesy or anticipate or guess beforehand to imprecate (মরণ টাঁকা)

টাঁসা—*v* to stiffen owing to the suspension of blood-circulation, (sl) to be stone-dead, (sl.) to die (ছেলেটা টেঁসেছে)

টাক₁—(1) *n* baldness, a bald patch (2) *a* bald, glabrous (টাক মাথা)

-টাক₂—*sfx* about, nearly, approximately (সেরটাক, মাইলটাক)

টাকরা—*n* the palate.

টাকা—*n* a rupee, money (টাকা করা), wealth (টাকার মানুষ) **টাকা ওড়ান**—*v* to squander money **টাকা করা**—*v* to make money, to acquire money. **টাকা খাওয়া**—*v* to accept bribe. **টাকা ভাঙ্গা**—*v* to change a coin or a currency note, to embezzle **টাকা মারা**—*v* to misappropriate money **টাকার মুখ দেখা**—*v* to commence to earn or obtain money, to come to money, to begin to be solvent, to see good days **টাকার মানুষ**—a moneyed man, a money-bags, a wealthy man **টাকাওয়ালা**—*a* moneyed, wealthy, rich **টাকাকড়ি, টাকাপয়সা**—*n* money, wealth

টাকু, টাকুয়া—*n* a spindle, a reel

টাঙ্গা, টাঙা—*n* a light two-wheeled carriage drawn by a pony, (cp) a gig,

টাঙ্গান, টাঙান—(1) *v* to hang up, to rig up (পাল টাঙ্গান, মশারি টাঙ্গান) (2) *a* hanging

টাঙ্গি, টাঙি, (rej) **টাঙ্গী**—*n*. a battle-axe

টাট₁—var of টাটি₂

টাট₂—*n* a copper plate used in worship and prayer

টাটকা—*a* fresh, newly grown (টাটকা মাছ বা সবজি), not stale (টাটকা খাবার), new, recent (টাটকা খবর)

টা-টা—*int* expressing dryness,

parchedness, extreme thirst (গলা টা-টা করা)

টটান—*v* to be inflamed টটানি—*n* inflammation, চোখ টটান—*v* to be stricken with eye-sore, (*fig*) to be envious of

টাটি১—*n* a low and small earthen cup

টাটি২, (*rej*) টাটী১—*n* hempen matting, tat, a wall or roof or door made of tat

টাটী২—var of টাট্টী

টাট্টু—var of টাট্টু৲

টাট্টী—*n* excrement, stool, fæces, a latrine, a privy

টাট্টু৲—*n* the pony

টাড়স—var of তাড়স

টান—*n* a pull or tug (জোর টান), attraction (স্নেহের টান), attachment, affection (ছেলের প্রতি টান), a drawing in, a pull (সিগারেটে টান), tightness, tension (গেরোটায় বেশ টান আছে), want, need, shortage, scarcity (পয়সার টান), demand (বাজারে ভাল বইয়ের টান), difficult breathing, spasm (হাঁপানির টান), style of writing or painting, flourish (লেখায় সুন্দর টান), quick and rather interwoven style of writing as of a veteran writer (টানের লেখা), manner of speaking or pronouncing (কথার টান), provincialism (উচ্চারণে টান), arrogance, vanity (টানের কথা), consumption (পোলাওতে খুব টান), stretch (এক টানে), current (নদীতে খুব টান), force (স্রোতের টান), contraction (শিরার টান), (*math* & *phys*) strain টান দেওয়া—*v* to pull, to tug, to give a pull, to draw in (as smoke), to snatch, to flourish, to pronounce or speak with provincialism or in a peculiar manner টান ধরা—*v* to be in short supply, to run short (পয়সার টান ধরা), to contract (শিরায় টান ধরা), to have fits of spasm (হাঁপানিতে টান ধরা), to commence to dry up (ঘায়ে টান ধরা). টান-টান—*a* fully stretched out (টান-টান হয়ে শোওয়া), very tight or tense, full of vanity or arrogance (টান-টান কথা) টান-টোন—*n pl* strokes and flourishes একটানে—*adv* at a stretch.

টানা১—*n* (in weaving) a warp, (of a chest or cabinet) a drawer টানা-পড়েন—*n* (*lit* & *fig*) warp and woof, (*fig*) continuous coming and going

টানা২—(1) *v* to pull, to tug, to drag (পা টেনে টেনে চলা), to draw (রেখা টানা), to attract (মন টানা), to carry (মাল টানা), to move quickly (পা টেনে চলা), to be partial to (ছেলের দিকে টানা), to stretch out (সুর টানা), to cut down expenditure (আয় কম হলে টেনে চলা), to smoke or drink (গাজা টানা, মদ টানা), to extract (রস টানা), to consume (খাইয়েরা খুব মিষ্টি টানছে), to sell (বাজারে মাল টানা) (2) *a*, borne or drawn (ঘোড়ায় টানা লাঙ্গল), operated by pulling or dragging (টানা পাখা, টানা জাল), straight (টানা পথ), continuous (টানা তিন ঘণ্টা), skimmed (টানা দুধ), wide, broad, large, big (টানা চোখ), drawn (কালি দিয়ে টানা রেখা), quick and somewhat interwoven (টানা লেখা) গুণ টানা—*v* to tow বইঠা টানা, দাঁড় টানা—*v* to row, to scull টানা-জাল—*n* a drag-net টানা-টানা—*a* broad wide, large (টানা-টানা চোখ), smelling of arrogance or vanity (টানা-টানা কথা), quick and somewhat interwoven (টানা-টানা লেখা) টানাটানি—*n* mutual or continuous pulling or tugging or dragging, mutual or continuous attraction, act of dragging forcibly, act of forcing, want, shortage, hardship (টানাটানির সংসার)

টানাটানি করা—*v* to pull or tug or drag or attract mutually or continuously, to drag forcibly, to force, to cut down expenditure (টানাটানি করে সংসার চালান) **দড়ি-টানাটানি**—*n* tug-of-war **টানা-হেঁচড়া**—*n* act of dragging forcibly, act of forcing, act of continuing or running on with difficulty, act of coming and going frequently **একটানা**—*a* continuous, lying at a stretch **দোটানা**—*n* vacillation, wavering

টাপুর-টুপুর—*int* expressing a pattering noise as of rain falling

টাবা—*n* a kind of lime, the citron

টায়টায়, (dial) **টায়টোয়**—*adv* just and no more, barely

টায়রা—*n* an ornament for the head, a tiara

টাল১—*n*, a heap (কাঠের টাল) **টাল করা টাল দেওয়া**—*v* to heap

তড়াক, তড়াক্—*int* expressing suddenness or quickness (তড়াক করে লাফান)

তড়াগ—*n* a large (and deep) pond.

তড়িঘড়ি—*adv* very quickly or promptly, at once, forthwith

তড়িচ্চালক—*a* electromotive

তড়িচ্চুম্বক—*n* electromagnet. তড়িচ্চুম্বকীয়—*a* electromagnetic.

তড়িৎ—*n* lightning, electricity.

তড়িদ্বান্, তড়িদ্‌গর্ভ—(1) *n* thundercloud, cloud (2) *a* emitting lightning, containing electricity, charged with electricity

তড়িদ্‌দ্বার—*n* an electrode

তড়িদ্‌বিশ্লেষণ—*n* electrolysis

তড়িদ্‌বিশ্লেষ্য—*a* electrolyte

তড়িদ্বীক্ষণ—*n* an electroscope

তড়িন্ময়—*a* charged with electricity

তড়িল্লতা—*n* a streak of lightning, lightning, a wave of electricity

তণ্ডুল—*n* rice তণ্ডুলকণা—*n* a grain of rice তণ্ডুলচূর্ণ—*n* powdered rice, rice-powder

তত১—(1) *a.* extended, outspread, extensive, diffused (2) *n* a stringed musical instrument. ততযন্ত্র—*n* a stringed musical instrument.

তত২—(1) *adv* & *con* to that amount or number or extent or degree (2) *adv* so much, so, up to expectation (বইখানা তত ভাল নয়) (3) *con* so, as (4) *a* that much or so many (তত সময়, তত লোক) ততক্ষণ—*adv* up to or till or during or within that time ততদিন—*adv* for so many days, for those days, up to or till or during so many or those days ততহি, ততহিঁ—*adv* (poet & obs) at that

ততঃ—*adv* thereafter, then ততঃ কিম্—what then? what next?

ততোধিক—*a* more than that.

তৎ—*pro* he, she, it, they, that; those তৎকর্তৃক—*adv* by him or her or it. তৎকাল—*n* that time or period or age তৎকালিক, তৎকালীন—*a* of or for or during that time or period or age, occurring or prevalent at that time or period or age তৎকৃত—*a* done by him or her or it তৎক্ষণাৎ—*adv* at once, immediately, forthwith তৎক্ষণে—*adv* at that moment, at or by that time তৎপর—(1) *adv* after that, thereafter, (2) *a* expert, skilful, adroit, zealous, earnest, eager, enterprising, endeavouring, careful, prompt তৎপরতা—*n* expertness, skilfulness, adroitness, zeal, earnestness, eagerness, enterprise, endeavour, carefulness, care, promptness, promptitude তৎপরায়ণ—*a* sincerely or zealously attached to or engaged in that thing or work তৎপরে—same as তৎপর (*adv*) তৎপশ্চাৎ—*adv.* after or behind that or him or her or it. তৎপুরুষ—*n.* the Supreme Being, God, (*gr*) *a system of compounding words (by this system the preceding word loses its inflexion and the succeeding word becomes more prominent, (e g রাজার পুত্র =রাজপুত্র)* তৎপূর্বে—*adv* before that, prior to that. তৎসংক্রান্ত, তৎসম্বন্ধীয়—*a* relating to that, regarding that তৎসদৃশ—*a* similar to that, like that তৎসম—*a* same as that. তৎসম শব্দ—(gr) a Sanskrit word used in the unchanged form in Bengali. তৎস্থলাভিষিক্ত—*a* installed in his or her or its place তৎস্বরূপ—same as তৎসদৃশ

তত্তাবৎ—*pro* & *a* all that.

তত্তুল্য—*a* similar to or equal to or like him or her or it

তত্ত্ব—*n* real or essential nature, reality, essence, (fundamental) truth (তত্ত্বদর্শী), God (তত্ত্বজ্ঞান), spiritual or

For words in তত-, not given separately, see তত১,২

philosophical or ontological knowledge (তত্ত্বকথা) ; knowledge or philosophy, principle (ধর্মতত্ত্ব), (rare) theory or doctrine, information (তত্ত্ব পাওয়া), search, inquiry (তত্ত্ব লওয়া), any of the twenty-four principal constituting elements according to the Sankhya (সাংখ্য) philosophy, a present, a gift (পূজার তত্ত্ব, বিয়ের তত্ত্ব). তত্ত্ব করা—*v* to inquire after, to search for or about or out, to send customary gifts to one related matrimonially তত্ত্বকথা—*n.* spiritual or philosophical knowledge or discussion তত্ত্বচিন্তা—*n.* meditation on God, spiritual meditation, philosophical or theological meditation তত্ত্বজিজ্ঞাসা—*n* theological inquiry, inquiry about God, inquiry about reality or truth, philosophical inquiry তত্ত্বজিজ্ঞাসু—*a.* inquisitive about theological knowledge, inquiring about god or reality or truth তত্ত্বজ্ঞান—*n* knowledge about God, theological or spiritual or philosophical knowledge, knowledge about reality or truth তত্ত্বজ্ঞানী—*a & n* one who has knowledge about God or reality or truth, one who has theological or spiritual or philosophical knowledge তত্ত্বতল্লাস, তত্ত্বতাবাস—*n* communication and exchange of customary gifts, seeking information about one's condition and whereabouts তত্ত্বদর্শী—*a & n* one who has knowledge about God or reality or truth, one who has theological or spiritual or philosophical knowledge, wise or judicious (man) *fem.* তত্ত্বদর্শিনী তত্ত্বদর্শিতা—*n* possession of knowledge about God or reality or truth, possession of theological or spiritual or philosophical knowledge, wisdom or judiciousness তত্ত্বনির্ণয়, তত্ত্বনিরূপণ—*n* ascertainment of truth, ascertainment of the true nature of a thing. তত্ত্ববিৎ—*a & n* one who has knowledge about God or reality or truth, one who has theological or spiritual or philosophical knowledge, one who is in the know

তত্ত্বানুসন্ধান—*n* search for information, search for truth, search for knowledge about God or reality, investigation, research.

তত্ত্বানুসন্ধায়ী—*a & n* one who or that which searches for information or truth or for knowledge about God or reality, one who or that which investigates or researches

তত্ত্বাবধান—*n* act of taking care of or looking after, guardianship or custody তত্ত্বাবধান করা—*v.* to take care of, to look after তত্ত্বাবধানে রাখা—*v.* to put under care or guardianship or custody of.

তত্ত্বাবধায়ক—(1) *n* a caretaker, a curator, a guardian, a custodian (2) *a* taking care of, looking after, having under one's own guardianship, having in custody

তত্ত্বাবধারক—*a & n* one who or that which ascertains truth or reality or actual state or information

তত্ত্বাবধারণ—*n* ascertainment of truth or reality or actual state or information

তত্ত্বালোচনা—*n* discussion about God or truth or reality, philosophical or ontological or theological or spiritual discussion or discourse.

তত্ত্বীয়—*a* relating to truth or reality, relating to philosophical or

ontological or theological or spiritual knowledge, theoretical

তত্র—(1) *adv* there, at that place (2) *con* so (যত্র আয় তত্র ব্যয়) তত্রত্য, তত্রস্থ—*a* of that place

তত্রাচ, তত্রাপি—*adv* (lit but rare) even there, even in that case, in spite of that, notwithstanding, nevertheless, withal, still

তথা—(1) *n* that place (2) *adv* at or in or to that place, there (3) *adv* & *con* so, like (যথা আয় তথা ব্যয়), and, and also or for the matter of that (সমগ্র বঙ্গদেশ তথা ভারতবর্ষ), moreover, further, even, for instance, for example (তথা রামায়ণে) তথাকথিত—*a* so-called তথাকার—*a* of that place তথাগত—(1) *a* come or gone in that way, (2) *n* one who has attained nirvana (নির্বাণ) an appellation of Gautama Buddha তথাচ, তথাপি—same as তত্রাচ তথাবিধ—*a* of that kind or nature, such, similar তথাভূত—*a* of or in that state, passed into that state, produced or born or grown or evolved in that way তথায়—*adv* at or in or to that place, there তথাস্তু—*int* so be it, amen

তথি—(1) *adv* (obs) at or in or to that place, there, in or at or to that (2) *n* that place ('তথিমধ্যে') (3) *adv* & *con* and, and also

তথৈব—(1) *adv* even in that manner or way (2) *a* of that manner or way (2) *n* that manner or way তথৈবচ—*adv.* just the same

তথ্য—(1) *n* actuality, actual state or affair, information, reality, truth. (2) *a* real or true or unanimous or universal (তথ্যবচন) তথ্যবাদী same as তথ্যভাষী তথ্যবাহী—*a* informative তথ্যভাষী—*a* truthful

তথ্যানুসন্ধান—*n* search for truth or reality, search for information, investigation, research

তদতিরিক্ত—*adv* more than that, beyond that, beside that, besides, moreover, further

তদনন্তর—*adv* after that, thereafter

তদনুগ, তদনুগামী, তদনুবর্তী—*a* following him or her or that, like him or her or that, according to that.

তদনুযায়ী, তদনুরূপ—*a* & *adv* following or like that, according to that

তদনুসারী—*a* following or like that, according to that তদনুসারে—*adv* following or like that, according to that

তদন্ত—*n* investigation, inquiry তদন্ত করা—*v* to investigate.

তদন্য—*a* apart from that, other than that, beside that

তদবধি—*adv* since then, (rare) till then

তদবস্থ—*a* in that state or condition or position or posture

তদবির—*n* act of looking after or taking care of (শরীরের তদবির) act of looking after the interest of, act of taking steps so that a thing is properly managed or organized (মামলার তদবির), canvassing (চাকরির তদবির) তদবির করা—*v* to look after, to take care of, to look after the interest of, to take steps for proper management or organization of, to canvass for

তদর্থ—(1) *adv* for that, for the sake of that (2) *n* the meaning of that তদর্থক—*a* ad hoc. তদর্থে—*adv* for that for the sake of that

তদা—*adv* & *con* at that time, in that age, then

তদাত্মা—*a* having the same soul as his or her, identical with him or her

তদানীং—*adv* at that time, in that age, in those days, then

তদানীন্তন—*a* of that time or age, the then

তদারক—*n* investigation (ডাকাতির তদারক), act of looking after or taking care of, care, management, superintendence (সম্পত্তির তদারক, স্বাস্থ্যের তদারক, কাজকর্মের তদারক) তদারক করা—*v* to investigate, to look after, to take care of, to manage, to superintend.

তদীয়—*a* of him or her or it or that

তদুপরি—*adv* on or above him or her or it or that

তদুপলক্ষে, তদুপলক্ষ্যে—*adv* on that occasion, on account of that, with that purpose, with that end in view

তদূর্ধ্বে—*adv* above him or her or it or that, more than it or that

তদেক—*a* one with or identical with him or her or it or that (তদেকচিত্ত), no other (তদেকশরণ)

তদ্গত—*a* absorbed in or engaged wholly in him or her or it or that, intently engaged or attentive তদ্গতচিত্ত—*a* rapt in attention (to) or thought (of)

তদ্দণ্ডে—*adv* at that very moment, immediately, at once, forthwith

তদ্দরুন—*adv* for that, because of that, on account of that, caused by that, for the sake of that

তদ্দিন—dial corrup of তত দিন

তদ্দেশীয়—*a* of or belonging to that country

তদ্দ্বারা—*pro & adv* by him or her or it or that

তদ্ধিত—*n* (gr) any of the inflexions used to form derivatives, nominal inflexion

তদ্বৎ—*a & adv* like or similar to or comparable to that or it or him or her

তদ্বিধ—*a* of that sort or kind

তদ্বির—alt spell of তদবির

তদ্বিষয়ক—*a* concerning him or her or it or that, concerning that subject. তদ্বিষয়ে—*adv* in or about or as regards him or her or it or that or that subject

তদ্ব্যতিরিক্ত, তদ্ব্যতীত—*a & adv* beside or other than or without him or her or it or that, more than it or that

তদ্ভব—*a* born of or descended from or originating from or grown out of or evolved out of him or her or it or that তদ্ভব শব্দ—(gr) a Bengali word derived from Sanskrit but used in a corrupted form

তদ্ভাব—*n* that or his or her or its state or condition or mental disposition or mood or nature or essential quality etc, thoughts about him or her or it or that. তদ্ভাবাপন্ন—*a* having or in or under that or his or her or its state or condition etc তদ্ভাবে—*adv* in that state or condition, in that way

তদ্ভিন্ন—same as তদ্ব্যতীত

তদ্রূপ—(1) *a* like or similar to that or it or him or her (2) *adv* in that manner or way তদ্রূপে—same as তদ্রূপ (*adv*)

তনখা—*n* wage, salary, remuneration

তনয়—*n* a son *fem* তনয়া—a daughter

তনিমা—*n* graceful or delicate slimness (of the body), subtlety

তনু, তনূ—(1) *n* the body. (2) *a* gracefully or delicately slim and lovely (তনুদেহ), rarefied (তনু করা) তনু করা—*v.* to rarefy, to attenuate তনুচ্ছদ—*n* an armour তনুজ—*n* a son *fem* তনুজা—a daughter তনুতা—*n* graceful or delicate slimness and loveliness, rarefied or attenuated state, subtlety, delicacy তনুত্যাগ—*n* act of dying, death, act of giving up the ghost তনুত্যাগ করা—*v* to die, to give up the ghost. তনুত্র, তনুত্রাণ—*n* an armour তনুবাত—*n* (geog) rarefied atmosphere তনুমধ্যা—*n* a woman with a delicately slender waist তনুরুচি—*n* physical beauty or grace তনুরুহ—*n* hair (of the body and not of the head), a feather, a son or a daughter, an offspring তনূকরণ—*n* rarefaction, attenuation, extenuation তনূকৃত—*n* rarefied, attenuated, extenuated তনূদ্ভব—*n* a son. *fem* তনূদ্ভবা—a daughter তনূনপাত—*n.* fire তনূভবন—*n* act of being rarefied or attenuated or extenuated.

তন্তু—*n* thread, yarn, string, fibre, gut, handloom তন্তুকীট—*n* the silkworm, the caterpillar তন্তুবায়, (rare) তন্তুবাপ—*n* a weaver (by trade or caste)

তন্ত্র—*n* a scripture or service-book or the system of the religious worship of Shaktas (শাক্ত), any scripture or service-book or system or cult of religious worship, a religious order (শৈবতন্ত্র, সন্ন্যাসীতন্ত্র), a section or branch of the Vedas (বেদ), a science (চিকিৎসাতন্ত্র), a system (সাধনতন্ত্র), a system of government (প্রজাতন্ত্র, রাজতন্ত্র), a doctrine, a doxy (বস্তুতন্ত্র, জড়তন্ত্র), a decision, a chapter or section (পঞ্চতন্ত্র), any esoteric and mystical charm or means (মন্ত্রতন্ত্র), a handloom (তন্ত্রবায়); gut (পশুর তন্ত্র), a string (বীণাতন্ত্র) তন্ত্রধারক—*n* a brahmin who reads out excerpts from a service-book for the priest to recite them তন্ত্রবাপ—*n.* a weaver (by trade or caste) তন্ত্রমন্ত্র—*n* charms and incantations তন্ত্রসার—*n* a digest of religious service

তন্ত্রী—(1) *n* the string or gut of a musical instrument, a stringed musical instrument, a vina (2) *a.* stringed or having a gut or guts (তন্ত্রী বাদ্যযন্ত্র), belonging or relating to a religious order (শৈবতন্ত্রী)

তন্দুর—*n* a covered oven for baking bread

তন্দ্রা—*n* drowsiness, light sleep, siesta, nap তন্দ্রাগত, তন্দ্রাভিভূত—*a* seized or overwhelmed with drowsiness, affected with drowsiness, sleeping, asleep তন্দ্রাগত হওয়া, তন্দ্রাভিভূত হওয়া—*v* to fall asleep, to sleep, (rare) to drowse তন্দ্রাবেশ—*n* drowsiness তন্দ্রালু—*a* drowsy, affected with drowsiness তন্দ্রিত—*a* drowsy, affected with drowsiness, fallen asleep, sleeping

তন্নতন্ন—(1) *a* thorough (তন্নতন্ন খোঁজ) (2) *adv* searching thoroughly তন্নতন্ন করা—*v* to ransack, to rummage, to rifle

তন্নিবন্ধন—*adv* for that, because of that, on account of that, for the sake of that

তন্মধ্যে—*adv* in him or her or it or that or them, in the midst of it, between or amongst them

তন্মন, তন্মনাঃ, (pop) তন্মনা, তন্মনস্ক, তন্ময়—*a.* absorbed in or engaged

wholly in him or her or it or that, engrossed, rapt, intently engaged or attentive তন্ময়তা—*n* absorbedness, raptness, intent attention

তন্মাত্র—*adv* & *n* only that, only to that extent or in that degree or measure

তন্বঙ্গী, তন্বী—*a fem* (of a woman) having a slim body

তপঃ, (pop) তপ—*n* austere endeavour to achieve an end, practice of ascetic or religious austerities, austere worship of God তপঃকৃশ—*a* physically thinned or shrivelled by ascetic austerities তপঃক্লেশ—*n* austerities of ascetic practice তপঃপ্রভাব—*n* force or power acquired through the practice of ascetic or religious austerities তপঃসাধ্য—*a* obtainable only through austere endeavour or through ascetic or religious austerities তপঃসিদ্ধ—*a* accomplished by means of austere endeavour or through ascetic or religious austerities, one who has attained success by means of austere endeavour or through ascetic or religious austerities

তপতী—*n* shadow (personified) the wife or the daughter of the sun-god, the river Tapti

তপন—*n* the sun তপনতনয়—*n* Yama the god of death তপনতনয়া—*n* the river Jumuna, the acacia suma তপনতাপন—*n* sunrays, (scorching) sunlight

তপনীয়—(1) *a* worthy of being heated, that which is to be heated (2) *n* gold

তপশ্চরণ, তপশ্চর্যা, তপশ্চারণ—same as তপঃ

তপসি—*n* the mango-fish

তপসিল—var of তফসিল

তপসী, তপসে—var 's of তপসি

তপস্বী—(1) *a* engaged in austere endeavour to achieve an end, practising ascetic or religious austerities, engaged in worshipping God austerely (2) *n* such a man, a hermit or ascetic (esp one who dwells apart from human habitations or in a forest), the mango-fish. *fem* তপস্বিনী

তপোধন, তপোনিধি—*n* one who is rich in ascetic or religious austerities, a great hermit or ascetic.

তপোবন—*n* a hermitage (esp one situated in a secluded place or in a forest)

তপোবল—*n* force or power acquired through practice of ascetic or religious austerities

তপোভঙ্গ—*n* interruption in austere ascetic or religious meditation or in austere devotion of God

তপোমূর্তি—*n* a body thinned and uncommonly brightened by the practice of ascetic or religious austerities, a hermit practising austerities

তপোলোক—*n* a mythological world of happiness which may be attained through the practice of ascetic or religious austerities

তপ্ত—*a* hot, heated, warm, having temperature, burning (রোদ্রতপ্ত), angry, enraged (তপ্ত কথা), reddened with rage (তপ্ত আঁখি), agitated, molten (তপ্তকাঞ্চন) তপ্তকাঞ্চনসন্নিভ—*a* as bright and fair as molten gold

তফসিল, (rare) তফসীল—*n* a schedule, a cadastre তফসিলী—(1) *a*. scheduled, cadastral, (2) *n* one belonging to the scheduled caste তফসিলী সম্প্রদায়—the scheduled caste.

তফাত, তফাৎ—(1) *n* intervening space or distance, distance, difference, otherness, aloofness (তফাতে তফাতে থাকা) (2) *a* removed afar, separated, differentiated (3) *int* avaunt, keep back তফাত করা—*v* to remove, to separate, to alienate, to estrange, to differentiate তফাত হওয়া—*v* to move or go away from, to be separated from, to be alienated or estranged. তফাতে থাকা—*v* to keep aloof, to remain at a distance

তফিল—dial corrup of তহবিল

তব১—*pro a* (used in poetry) your, yours, thy, thine

তব২—*adv* & *con* then

তবক১—*n* a leaf of metal esp of gold or silver, a foil, a layer (তবকে তবকে ভাসন্ত মেঘ)

তবক২—*n* (obs) a gun ('তবকের গুলি')

তবকী—*n* a gunman, a soldier armed with a gun

তবল—*n* an axe

তবলচী—*n* one who plays on tabala (তবলা)

তবলদার—*n* a woodcutter

তবলা—*n* a kind of tabour played as musical accompaniment

তবহি, তবহিঁ—*adv* (poet & obs) immediately, at once, forthwith, only in that case, then and then only

তবহুঁ, তবহু—*adv* (poet & obs) still then, in spite of that, notwithstanding, withal

তবিয়ত, তবিয়ৎ—*n* state of health, mental state, mood, humour

তবিল—coll corrup of তহবিল

তবু, তবুও—*adv* & *con* still then, in spite of that, notwithstanding, withal

তবে—(1) *con* & *adv* then (যদি খেলা না হয় তবে যেয়ো না), so, now (আসি তবে), thereafter or only then (আগে অভাবে পড় তবে পয়সা চিনবে), but, on the other hand (একাই যদি যাও, তবে আর আটকাব না) (2) *int* well (তবে রে).

তম১—*sfx* forming ordinal numerals, -th (শততম)

তম২—*sfx* forming superlative adjectives (প্রিয়তম)

তমঃ, (pop) তম৩—*n* darkness, gloom, the lowest element or primary quality of human nature and character, marked by ignorance and vice (also see সত্ত্ব and রজঃ)

তমস—*n* darkness, gloom

তমসা—*n* the name of the river on the bank of which Valmiki received his first poetical inspiration, (inc) darkness, (inc) ignorance and vice

তমসাচ্ছন্ন, তমসাবৃত—*a* pervaded or overcast with darkness or gloom

তমসুক—*n* a writing of obligation to pay a sum, a bond, a note of hand বন্ধকী তমসুক—a deed of mortgage

তমস্বিনী—(1) *a fem* full of darkness, dark, gloomy (2) *n fem* a dark night

-তমা—*fem* of -তম১ and -তম২

তমাদি—var. of তামাদি

তমাম—var of তামাম

তমাল—*n* a kind of dark-coloured tree

তমিস্র—(1) *n.* darkness, gloom (2) *a* dark, gloomy তমিস্রা—(1) *n* (ori. *fem*) a dark night, (2) *a* (ori *fem*) full of darkness, dark, gloomy

-তমী—*fem* of -তম১ and -তম২

তমোগুণ—*n* the lowest element or the lowest primary quality of human nature and character marked by ignorance and vice (see also সত্ত্বগুণ, রজোগুণ)

তমোঘ্ন, তমোপহ—(1) *a* expelling darkness, removing ignorance and vice (2) *n* fire, the sun, the moon, a lamp, knowledge.

তমোময়—*a* full of darkness, full of ignorance and vice *fem* তমোময়ী

তমোহর—same as তমোঘ্ন

তম্বি, (*rej*) তম্বী—*n* bluster, act of bullying, oppression তম্বি করা—*v* to bluster, to bully, to oppress

তম্বুর, তম্বুরা—*n* a stringed musical instrument that helps a singer to have perfect voice.

তয়—*n* final settlement, conclusion, a fold or plait (তয় করে রাখা)

তয়খানা—*n* an underground room or shelter (esp one to live in during hot summer days)

তয়ফা—*n* party of professional dancing girls, (inc) a professional dancing girl

তয়ের—dial corrup of তৈয়ার

-তর১—*sfx* forming comparative adjectives (মহত্তর)

তর২—*n* delay (তর সয় না)

তর৩—*a* stupefied, besotted

তর৪—*a* (chiefly used as a *sfx*) of a sort or kind (এমনতর, কেমনতর)

তর৫—*n* act of crossing (as a river, a desert etc)

তরওয়াল—*n* a sword, a scimitar

তরকারি—*n* kitchen vegetables, garden stuff, vegetable curry তরকারির বাগান—a kitchen garden

তরক্ষু—*n* the wolf, the hyæna

তরঙ্গ—*n* a wave, a ripple, a wavy or undulating stream, a wave (চিন্তাতরঙ্গ = a thought-wave, বায়ুতরঙ্গ, শব্দতরঙ্গ, বিদ্যুৎ-তরঙ্গ) উত্তাল তরঙ্গ—a billow a high wave তরঙ্গক্ষুব্ধ—*a* lashed into fury by rolling waves, billowy, wavy, convulsed তরঙ্গচঞ্চল — *a* rippling তরঙ্গণ— *n* undulation তরঙ্গদৈর্ঘ্য—*n* wave-length তরঙ্গপাদ—*n* the trough or hollow of a wave. তরঙ্গপৃষ্ঠ—*n* wave-surface তরঙ্গবিক্ষুব্ধ—same as তরঙ্গক্ষুব্ধ তরঙ্গবেগ—*n* wave-velocity তরঙ্গমালা—*n* a string or series of waves তরঙ্গমুখ—*n* wave-front তরঙ্গশীর্ষ—*n* the crest of a wave

তরঙ্গাকুল—*a.* restless on account of unquiet waves, very much disturbed (used of seas or oceans)

তরঙ্গাভিঘাত—*n* the push of a wave or waves

তরঙ্গায়িত—*a* undulating, wavy, curling (তরঙ্গায়িত পথ বা চুল), (inc.) rippling

তরঙ্গিণী—*n fem* a river, a stream.

তরঙ্গিত—*a.* wavy, rippling, undulating, curling, full of poses or attitudes

তরঙ্গোচ্ছ্বাস — *n* swelling up of waves, rise and fall of waves

তরজমা—*n* rendering into another language, translation তরজমা করা—*v.* to translate

তরজা—*n* a kind of contest in songs composed extempore, (cp a strophe and its antistrophe)

তরণ—*n* act of going over, act of crossing, rescue, act of getting over, any means of crossing (e g a boat)

তরণী, তরণি—*n* a boat, a ship, any means of crossing

তরতম—*n* quantity more or less, difference, differentiation

তরতর১—*a* of various kinds or sorts

তরতর২—*int* expressing the quick running of a stream

তরতাজা—*a* fully alive (তরতাজা মাছ), quite fresh (তরতাজা খবর)

তর্তিব—*n* a rule, a system, an order, an order of succession তর্তিবওয়ারি—*a* following the order of succession, serial

তরপণ্য—*n.* charge of ferrying, ferriage

তরফ—*n* a direction, a side, an end or extremity, either of two contesting parties (উভয় তরফ), a party, behalf (বাদীর তরফের উকিল), a revenue area, a tahsil (তরফ দেবীপুর), a partition or a partner of a landed estate

তরফদার—*n.* the revenue-collector of an area, a partisan তরফা—*a* relating to or affecting a party (এক-তরফা = ex-parte)

তরবার, তরবারি—*n* a sword, a scimitar

তরবুজ—obs var of তরমুজ

তরবেতর—*a* of various kinds or sorts, indisposed (শরীর তরবেতর হওয়া).

তরমুজ—*n* the water-melon

তরল—*a* liquid, fluid, watery (তরল পদার্থ), thin (কালিটা বড় তরল), liquefied, diluted, thinned, melted, softened (স্নেহে তরল হওয়া), fickle, inconstant (তরলমতি) *fem* তরলা তরল করা —*v* to liquefy, to make more fluid or thinner, to dilute, to melt, to soften তরল হওয়া—*v* to become liquefied, to liquefy, to become thinner or diluted, to melt, to soften তরল পদার্থ—a liquid, a fluid তরলতা, তরলত্ব —*n* liquidity, fluidity, wateriness, thinness, softness, fickleness, inconstancy তরলনয়না, তরললোচনা—*a* *fem* having glances moving frequently, having wanton eyes

তরলাবস্থা—*n* liquid or fluid state, liquidity, fluidity

তরলিত—*a* liquefied, dilute, melted, softened

তরলীকরণ—*n* liquefaction, dilution, melting.

তরলীকৃত—*a* liquefied, diluted, melted

তরলীভবন—*n* act of being liquefied or diluted or melted, liquefaction or dilution or melting

তরলীভূত—*a* liquefied, diluted, melted, softened

তরশু—*adv* three days before or after to-day.

তরসা—*adv* quickly, soon, promptly

তরস্থ—corrup of তটস্থ১

তরস্থান—*n* a ferry-station, a landing-place, a wharf

তরস্বান্, তরস্বী—*a* speedy, strong, powerful *fem* তরস্বতী, তরস্বিনী

-তরা১—*fem* of -তর১

তরা২—*v* to cross, to go across, to get over, to escape from

তরাই—*n* a belt of marshy region full of jungles at the foot of a hill (esp at the foot of the Himalayas)

তরাজু—*n* balance, a pair of scales

তরান—*v* to take across, to rescue

তরাস—*n* (coll) fear, fright, alarm

তরাসে—*a* easily frightened

তরি—alt spell of তরী

তরিতরকারি—*n* kitchen vegetables

তরিত্র—*n* any vessel or means for going across (e g a boat, a ship)

তরিবত, তরিবৎ—*n* etiquette, demeanour, education, teaching, training, careful cultivation (গোঁপের তরিবত), care. তরিবৎ করা—*v* to cultivate carefully, to look after carefully, to take care of

তরী—*n* a vessel that is driven on water or in air (সমুদ্রতরী, আকাশতরী), a boat, a ship, a craft

তরীকা—*n* a method, a system, a rule

তরু—*n* a tree, a plant তরুকোটর—*n* a hollow of a tree তরুক্ষীর—*n* latex তরুতল, তরুমূল—*n* the foot of a tree তরুবর, তরুরাজ—*n* a large tree (such as, the banyan-tree, the palm-tree, etc) তরুলতা—*n* a parasitic creeper, (in *pl*) trees and creepers তরুশিখর, তরুশির—*n* the top of a tree

তরুণ—(1) *a* young, juvenile, adolescent, fresh, new (তরুণ স্বর), tender (তরুণাস্থি), immature (তরুণ বয়স, তরুণ বুদ্ধি) (2) *n* a young man or lad, a youth, a younker, a youngster *fem* তরুণী তরুণতা, তরুণত্ব—*n* youth, juvenility, adolescence, freshness, newness, tenderness, immaturity তরুণবয়স্ক—*a* tender-aged, young তরুণাস্থি—*n* cartilage, gristle তরুণিমা—same as তরুণতা

তরে—*prep* for, on account of, because of, for the sake of

তরোয়াল—alt spell of তরওয়াল

তর্ক—*n* a debate, an argument, reasoning, logic (তর্কশাস্ত্র), cause, discussion, consideration (মনে মনে তর্ক), dispute, controversy, altercation, doubt, assumption তর্ক করা—*v* to debate, to argue, to reason, to discuss, to consider, to dispute, to altercate, to bandy words তর্ককারী—*a* & *n* one who debates or argues or reasons or considers or disputes or altercates or bandy words, one who chops logic তর্কজাল—*n* the network or cobweb of argument তর্কবিজ্ঞান, তর্কবিদ্যা, তর্কশাস্ত্র—*n* logic তর্কবিতর্ক—*n* debate, altercation, arguments, bandying of words তর্কযোগ্য—*a* arguable, debatable, controversial তর্কসাধ্য—*a* arguable, disputable, debatable তর্কাতর্কি—same as তর্কবিতর্ক তর্কাভাস—*n* sophistry, a sophism

তর্কিত—*a.* debated, argued, discussed, considered, probable, anticipated, assumed

তর্কী—(1) *a* versed in logic or reasoning, one who debates or argues or bandies words, one who chops logic, given to debating or arguing (2) *n* a logician

তর্কু—*n* a spindle, a distaff

তর্কেতর্কে—*adv.* cautiously and secretly, surreptitiously (তর্কেতর্কে যাওয়া), in ambush, in wait (তর্কেতর্কে থাকা)

তর্জন—*n* angry roar or shout, reprimand severe scolding, blustering, bullying, threat, angry and loud bragging তর্জন করা—*v* to roar or shout angrily, to reprimand, to scold severely, to bluster, to bully, to threaten, to brag angrily and loudly তর্জন-গর্জন—*n* severe scolding and loud shouts, threats and roars

তর্জনী—*n* the index-finger, the fore-finger তর্জনী-হেলনে—*adv* by waving one's finger

তর্জমা—alt spell of তরজমা

তর্জা—alt spell of তরজা

তর্জান—same as তর্জন করা (see তর্জন)

তর্জিত—*a* blustered, bullied, severely scolded, reprimanded, threatened

তর্পণ—*n* the sacrament of offering drinking water to the manes or deities তর্পণ করা—*v* to offer drinking

water to the manes or deities তর্পিত—*a* (of dead spirits or deities) one to whom drinking water has been offered, satisfied, pleased তর্পী—*a* one who offers drinking water to the manes or deities, one who satisfies *fem* তর্পিনী.

তল—*n* the underneath (চরণতল, আকাশতল), base, foot, root (বৃক্ষতল), bottom, bed (সমুদ্রতল), surface (ভূতল), a plane (সমতল), the palm of the hand (করতল, তলপ্রহার), a storey, a floor (অট্টালিকার দ্বিতলে), a deck (জাহাজের দ্বিতল) তলদেশ—*n* bottom, bed, base, foot, the underneath তলপেট—*n* the lower part of the belly, the abdomen তলপ্রহার—*n* a stroke with the open palm, a slap, a buffet. তলপ্রহার করা—*v.* to slap, to buffet তলে তলে—at bottom, at heart, from behind the curtain, unobservedly, secretly

তলতল—*int* expressing over-softness (chiefly caused by over-mellowness) তলতলে—*a* over-soft

তলতা, তলদা—*n* a variety of thin and pliant bamboo

তলপ—var of তলব

তলাপ, তলপী—inc spell 's of তল্পি

তলব—*n* an order to come or appear or join, a summons, a call, salary.

তলবানা—*n* the fee of a peon for serving a summons or process

তলবার—*n* a sword, a scimitar

তলা—*n* the underneath (আকাশের তলা, পায়ের তলা), base, foot (গাছতলা), bottom, bed (সমুদ্রের তলা), a region or locality (ফুলতলা, নিমতলা, রথতলা), (of a building etc) a storey, a floor, (of a ship, omnibus, etc) a deck

তলাও—*n* a pond, a tank

তলাতল—*n* the fourth of the seven mythological underworlds

তলান—*v* to sink (down), to be drowned (জাহাজখানা সমুদ্রে তলিয়ে গেল), to go to the bottom (তলিয়ে বোঝা, তলিয়ে দেখা), to be engrossed or absorbed in (চিন্তায় তলান), to go down into, to be digested (পেটে তলান) তলিয়ে দেখা—*v* to see or judge thoroughly তলিয়ে বোঝা—*v* to realize or understand thoroughly পেটে না তলান—*v* not to be accepted in the stomach, not to be digested, to be vomited out.

তলানি—*n* lees, dregs, sediment, feculence, deposit.

তলাভিঘাত—*n* a stroke with the open palm of the hand, a slap, a buffet.

তলাশ, তলাস—var 's of তল্লাস

তলিত—*a* fried or roasted in oil or clarified butter or fat

তলি১—*n* (chiefly dial.) the underneath or bottom, the sole.

-তলি২,-তলী—*sfx* denoting outskirts (শহরতলি)

তল্পি—*n* a bundle of bedding (esp of a traveller) তল্পিতল্পা—*n* luggage (তল্পিতল্পা বাঁধা), one's household belongings (তল্পিতল্পা গোটান). তল্পিতল্পা গোটান—*v* to pack up one's household belongings, to pack up luggage, (fig) to get ready for departure or disembarkment, (fig) to leave a place for good, to clear out bag and baggage তল্পিদার, তল্পিবাহক—*n* a servant carrying one's luggage, a porter

তল্লাট—*n* a region, a locality, a quarter, an area, a province

For words in তল-, not given separately, see তল

তল্লাশ, (rej) **তল্লাস**—*n* search, investigation, trace (তার তল্লাশ নেই) **তল্লাশ করা**—*v* to search, to investigate, to trace **তল্লাশি**—(1) *a* searching, investigating, tracing, authorizing to search or investigate, of search or investigation (2) *n* a search

তশরীফ—*n* (one's personal) greatness **তশরীফ রাখুন**—(will your Greatness) please be seated

তসবি, তসবী—*n* (Mus) a string of beads, a rosary.

তসবির, তসবীর—*n* a painting, a portrait

তসর—*n* a fawn-coloured silk from wild Indian silkworms, tusser

তসরিফ—alt spell of **তশরীফ**

তসরুফ, তসরুপ—*n* embezzlement, harm, damage **তসরুফ করা**—*v* to embezzle, to cause harm or damage to **তহবিল তসরুফ করা**—to embezzle a fund, to defalcate

তসলিম, তসলীম—*n* (Mus) obeisance, salutation **তসলিম করা**—*v* to salute

তসিল—coll corrup of **তহসিল**

তস্কর—*n* a thief *fem* **তস্করী তস্করতা**—*n* theft

তস্য—*pro a* (now obs) his

তহবিল—*n* a fund, cash (in hand), a treasury **তহবিলদার**—*n* one in charge of a fund, a cash-keeper, a cashier, a treasurer **তহবিলদারি**—*n* charge of a fund, cash-keeping, cashiership, treasurership

তহরি—*n* fee of a writer or copyist (esp of a letter or a legal document), an extra payment exacted for themselves by the officers of a landowner from tenants, a discount given by a seller for the personal appropriation of a servant making purchases for his master, a discount given to an agent of purchase

তহসিল, (rej) **তহশীল**—*n* collected revenue, collection of revenue, a revenue collector's office, a revenue area, a tahsil **তহসিলদার**—*n* a revenue collector, a revenue officer, a tahsilder **তহসিলদারি**—*n* the post or office of a revenue collector or tahsilder

তহিঁ, তহিঁ—*adv & con* (poet & obs) there, moreover, further, for that, so, therefore, in it, then

তহুঁ, তহুঁ—*pro* (poet & obs.) in it, there

তহুরি—var of **তহরি**

-তা১—*sfx.* denoting -ness -ship, -ity, -y etc (মূর্খতা, কুটিলতা, নির্জনতা)

তা২—coll contr of **তাহা**

তা৩—*n* a sheet (as of paper)

তা৪—*n* twist, twirl, trimming (গোঁপে তা) **তা দেওয়া**—*v* to twist, to twirl, to trim

তা৫—*n* act of sitting upon eggs (as by mother-birds), hatch, incubation **তা দেওয়া**—*v* to sit upon eggs, to hatch, to incubate

তা৬—(1) *int* an expletive inserted chiefly as a breather in a speech (তা কখন আমি যাব ?), let it go, well (তা তোমার কি মত ?) (2) *con* but, still (রোজ যাব ভাবি, তা যাওয়া আর হয়ে ওঠে না)

তাই১—coll contr of **তাহাই**

তাই২—*n* clap of hands **তাই দেওয়া**—*v* to clap one's hands, to clap

তাই৩—*adv & con* for that, so **তাইত**—(1) *adv & con* and so, because, (2) *int* expressing certainty, amazement, bewilderment etc **তাইতে**—*adv & con* for that, because of that, on account of that, so, and in

reply to that তাই নাকি—is it so? তাই বলে—*adv.* & *con* for that, because of that, on account of that, so

তাইদাদ—var of তায়দাদ

তাইরে-নাইরে—*int* & *n* (chiefly dero) noise of a song, whiling away one's time in useless things, idling

তাউই, তাওই—var 's of তালুই

তাওয়া—*n* a metal baking pan (রুটি সেঁকার তাওয়া), an earthen vessel to hold burning husk or chaff or charcoal etc, a metal plate with which the bowl of a hookah is covered

তাওয়ান—*v* to heat, to make red-hot by burning, (fig) to enrage or agitate, (fig) to incite

তাং—abbr of তারিখ

তাঁকে—coll corrup of তাঁহাকে

তাঁত—*n* a loom, a gut, a catgut, a thong তাঁতঘর, তাঁতশালা—*n* a weaver's workshop তাঁত বোনা—*v* to weave cloth

তাঁতী—*n* weaver (by trade or caste) *fem* তাঁতিনী. অতি লোভে তাঁতী নষ্ট—too much greed ruins a person

তাঁবা—dial corrup. of তামা

তাঁবু—*n* a tent তাঁবু খাটান—*v* to pitch a tent তাঁবু তোলা—*v* to strike a tent তাঁবু পড়েছে—*v* a tent is pitched.

তাঁবে—*n* control, rule, authority, command তাঁবে থাকা—*v* to be under (a person), to be under control or rule or authority or command of

তাঁবেদার—(1) *n* a dependent, a subordinate, one who carries out orders (of), a servile person, a servant, (2) *a* dependent, subordinate, carrying out orders, servile তাবেদার রাষ্ট্র—a dependency তাঁবেদার সরকার—a government servile to a foreign power, a puppet government, a satellite government তাঁবেদারি—*n* subjection, dependence, servility

তাঁহাকে, তাঁহাদিগকে, তাঁহাদের, তাঁহার—var 's of তাহাকে, তাহাদিগকে, তাহাদের and তাহার respectively used to express respect

তাক১—*pro* (poet. & obs) him or her

তাক২—*n* a shelf, a recess in a wall, an alcove

তাক৩—*n* a target, an aim, a mark, a guess (অন্ধকারে তাক করা), act of lying in wait, ambush, ambuscade (বাঘটা তাক করে আছে), bewilderment, amazement (তাক লাগা) তাক করা—*v* to aim at, to guess, to lie in wait, to ambush, to ambuscade তাক লাগা—*v* to be stricken with bewilderment, to be bewildered, to be dazed

তাকত, (rej) তাকৎ, তাকদ—*n* physical strength

তাকর—*pro a* (poet & obs) his or her

তাকা—*v* to imprecate (esp something evil); to aim at, to guess, to anticipate

তাকাদা—var of তাগাদা

তাকান—*v*. to look (at)

তাকাবি, (rej) তাকাবী—*n* an agricultural loan or earnest money

তাকিদ—var of তাগাদা

তাকিয়া—*n* a dumpy bolster

তাকে—coll contr of তাহাকে

তাগ—var of তাক১

তাগড়া, তাগড়াই—*a* tall and robust or massive, stout, gigantic.

তাগা—*n* an armlet, an amulet to be tied round one's arm or waist or any other part of the body, a ligature put on to stop blood-circulation (as in the case of snake-bites)

তাগাড়—*n.* a (bricklayer's) hod ; a piece of ploughed land made clayey by watering for the germination of seeds

তাগাদা—*n* (repeated) reminder for payment, dunning (বাড়ি ভাড়ার তাগাদা), (repeated) demand (লেখার জন্য তাগাদা), (repeated) urging (পড়াশোনার জন্য তাগাদা), urgency (পৌঁছানর তাগাদা), urge (বাঁচার তাগাদা) তাগাদা করা, তাগাদা দেওয়া—*v* to remind (repeatedly) for payment, to dun, to demand (repeatedly), to urge (repeatedly)

তাগারি, তাগারী—*n* a large trough

তাগিদ—var of তাগাদা তাগিদ-চিঠি—*n.* a reminder

তাঙড়ান, তাঙড়ান—*v* to be spacious enough to hold or contain, to be able to manage (ছেলে তাঙড়ান)

তাচ্ছল্য, তাচ্ছিল্য—*n* slight, contempt, disregard, neglect তাচ্ছল্য করা, তাচ্ছিল্য করা—*v* to treat with slight or contempt, to disregard, to neglect তাচ্ছল্যপূর্ণ, তাচ্ছিল্যপূর্ণ—*a* full of slight, contemptuous, disregardful, neglectful

তাজ—*n* a crown, a diadem, a coronet, a tiara

তাজা—*a* fresh, new, alive, living, lively, spirited (তাজা প্রাণ, তাজা মন), refreshed, reinvigorated (শরীর তাজা হওয়া)

তাজিয়া—*n* (Mus) a feretory carried in imitation of the coffin of Hasan and Hussain in the Moharram procession

তাজী—*n* an excellent variety of horse, a steed

তাজ্জব—(1) *a* queer, quaint, amazing, amazed (তাজ্জব বনা, তাজ্জব হওয়া) (2) *n* queerness, quaintness, amazement (তাজ্জবের ব্যাপার)

তাঞ্জাম—*n* an ornamented sedan-chair or palanquin

তাড়—*n* a kind of armlet

তাড়কা—*n* the name of a dreadful female rakshasa as mentioned in the Ramayana, (fig) a vicious woman of monstrous appearance

তাড়ন, তাড়না—*n* guiding rule or control, beating, chastisement, flogging, act of striking, rebuke, scolding, pressing, urging, goading, urge, oppression তাড়না করা—*v* to rule or control for guidance, to beat, to chastise, to flog, to strike, to rebuke, to scold, to press, to urge, to impel, to goad, to oppress, to vex তাড়নী—*n* any contrivance to flog or goad or urge with, such as, a stick, a lash, a cane, a scourge, a goad

তাড়স—*n* pressure of or suffering caused by pain or inflammation, brunt (ব্যথার তাড়স), stupor (জ্বরের তাড়স) তাড়সের জ্বর—sympathetic fever

তাড়া১—*n* a bundle (চিঠির তাড়া)

তাড়া২—(1) *v* to chase (তাড়িয়া ধরা) (2) *n* chase (পুলিসের তাড়া), act of pressing or urging, pressure or urge (কর্তব্যের তাড়া), rebuke, reproof, chastisement (গুরুজনদের তাড়া), act of scaring away (তাড়া পেয়ে বাঘটা সরেছে).

তাড়া৩—*n* urgent pressure or call, urgency (কাজের তাড়া), hurry (আমার তাড়া নেই), pressure for hurrying (তাড়া দেওয়া)

তাড়াতাড়ি—(1) *adv* quickly, hurriedly, hastily (2) *n* hurry, haste (আমার তাড়াতাড়ি নেই) তাড়াতাড়ি করা—*v* to make haste

তাড়ান—(1) *v* to chase away, to drive away, to expel or banish

(বাড়ি বা দেশ থেকে তাড়ান), to ward off, to guard against, to cause to graze, to tend (গোরু তাড়ান), (sarcas & dero) to teach and discipline (ছেলে তাড়ান). (2) *a* chased or driven away, expelled or banished, warded off

তাড়াহুড়া—*n* excessive hurry or haste, hurry and bustle

তাড়ি১—*n* a small bundle, a packet, a sheaf (এক তাড়ি খড়)

তাড়ি২—*n* arrack, toddy তাড়িখানা—*n* an arrack-shop, a toddy-shop

তাড়িত১—*a* beaten, chastised, flogged, rebuked, scolded, struck, pressed, urged, impelled, propelled, goaded, oppressed, driven or chased away, expelled or banished

তাড়িত২—(1) *a* of or produced by or run by electricity, electric, electrical, galvanic (2) *n* electricity তাড়িত-কোষ—*n* a galvanic pot তাড়িতবার্তা—*n* a telegraphic message, a telegram, (coll) a wire তাড়িত বিজ্ঞান, তাড়িতবিদ্যা—*n* the science of electricity, electricity তাড়িত-বিজ্ঞানী, তাড়িত-বিদ্যাবিৎ—*n* an electrical scientist

তাড়িতালোক—*n* electric light

তাড়িতী—*n.* an electrician

তাড়ী—alt spell of তাড়ি২

তাড়ু—*n* a wooden or metal ladle with a broad blade used in making sweets

তাড্যমান—*a* in the state of being rebuked or stricken or chastised or wounded or (in case of a musical instrument) played upon

তাণ্ডব—*n* an annihilating dance, a frantic or frenzied dance, frantic or frenzied behaviour or affair (বন্যার তাণ্ডব, তাণ্ডব বাঁধান) তাণ্ডবলীলা—*n* the frantic dance of Shiva (শিব) at the time of the annihilation of the world

তাত১—*n* (now obs) father used chiefly in addressing one's father or superiors or (in affection) a younger person

তাত২—*n* heat (আগুনের তাত), (fig) anger

তাতল—*a* (poet & obs) hot, heated

তাতা—*v* to be heated, to warm up, (fig) to get angry or excited

তাতা-থৈ—*n* symbolical words or sounds guiding the tandava (তাণ্ডব) dance

তাতান—(1) *v* to make hot, to heat, to warm up, (fig) to make angry or to excite (2) *a* heated, warmed up, (fig) angered or excited

তাতার—*n* a Tatar *fem* তাতারী

তাতাল—*n* a soldering-iron

তাতে—coll contr of তাহাতে

তাৎকালিক—*a* of that time, the then, contemporary

তাত্ত্বিক—(1) *a* relating to or versed in truth or reality, relating to or versed in philosophical or ontological or spiritual knowledge, theoretical (2) *n* such a person (ভাষাতাত্ত্বিক)

তাৎপর্য—*n* purport, significance, meaning (কবিতার তাৎপর্য), purpose, object (এ কাজের তাৎপর্য কি?), quickness sharpness (বুদ্ধির তাৎপর্য) তাৎপর্য-হীন—*a* nonsense, meaningless, purposeless

তাথৈ—var of তাতা-থৈ

তাথ্যিক—*a* relating to actual state or affair, factual, informative, relating to reality or truth

তাদর্থ্য—*n* identity of meaning or object or purpose or motive or reason

তাদাত্ম্য—*n* identity in spirit or soul, identity, unity, sameness

তাদৃশ, (obs) তাদৃক্—*a* suchlike, such, similar *fem* তাদৃশী

তাধিয়া—var of তাতা থৈ

তান—*n* the key-note of a song, musical note, strain, melody তান ছাড়া—*v* (mus) to open out one's voice তান তোলা—*v* (mus) to open out one's voice gradually তান ধরা—*v* to begin to sing a particular melody, to utter a melodious note (পাখিয়া তান ধরেছে) তানপুরা—*n* a stringed musical instrument that helps a singer to have perfect voice

তানা—var of টানা১

তানা-পড়েন—var of টানা-পড়েন

তানা-না-না—*n* the prefatory airs of music, (sarcas) waste of time by dilatoriness in making useless preparatory arrangement, act or an instance of saying neither yes nor no

তান্তব—*a* made of thread or gut, made on loom, of thread or loom or gut, ductile

তান্ত্রিক—(1) *a* of or according to or versed in or worshipping in accordance with the tantras (তন্ত্র) of Shaktas (শাক্ত) (2) *n* one who worships in accordance with the tantras তান্ত্রিকতা—*n* obedience to the tantras

তাপ—*n* heat warmth, anger, sorrow, grief, affliction, suffering তাপক—*a* that which or one who heats or excites or grieves or afflicts তাপক্লিষ্ট—*a* afflicted with heat, aggrieved তাপগ্রহণ—*n* (phys) absorption of heat তাপগ্রাহিতা—*n* thermal capacity তাপজনক—*a* producing heat, (sc) calorific, causing sorrow, afflicting তাপত্রয়—*n* the three kinds of affliction spiritual, supernatural and material তাপধারকত্ব—*n* thermal capacity তাপন—(1) *n* generation or application of heat, the sun, (2) *a* producing heat, calorific (তাপনমূল্য), causing affliction তাপনীয়—*a* that to which heat is to be applied তাপবীক্ষণ—*n* a thermoscope তাপমান, তাপমান যন্ত্র—*n* a thermometer তাপসেক—*n* fomentation

তাপস—(1) *a* practising ascetic or religious austerities, engaged in worshipping God by means of severe austerities (2) *n* such a man, a hermit or ascetic তাপস-তরু—*n* a tree from the berries of which the Indian sages of old used to prepare a medicinal oil

তাপসিক—*a* ascetic

তাপসী—*fem* of তাপস

তাপস্য—*n* state of being a hermit, asceticism

তাপা—*v* to get heated, to warm up, to bask to be afflicted তাপান—*v* to heat, to warm up, to afflict তাপায়ন—*v* (poet & obs) to afflict, to heat, to warm up

তাপিত—*a* heated, hot, afflicted, stricken with sorrow, aggrieved *fem* তাপিতা

তাপিনী—*fem* of তাপী

তাপী—*a* (rare) heated, hot, afflicted, sorrow-stricken, mortified, remorseful, (rare) producing heat, calorific, (rare) causing affliction or mortification

তাপীয়—*a* thermal, calorific, caloric

তাফতা—*n* taffeta

For words in তাপ-, not given separately, see তাপ

তাবৎ—(1) *a.* & *pro* all, all those or all that (2) *adv* & *con* to that number or quantity or degree or extent, till then, till

তাবিজ—*n* an amulet usually worn on the arm

তামড়ি—*n* garnet

তামরস—*n* the lotus, copper, gold

তামলী—*n* a Hindu caste selling betel-leaves, a member of this caste

তামস—*a* full of deep darkness, full of Cimmerian darkness, irrevocably dark, having the lowest of the elements or primal qualities of human nature and character, full of ignorance and vice তামস-যজ্ঞ—*n* a ritual performed with vanity and pomp but without reverence তামসিক —*a.* having the lowest of the elements or primary qualities of the human nature and character, relating to this quality, full of ignorance and vice, overcast with cloud, cloud-ridden তামসী—(1) *a fem* of তামস, (2) *n* a dark night, a night of the new moon

তামা—*n* copper

তামাক, তামাকু—*v* tobacco তামাক খাওয়া, তামাক টানা, তামাক ফোঁকা—*v.* to smoke a hookah or a hubble-bubble or a pipe, to smoke. তামাক সাজা—*v* to fill a hookah or a hubble-bubble or a pipe with tobacco for smoking তামাকখোর, তামাকুসেবী —*n* a tobacco-smoker, a smoker, (facet.) a tobacca-nalian তামাক-বিক্রেতা —*n.* a tobacconist.

তামাটে—*a* copper-coloured, coppery, copper, cupreous (তামাটে আকাশ = copper sky)

তামাতুলসী—*n* copper and basil (these two are considered very holy by Hindus, and, whilst taking an oath, one holds them in one's hand)

তামাদি, (rej) তামাদী—(1) *n* lapse of limited time, state of being time-barred (2) *a.* time-barred, barred by limitation.

তামাম—*a.* all, whole, entire তামামি —*n* end, termination (সালতামামি)

তামাশা, (rej) তামাসা—*n* an entertaining or amusing performance, a show, an exhibition, a fun, a joke, a jest. তামাশা করা—*v* to make fun (of), to make a song (of), to poke fun (at), to crack a joke (with), to jest তামাশা দেখা—*v* to enjoy a show, to find fun in তামাশা দেখান—*v* to give a show

তামিল১—*n* a South Indian language

তামিল২—*n* compliance, act of carrying out. তামিল করা—*v* to comply with, to carry out

তাম্বুক—vul corrup of তামাক

তাম্বু—var of তাঁবু

তাম্বুরা—var of তম্বুরা.

তাম্বুল—*n* betel-leaf, a preparation of betel-leaves with lime, catechu, areca-nut, etc which is chewed as a quid তাম্বুল-করঙ্ক—*n* a box to hold the aforesaid preparation of betel-leaves তাম্বুলরাগ—*n* a red tint on the lips caused by the juice of the aforesaid preparation of betel-leaves as one chews it তাম্বুলিক, তাম্বুলী—*n* a Hindu caste selling betel-leaves, a member of these caste

তাম্র—(1) *n* copper (2) *a* copper-coloured (তাম্রকেশ), made of copper (তাম্রপাত্র), like or of copper (তাম্রবর্ণ). তাম্রকার—*n* a coppersmith তাম্রকুণ্ড—*n* a copper pot. তাম্রগর্ভ—*n* sulphate

of copper copperas তাম্রপট্ট, তাম্রপত্র, তাম্রফলক—*n* a copper plate. তাম্রবর্ণ —(1) *a* copper-coloured, coppery, copper, cupreous (তাম্রবর্ণ আকাশ= copper sky), (2) *n* copper-colour pale and dark red তাম্রবর্ণ়চি—same as তাম্রবর্ণ (*a*) তাম্রলিপি—*n* an inscription on a copper plate, a copper inscription তাম্রশাসন—*n* a royal edict or inscription on a copper plate

তাম্রকূট—*n* tobacco তাম্রকূটসেবন—*n* act of smoking tobacco. তাম্রকূটসেবী —(1) *a* tobacco-smoking, (2) *n* a tobacco-smoker, a smoker

তাম্রাভ—*a* copper-coloured, coppery, copper, cupreous

তাম্রাশ্ম—*n* ruby

তায়—(1) *pro* him or her, in him or her (2) *adv* & *con* over and above, on the top of, and moreover (একে রাত্রি তায় ঝড়).

তায়দাদ—*n* description of the confine or boundary of a plot of land

তার১—coll corrup of তাহার

তার২—*n* taste, savour, savouriness.

তার৩—*v* act of going across, act of crossing

তার৪—*a* very loud (তারস্বর)

তার৫—*n* metal string, wire, funicle, a telegram, (coll) a wire তার করা—*v* to telegraph, (coll) to wire তার খাটান—*v* to supply a building etc with wire, to do wiring তার পাওয়া—*v* to receive a telegram তার পাঠান—*v* to send a telegram, to telegraph

তারক—(1) *a* one who rescues or saves (2) *n* a rescuer, a deliverer, a saviour, a helmsman, a pilot, a boat, a raft তারকনাথ—*n* a name of Shiva (শিব) তারকব্রহ্ম—*n* ওঁ শ্রীরামরাম these holy words

তারকা১—*fem* of তারক (*n*)

তারকা২—*n* a star, the pupil of the eye, the star-mark (*), an asterisk, a prominent performer or an actor or actress especially of the film, a film-star

তারকান্বিত—*a* starry, bedecked with stars, star-spangled, marked as a star performer or a film-star

তারকারি—*n* the slayer of Tarak (তারক) the demon an appellation of Kartikeya (কার্তিকেয়)

তারকিণী—(1) *a* *fem* starry (2) *n* *fem* the night

তারকিত—*a* having a star or stars, marked with a star, starred, starry.

তারকী—*a* having a star or stars, starry

তারণ—(1) *a* one who or that which rescues or takes across (2) *n* a rescuer, a deliverer, a saviour, one who takes across, a ferryman

তারণি—*n* a boat, a raft, a vessel

তারতম্য—*n* state of being more or less, difference, disparity, discrimination, comparison তারতম্য করা—*v* to make more or less, to differentiate, to discriminate, to compare

তারপর—*adv* after that, thereafter, then

তারপলিন—*n* tarpaulin

তার্পিন—*n* turpentine, terebinth

তারবার্তা—*n* a telegram, (coll) a wire.

তারযোগে—*adv* by telegraph.

তারল্য—*n* liquidity, fluidity, wateriness, thinness, lack of concentration, melted or softened state, softness, fickleness, inconstancy

তারস্বর—*n* a very loud voice তারস্বরে—*adv* in a very loud voice

তারা—(1) *v* to rescue, to deliver (2) *n. fem.* one who rescues or delivers from worldly sufferings, a manifestation or name of goddess Durga (দুর্গা), (*mus*) the major E-scale, (*cp*) tenor, a star, an asterisk, the pupil of the eye তারাকার—*a.* stellate তারাচন্দ্র, তারানাথ, তারাপতি—*n* the lord or husband of stars an appellation of the moon তারাপতন, তারাপাত—*n* the fall of a meteor তারাপথ—*n* the stellar course, the sky, the welkin তারামণ্ডল—*n* the stellar region or orbit, a constellation তারামাছ—*n* the starfish তারাসম্বন্ধীয়—*a* stellar

তারিকা—*fem* of তারক (*a*)

তারিখ—*n* a statement of time or a day of a month, a date তারিখ দেওয়া —*v* to date, to give a date আগামী মাসের দোসরা তারিখে—on the 2nd of the coming month, on the 2nd proximo গত মাসের দোসরা তারিখে—on the 2nd of the last month, on the 2nd ultimo তারিখহীন—*a* undated

তারিণী—(1) *a fem* one who rescues or delivers (2) *n fem* an appellation of goddess Durga (দুর্গা)

তারিফ, তারিপ—*n* praise, applause, plaudit, admiration, appreciation, bravado তারিফ করা, তারিপ করা—*v* to praise, to applaud, to admire, to appreciate, to bravado

তারুণ্য—*n* youth, juvenility, adolescence, freshness, newness, tenderness, immaturity

তারে—var of তাকে (now chiefly used in poetry)

তারে নারে—var of তাইরে-নাইরে

তার্কিক—(1) *a* versed in or fond of argumentation or logic, (*loos*) sophistical (2) *n* a logician, one who is versed in or fond of argumentation, (*loos*) a sophist

তার্পিন—*n* turpentine, terebinth.

তাল১—var of টাল২

তাল২—*n.* a push or impact, pressure, weight, unexpected difficulty or danger (তাল সামলান) তাল সামলান—*v* to bear the weight or stand the impact of

তাল৩—*n* a span or its measure (সপ্ততাল = measuring seven spans)

তাল৪—*n* an imaginary goblin (তালবেতাল)

desert, to relinquish, to quit, to renounce, to leave out, to omit

পরিত্যাজ্য—*a* fit to be given up or left off or abandoned or deserted or relinquished or quitted or renounced or omitted *fem* পরিত্যাজ্যা

পরিত্রাণ—*n* rescue, deliverance, (theol.) salvation, liberation, relief, exemption, riddance পরিত্রাণ করা—*v* to rescue, to deliver, (esp in theol) to save, to liberate, to relieve পরিত্রাণ দেওয়া—*v* to liberate, to relieve, to exempt. পরিত্রাণ পাওয়া—*v* to be rescued, (esp in theol) to be saved, to be liberated or relieved or exempted, to get rid of

পরিত্রাতা—*n* a rescuer, a deliverer, (esp in theol) a saviour, a liberator; a reliever

পরিত্রাহি—*v* (*imperat*) rescue, deliver, save, relieve

পরিদর্শ—see পরিদর্শন

পরিদর্শক—*n* an observer, an inspector, a supervisor, a probation officer (as of juvenile offenders)

পরিদর্শন, পরিদর্শ—*n* (careful) observation, inspection, supervision পরিদর্শন করা—*v* to observe (esp carefully), to inspect, to supervise পরিদর্শ-করণিক—*n* an inspection clerk.

পরিদর্শী—*a* observing (esp carefully), inspecting, supervising

পরিদৃশ্যমান—*a* visible all around, thoroughly visible, manifest

পরিদৃষ্ট—*a* observed, espied, noticed, inspected, supervised

পরিদেবন, পরিদেবনা—*n* lamentation, wailing, bewailing, repentance.

পরিধান—*n* dress, garment, clothes, act of putting on or wearing পরিধান করা—*v* to put on, to wear. পরিধান-বস্ত্র—*n* garment, clothes

পরিধি—*n* a circumference, a periphery, girth.

পরিধেয়—(1) *a.* fit to be put on or worn (2) *n* clothes, garment

পরিনির্বাণ—*n.* the cessation of individual existence, nirvana, salvation, beatitude

পরিপক্ব—*a* thoroughly ripe, (thoroughly) mature, well experienced, thoroughly habituated or addicted (নেশায় পরিপক্ব), very precocious (পরিপক্ব ছেলে) পরিপক্বতা—*n* thorough ripeness, (thorough) maturity, thorough experience, inveterate habit or addiction, precocity

পরিপত্র—*n* a circular

পরিপন্থী—*a* unfavourable, adverse, opposing, obstructing, hindering, hostile, inimical

পরিপাক—*n* digestion, assimilation পরিপাক করা—*v* to digest, to assimilate পরিপাকযন্ত্র—*n* the digestive organ, the stomach পরিপাকশক্তি—*n* digestive power, power of assimilation

পরিপাটি, পরিপাটী—(1) *n* orderly arrangement, orderliness, skill, (2) *a arranged in an orderly manner*, orderly, skilful, adroit.

পরিপার্শ্ব—*n* surroundings, entourage

পরিপালক—*n* one who brings up, a rearer, an administrator

পরিপালন—*n* act of bringing up or rearing, administration. পরিপালন করা—*v* to bring up, to rear, to administrate

পরিপালিত—*a* brought up, reared, administered

পরিপুষ্ট—*a well-developed, plump, robust and muscular, well-nourished*, carefully brought up *fem* পরিপুষ্টা

পরিপুষ্টতা, পরিপুষ্টি—*n* good development, plumpness, robustness and muscularity, sound nourishment, careful bringing up

পরিপূরক—*a* completing, fulfilling, (chiefly in geom) complementary (পরিপূরক কোণ)

পরিপূরণ—*n* repletion · act of repleting, fulfilment ; completion ; act of complementing পরিপূরণ করা —*v* to replete, to fill up, to fulfil, to complete, to complement

পরিপূরিত, পরিপূর্ণ—*a* replete, teeming, filled up, fulfilled, completed, complemented *fem* পরিপূরিতা, পরিপূর্ণা পরিপূর্ণতা—*n* repleteness, repletion

পরিপূক্ত—*a* saturated পরিপূক্ত করা —*v* to saturate পরিপূক্তি—*n* saturation

পরিপোষক—*a* nourishing, cherishing, supporting ; protecting, protective

পরিপোষণ—*n* nourishment, cherishing, support, protection পরিপোষণ করা—*v* to nourish, to cherish, to support, to protect.

পরিপ্রেক্ষিত—*n* perspective

পরিপ্লব—*n* flooding, flood, submersion, inundation, drenching

পরিপ্লুত—*a* flooded, submerged, inundated, drenched, saturated, *fem* পরিপ্লুতা পরিপ্লুত করা—*v* to flood, to submerge, to inundate, to drench, to saturate

পরিবর্জন—*n* complete abandonment or avoidance or casting off or giving up or renouncement or rejection

পরিবর্জিত—*a* completely abandoned or avoided or cast off or given up or renounced or rejected

পরিবর্ত—*n* exchange, barter, a substitute. পরিবর্তক—*a* & *n* one who or that which exchanges or barters or changes or alters or modifies or transforms or effects a change in circumstances or metamorphoses or converts or rotates or recedes or returns পরিবর্তন—*n* exchange, barter, change, alteration, modification, transformation, a change in circumstances, metamorphosis, conversion, rotation, recession, return পরিবর্তন করা—*v* to exchange, to barter, to change, to alter, to modify, to transform, to effect a change in circumstances, to metamorphose, to convert, to rotate, to recede, to return পরিবর্তনশীল —*a* changeful, full of vicissitude or variety, metamorphic পরিবর্তনীয় —*a* exchangeable, that which can be or is to be bartered, changeable alterable, modifiable, transformable, capable of suffering a change in circumstances, metamorphic, convertible পরিবর্তিত—*a* exchanged, bartered, changed, altered, modified transformed, metamorphosed, converted, rotated, returned পরিবর্তী —*a* changeful, (sc) alternating পরিবর্তী মোক্ষণ—oscillatory discharge

পরিবর্ধক—*a* & *n* one who or that which develops or improves or extends or magnifies or enlarges or amplifies পরিবর্ধক কাচ—a magnifying glass

পরিবর্ধন—*n* development, improvement, magnification, enlargement, amplification

পরিবর্ধিত—*a* developed, magnified, enlarged, amplified

পরিবলন—*n* (bot) circumnutation

পরিবহণ, পরিবহন—*n* transportation, transport, conveyance, (esp in elec.) conduction পরিবহণ করা, পরিবহন করা—*v*. to transport, to convey, to conduct.

পরিবাদ—*n* (obs) disrepute, reproach, blame, slander পরিবাদক, পরিবাদী—*a* reproaching, blaming পরিবাদিনী—(1) *a fem* of পরিবাদী, (2) *n* a seven-stringed musical instrument, a heptachord

পরিবার—*n* a family, a family circle, a wife পরিবার-পরিকল্পনা—*n* family-planning.

পরিবাহক্ষেত্র—*n* (geog) a basin, a catchment

পরিবাহণ—*n* conduction

পরিবাহিত—*a* conducted

পরিবাহিতা—(1) *a fem* of পরিবাহিত (2) *n* conductivity

পরিবাহী—(1) *a* conducting (2) *n* a conductor.

পরিবৃত—*a* completely surrounded, encircled, beset, completely covered or overcast পরিবৃতি—*n* encirclement, besetment, thorough covering or overcasting

পরিবৃত্ত—*n* (geom) a circumcircle

পরিবৃত্তি—*n* alteration, change, transition, exchange, barter পরিবৃত্তি-কাল—*n* (phys) transition period

পরিবেত্তা—*n* a younger brother who marries whilst his elder is still unmarried

পরিবেদন—*n* act of getting married whilst one's elder brother is still unmarried

পরিবেদনা—*n* great pain or pang or affliction or distress

পরিবেশ, (rare) পরিবেষ—*n* (rare) circumference, periphery, a circle, surroundings, environment, entourage, (inc but pop) circumstance

পরিবেশক, পরিবেষক—*n* a distributor, a dealer, one who serves food at table

পরিবেশন, পরিবেষণ,—*n* distribution, act of dealing out, act of serving food at table পরিবেশন করা, পরিবেষণ করা—*v* to distribute, to deal out, to serve (food at table)

পরিবেষ্টক—*a* one who or that which surrounds or goes round or encircles or encloses

পরিবেষ্টন—*n* an enclosure, act of surrounding or going round or enclosing, encirclement, besetment পরিবেষ্টন করা—*v* to surround, to go round, to encircle, to enclose পরিবেষ্টনী—*n* entourage, surroundings, fencing, railings, enclosure

পরিবেষ্টিত—*a* surrounded, encircled, beset, engirt, enclosed *fem* পরিবেষ্টিতা

পরিব্রজ্যা—*n* mendicant or wandering asceticism, pilgrimage

পরিব্রাজক—*n* a traveller, a mendicant or wandering ascetic

পরিব্রাজন—*n* travelling

পরিব্রাজিকা—*fem* of পরিব্রাজক

পরিভব—*n* defeat, discomfiture

পরিভাষা—*n* a technical word or term, technical terminology

পরিভৃতি—*n* emolument, wages, salary

পরিভোগ—*n* thorough enjoyment, sexual intercourse

পরিভ্রমণ—*n* act of going round, rotation, perigrination, travelling, wandering, roaming, strolling, walking পরিভ্রমণ করা—*v* to go round, to rotate, to perigrinate, to travel, to wander, to stroll, to walk

পরিভ্রষ্ট—*a* detached and fallen, shed. পরিভ্রষ্ট হওয়া—*v* to get detached and fall down, to be shed

পরিমণ্ডল—*n* an orbit, a circle, a circumference, (fig) a society or sphere, environment, act of surrounding, encirclement, a globe, any globular object

পরিমণ্ডিত—*a* well-ornamented, well-decorated, endowed

পরিমল—*n* fragrance caused by being anointed (with sandal-paste etc), fragrance, perfume, sweet scent, (inc) nectar of flowers ('পরিমল-লোভে অলি আসিয়া জুটিল')

পরিমাণ—*n* measure, weight, amount, quantity, number, degree, extent পরিমাণ করা—*n* to measure, to weigh, (rare) to count, to survey (as land), to assess (as importance) পরিমাণে হওয়া—*v* to measure, to weigh, to be adequate in proportion to পরিমাণফল—*n* result of measurement or counting, (arith) area-measure, square-measure

পরিমাত্রা—*n* (mech) intensity.

পরিমাপ—*n* measurement, weighing, counting, (fig) assessment (জ্ঞানের পরিমাপ), measure, weight, amount, quantity, number, degree, land-measure, survey পরিমাপ করা—same as পরিমাণ করা (see পরিমাণ) পরিমাপক—(1) *a* measuring, weighing, counting, surveying, assessing, (2) *n* a measurer, a weigher, a counter, a surveyor (of land), an assessor, a measuring or weighing or counting or surveying machine পরিমাপন—*n* act of measuring or weighing or counting or surveying (as land) or (fig) assessing

পরিমার্জন—*n* scouring or cleansing, refining or chastening

পরিমার্জিত—*a* scoured, cleansed, refined, chastened পরিমার্জিত করা—*v* to scour, to cleanse, to refine, to chasten

পরিমিত—*a* moderate, temperate, abstemious, measuring or amounting (চারিহস্তপরিমিত), measured, mensurated, (rare) sufficient, adequate

পরিমিতি—*n* measurement, measure, (math.) mensuration

পরিমেয়—*a* measurable, finite

পরিমেল—*n* an association পরিমেল-নিয়মাবলী—*n* articles of association পরিমেলবন্ধ—*n* a memorandum of association

পরিম্লান—*a* very pale or glum or sombre

পরিযাণ—*n* traffic, migration পরিযাণ-নির্বাহক, পরিযাণ-ব্যবস্থাপক—*n* a traffic manager

পরিযায়ী—*a* trafficking, itinerant, migratory

পরিরক্ষণ—*n* preservation, protection, guarding, careful custody or guardianship

পরিরক্ষিত—*a* preserved, protected, guarded, kept under careful custody or guardianship

পরিরম্ভ, পরিরম্ভণ—*n* close embrace, sexual intercourse.

পরিলক্ষিত—*a* noticed

পরিলিখিত—*a* (geom) circumscribed

পরিলেখ—*n*. an outline, an outline sketch

পরিশিষ্ট—(1) *a* remaining (2) *n*. an appendix (as of a book)

পরিশীলন—*n* practice, study, cultivation, an embrace, anointment.

পরিশীলিত—*a* practised, studied, cultivated, embraced, anointed

পরিশুদ্ধ—*a* meticulously refined or purified or sanctified পরিশুদ্ধ করা *v* to refine or purify or sanctify meticulously পরিশুদ্ধি—*n* meticulous refinement or purity or sanctity

পরিশুষ্ক—*a* very dry, pale, shrivelled

পরিশেষ—*n* remainder, end, the last stage, conclusion, the concluding part পরিশেষে—*adv* at last, in the end, finally, ultimately, in the long run

পরিশোধ—*n* repayment (as of a debt), (fig) revenge or retaliation পরিশোধ করা—*v* to repay, to pay back, (fig) to avenge or retaliate.

পরিশোধন—*n* meticulous refinement or purification or sanctification

পরিশোধ্য—*a* that which is to be or can be repaid, outstanding or repayable

পরিশ্রম—*n* labour, toil, diligence, industry, effort, endeavour পরিশ্রম করা—*v* to work hard, to labour, to toil, to work diligently, to endeavour পরিশ্রমী—*a* hardworking, laborious, diligent, industrious

পরিশ্রান্ত—*a* fatigued, exhausted, tired, wearied পরিশ্রান্তি—*n* fatigue, exhaustion, tiredness, weariness

পরিষৎ, পরিষদ্—*n* an association, an assembly, a society, a council, (pol) a legislative council ব্যবস্থা-পরিষদ্—*n* a legislative council পরিষৎপাল—*n* (pol) the chairman of a legislative council পরিষৎ-সচিব—*n* a parliamentary secretary

পরিষেবক—*n* a sicknurse, a nurse

পরিষেবা—*n* care of the sick, nursing

পরিষেবিকা—*fem* of পরিষেবক

পরিষ্করণ—*n* cleansing or refining.

পরিষ্কার—(1) *n* cleanliness, tidiness, neatness, clarity (as of water) (2) *a* clean, cleansed, clear, tidy, spruce, neat, orderly (পরিষ্কার কাজ), legible (পরিষ্কার লেখা), clear-cut, outspoken, unambiguous, unequivocal (পরিষ্কার কথা), beautiful, bright, fair (পরিষ্কার রঙ বা আলো বা আবহাওয়া), cloudless (পরিষ্কার আকাশ), free from angularity, frank (পরিষ্কার মন), intelligent, free from confusion (পরিষ্কার মাথা), free from morbidity, healthy, whole (পরিষ্কার বুক), musical, sweet (পরিষ্কার গলা), keen (পরিষ্কার দৃষ্টি) পরিষ্কার করা—*v* to cleanse, to clean, to clear, to tidy, to free from morbidity or angularity, to wash (কাপড় পরিষ্কার করা) পরিষ্কারক—(1) *a* cleansing, (2) *n* a cleaner, a cleansing agent.

পরিষ্কৃত—*a* cleansed, cleaned, cleared, tidied, refined, washed (পরিষ্কৃত বস্ত্র)

পরিসংখ্যা—*n* especially enumerated or tabulated number, statistics পরিসংখ্যাত—*a.* especially enumerated or tabulated, statistical পরিসংখ্যান—*n* statistics.

পরিসমাপ্ত—*a* ended, finished, concluded, completed পরিসমাপ্তি—*n* end, termination, conclusion, completion

পরিসম্পৎ—*n* assets

পরিসর—*n* extent, area, limit, boundary, end, width, breadth

পরিসাজ—*n* get-up (as of a book)

পরিসীমা—*n* limit, bounds, perimeter, end

পরিস্থিতি—*n.* circumstances, situation

পরিস্ফুট—*a* clearly revealed or expressed, well-developed, manifest, obvious, blossomed, blooming

পরিস্ফুরণ—*n* vibration, effervescence, manifestation

পরিস্রব—*n* (biol) placenta

পরিস্রাবণ, পরিস্রুতি—*n* filtration পরিস্রুত—*a* filtered

পরিহরণ—same as পরিহার পরিহরণীয়—same as পরিহার্য

পরিহরা—poet form of পরিহার করা

পরিহর্তব্য—same as পরিহার্য

পরিহসনীয়—*a* laughable, ridiculous, fit to be derided or mocked

পরিহার—*n* act of giving up, desistance, abandonment, avoidance, act of casting off, neglect, disregard, slight পরিহার করা—*v* to give up, to desist, to abandon, to avoid, to shun, to cast off, to neglect, to disregard, to slight

পরিহার্য—*a* avoidable

পরিহাস—*n* a joke, a jest, ridicule, mockery, derision পরিহাস করা—*v* to poke fun at, to joke, to ridicule, to mock, to deride পরিহাসচ্ছলে, পরিহাসভরে—*adv.* jokingly. পরিহাসপ্রিয়—*a* given to jesting, jestful, witty, fond of joking

পরিহিত—*a* clothed, clad, dressed, wearing, that which is put on or worn (পরিহিত পোশাক) *fem* পরিহিতা

পরী—*n. fem* a (winged) fairy

পরীক্ষক—*n* a tester, an examiner, a trier, an investigator, an experimenter, a foreteller, a diviner, a reader ভাগ্যপরীক্ষক—*n* a fortune-teller, a soldier of fortune, an adventurer

পরীক্ষণ—*n* act of testing or examining or trying or investigating or foretelling or divining or reading পরীক্ষণীয়—*a* that which or one who is to be tested or examined or tried or investigated or experimented or divined or read, examinable.

পরীক্ষা—*n* a test, an examination, a trial, an ordeal (অগ্নিপরীক্ষা), a cross-examination (সাক্ষীকে পরীক্ষা), an investigation, an experiment, foretelling, divination, reading (হস্তরেখা পরীক্ষা), অদৃষ্ট-পরীক্ষা—*n* fortune-telling, act of seeking fortune পরীক্ষা করা—*v* to test to examine, to try, to test by an ordeal, to cross-examine, to investigate, to experiment, to divine, to read পরীক্ষা দেওয়া—*v* to appear at an examination, to undergo a trial, to submit to an ordeal পরীক্ষা লওয়া—*v* to examine, to test, to hold an examination, to test by an examination পরীক্ষায় টেকা—*v.* to stand a test. পরীক্ষাগার, পরীক্ষাগৃহ, পরীক্ষাভবন, পরীক্ষামন্দির, পরীক্ষালয়, পরীক্ষাশালা—*n* an examination-hall, a laboratory পরীক্ষাধীন—*a* subject to or under examination or trial or test or investigation or experiment পরীক্ষার্থী—(1) *a* appearing at an examination, (2) *n* an examinee *fem* পরীক্ষার্থিনী

পরীক্ষিত—*a* tested, examined, tried, investigated, experimented

পরীক্ষোত্তীর্ণ—*a* passed at an examination, successful in an examination, one who has come through a test or ordeal successfully, found suitable or good on trial or test. *fem.* পরীক্ষোত্তীর্ণা পরীক্ষোত্তীর্ণ হওয়া—*v* to come through or pass an examination or ordeal, to stand a test or ordeal, to be found suitable or good on test or trial

পরুষ—*a* harsh, rough, rude, haughty, arrogant, cruel (পরুষ বচন) পরুষতা, পরুষত্ব—*n.* harshness, rudeness, haughtiness, arrogance, cruelty

পরে—*adv.* & *prep* after, afterwards (সে পরে আসছে), thereafter, then (পরে সেখানে গেলাম), in future (পরে কি হয় বলা যায় না), after the occurrence of, after that (ট্রেন ছাড়ার পরে স্টেশনে পৌঁছলাম), at the back of (রামের পর শ্যাম যাচ্ছে), below (আমার নামের পরেই তার নাম), born later (এই ভাইটি আমার পরে)

পরেশ—*n* God

পরেশনাথ—coll corrup of পার্শ্বনাথ

পরোক্ষ—*a* imperceptible or unseen but known or true, not known directly, circumstantial (পরোক্ষ প্রমাণ), indirect (পরোক্ষ উক্তি), roundabout (পরোক্ষভাবে)

পরোটা—alt spell of পরটা

পরোপকার—*n* the good of others, philanthropy, benevolence, (loos but pop) public welfare পরোপকার করা—*v* to do good to others পরোপকারক, পরোপকারী—*a* doing good to others, philanthropic, benevolent *fem* পরোপকারিণী পরোপকারিতা—*n* act of doing good to others, philanthropy, benevolence

পরোপজীবী, পরোপজীব্য—*a* living on another, depending or hanging on another for subsistence, parasitic

পরোয়া—*n* heedfulness, care (উপদেশের পরোয়া), fear, daunt concern, anxiety পরোয়া করা—*v* to pay heed to, (esp in neg) to care, to be afraid of, *to fear*, *to be concerned* or anxious about কুছ পরোয়া নেই—no fear, no matter

পরোয়ানা—alt spell of পরওয়ানা

পর্কটি, পর্কটী—*n.* a kind of fig-tree

পর্চা—alt spell of পরচা

পর্জন্য—*n* thunder-cloud, nimbus, Indra (ইন্দ্র) the thunder-god

পর্ণ—*n* a tree-leaf, a leaf (পর্ণকুটির), betel-leaf (পর্ণকারী), a feather, a plume (সুপর্ণ) পর্ণকারী—*n* a grower of betel-leaves (by trade or caste) পর্ণকুটির—*n* a hut thatched with tree-leaves, (loos) a hut পর্ণভোজী—*a* feeding on tree-leaves, (loos) graminivorous পর্ণমোচী—*a* (bot) deciduous পর্ণশয্যা—*n* a bed made of tree-leaves, (loos) a pallet. পর্ণশালা same as পর্ণকুটির. পর্ণী—(1) *a* leafed, leaved, leafy, (2) *n* a tree

পর্দা—alt spell of পরদা

পর্পটী—*n* an Ayurvedic (আয়ুর্বেদীয়) drug

পর্ব—*n* a holy-day, a holiday, a fiesta, a feast, a festival, a tide, a knuckle, a joint (as of a finger); (bot) a node, (of books) a canto, a chapter

পর্বত—*n* a mountain, a hill, a rock, a hillock, a mount পর্বতকন্দর—*n* a mountain-cave, a cave, a cavern পর্বতচূড়া—*n* a peak (of a mountain), a hill-top পর্বতপার্শ্ব—*n* mountain-side, hillside পর্বতপ্রমাণ—*a* mountain-high, mountainous, huge পর্বতবাসী—(1) *a* living on hills or mountain, highland, (2) *n* a hillman, a highlander *fem* পর্বতবাসিনী পর্বতশিখর, পর্বতশৃঙ্গ—same as পর্বতচূড়া পর্বতশ্রেণী—*n* a mountain-range পর্বতাকার—*a* looking like a mountain, *mountainous, huge* পর্বতীয়—*a* of or grown in or living on mountains or hills, mountainous, highland

পর্বদিন—*n* a holy-day, a holiday, a day of feast or festival, a fiesta, a feast, a festival

পর্বমধ্য—*n* (bot) an internode

পর্বাস্ফোট—*n* act of snapping, a knuckle or knuckles of one's finger(s)

পর্বাহ—same as পর্বদিন

পর্যঙ্ক, পর্যংক—*n* a costly bedstead or cot, a couch, a divan, (geog) a basin (of a river)

পর্যটক—*n* a traveller, a perigrinator, a tourist

পর্যটন—*n* (wide) travel, perigrination, tour পর্যটন করা—*v* to travel (widely), to perigrinate, to tour

পর্যন্ত—(1) *n* limit, end, extremity. (2) *prep* to (মাথা থেকে পা পর্যন্ত), up to (এই সীমা পর্যন্ত), till or until (ট্রেন আসা পর্যন্ত, বৃষ্টি না থামা পর্যন্ত) (3) *adv* too, also, even (তিনি পর্যন্ত বিশ্বাসঘাতক)

পর্যবসান—*n* end, close, termination, conclusion, result, reduction পর্যবসান হওয়া—*v.* to end, to terminate, to conclude, to result in, to be reduced to

পর্যবসিত—*a* ended, terminated, concluded, resolved (into), reduced (to), resulting in

পর্যবেক্ষক—(1) *a* watching, observing (2) *n* a watcher, an observer

পর্যবেক্ষণ—*n* watching, observation পর্যবেক্ষণ করা—*v* to watch, to observe পর্যবেক্ষণিকা—*n* an observatory, a watch-tower

পর্যবেক্ষিত—*a* watched, observed.

পর্যসন—*n* removal, act of throwing all round, scattering

পর্যস্ত—*a* removed, thrown all round, scattered, turned upside down, overturned, reversed

পর্যাটক—var of পর্যটক

পর্যাণ—*n* a saddle; a panel, a caparison.

পর্যাপ্ত—*a* ample, abundant; sufficient, adequate, enough, moderate, temperate, capable, competent. পর্যাপ্তি—*n* amplitude, abundance, plenty, sufficiency, adequacy; moderateness, moderation, temperance, capability, competence, competency

পর্যাবৃত্ত—*a* periodic. পর্যাবৃত্তি—*n.* periodicity

পর্যায়—*n* a turn, serial order, succession; state, condition, shape, form, series (নবপর্যায়), a generation (আদিপুরুষ থেকে সাতাশের পর্যায়), a synonym (usu পর্যায়শব্দ), (chiefly in sc.) a period (usu পর্যায়কাল) পর্যায়ক্রমে—*adv* by turns, serially; successively, alternately পর্যায়সম—*a* rhyming alternately পর্যায়সারণী—*n* (phys) a periodic table

পর্যালোচন, পর্যালোচনা—*n* thorough discussion or study or review পর্যালোচনা করা—*v* to discuss or study or review thoroughly

পর্যালোচিত—*a* thoroughly discussed or studied or reviewed

পর্যাস—*n* topsyturvy; upset, reverse, a great change, a revolution

পর্যুদস্ত—*a* utterly defeated, routed, crushed, completely baffled, prevented or repulsed, totally forbidden, foiled, marred পর্যুদস্ত করা—*v* to defeat utterly, to rout, to crush, to baffle completely, to prevent or repulse, to forbid totally, to foil, to mar

পর্যুদাস—*n* utter defeat, rout, crush, complete frustration, prevention or repulse

পর্যুষিত—*a* stale (পর্যুষিত অন্ন)

পর্যেষণ, পর্যেষণা—*n* search, investigation, research.

পর্শু—rej spell of পরশু

পর্শুকা—*n* a rib, a vertebra.

পর্ষৎ, পর্ষদ্—*n* a council, a board

পল১—*n* a measure of time (=24 seconds), a moment, a while, a

very short time, a measure of weight (=8 তোলা)

পল$_{২}$—*n* a bevel (পল-তোলা)

পলক—*n* a wink or blink (of eyes), a very short time, an instant, a moment, an eyelid পলক পড়া—*v* (of eyes) to close, to wink, to blink পলক ফেলা —*v* to wink, to blink. পলকপাত—*n* closing of eyelids পলকমধ্যে—*adv* in an instant, instantly পলকশূন্য পলকহীন—*a* (of eyes) unwinking, unblinking, (of sight or look) steadfast, fixed পলকে পলকে—every moment, in very quick succession

পলকা—*a* brittle, fragile, frail, delicate, unsubstantial

পলটন—*n* an armed force, a platoon

পল্টি—*v* (*imperf*) turning back.

পলতা—*n* the creeper bearing পটল (this is used as a bitter pot-herb)

পলতে—coll corrup of পলিতা

পল-তোলা—*a* bevelled

পলল—*n* meat, silt, slime, alluvium পলল-ভূমি—*n* alluvial soil

পলস্তারা—*n* a plaster (esp one composed of slaked lime, sand and hair, and used for coating walls etc.) পলস্তারা দেওয়া বা লাগান—*v* to plaster

পলা$_{১}$—*n.* coral.

পলা$_{২}$—*n.* a kind of tiny ladle or spoon

পলাণ্ডু—*n* onion

পলাতক—(1) *a* fugitive, fleeing, absconding (2) *n* a fugitive, an absconder *fem* পলাতকা

পলান—(1) *v* to flee, to run away, to take to one's heels, to make off, to steal away, to decamp, to abscond, to go in hiding, to escape. (2) *a* fled or fleeing, fugitive, absconding, escaped.

পলান্ন—*n* a highly spiced dish of rice and meat boiled in clarified butter, pilau

পলায়ন—*n* act of running away or fleeing, flight, escape পলায়ন করা—*v.* same as পলান (v) পলায়নপর—*a* fleeing, fugitive, absconding, escaping পলায়নোদ্যত—*a* attempting to flee or escape

পলায়মান—*a* fleeing, fugitive, absconding, escaping *fem* পলায়মানা

পলায়িত—*a* fled, absconded, escaped *fem* পলায়িতা

পলাশ—*n* a kind of beautiful red flower having no fragrance or its tree, the dhak, the palas, the Bengal kino

পলি—*n* silt, alluvium পলি পড়া—*v* to collect alluvial deposit, to silt পলি-পড়া—*a* silted up

পলিজ—*a* alluvial

পলিত—(1) *n* grey-hairedness, grey-headedness, greyness, grey (2) *a* grey, aged, old পলিতকেশ—*a* grey-haired, old, aged

পলিতা—*n* a wick (of a lamp) পলিতা ধরা—*v* (of a lamp or wick) to be ignited or lighted, (fig) to be excited or activized

পলি-পড়া—see পলি

পলীম—*n* protein

পলু—*n* a species of silk-worm living on the mulberry tree

পলেস্তারা—var of পলস্তারা

পলো—*n* a pail-shaped wicker-basket for catching fish

পল্টন—alt. spell of পলটন

পল্বল—*n* any small pool of water (esp a shallow one)

পল্যঙ্ক—same as পর্যঙ্ক

পল্যয়ন—*n* a saddle, a caparison, a panel, a pack-saddle

পল্লব—*n* a leaf (বৃক্ষপল্লব, নবপল্লব); a lid (অক্ষিপল্লব), a new tree-leaf, the forepart of a young shoot or sprout bearing new leaves (আম্রপল্লব) পল্লবগ্রাহিতা—*n* dilettantism; eclecticism, smattering acquaintance পল্লবগ্রাহী—*a* dilettantish, smattering পল্লবগ্রাহী লোক—a dilettante (*pl* dilettanti), a smatterer পল্লবিত—*a* containing leaves, leafy, full of new leaves, sprouted, detailed, exhausted, exaggerated (পল্লবিত বর্ণনা).

পল্লী, পল্লি—*n* a small area of human habitation containing a cluster of houses, a locality (গোপপল্লী), a hamlet, a village, a municipal division, a ward পল্লী-অঞ্চল—*n* a rural area, countryside পল্লী-উন্নয়ন—*n* village development, rural uplift পল্লীগ্রাম—*n* a village পল্লীজীবন—*n* rural life, country-life পল্লীনৃত্য—*n* a country-dance. পল্লীবধূ—*n* a country-woman, a country-wife পল্লীবালা, পল্লীবালিকা—*n.* a country-girl, a country-maid পল্লীবাস—*n* a village home, a country residence, act of living in a country পল্লীবাসী—(1) *a* living in a country, rural, (dero) rustic, (2) *n.* a countryman (*fem* a country-woman), a villager, (dero) a rustic *fem* পল্লীবাসিনী পল্লীবাসী জমিদার—a country gentleman পল্লীবাসী জমিদারের ভবন—a country-house, a country-seat. পল্লীভবন—*n* a village home, a country residence a country-house, a country seat. পল্লীসংগঠন—*n* rural organization, rural development পল্লীসংস্কার—*n* rural reconstruction, village upliftment. পল্লীসমিতি—*n* a village society

পশতু, পশতো—*n* Pushtu, Pashtu, Pushtoo, Pushto, Pashto

পশম—*n.* wool, fur পশম পরিষ্কার করা—to card or comb wool পশমিনা—*n* a kind of woollen cloth পশমী—*a.* woollen; made of fur

পশরা—alt spell. of পসরা.

পশলা—alt spell of পসলা

পশা—*v.* (poet.) to enter, to penetrate

পশার, পশারা, পশারী—alt spell's of পসার, পসারা, and পসারী respectively

পশু—*n* a quadruped animal, a beast, a brute, a beastly or brutal man, an attendant of Shiva (শিব) গবাদি পশু—cattle গৃহপালিত পশু—a domestic animal, (*pl*) live-stock বলির পশু—a sacrificial beast. ভারবাহী পশু—a beast of burden শিকারী পশু—a beast of prey শিকারের পশু—a game পশুচর্ম—*n* animal skin, hide, pelt পশুচারণ—*n* act of grazing cattle, grazing পশুচারণ করা—*v* to graze or feed cattle. পশুচারণ-ক্ষেত্র—*n* a pasturage, a grazing-field পশুত্ব—*n.* animality, beastliness, brutality পশুধর্ম—*n* bestiality, sexual intercourse, copulation পশুধর্মা—*a* bestial, brutal: given much to sexual intercourse or copulation. পশুপতি—*n* Shiva (শিব) পশুপাল—*a* herd or flock of animals or live-stock পশুপাল, পশুপালক—*n* a herdsman, a cowherd, a shepherd, a goatherd পশুপালন—*n* act of rearing and tending and raising live-stock পশুপালনবিশারদ—*n* a live-stock expert. পশুবৎ—*a* beast-like, beastly, bestial, brutal পশুবৎ আচরণ—bestiality, brutality পশুরাজ—*n* the king of beasts the lion পশুলোম—*n* wool, fur পশুশক্তি—*n* brute force পশুশালা—*n* a zoological garden, a zoo, a cattle-shed, a stable পশুশিকার—*n* game-

hunting, hunting পশুশিকারী—*n* a game-hunter, a hunter (*fem* a huntress) পশুসুলভ—same as পশুবৎ

পশ্বুরি—alt. spell of পস্বুরি

পশ্চাৎ—(1) *adv* & *prep* after, at or to the back of (পশ্চাৎ আসিতেছে) (2) *adv* afterwards, later (পশ্চাৎ বলা), in or to the west. (3) *a* living at the back, reverse (পশ্চাৎ দিক). (4) *n* the back, the backside, the rear, the future

পশ্চাত্তাপ—*n* repentance

পশ্চাৎপদ—*a* retreated, withdrawn, turned back, lagging behind পশ্চাৎপদ হওয়া—*v* to retreat, to withdraw, to turn back, to lag behind

পশ্চাদনুসরণ—*n* act of following, pursuit পশ্চাদনুসরণ করা—*v* to follow, to pursue পশ্চাদনুসরণকারী—(1) *a* following, pursuing, (2) *n* a follower, a pursuer. *fem* পশ্চাদনুসরণকারিণী

পশ্চাদ্গমন—*n* act of going after, act of following পশ্চাদ্গমন করা—*v* to go after, to follow

পশ্চাদ্গামী—*a* following, going after, (rare) returning, receding পশ্চাদ্গামী হওয়া—*v* to go after, to follow, (rare) to return, to recede

পশ্চাদ্ধাবন—*n* act of running after, act of chasing পশ্চাদ্ধাবন করা—*v* to run after, to chase

পশ্চাদ্ধাবিত—*a* running after, chasing

পশ্চাদ্বর্তী—*a* lying behind or at the back, lagging behind, following, turned back পশ্চাদ্বর্তী হওয়া—*v* to lie behind or at the back, to lag behind, to follow, to turn back

পশ্চাদ্ভাগ—*n* the backside, the rear, the back

পশ্চাদ্ভূমি—*n* the rear, the background, the hinterland

পশ্চার্ধ—*n* the lower half of the human body, the lower half, the latter half, the other half

পশ্চিম—(1) *n* the west, the Occident, the western world, the western hemisphere (2) *a* final, last, ultimate, subsequent, western. পশ্চিমদেশীয়—*a* of a western country, up-country পশ্চিমবঙ্গ—*n* West Bengal পশ্চিমবায়ুপ্রবাহ—*n* westerly winds, the west wind পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ—*n* the West Indies পশ্চিমা—(1) *a* of the west, western (পশ্চিমা বাতাস), up-country (পশ্চিমা লোক), (2) *n* an up-country man পশ্চিমাঞ্চল—*n* the western part or region পশ্চিমাস্য—*a* facing westward পশ্চিমী—*a* western, Occidental

পশ্বাচার—*n* a form of asceticism characterized by self-restraint, continence and abstinence from drinking wine and eating meat, beastly conduct, brutality পশ্বাচারী—*a* practising the aforesaid form of asceticism, bestial, brutal.

পশ্বাধম—*a* even worse than a beast or brute (পশ্বাধম ব্যক্তি)

পষ্ট, পষ্টাপষ্টি—coll. corrup 's of স্পষ্ট and স্পষ্টাস্পষ্টি respectively.

পসম্দ—var of পছন্দ

পসরা—*n* a load or heap of articles of traffic, wares, merchandise (পসরা সাজান), a basket containing articles of traffic (পসরা মাথায় করা), a load, a heap, a basket (কলঙ্কের পসরা), an article of traffic, a commodity

পসলা—*n* a short spell of fall (as of rain), a shower.

পসার১—*n* a market-place, a bazaar, a shop, articles of traffic, wares (দোকানপসার)

পসার২—*n* a professional man's

business, practice, good practice (এই উকিলটির পসার আছে), good reputation, fame (গায়কমণ্ডলীতে পসার করা;

পসারা—*v* (poet) to stretch out, to extend (বাহু পসারিয়া)

পসারী, পসারি—*n* a shopkeeper, a seller, a dealer, a pedlar *fem* পসারিণী

পসুরি, পসুরী—*n* a measure of weight (=5 seers)

পস্তান—*v* to repent or rue or regret পস্তানি—*n* repentance, regret

পস্তু—alt spell of পশতু

পহর—coll corrup. of প্রহর

পহিল—*a* (obs & poet) first, early, young পহিলহি—*adv* at first

পহেলা—(1) *n* the first day of a month, the first. (2) *a* (esp of days of a month) first (পহেলা আষাঢ়, পহেলা নম্বর), best (পহেলা ছাত্র) (3) *adv* at first, first.

পহ্লব—*n* an ancient race of India of Iranian origin, Pallavas পহ্লবী—(1) *a* of Pallavas, the language of Pallavas (cp Pehlevi)

পা১—*n* (mus) the fifth note of the diatonic scale of C major, G

পা২—*n* a leg, a foot, a paw, a leg of an article of furniture পা চাটা—*v* to toady, to bootlick পা চালান—*v* to quicken one's steps, to kick, (hum) to hoof পা টিপিয়া, পা টিপিয়া টিপিয়া—on tiptoe, stealthily পা দেওয়া—*v* to set foot on, to step in, to come পা ধরা—same as পায়ে ধরা পা ধুতেও না আসা—*v* to avoid visiting or using (a place) out of sheer abomination পা বাড়ান—*v* to step out, to go out, to leave (ঘর থেকে পা বাড়ান), to be on the point of going or setting out or departing; to set out. পায়ে ঠেলা—*v*. to reject or abandon or shun scornfully, to spurn at (হাতের লক্ষ্মী পায়ে ঠেলা) পায়ে ধরা—*v* to solicit or importune or supplicate humbly পায়ে পড়া—*v* to fall at one's feet in supplication পায়ের উপর পা দিয়ে থাকা—*v* to lead a care-free life of ease, comfort and indolence পায়ের পাতা—an instep, a foot. পায়ে রাখা—*v* to treat or favour or shelter graciously পায়ে হাত দেওয়া—*v* to touch one's feet in obeisance পা-চাটা—*a* footlicking, bootlicking পা-চাটা লোক—a footlicker, a bootlicker, a toady পা-পা (করিয়া)—*adv* step by step পায়-পায়, পায়ে-পায়ে—*adv* at every step (পায়-পায় বাধা), (of two or more persons or creatures) having one another's legs tied together, (of a single person or creature) having legs tied together (পায়ে-পায়ে বাঁধা), with slow but steady steps (পায়ে-পায়ে চলে চলা), on the back of, pursuing (সে আমার পায়ে-পায়ে আসছে)

পাই—*n* an obsolete Indian coin (= $\frac{1}{192}$ rupee), a pie

পাইক—*n* a foot soldier, an infantryman, a footman, a guard or messenger armed with a staff and also with other weapons (often a liveried one)

পাইকা—*n* (print) pica

পাইকার, (dial) পাইকেব—*n* a wholesale buyer or trader, a wholesaler, a pedlar পাইকারি, পাইকারী—*a* wholesale (পাইকারী দর) collective (পাইকারী জরিমানা)

পাইখানা—dial corrup of পায়খানা

পাইন—obs var of পান২

পাইপ—*n* a pipe

পাউডার—*n* powder (esp cosmetic powder) পাউডার বোলান, পাউডার মাখা—*v* to dust or daub with powder, to powder পাউডারের কৌটা—a powder-

case, a powder-box পাউডারের তুলি—a powder-puff

পাউণ্ড—*n* a unit of weight (=454 grammes), a unit of money (=20 shillings)

পাউরুটি—*n* bread baked in the European fashion একটা গোটা পাউরুটি—a loaf of bread এক টুকরা পাউরুটি—a piece or slice of bread

পাওন—*n* act of getting or obtaining or receiving or attaining

পাওনা—(1) *a* that which ought to be paid or done to one, due (2) *n* due, money due to one, earnings, income (উপরি পাওনা), assets or outstanding bills (দেনা-পাওনা) পাওনা আদায় করা—*v* to realize what is due, to realize a bill or claim পাওনা দেওয়া, পাওনা মেটান—*v* to pay what is due, to foot the bill পাওনা-গণ্ডা, পাওনা-থোওনা—*n* due, earnings, income পাওনাদার—*n* a creditor

পাওয়া—(1) *v* to get, to receive (চিঠি পাওয়া), to obtain (মুক্তি পাওয়া), to find (চাকরি পাওয়া), to earn or gain (টাকা পাওয়া), to attain, to realize (সিদ্ধি পাওয়া), to come or happen (দেখিতে পাওয়া), to have (দেখা পাওয়া) to be able (শুনিতে পাওয়া), to inherit (বাপের স্বভাব পাওয়া), to feel or to be stricken with (ক্ষুধা পাওয়া), to feel like (কান্না পাওয়া), to enjoy (আরাম পাওয়া), to be possessed by (ভূতে পাওয়া) (2) *a* obtained, earned (পাওয়া জিনিস), possessed by (ভূতে-পাওয়া লোক) পাওয়ান—*v* to cause to get or obtain or find or earn or gain or attain or inherit or be stricken with or feel like or feel or be possessed by.

পাংশন—*a* bringing disgrace, tarnishing (কুলপাংশন)

পাংশু—(1) *n* ashes, dust, stain, stigma, vice, sin (2) *a* livid, pale (পাংশুমুখ) পাংশুবর্ণ—(1) *a* ash-coloured, livid, (2) *n* ash-colour পাংশুল—(1) *a* dusty, dust-ridden, stained, vicious, sinful, libidinous, (2) *n* Shiva (শিব) পাংশুলা—(1) *a fem* of পাংশুল, (2) *n* the earth.

পাঁইজ—obs var of পাঁজ

পাঁইজর—var of পাঁয়জোর

পাঁইট—*n* a measure of capacity, a pint.

পাঁউরুটি—pop corrup of পাউরুটি

পাঁক—*n* slime, silt.

পাঁকাটি—pop corrup of পাকাটি

পাঁকাল—*n* a kind of eel

পাঁকুই—*n* chilblain

পাঁচ—*n* & *a* five পাঁচ কথা—a lot of talking, many and varied topics, harsh words, a talking-to, reproof

পাঁচই—(1) *n* the fifth day of a month, the fifth, (2) *a* of the (days of a month) fifth

পাঁচজন—*n* (lit) five persons, (fig) people at large, others, they

পাঁচড়া—*n* scabies, itches.

পাঁচন—*n* a medicinal decoction prepared by boiling different herbs

পাঁচনবাড়ি—alt spell of পাচনবাড়ি.

পাঁচনর—*n* a five-tiered or five-stringed necklace.

পাঁচনি—alt. spell of পাচনি

পাঁচফোড়ন—*n* cumin-seed, black cumin-seed, fenugreek seed, aniseed and parsley. these five kinds of spices collectively

পাঁচমিশালী—*a* assorted

পাঁচালি, পাঁচালী—*n* a class of Bengali poems (usu. sung in devotion) celebrating the glory of a deity

পাঁচিল—*n* a wall

পাঁচুই—coll corrup of পাঁচই

পাঁজ—*n* a skein or wisp or roll of carded cotton

পাঁজর, পাঁজরা—*n* the ribs, the thorax, a rib-bone, a rib

পাঁজা১—*n.* a brick-kiln, a kiln

পাঁজা২—*n* a bundle, a faggot, a pile, a heap পাঁজা করা—*v* to bundle, to pile, to heap

পাঁজা৩—*n* outspread hands forming a stretcher

পাঁজাকোলা—*a* lifted upon hands outspread in the shape of a stretcher. পাঁজাকোলা করা—*v.* to lift upon hands outspread in the shape of a stretcher

পাঁজি, (rej) পাঁজী—*n* a calendar, an almanac, an ephemeris পাঁজিপুঁথি—*n* ephemerides and scriptures

পাঁট—var of পাঁইট

পাঁঠা—*n* a he-goat, (dero) a dunce, a fool *fem* পাঁঠী

পাঁড়—(1) *a* ripe (পাঁড় শসা), inveterate (পাঁড় মাতাল, পাঁড় বদমাশ) (2) *n.* an inveterate drunkard

পাঁড়ে—*n* the family name of some up-country brahmins

পাঁতি—*n* a row, a line (দাঁতের পাঁতি), a line quoted from scriptures as an authority, a scriptural prescription (পাঁতি দেওয়া), style, manner ('কথার দেখ পাঁতি'), a letter, a note ('রতন হারে বাঁধিয়া দিনু পাঁতি'), information about identity, descriptive particulars (জাতির পাঁতি) পাঁতিপত্র—*n* a solemn marriage-contract drawn up in black and white পাঁতিপত্র করা—*v* to draw up a solemn marriage-contract in black and white

পাঁদাড়—*n* a dump for sweepings, refuse etc at the back of a house

পাঁপর১—*n* a snack made of the dough of pigeon-pea rolled into thin roundish saucer and eaten after frying in oil or singeing

পাঁপর২—*n* (law) a pauper

পাঁয়জোর, (rare) পাঁয়জর—*n* an anklet fitted with small jingling bells (as used by a dancer)

পাঁয়তারা—*n* act of pacing to find an opportunity to attack or grapple (as in wrestling) · act of bragging before commencing to do something, preliminary preparations পাঁয়তারা কষা—*v* to pace up and down to find a suitable moment to attack or grapple, to brag before commencing to do something; to make preliminary preparations

পাঁশ—*n* ashes, a worthless or nonsense thing (ছাইপাঁশ) পাঁশুটে—*a* ash-coloured, livid, pale

পাক১—a (Mus.) sacred, holy

পাক২—*n* cooking, act of condensing by heat (সন্দেশের পাক), digestion (পাকস্থলী), consequence (বিপাক), greyness (চুলে পাক ধরা) পাক করা—*v* to cook পাক ধরা—*v* to begin to be condensed by heat, to begin to turn grey পাকক্রিয়া—*n* (function or act of) digestion পাকতৈল—*n* a medicinal oil পাকপাত্র—same as পাকস্থালী পাকমণ্ড—*n* chyme পাকযন্ত্র—*n* the digestive organ, the stomach পাকযন্ত্র-প্রদাহ—*n* inflammation of the stomach, gastritis পাকশালা—*n* a kitchen, a cookhouse পাকস্থলী—*n* the stomach পাকস্থালী—*n* a cooking pot or utensil পাকস্পর্শ—*n* the ceremony of serving out food for the first time by a bride to her husband's kinsfolk

পাক৩—*n* a mythological demon. পাকশাসন—*n* Indra (ইন্দ্র), the slayer of Pak (পাক) the demon

পাক৪—*n.* act of going round or winding, circumambulation, revolution, convolution, circular movement, rotation, a coil or ring (জিলাপির পাক), a twirl or spin, a providential or chance occurrence (পাকেচক্রে), an intrigue, a conspiracy, a plot, a tangle **পাক খাওয়া**—*v* to go round, to have a walk, to wind, to circumambulate, to revolve, to convolve, to rotate, to twirl, to spin, to twine, to ravel **পাক খোলা** —*v* to unravel **পাক দেওয়া**—*v* to go round, to have a walk, to twist, to spin, to ravel **পাক পড়া, পাক লাগা** —*v.* to become twisted, to become twisted confusedly, to ravel **পাক লাগান**—same as **পাক দেওয়া** **পাকে পড়া** —*v* to be entangled, to be caught in an intrigue, to get into difficulty **পাকে ফেলা**—*v* to catch in an intrigue, to drive into difficulty **পাকদণ্ডী** —*n* a circuitous or spiral route that leads to the top of a mountain

পাকড়—*n* arrest, seizure (ধরপাকড়)

পাকড়াও—(I) *n.* seizure, arrest, act of catching with importunity (চাকরির জন্য মন্ত্রীকে পাকড়াও), (2) *v imperat* arrest, seize, catch **পাকড়ান**—*v* to catch, to seize, to arrest.

পাকন—*n* ripening or maturing, (dero) act of being seasoned or experienced, (dero) act of being precocious or depraved, (of hair etc) act of turning grey

পাকলান১—dial corrup of **পাখলান**

পাকলান২—*v* (poet & obs) to redden ('চক্ষু পাকলিয়া বলে')

পাকসাট—corrup of **পাখসাট**

পাকা—(I) *v* to ripen (ফল পাকা), to attain maturity, to mature (বুদ্ধি পাকা, বয়স পাকা), to turn grey (চুল পাকা), to suppurate (ফোঁড়া পাকা); to become seasoned (হাড় পাকা), to become experienced or skilled (ডাক্তারিতে সে পেকেছে), to be hardened (বদমাশিতে পাকা), to become depraved or spoilt or precocious (ছেলেটা ভারী পেকেছে) (2) *a* ripe, mature; grey, grey-haired (পাকা মাথা), skilled, experienced (পাকা কারিগর), inveterate, hardened (পাকা চোর), downright, thorough (পাকা বদমাশি), precocious, spoilt, depraved, skilful (পাকা হাত), set (পাকা লেখা), durable, fast (পাকা রঙ্), full, nett (পাকা পাঁচ সের), standard (পাকা ওজন), hardened in fire (পাকা ইট), brick-built (পাকা বাড়ি), permanent (পাকা চাকরি), final, settled, fixed (পাকা কথা, পাকা তারিখ), pure, genuine, unalloyed (পাকা সোনা), seasoned (পাকা হাড়, পাকা কাঠ), of a high standard (পাকা রচনা), tanned (পাকা চামড়া), legally or formally drawn up (পাকা দলিল), consisting of pieces of লুচি and sweetmeats (পাকা ফলার), pucka, pukka **পাকা ওজন**—standard weight esp in which one seer (সের) is equal to 80 tolas (তোলা) **পাকা কথা**—final word, a promise or word **পাকা ঘুঁটি কাঁচিয়া যাওয়া**—undoing of an almost complete work **পাকা চামড়া**—leather **পাকা দেখা** —*v* to visit formally a prospective bride's house in order to draw up the marriage-contract in black and white **পাকা দেখা**—*n* a formal visit to a prospective bride's house in order to draw up the marriage-contract in black and white, the final view of a girl by the bridegroom's party

For words in **পাক-**, not given separately, see **পাক**২,৩,৪

before she is accepted in marriage পাকাপাকি—*a* settled, fixed, finalized, sure পাকাপাকি করা—*v* to settle, to fix, to finalize, to make sure পাকা-পোক্ত—*a* permanent, settled, fixed, finalized, hardened by long practice (পাকাপোক্ত লোক), experienced and seasoned, inveterate (পাকাপোক্ত চোর) পাকা বাড়ি—a brick-built house, a building পাকাম—*n* precocity পাকা মাথা—a grey-headed or grey-haired person, an old or aged person, a wise or experienced person পাকা মাথায় সিঁদুর পরা—(for a woman) to have one's husband living even when one becomes hoary-headed পাকামি—*n* precocity পাকা রাস্তা—a metalled road পাকা হাত—a set hand, skilled hand, an old hand, an experienced man, an adept পাকা হিসাব—final accounts.

পাকাটি—*n* a stalk of the jute-plant used as fuel.

পাকাটে—*a* wizened

পাকা-দেখা—see পাকা

পাকান—(1) *v* to twist, to twirl, to ravel, to wring, to writhe (শরীর পাকান), to wizen, to complicate (সে ব্যাপারটাকে পাকিয়েছে), to organize, to form (দল পাকান), to cook, to ripen, to mature, to cause to turn grey, to cause to suppurate, to season, to make experienced or skilled, to harden, to deprave, to spoil, to make precocious (2) *a* twisted, twirled, ravelled, wizened

পাকাপাকি, পাকাপোক্ত, পাকাম, পাকামি—see পাকা

পাকাশয়—*n* the stomach পাকাশয়-প্রদাহ—*n* inflammation of the stomach, gastritis পাকাশয়িক—*a* stomachal, stomachic, gastric.

পাকিস্তানী—(1) *a* of Pakistan (2) *n* a citizen of Pakistan, a Pakistani

পাকী—*a* measured by the standard weight in which one seer (সের) is equal to 80 tolas (তোলা), standard (পাকী ওজন)

পাকুড়—*n* a species of fig-tree

পাকেচক্রে, পাকে-প্রকারে—*adv* by this trick or other, somehow, by hook or by crook.

পাক্কা—*a* emphatical var of পাকা (*a*)

পাক্ষিক—(1) *a* fortnightly (2) *n* a fortnightly journal

পাখ—var of পাখনা

পাখওয়াজ—alt. spell of পাখোয়াজ

পাখনা—*n* a wing, a feather, a fin

পাখলা—*n* rubbing and washing, scouring or rinsing (ধোয়া-পাখলা) পাখলান—*v.* to rub and wash, to scour, to rinse

পাখসাট—*n* a blow or a flap of a bird's wings পাখসাট মারা—*v* (of a bird) to strike with wings, to flap one's wings

পাখা—*n* a wing, a feather, (rare) a fin, a fan, a propeller, a vane or sail (as of a windmill) টানা পাখা—*n* a large fan suspended from a pole and moved by pulling, a punkah, a punka বিজলী-পাখা—*n* an electric fan. হাত-পাখা—*n* a hand-fan. পাখা করা—*v* to fan পাখা ঘোরান—*v.* to set a propeller or vane moving; to switch on an electric fan পাখা ঝাপটান—*v* (of a bird) to flap wings পাখা টানা—*v* to pull a punkah

পাখাওয়ালা—(1) *a* winged, feathered, (rare) finned, having a propeller or vane or sail (2) *n* a punkah-puller, a dealer in or pedlar of hand-fans, a repairer of electric fans,

one who lets out electric fans on hire

পাখি, (rej) **পাখী**—*n* the bird, a blind (of a window), a spoke (of a wheel), a step of a ladder **পাখি পড়ান**—*v* to teach or get up by rote, to cram **পাখির প্রাণ**—very feeble vitality **পাখির বাসা**—a nest, (fig) a very disorderly place or thing (মাথাটা যেন পাখির বাসা)

পাখোয়াজ—*n* a musical instrument of percussion shaped almost like a tom-tom **পাখোয়াজী**—*n* one who can play on this instrument

পাগড়ি, (rej) **পাগড়ী**, (poet) **পাগ**—*n* a turban, a head-cloth.

পাগল, (coll) **পাগলা**—(1) *a* mad, lunatic, insane, crazy, frenzied, (of elephants) must, (of dogs) rabid, intoxicated (সিদ্ধি খেয়ে পাগল), beside oneself (আনন্দে পাগল), stricken with extreme eagerness (পাবার জন্য পাগল), excited or fretting or raving or rabid (ক্রোধে পাগল), (in affection) simple, ignorant, foolish (2) *n* a madman, a maniac, a lunatic, an eccentric man (in affection) a simpleton, a fool *fem* **পাগলী, পাগলিনী** **পাগল করা**—*v* to dement, to madden, to enrage, to excite, to strike with extreme eagerness, to intoxicate **পাগল হওয়া**—*v* to become demented, to go mad, to madden, to be enraged or excited, to become extremely eager, to be intoxicated, to be frenzied, to run amok **পাগলা-গারদ**—*n* a lunatic asylum, a madhouse **পাগলাটে**—*a* crack-brained, eccentric **পাগলাটে লোক**—a crack-brain **পাগলামি**, (dial) **পাগলাম**—*n* madness, craziness, craze, eccentricity, (in affection) foolishness, folly

পা-গাড়ি—*n* a bicycle, (hum) the foot or the leg

পাঙাশ—alt spell of **পাঙ্গাশ১, ২**

পাঙ্‌ক্তেয়—*a* fit to be included in the same line or row or class, fit to be allowed to sit in a community-dinner (see **পঙ্‌ক্তি-ভোজন**)

পাঙ্গাশ১—*n* a large silvery-white fish

পাঙ্গাশ২—*a* ash-coloured, livid, pale

পাচক—(1) *a*. digestive, gastric, one who cooks. (2) *n* a cook. **পাচক-রস**—*n* gastric juice

পাচন—(1) *a* digestive, gastric (2) *n* a medicinal decoction

পাচনবাড়ি—*n*. a truncheon for driving cattle

পাচনযন্ত্র—*n* the digestive or gastric organ

পাচনি—same as **পাচনবাড়ি**

পা-চাটা—see **পা২**

পাচার—*n* act of finishing or consuming, slaughter, murder, secret removal (and hiding), kidnapping, smuggling, act of removing secretly and doing away **পাচার করা**—*v* to finish, to consume, to slay, to murder, (coll) to do in, to remove secretly (and conceal), to kidnap, to smuggle, to remove secretly and do away

পাচিকা—*fem* of **পাচক**

পাচ্য—*a* that which can be or is to be cooked, digestive, digestible

পাছ—*n* the back part, the back

পাছড়ান—same as **আছড়ান**

পাছদুয়ার—*n* a back-door, a postern gate

পাছতলা—*n*. the lower half of the body, the back part of a dwelling-house.

পাছা—*n* the hip, the loins, the posteriors, the rump

পাছাড়—same as আছাড

পাছা-পেড়ে—*a* (of a woman's cloth) having a broad lengthwise furbelow in the middle.

পাছু—(1) *n* the back (পাছু থেকে) (2) *a* flinching, taken aback, retreated (3) *adv.* towards one's back, back (পাছু ফেরা), from behind (পাছু ডাকা); afterwards, later on (পাছু শুনব) (4) *prep* on the back of (আমার পাছু আসবে) পাছু লাগা—*v* to chase, to pursue, to tease, to watch one closely with mischievous intentions পাছু হওয়া—*v.* to flinch, to shrink back, to retreat. পাছু-পাছু—*adv* & *prep* on the back of

পাছে—(1) *prep* & *adv* same as পিছে (2) *con* lest পাছে-পাছে—same as পিছে-পিছে

পাজামা—var. of পায়জামা

পাজী, পাজি—*a* mean, vile, wicked, knavish, mischievous, hare-brained পাজীর পা-ঝাড়া—extremely mean or vile or wicked or knavish or mischievous পাজী লোক—a knave, a scapegrace, a varlet.

পাঞ্চজন্য—*n* (myth) the conch used to be blown by Krishna (কৃষ্ণ) esp in battles

পাঞ্চবার্ষিক—*a* quinquennial

পাঞ্চভৌতিক—*a* of or composed of the five elements namely the earth, water, fire, air and atmosphere

পাঞ্চালী—*n* a princess of Panchal (পঞ্চাল), Draupadi of the Mahabharata.

পাঞ্জা, পাঞ্জাব, পাঞ্জাবী১—coll corrup's of পঞ্জা, পঞ্জাব and পঞ্জাবী

পাঞ্জাবি, পাঞ্জাবী২—*n* a kind of loose shirt

পাট১—*n* a well-curb

পাট২—*n* words and actions of a character in a play, a part

পাট৩—(1) *n* silk, linen, jute, a plank, a board (ধোপার পাট), a holy place (শ্রীপাট), a seat, an official seat, a throne (পাটে বসা, পাটরানী), (myth) the imaginary mountain behind which the sun goes down whilst setting (সূর্য পাটে নামে), a fold, a plait (কাপড়ের পাট, চুলের পাট) (2) *a* royal (পাটহাতি) পাট করা—*v* to fold, to plait, to pleat, (fig) to give a sound drubbing পাটে নামা—*v* (of the sun) to set পাটে বসা—*v* to sit on a throne, to be seated on the official seat, (of the sun) to set পাটে-পাটে—*adv* in or by folds, in every fold

পাট৪—*n* routine duties of a household পাট তোলা, পাট ওঠান—*v* to complete the routine duties of a household, (fig) to close down. পাট সারা—*v* to complete the routine duties of a household, (fig) to complete a work.

পাটকাটি—same as পাকাটি.

পাটকিলে—same as পাটল

পাটকেল—*n* a brickbat

পাটন—*n* a city, a habitation, a settlement (গৌড় পাটন), trade and commerce, sea-trade পাটনে যাওয়া—*v* to set out on sea-trade

পাটনাই—*a* grown or produced in Patna, of Patna

পাটনী—*n* a ferryman, a wharfinger

পাটব—same as পটুতা (see পটু)

পাটরানী, (rej) পাটরাণী—*n* a prince's chief queen, (cp) a queen-consort.

পাটল—*a* brick-red, pale red, pink-coloured

পাটলা, পাটলি, পাটলী—*n* the trumpet-flower or its plant.

পাটশাক—*n* leaves of the jute-plant used as a pot-herb

পাটা—*n* (of wood) a plank, a board, (of metals) a plate, a face or surface (বুকের পাটা), a document of purchase or leasehold of land **বুকের পাটা**—(fig) courage or daring

পাটাতন—*n* a deck or floor (esp one made of wood)

পাটালি, পাটালী—*n* a discoid solid tablet of molasses

পাটি১, পাটী১—*n* a finely woven mat of a kind of aquatic grass

পাটি২, পাটী২—*n* orderliness, order, system, method, a row, a line (দন্তপাটি), one of a pair (জুতার পাটি), a plait, a pleat ('মোহন পাটি'), household duties ('সংসারের পাটি'), reckoning by figures (পাটিগণিত)

পাটিগণিত, পাটীগণিত—*n* arithmetic

পাটিসাপটা, পাটীসাপটা—*n* a kind of sweet patty or pie

পাটুনী—coll corrup of **পাটনী**

পাটেশ্বরী—same as **পাটরানী**

পাটোয়ার—(1) *n* a landowner's or businessman's employee who collects rents and keeps accounts, a manufacturer of haberdashery esp girdles and strings of beads (2) *a* very much calculating or cautious about expenditure **পাটোয়ারী**—(1) *n* same as **পাটোয়ার** (*n*), (2) *a* relating to the aforesaid landowner's or businessman's employee, relating to haberdashery, very much calculating or cautious about expenditure

পাট্টা—*n* a document of purchase or leasehold of land, a fold, a plait, a pleat (দোপাট্টা), a thick layer, massive beard (গালপাট্টা) **পাট্টা দেওয়া**—*v* to sell or to lease out (land) **পাট্টা নেওয়া**—*v* to purchase or to take on lease (as land) **পাট্টাগ্রহীতা**—*n* a lessee **পাট্টাদাতা**—*n* a lessor

পাঠ—*n* reading, perusal, study, recitation, lesson, a reading or text (পুঁথির মূলপাঠ), a text-book **পাঠ করা**—*v* to read, to peruse, to study, to recite **পাঠ তৈরি করা**—*v* to learn or prepare one's lesson **পাঠ দেওয়া**—*v* to give one a lesson **পাঠ নেওয়া**—*v* to take lessons (from a teacher) **পাঠক**—a reader, one who studies, a student, a pupil, a reciter, one who reads out or recites from scriptures, a professional narrator of mythological stories, a teacher, a reader. **পাঠগৃহ**—*n* a reading-room, a study, a library **পাঠন, পাঠনা**—*n* teaching **পাঠক্রম**—*n* a syllabus **পাঠনিবিষ্ট, পাঠমগ্ন**—*a* absorbed in reading or study. **পাঠভবন, পাঠমন্দির**—*n* a reading-room, a study, a library, a school **পাঠরত**—*a* engaged in reading or studying **পাঠশালা**—*n* a primary school **পাঠানুরাগ**—*n* fondness for reading, devotion to study. **পাঠানুরাগী**—*a* fond of reading, devoted to study **পাঠান্তর**—*n* another text or a different text or reading **পাঠাভ্যাস করা**—*v* to learn one's lessons **পাঠার্থী**—(1) *a* desirous of reading or studying, (2) *n* a student, a pupil, a prospective student *fem* **পাঠার্থিনী**

পাঠান১ (pronun **পাঠান্**)—*n* a Pathan, an Afgan

পাঠান২ (pronun **পাঠানো**)—*v* to send, to despatch, to transmit **ডেকে পাঠান**—*v* to send for, to summon **বলে পাঠান**—*v* to send information to through a messenger, to send for, to summon

পাঠানুরাগ, পাঠান্তর, পাঠাভ্যাস, পাঠার্থী—see **পাঠ**

পাঠিকা—*fem* of **পাঠক** (see **পাঠ**)

পাঠিনী—*fem* of **পাঠী**.

পাঠী—*a* (used as a *sfx*) one who reads (নবপাঠী).

পাঠ্য—*a* to be read, readable, prescribed for reading পাঠ্যক্রম—*n* a syllabus পাঠ্যতালিকা—*n* a syllabus, a book-list পাঠ্যনির্বাচন সমিতি—the Text-Book Committee পাঠ্যপুস্তক—*n* a text-book পাঠ্যসূচি, পাঠ্যসূচী—*n* curriculum. পাঠ্যাবস্থা—*n* student life

পাড়১—*n* bank, shore, margin (of a sea, bay, river, lake, pond, etc), a mound of earth raised round a piece of arable land, a well-curb.

পাড়২—*n* furbelow, flounce, coloured or decorated border (as of a cloth) পাড় লাগান—*v* to furbelow, to flounce

পাড়৩—*n* act of pedalling in an up-and-down manner (as a husking-pestle) পাড় দেওয়া—*v* to pedal in an up-and-down manner

পাড়৪—*n* a cross-beam

পাড়া১—*v* to bring down (নারকেল পাড়া, তাক থেকে পাড়া), to pluck (ফুল পাড়া), to knock down (ভীম কীচককে পেড়ে ফেলল), to cause to take to one s bed, to prostrate (জ্বরে তাকে পেড়ে ফেলেছে), to lay out (বিছানা পাড়া = to make a bed), to lay as eggs (ডিম পাড়া = to lay an egg), to pronounce loudly (গাল পাড়া = to shout abuses at), to invoke as in solemn appeal (দোহাই পাড়া = to invoke as in solemn appeal, to call down or upon), to remove, to clear (এ'টো পাড়া = to clear the table)

পাড়া২—*n* a small area of human habitation containing a cluster of houses, a locality (গোয়ালপাড়া)

পাড়া-কুঁদুলী—(1) *a fem* given to constant and boisterous brawling with neighbours, (cp) termagant (2) *n fem* such a woman, (cp) a termagant or fire-eater

পাড়া-গাঁ—*n* a rural area, countryside, a village.

পাড়াগেঁয়ে—*a* rural; rustic (lit. & fig)

পাড়ান—*v* to cause to bring down (ফল পাড়ান) or pluck (ফুল পাড়ান), to induce to (ঘুম পাড়ান = to lull to sleep) পাড়ানি, পাড়ানিয়া—(1) *a* inducing to, inducive to (ঘুম-পাড়ানি গান). (2) *n* one who brings down fruit esp from tall trees

পাড়া-পড়শী—(1) *n* neighbours, a neighbour, (2) *a* dwelling in one's neighbourhood (পাড়া-পড়শী লোক)

পাণ—rej spell of পান১

পাণি—*n* the hand. পাণিগ্রহ, পাণিগ্রহণ, পাণিপীড়ন—*n* marriage, wedding পাণিগ্রহণ করা, পাণিপীড়ন করা—*v* to marry, to wed

পাণ্ডব, পাণ্ডবেয়—*n* a son of King Pandu of the Mahabharata. পঞ্চপাণ্ডব—*n* the five sons of King Pandu collectively; (fig) a set of five persons, a quintette পাণ্ডববর্জিত—*a* (of lands and countries) not habitable or worth visiting because of being avoided even by the Pandavas (পাণ্ডব) during their sojourn, (erron) uninhabited, (cp) van dimen's (land) পাণ্ডবসখা—*n* a friend of the Pandavas, Krishna (কৃষ্ণ)

পাণ্ডা—*n* a brahmin priest acting as a guide to pilgrims at holy places, a leader, (dero) a ring-leader

পাণ্ডাল—var of প্যানডাল

পাণ্ডিত্য—*n* erudition, learning, scholarship, wisdom, expertness, skill, (dero) pedantry পাণ্ডিত্য-প্রকাশ—*n* ostentatious display of one's

learning by oneself, parade of one's learning (iron) act of betraying one's ignorance or folly পাণ্ডিত্যাভিমানী—*a* proud of one's learning *fem* পাণ্ডিত্যাভিমানিনী

পাণ্ডু, পাণ্ডুর—(1) *n* the pale yellow or whitish yellow colour, the mud colour, jaundice, chlorosis, green sickness (2) *a* pale yellow, white yellow, mud-coloured, pale, jaundiced, chlorotic

পাণ্ডুলিপি, পাণ্ডুলেখ, পাণ্ডুলেখ্য—*n* a handwritten sheet or copy, a manuscript, a draft not yet finalized, a (parliamentary) bill

পাত১—*n* a fall or a shower (বৃষ্টিপাত), shedding or dropping (রক্তপাত), throwing or casting (দৃষ্টিপাত), incidence, occurrence (বিপদ্‌পাত), ruin, destruction (দেহপাত), (astr) a node (উচ্চপাত = the ascending node, নিম্নপাত = the descending node) পাত করা—*v* to impair, to ruin, to destroy

পাত২—*n* a leaf (as of a tree or book), a sheet or foil (of metal), a leaf of banana or sal (শাল) used as a dinner-plate পাত করা—*v* to arrange for dinner by laying leaves of banana or sal, to lay the table, to flatten into a sheet (লোহা পিটাইয়া পাত করা) পাত চাটা—*v* to eat of another's table like a beggar, (fig) to importune cringingly for another's favour পাত পাড়া—*v* (usu dero) to enjoy another's hospitality পাত-চাটা—*a* given to eating of another's table, (fig) cringingly importuning for another's favour

পাতক—*n* sin. পাতকী—(1) *a* sinful, (2) *n* a sinner *fem* পাতকিনী

পাতকুয়া, পাতকূয়া, (coll) পাতকুয়ো, পাতকো—*n* a draw-well, a well

পাতখোলা—*n* a piece of incompletely burnt potsherd

পাতগালা—*n.* sheet-wax

পাত-চাটা—see পাত২

পাতঞ্জল—*a* of or compiled by Patanjali, the Philosopher of ancient India পাতঞ্জল-দর্শন—*n* the yoga (যোগ) system of philosophy

পাতড়া—*n* a leaf of banana or sal (শাল) on which food has been taken, a dish of fish or vegetables fried or singed on a banana-leaf. পাতড়া-চাটা—same as পাত-চাটা (see পাত২)

পাততাড়ি—*n* a bundle of palm-leaves used (instead of paper) in writing by a tyro পাততাড়ি গোটান—*v* (lit) to put away the bundle of palm-leaves when the lesson is over, (fig) to depart or decamp, to quit, (fig.) to close down.

পাতন—*n* act of throwing or hurling down, distillation, spreading, overthrowing, killing, writing (অঙ্কপাতন) পাতনযন্ত্র—*n* a retort

পাতলা, (dial) পাতল—*a* diluted (পাতলা দুধ), loose (পাতলা দাস্ত), thin (পাতলা বই), fine (পাতলা কাগজ বা কাপড়), slender (পাতলা বেত), sparse (পাতলা ঝোপ), light (পাতলা ঘুম), delicate (পাতলা শরীর)

পাতশাহ, পাতশা, (rej) পাতসাহ—*n* (Mus) a king or an emperor, a padishah পাতশাহী—*a* royal, imperial

পাতা১—*a* (used as a *sfx*) one who preserves or protects (বিশ্বপাতা)

পাতা২—*n* a leaf (of a tree or a book), a page (of a book), a leaf of banana or sal (শাল) used as a dinner-plate, a tree-leaf used in writing as a substitute for paper, a pleat, a plait, a braid, a lid (চোখের পাতা), the flat surface (পায়ের পাতা)

চোখের পাতা—the eyelid পায়ের পাতা—the instep, the foot. শূকরের (ভক্ষণীয়) পায়ের পাতা—pettitoes পাতা করা—*v* to arrange for dinner by laying leaves of banana or sal (শাল), to lay the table পাতা কাটা—*v* to plait or braid (hair) পাতা-কাটা—*a* plaited, braided পাতা চাটা—same as পাত চাটা (see পাত২) পাতা পাতা—same as পাতা বরা and পাত পাড়া (see পাত১) পাতাকুড়ানী, (coll) পাতা-কুড়ুনী—(1) *a fem* earning one's livelihood by collecting dried leaves of trees, extremely indigent, (2) *n fem* such a woman

পাতা৩—*v* to spread, to lay out (বিছানা পাতা), to place ready for use (পাতা পাতা), to lay (ফাঁদ পাতা), to instal (পূজার ঘট পাতা), to set up, to establish (সংসার পাতা, দোকান পাতা), to set, to employ (আড়ি পাতা, কান পাতা), to stretch out to catch or hold (হাত পাতা); to bend down submissively (পিঠ পাতা), to curdle, to congeal, to freeze (দই পাতা)

পাতা-কাটা, পাতা-কুড়ানী, পাতা-কুড়ুনী—see পাতা২

পাতান—(1) *v* to cause to spread or lay out or place ready for use or lay or instal or set up or establish or employ or stretch out for catching or bend down submissively or congeal or freeze, to form an alliance, relation etc where nothing natural exists (বন্ধুত্ব পাতান, সম্বন্ধ পাতান) (2) *a* in all the senses of the *v* and esp—formed by mutual consent only (পাতান মাসী)

পাতাবাহার—*n* a tropical hedge-plant of the Croton genus, the Codiæum variegatum.

পাতাল—*n.* the netherworld, the underworld, Hades, hell. পাতাল-পুরী—*n* the capital city of the netherworld, Hades, the netherworld পাতালবাসী—*a* inhabiting the netherworld. *fem* পাতালবাসিনী

পাতালিক—*a* (geog) sedimentary

পাতি১—*n* address, whereabouts

পাতি২—*n* a row, a line (পাতিপাতি)

পাতি৩—*a* (used as a *pfx*) small or inferior পাতিকাক—*n* the common crow পাতিনেড়ে—*n* (dero) a Musalman of low origin পাতিলেবু—*n.* a variety of lemon পাতিশিয়াল—*n* the fox *fem* পাতিশিয়ালী—the vixen. পাতিহাঁস—*n* (*fem*) the duck, (*masc.*) the drake

পাতিত—*a* felled, flung down, knocked down, brought down, humbled, distilled

পাতিত্য—*n* the state of being socially cast out, moral or religious fall, degeneration, downfall, depravity

পাতিপাতি—*adv* line by line, minutely, ransackingly পাতিপাতি করা—*v* to search line by line, to search minutely, to ransack, to rifle.

পাতিব্রত্য—*n.* faithful devotion of a wife to her husband.

পাতিল—*n* a roundish earthen vessel used chiefly for cooking

পাতী—*a.* (used as a *sfx*) falling (সদ্যঃপাতী), falling away; included (অন্তঃপাতী), deciduous.

পাত্তা—*n* information, news, trace; address, whereabouts

পাত্তাড়ি—alt spell of পাততাড়ি

পাত্র—*n* a pot, a vessel, a utensil, a container, a minister, a counsellor, a deserving man or an object

(প্রশংসার পাত্র), a man, a fellow (ভবি ভোলার পাত্র নয়), a male character in a play, a bridegroom, a prospective bridegroom পাত্র দেখা—*v* to interview a prospective bridegroom for selection, to choose a bridegroom পাত্রপক্ষ—*n* the bridegroom's people or party পাত্রমিত্র—*n pl* (a monarch's) courtiers and friends পাত্রস্থ—*a* lying on or contained in a pot or vessel, (of a girl) wedded, married পাত্রস্থ করা—*v* to give (a girl) in marriage, to marry, to wed পাত্রাপাত্র—*n* deserving and undeserving persons পাত্রাপাত্র-বিচার—*n* discrimination between deserving and undeserving persons পাত্রী—*n fem* a deserving woman or a female object, a female character in a play, a bride, a prospective bride পাত্রী দেখা—*v* to interview a prospective bride for selection, to choose a bride পাত্রীপক্ষ—*n* the bride's people or party

পাথর—*n* stone, a stone-made dinner-plate, a precious stone, a gem, (fig) a stone-hearted or unfeeling person (তুমি পাথর) পাথরে পাঁচ কিল—the most formidable good fortune or good time পাথরকুচি—*n* a stone-chip, rubble, an aromatic medicinal herb, stonewort পাথর-চাপা—*a* (fig) incapable of thriving পাথরচুন—*n* lime obtained by calcining calcium carbonate (as limestone) পাথর-বাটি—*n* a stone-cup

পাথরি—*n* (med) a stone-like concretion formed within the body, calculus, concretion

পাথার—*n* the sea, the ocean, a vast expanse of water

পাথুরি—pop var of পাথরি

পাথুরে, পাথুরিয়া—*a* of stone, made of stone (পাথুরে গেলাস), full of stone (পাথুরে দেশ), stone hard (পাথুরে মাটি), (fig) unfeeling or undaunted or impregnable (পাথুরে বুক), stony পাথুরে কয়লা—stone coal, anthracite

পাথেয়—*n* travelling expenses; allowance, (chiefly rel) viaticum

পাদ১—*n* (vul) a fart

পাদ২—*n* the foot, the leg, a step or pace (সপ্তপাদ অন্তরে), bottom, foot (পর্বতের পাদদেশ), (of a tree) root (পাদপ), (of a verse) a line, a quarter (এক পাদ ধর্ম), (geom) a quadrant, a title of honour (প্রভুপাদ) পাদক্ষেপ—same as পদক্ষেপ (see পদ) পাদগ্রন্থি—*n* the ankle, the heel পাদগ্রহণ—*n* act of touching another's feet in obeisance পাদচারণা, পাদচারণ, পাদাচার—same as পদচারণা (see পদ) পাদচারী—*n* a pedestrian পাদচারে—*adv* on foot পাদচিহ্ন—same as পদচিহ্ন (see পদ) পাদটীকা—*n* a footnote পাদতল—*n* the sole (of the foot) পাদত্রাণ—*n* boot, shoe পাদত্রিভুজ—*n* (geom) a pedal triangle পাদদেশ—*n* the region at or around the foot or root or bottom. পাদপদ্ম—*n* feet reverentially conceived as a pair of lotuses পাদপীঠ—*n* a footstool. পাদপূরণ—*n* act of composing the missing line of a verse etc, an expletive, (journalese) a short poem or quotation printed to fill up the blank space at the bottom of a page of a periodical পাদপূরণ করা—*v* to supply the missing line of a verse, to fill up the blank space. পাদপৃষ্ঠ—*n* the instep পাদপ্রক্ষালন করা—*v* to rub and wash one's feet (and also legs) পাদপ্রহার—*n* a kick. পাদপ্রহার করা—*v* to kick পাদবিক—*a* travelling esp. on foot, pedestrian পাদবিক্ষেপ—same as পদবিক্ষেপ (see পদ) পাদমূল—*n* the

sole (of feet) ; the heel , the bottom
পাদলেহন—same as পদলেহন (see পদ)
পাদশৈল—*n* a small hill at the foot of a mountain পাদস্ফোট—*n* chilblain , kibe পাদসংস্থান—*n* (astr) quadrature.

পাদপ—*n* a tree, a plant

পাদরি, পাদরী—*n* a Christian clergy or ecclesiastical preacher, a padre

পাদা—*v.* (vul) to fart

পাদাঙ্গুলি, পাদাঙ্গুলী—*n* the toe

পাদান, পাদানি—*n* a footboard

পাদুকা—*n* boot shoe, slipper , footwear পাদুকা-পরিহিত—*a* booted, shod

পাদোদক—*n* the water with which the feet of a gracious or reverend person has been washed (this water is taken by a devotee)

পাদ্য—*n* water for washing the feet (and also legs)

পাদ্রি, পাদ্রী—alt. spell 's of পাদরি.

পান১—*n* betel-leaf ছাঁচি পান, বাঙলা পান, মিঠা পান—different kinds of betel-leaves পান খাওয়া—*v* to chew betel-leaf together with betel-nut, catechu, lime, etc পান থেকে চুন খসা—*v* (fig) to commit a very negligible offence or lapse পান সাজা—*v* to form a small conical cup of betel-leaf after putting betel-nut, catechu, lime, etc within this cup

পান২—*n* (of iron and baser metals) temper, annealing , (of gold and noble metals) alloy পান দেওয়া—*v* to temper, to anneal, to alloy

পান৩—*n* drinking , act of drinking wine (পানদোষ) ; (fig) thorough enjoyment (সৌন্দর্যপান) পান করা—*v.* to drink , to drink wine , (fig) to enjoy thoroughly

পানই—*n* (obs) slipper, (esp) wooden slipper ('বাঁধা পানই হাতে লইও')

পানকৌড়ি—*n* a species of a diver akin to the cormorant

পানগোষ্ঠী——*n* a den of drunkards, a drinking party

পানতি—*n* a high-rimmed metal dish (used at dinner, in cooking, etc)

পানতুয়া—*n* a kind of ball-shaped sweetmeat made of posset and soaked in a solution of sugar

পানদোষ—*n* the drinking habit

পানপাত্র—*n* a drinking-cup , a goblet

পানফল, পানবসন্ত—see পানি

পান-মরা—*n* (of gold and noble metals) loss in weight owing to alloying

পানশৌণ্ড—*a* given to drinking wine , bouzy পানশৌণ্ড ব্যক্তি—a drunkard

পানসি, পানসী—*n* a pinnace.

পানসে—*a* tasting like water for not being properly cooked (ঝোলটা পানসে) , watery in taste , insipid, dull, milk-and-water (পানসে কথাবার্তা, লেখা) , lachrymose (পানসে মেয়ে)

-পানা১— *sfx* like, resembling, seeming to be (চাঁদপানা মুখ)

পানা২— *n* a sweet cold drink, sherbet (বেলের পানা)

পানা৩—*n* width, breadth.

পানা৪—*n* a kind of aquatic algæ, waterwort.

পানান—*v* to make a calf suck the udders of a cow repeatedly on the eve of milking , (of baser metals) to temper, to anneal , (of noble metals) to alloy

পানাপুকুর—*n* a pond covered with or full of algæ or waterwort

পানাসক্ত—*a* addicted to drinking wine, bousy *fem* **পানাসক্তা** **পানাসক্ত ব্যক্তি**—a drunkard **পানাসক্তি**—*n* addiction to drinking

পানি—*n* (chiefly Mus or hum) water **পানি-পাঁড়ে**—*n* an up-country brahmin selling drinking-water (esp to railway passengers) **পানিফল,** (dial) **পানফল**—*n* an aquatic fruit, cress(es), (cp) water-chest-nut. **পানিবসন্ত,** (pop) **পানবসন্ত**—*n* chicken-pox.

পানীয়—(1) *a* that which is drunk, drinkable. (2) *n* a drink, a sweet drink, sherbet, a cordial, an alcoholic or strong drink, a beverage, a potion.

পানে—*prep.* in the direction of, towards, to (মুখপানে)

পান্তা—(1) *a* old by more than one night, overnight, cooked overnight and kept steeped in water (পান্তা ভাত), stale (পান্তা খবর) (2) *n* rice cooked overnight and kept steeped in water **পান্তা ভাতে ঘি**—(fig) unnecessary or ludicrous spending of a good or costly thing

পান্তি—alt spell of **পানতি**

পান্তুয়া—alt. spell of **পানতুয়া**

পান্থ—*n* a traveller, a wayfarer **পান্থতরু, পান্থপাদপ**—*n* the traveller's tree, the Ravenala. **পান্থনিবাস, পান্থশালা**—*n* a caravansarai, an inn, a wayside boarding-house, a hotel, (loos) a boarding-house.

পান্না—*n* emerald

পান্সি, পান্সী—alt spell 's of **পানসি**

পাপ—*n* sin, vice, a religious or moral lapse, wickedness, a crime, a troublesome person or thing, a pest (পাপ গেলেই বাঁচি) **পাপ করা**—*v* to commit a sin, to sin **কি পাপ**—what a plague or pest! **পাপকর্ম**—*n* a sinful or wicked act, a crime **পাপকর্মা, পাপকৃৎ**—*a* committing sins, given to vice or wickedness, sinful, sinning **পাপক্ষালন**—*n* rescue from sins or vice, remission of sins, absolution **পাপক্ষালন করা**—*v* to rescue from sins or vice, to absolve **পাপগ্রহ**—*n* (astrol) an inauspicious star or planet, (fig) an unavoidable evil person **পাপঘ্ন**—*a* destroying sins; rescuing from sins **পাপজনক**—*a.* sinful **পাপনাশন**—same as **পাপঘ্ন** **পাপপঙ্ক**—*n* the mire of sin or vice **পাপপুণ্য**—*n* virtue and vice, piety and sin. **পাপবুদ্ধি**—*a* evil-minded, of sinful or wicked disposition. **পাপভাগী**—*a* sinful, sharing another's sin(s). **পাপমতি**—same as **পাপবুদ্ধি** **পাপমুক্ত**—*a* freed from sins or vice **পাপমুক্তি**—*n* rescue from sins or vice **পাপমোচন**—same as **পাপক্ষালন** **পাপযোগ**—*n* (astrol) an inauspicious planetary conjunction, **পাপহর**—same as **পাপঘ্ন** **পাপাচার**—(1) *a* same as **পাপকর্মা**, (2) *n* a sinful or wicked act. **পাপাচারী**—*a* same as **পাপকর্মা** *fem* **পাপাচারিণী** **পাপাত্মা**—same as **পাপিষ্ঠ** **পাপানুষ্ঠান**—*n* commission of sins, practice of vice **পাপাশয়**—same as **পাপিষ্ঠ** **পাপাসক্ত**—*a* addicted to sin or vice, sinful, wicked **পাপাসক্তি**—*n* addiction to sin or vice

পাপড়ি—*n* a petal (of a flower)

পাপিনী—*fem* of **পাপী**

পাপিয়া—*n* the Indian nightingale, the hawk-cuckoo

For words in **পাপ** and **পাপা-**, not given separately, see **পাপ**

পাপিষ্ঠ—*a* extremely sinful or wicked. *fem* পাপিষ্ঠা

পাপী—(1) *a* sinful, wicked, criminal, depraved (2) *n* a sinner, a wicked person, a criminal, a depraved person পুরান পাপী—an old or hardened or inveterate offender or sinner or criminal

পাপীয়সী—(1) *a fem* sinful, wicked, criminal, adulterous (2) *n* a sinful or wicked woman; a female criminal, an adulteress

পাপোশ—*n* a door-mat.

পাব—*n* a joint, a knuckle (as of a finger), (bot) a node; the space between two nodes (as of the bamboo)

পাবক—(1) *n* fire (2) *a* purifying, sanctifying

পাবদা—*n* a species of fish without scales

পাবন—(1) *a* (used chiefly as a *sfx*) purifying or sanctifying (কুলপাবন), rescuing or saving (পতিতপাবন) (2) *n* purification or sanctification, fire পাবনী—(1) *a fem* of পাবন, (2) *n* the Ganges

পামর—*a* most sinful or wicked, vilest, basest, ignorant or low (আপামর). *fem* পামরী

পাম্প—*n* a pump পাম্প করা—*v* to pump

পায়খানা—*n* a latrine, a lavatory, a privy

পায়চারি—*n* act of walking about (esp. at ease), perambulation, a stroll পায়চারি করা—*v* to walk about (at ease), to perambulate, to stroll

পায়জামা—*n* slacks, pyjamas

পায়দল—*adv* walking, on foot

পায়-পায়—see পা২

পায়রা—*a*. the pigeon, the dove পায়রার খাঁচা, পায়রার বাসা—a pigeon-house, a dovecot পায়রার খোপ—a pigeon-hole

পায়স, পায়সান্ন—*n* a sweet dish prepared by boiling rice in milk with sugar and other ingredients, sweet rice-porridge, (cp frumenty)

পায়া—*n* a leg or foot of an article of furniture, a castor, a trundle, (dero or hum) position or post or vanity উঁচু পায়া—a high post or position. পায়াভারী—(1) *n* vanity for holding a high post, vanity, (2) *a* vainglorious of one's high position, vain

-পায়ী—*a* (used as a *sfx*) drinking (স্তন্যপায়ী), taking (ধূমপায়ী)

পায়ু—*n* the anus

পায়েস—coll corrup of পায়স

পার—*n* the opposite or the other bank or shore, a bank, a shore, a coast, a margin, a border, an end, bounds, act of crossing or crossing over or passing beyond, rescue, deliverance পার করা—*v* to take (one) across (a river, a sea, etc), to take (one) to the opposite or the other bank, to conduct one through (a way), to let pass, to deliver, to rescue পার হওয়া—*v* to cross, to cross over to the opposite or the other bank, to pass through, to get through or get over (a difficulty)

পারংগম—alt. spell of পারঙ্গম

পারক—*a* capable, competent, dexterous, skilful পারকতা—*n* capability, competency, dexterity

পারক্য—*n* alienage. পারক্যযোগ্য—*a* alienable

পারগ—same as পারঙ্গম

পারঘাট, (dial) পারঘাটা—*n* a wharf, a ferry

পারঙ্গম—*a* (rare) crossed over to the other bank or shore or end, (pop) competent, efficient, capable, proficient (সর্বশাস্ত্রপারঙ্গম).

পারণ, পারণা—*n* (act of taking) the first meal after the completion of a fast, breakfast (in the original sense) পারণ করা, পারণা করা—*v* to break a fast by taking one's meal

পারতন্ত্র্য—*n*. dependence on another, subservience

পারতপক্ষে—*adv* if it is possible or if it can be avoided

পারত্রিক—*a* relating to the other world, extra-mundane, spiritual.

পারদ—*n* quicksilver, mercury পারদ-মিশ্র—*n* an amalgam পারদ-স্তম্ভ—*n* (chem) a column of mercury

পারদর্শী—*a* foresighted, experienced, judicious, expert, adept, competent *fem* পারদর্শিনী. পারদর্শিতা—*n* foresight, experience, judiciousness, expertness, adeptness, competency

পারদারিক—*a* guilty of violating another's marriage-bed, adulterous

পারদার্য—*n* violation of another's marriage-bed, adultery

পারবশ্য—*n* dependence on another, subservience

পারমাণব, পারমাণবিক—*a* atomic

পারমার্থিক—*a* concerning the ultimate Reality or God, theological, spiritual

পারমিট—*n* a permit

পারম্পর্য—*n* serial succession or regular continuity, sequence

পারলৌকিক—*a* concerning the next world, extra-mundane, spiritual, conducive to the life in the next world, obsequial পারলৌকিক ক্রিয়া—obsequies

পারশী, পারশীক—alt spell's of পারসী and পারসীক respectively.

পারশে—*n* a species of small fish

পারশ্য—alt spell of পারস্য.

পারসী—(1) *n.* the language of Persia, Persian; a Parsee, a Parsi, a Persian (2) *a* Persian, of the Parsees (পারসী শাড়ি) পারসীক—(1) *a* Persian, Iranian, (2) *n.* a Persian, an Iranian

পারস্য—*n* Persia, Iran

পারা১—*n* mercury, quicksilver

পারা২—*prep* & *a* (usu poet.) like, as, resembling (পাগলপারা)

পারা৩—(1) *v* (*aux*) to be able, can, may (করিতে পারা) (2) *v* to do, to perform, to execute, to manage (সে এ কাজ পারে না), to vie with, to compete with (সে তার সঙ্গে পারে না)

পারানি—*n* the fare for ferrying, ferriage

পারাপার—*n* both banks or shores of a river, sea, etc, crossing or ferrying a sea, an ocean পারাপার করা—*v* to ferry, to go across, to cross পারাপার হওয়া—*v* to be ferried, to cross

পারাবত—*n* the pigeon, the dove বার্তাবাহী পারাবত—a carrier-pigeon

পারাবার—*n* an ocean, a sea, both shores or banks of a sea, river, etc

পারায়ণ—*n* completeness, thoroughness, completion, completion of reading a book within the fixed time

পারিজাত—*n* (myth) a never-fading heavenly flower or its plant, (cp) the amarant(h)

পারিতোষিক—*n* a reward, a prize

পারিপাট্য—*n* orderliness, neatness, tidiness, spruceness

পারিপার্শ্বিক—(1) *a* surrounding, neighbouring (2) *n* a courtier, a side-actor assisting the principal one whilst the latter recites the prologue পারিপার্শ্বিক অবস্থা—environment, surroundings

পারিবারিক—*a* pertaining to or restricted to a family, characteristic of a family, familial পারিবারিক ব্যাপার—a family affair

পারিভাষিক—*a* concerning technical terminology, technical

পারিশ্রমিক—*n* remuneration, fee

পারিষদ্—*n* a courtier, a councillor, a companion (esp a cringing one), a toady, a flatterer

পারুল—*n* a species of trumpet-flower or its plant.

পারুষ্য—*n* haughtiness, arrogance, harshness, strong language

পার্টি, (rej.) পার্টী—*n* a party

পার্থক্য—*n* difference, dissimilarity, distinction, (log) differentia

পার্থিব—(1) *a* earthly, worldly, mundane, material (2) *n* a king

পার্বণ—(1) *n* obsequies to be performed on certain lunar days, (usu. পার্বণশ্রাদ্ধ), a fast, a festival, a festive day (পউষপার্বণ) পার্বণী—*n* a present or tip given on feast-days (esp to servants and employees)

পার্বত, (inc but pop) পার্বতীয়, পার্বত্য—*a* of a mountain or hill, mountainous, hilly born or living on a mountain or hill or in a hill-district, highland পার্বতী—*n* Goddess Durga (দুর্গা) the daughter of the presiding deity of the Himalayas পার্বত্য অঞ্চল, পার্বত্য প্রদেশ—*a* hill-district পার্বত্য জাতি—a hill-tribe. পার্বত্য জাতির লোক—*n* hill-man, a highlander (*pl* hill-folk)

পার্লামেনট, (rej.) পার্লামেণ্ট—*n* a parliament.

পার্শে—alt. spell of পারশে

পার্শ্ব—*n* a side, a flank (দক্ষিণপার্শ্ব), end, border (নগরপার্শ্ব), margin, brink, brim, edge (থালার পার্শ্বে), bank or shore (of a river, sea, etc), adjacent space, vicinity (গৃহপার্শ্ব), company, presence (স্ত্রীর পার্শ্বে থাকা), comparison (সূর্যের পার্শ্বে চন্দ্র ম্লান) পার্শ্বগ্রাবরেখা—*n* (geog) a lateral moraine পার্শ্বচর—*n* a companion, an attendant, a follower, a servant, a toady, a sycophant. *fem* পার্শ্বচরী পার্শ্বচিত্র—*n.* a profile পার্শ্বতঃ, (pop) পার্শ্বত—*adv* by or from or on or to a side or flank, sidewise, sidewards, edgeways, sideling, flanking পার্শ্বদেশ—*n* a flank, a side. পার্শ্বপরিবর্তন করা—*v* to turn upon one side পার্শ্ববর্তী, পার্শ্বস্থ—*a* staying or situated alongside *fem* পার্শ্ববর্তিনী, পার্শ্বস্থা পার্শ্বিক, পার্শ্বীয়—*a* lateral পার্শ্বে—*adv* & *prep* on or to the side of, sidewise, alongside, by the side of, beside, in company or presence of in comparison to

পার্ষদ—*n* a courtier, a councillor, a companion, a toady, a flatterer

পার্ষ্ণি—*n* the heel, the back, the rear (esp of an army) পার্ষ্ণিগ্রাহ—*n* an attack from the rear

পার্সী—alt spell, of পারসী

পার্সেল—*n* a postal parcel পার্সেল করা—*v* to send by parcel post

-পাল১—*a* (used as a *sfx*) preserving, protecting, defending, keeping (মহীপাল, রাজ্যপাল, ধর্মপাল, গোপাল)

পাল২—*n* a sail (as of a boat) পাল খাটান, পাল তোলা—*v* to set sail পাল নামান—*v* to strike sail পাল-তোলা—*a* under sail সমস্ত পাল-তোলা—full sail.

পাল৩—*n* mating or coupling (of beasts or birds) পাল দেওয়া—*v* to mate or couple (beasts or birds)

পাল৪—*n* (of animals) a flock, a herd, a drove পালের গোদা—the leader of a herd, (dero) a ring-leader

পালওয়ান—alt. spell. of পালোয়ান

পালং—alt spell of পালঙ১,২

পালক১—*n* (of birds) a wing, a feather

পালক২—(1) *a* one who brings up or rears or nurses or fosters or protects or preserves or defends or breeds or keeps or observes or maintains, (2) *n* an upbringer, a rearer, a fosterer or nurse, a protector, a preserver, a guardian, a defender, a breeder, a fancier, a keeper, an observer, a complier, a fulfiller, a maintainer পালক-পিতা—*n* a foster-father (*fem* a foster-mother)

পালকি, (rej) পালকী—*n* a palanquin, a palki, a palkee পালকি-বেহারা—*n* a palanquin-bearer

পালখ—var of পালক১

পালঙ১, পালঙ্গ১—*n* a species of spinach used as a pot-herb

পালঙ্ক, পালঙ২, পালঙ্গ২—*n* a costly bedstead or cot, a divan, a sofa পালঙ্কপোষ, পালঙপোষ—*n* a bed-cover, a cover for a divan, a divan and a bed, a divan

পালট—*n* return, recession, reversal (উলটপালট)

পালটা—*a* contrary, counteracting, revoking, opposing, counter, return, exchanging পালটা আক্রমণ—a counter-attack. পালটা আমন্ত্রণ—*a* return invitation পালটা জবাব—a retort পালটা নালিশ—a counter-charge পালটা হুকুম—a countermand পালটান—*v* to revoke, to change, to alter পালটাপালটি—*n* exchange, act of changing for or with another পালটাপালটি করা—*v* to exchange, to change for or with another

পালটি১—*a* (of a family) being on equal social footing with another making thereby matrimonial alliance possible

পালটি২, পালটিয়া—*v* imperf (poet) returning or turning back.

পাল-তোলা—see পাল২

পালন—*n* upbringing, rearing (সন্তান-পালন), nursing or fostering (পরের সন্তান পালন), maintenance (পোষ্যপালন), keeping, breeding, tending (পশুপালন, পক্ষিপালন), nourishment (শরীরপালন), protection, preservation, defence (রাজ্যপালন, ধর্মপালন), observance, compliance (নিয়মপালন, আদেশপালন), fulfilment (প্রতিশ্রুতিপালন) পালন করা—*n* to bring up, to rear, to foster or nurse, to maintain, to keep, to breed, to tend, to fancy, to nourish, to protect, to preserve, to guard, to defend, to observe, to comply (with), to fulfil পালনকর্তা—*n* same as পালক২ (*n*) *fem* পালনকর্ত্রী. পালন-কৃত্যক—*n* civil service. পালনীয়—*a* to be brought up or reared or nursed or fostered or maintained or kept or bred or nourished or protected or preserved or defended or observed or complied (with) or fulfilled

পালপার্বণ—*n* different festivals regular and secular collectively

পালম—var of পালঙ১

পালয়িতা—same as পালক২ *fem* পালয়িত্রী

পাললিক—*a* alluvial

পালা১—same as পালন করা

পালা২—*n* (used as a correl of ডাল২) a leaf of a tree, an offshoot, a branchlet ; a twig.

পালা৩—*n.* a turn (এবার তোমার খেলার পালা), a period or spell, the story or plot of a drama or a poem (নিমাই-সন্ন্যাস পালা) **পালাক্রমে**—*adv.* by turns **পালাগান** *n* a narrative opera. **পালাজ্বর** —*n.* remittent or periodic fever.

পালান১ (pronun. পালান্)—*n* a panel (of a beast of burden), a pack-saddle, a cow's udder or teat.

পালান২ (pronun. পালানো)—(1) *v* to flee, to run away, to play truant, to mooch, to mouch (2) *a* runaway, fugitive, truant.

পালি১—*n.* the Pali language, Pali.

পালি২—*n.* a line, a row, a multitude, an end, a margin, a dry measure of grains (= $2\frac{1}{2}$ seers)

পালিকা—*fem* of **পালক২**

পালিত—*a* tamed or pet (পালিত পশুপক্ষী), brought up, reared, nursed or fostered, maintained, kept, bred, nourished, protected, preserved, defended, observed, complied (with), fulfilled *fem.* **পালিতা** **পালিত-কন্যা**—*n fem* a foster-daughter **পালিতপুত্র**—*n* a foster-son. **পালিত-সন্তান**— *n* a foster-child

পালিনী—*a* *fem* (used as a *sfx*) same as **পালিকা** (জগৎপালিনী)

পালিশ—*n.* polish **পালিশ করা**—*v* to polish **পালিশ-করা**—*a* polished

পালী—alt. spell of **পালি২**

পালুই—*n* a stack (of paddy or hay)

পালো—*n* starch obtained from zedoary etc, gruel of this starch

পালোয়ান—(1) *n* a wrestler, a gymnast, a burly man (2) *a* burly, adept in gymnastics, heroic **পালোয়ানি**—(1) *n* burliness ; heroism, gymnastics, (2) *a* of a wrestler or wrestling, of a gymnast, gymnastic.

পাল্কি, পাল্কী—alt. spell 's of **পালকি**

পাল্টা—alt spell of **পালটা**

পাল্টান—alt spell. of **পালটান**

পাল্য—same as **পালনীয়** (see **পালন**)

পাল্লা—*n* a thin layer, a strip (এক পাল্লা চামড়া), either of a pair as a leaf of a door (দরজার পাল্লা), a lid or shutter moving on a hinge, a scale-pan (দাঁড়িপাল্লা), a beam of balance, a scale, a mass of metal used for finding weight, a weight, competition, distance (দূর পাল্লা), speed ('পায়ের পাল্লা'), range, reach (বন্দুকের পাল্লা), hold, grasp (পাল্লায় পড়া), company, association (অসৎ সঙ্গীর পাল্লা) **পাল্লা চাপান**—*v* to put a weight (on a scale-pan) **পাল্লা দেওয়া** —*v* to compete (with), to vie (with) **পাল্লায় পড়া**—*v* to run under the influence of, to get into the clutches of, to run into the company of

পাশ১—rej spell of **পাস.**

পাশ২—*n.* an apparatus for spraying, a spray (গুলাবপাশ)

পাশ৩—*n* an ancient Indian missile by throwing which an adversary could be fastened (cp lasso), a tie, a noose, a bond, bondage (ভুজপাশ, স্নেহপাশ), a trap, a snare (মায়াপাশ), a string, a rope, a bunch or tuft of longish things (কেশপাশ)

পাশ৪—coll corrup of **পার্শ্ব** **পাশ কাটান**—*v* to turn or move aside, to step aside and avoid, to dodge, to evade **পাশ দেওয়া**—*v* to move aside to let another pass **পাশ ফেরা**—*v* to turn on the side

পাশ৫, পাশক—*n* (playing) dice

পাশক্রীড়া—*n* dice-play.

পাশব—*a* relating to a beast, beastly, bestial, brutal, inhuman

পাশবতা—*n* beastliness, beastiality, brutality, inhumanity পাশব বল—brute-force

পাশবদ্ধ—*a* entrapped, ensnared

পাশবালিশ—*n* a bolster

পাশবিক—inc but pop var of পাশব

পাশা১—*n* a Turkish title given to governors, officials, and men of importance, pasha.

পাশা২—*n* (playing) dice পাশাখেলা—*n*. dice-play পাশা খেলা—*v* to play at dice পাশা ফেলা—*v* to cast or throw dice

পাশাপাশি—(1) *a* lying or situated side by side, contiguous, adjacent, adjoining (পাশাপাশি বাড়ি), neighbouring (পাশাপাশি এলাকা) (2) *adv* side by side, abreast, cheeck by jowl, alongside.

পাশী—(1) *a* armed with the ancient missile for binding an adversary (see পাশ৩) (2) *n* Varuna (বরুণ) the river-god or Yama (যম) the god of death, a hunter, a fowler

পাশুপত—(1) *a*. of Shiva (শিব) (2) *n* the name of Shiva's weapon

পাশে—coll corrup of পার্শ্বে (see পার্শ্ব)

পাশ্চাত্ত্য, পাশ্চাত্য—(1) *a* of the west or the western world, western, occidental, hinder, following (2) *n* the western world (that is, Europe, America and Australia), the West, the Occident.

পাষণ্ড, পাষণ্ডী—(1) *a* atheistic, godless, heretical, inveterately sinful, extremely wicked and hard-hearted (2) *n* an atheist, a godless person, a heretic, an inveterate sinner, an extremely wicked and hard-hearted person পাষণ্ডদলন—*n* repression or destruction of the wicked

পাষাণ—(1) *n* stone, a weight put on a scale-pan to adjust or equipoise a beam of balance, (fig) a stone-hearted man (তুমি পাষাণ) (2) *a* (chiefly used as a *sfx*) made of stone, of stone, stone-like, unfeeling, pitiless, stone-hearted (পাষাণ বাপ), callous (শোকে শোকে পাষাণ) পাষাণতুল্য—*a* stone-like, stony, (fig) unfeeling, insensate, immobile, unmoved, still. পাষাণপ্রাচীর—*n* a stone-wall পাষাণভার—*n* a weight as heavy as stone পাষাণভেদী—*a* able to pierce even stone, heart-rending পাষাণময়—*a* made of or full of stone, stony পাষাণহৃদয়—*a*. stone-hearted. পাষাণী—*n* *fem* a stone-hearted woman

পাস—(1) *n* act of passing an examination, a written permission, a pass (গেটপাস), a free or complimentary ticket (রেলের বা থিয়েটারের পাস) (2) *a* got through an examination, passed পাস করা—*v*. to pass (an examination), to sanction or pass পাস করান—*v* to help or make one pass an examination, to let (one) pass through (as a gate) পাস হওয়া—*v* to pass an examination, to be passed or sanctioned, to be allowed to pass through

পাসরন, পাসরণ—*n*. (poet.) act of forgetting, oblivion

পাসরা—*v* (poet) to forget

পাহাড়—*n* a hill, a rock, a mountain, a dune, a mound (বালির পাহাড); bank or coast (esp a steep and high one) upland (fig) a heap (টাকার বা মিষ্টির পাহাড়) পাহাড়তলি—*n* a valley, a dale, a level tract of land at the foot of a hill. পাহাড়িয়া, পাহাড়ে—*a* of hills and mountains, hilly, mountainous, lying or growing or

dwelling on hills or mountains ; hill-born, highland, (fig) huge (পাহাড়ে ঢেউ), terrible (পাহাড়ে মেয়েমানুষ=a terrible woman, a virago), inveterate (পাহাড়ে বদমাশ) পাহাড়ী—(1) *a* same as পাহাড়িয়া, (2) *n* a hill-man, a highlander, a hill-tribe.

পাহারা—*n* watching or guarding ; a watch, a watchman, a watcher, a sentinel, a sentry, a guard, a guardsman পাহারা দেওয়া—*v* to watch, to guard, to sentinel পাহারাওয়ালা, পাহারাওলা—*n* a constable, a policeman

পাহুন১—*a* (poet & obs) stone-hearted, cruel ('পুরুষ পাহুন')

পাহুন২—*n* (poet & obs) a visitor, one away from home ('কান্ত পাহুন')

পিউরি—*n* a yellow pigment made from the cow's urine

পিউপিউ—*int* & *n* the note or cooing of the nightingale

পিওন—alt. spell of পিয়ন

পিঁচুটি—*n* mucus or catarrh exuding from eyes. চোখ দিয়ে পিঁচুটি পড়ছে—eyes run

পিঁজরা, (coll) পিঁজরে—*n* a cage পিঁজরাপোল—*n* an institution for keeping disabled cattle, a veterinary asylum

পিঁজা—*v* to open out the fibres of (cotton, wool, etc), to tease, (of cloth) to open out into fibres (চাদরখানা পিঁজে গেছে)

পিঁড়ি, (dial) পিঁড়া, (coll) পিঁড়ে—*n* a low wooden seat to sit upon in a squatting position, a stand or altar (লক্ষ্মীর পিঁড়ি)

পিঁপড়া, (coll) পিঁপড়ে, (rej) পিঁপীড়া—*n* the ant

পিঁপুল—same as পিপ্পল

পিঁয়াজ—pop var of পিয়াজ

পিক১—*n* the cuckoo

পিক২—*n* spittle ; spittle thrown out after chewing betel-leaves. পিক ফেলা—*v.* to spit, to spit after chewing betel-leaves

পিকতান—*n.* a cuckoo's call or note

পিকদান, পিকদানি—*n* a spittoon

পিকধ্বনি—same as পিকতান

পিকনিক—*n* picnic

পিকবধূ—*n* *fem* a cuckoo's mate, a female cuckoo

পিকরব—same as পিকতান

পিকী—*fem* of পিক১

পিকেটিং—*n* picketing (as by trade-unionists) পিকেটিং করা—*v* to picket. পিকেটিংকারী—*n* a picketer

পিঙ্গল—(1) *n* the yellowish brown colour, mud-colour (2) *a* yellowish brown, mud-coloured *fem.* *a* পিঙ্গলা

পিচ১—var. of পিক২

পিচ২—alt. spell of পীচ

পিচ৩—*n* (in cricket) pitch

পিচ৪—*n* a black residue of distillation of tar, pitch পিচ-ঢালা—*a* pitched, tarred (পিচ-ঢালা রাস্তা) পিচ দেওয়া, পিচ ঢালা—*v* to pitch, to tar

পিচকারি, (rej) পিচকারী—*n* a syringe, a squirt, a spray

পিচবোর্ড—*n* pasteboard, cardboard

পিচাশ—vul corrup of পিশাচ

পিচুটি—var of পিঁচুটি

পিচ্ছিল, পিচ্ছল—*a* slippery, slabbery

পিছ, পিছন—*n* the back ; the backside, the rear, (fig) the future or the past পিছনে চলা—*v* to go or move backwards, to retrograde, to return or recede পিছনে চাওয়া, পিছনে দেখা—*v* to look to one's own back, to look back, (fig) to look to or consider the

past পিছন পিছন, পিছনে পিছনে—on the back of, at the heels of পিছন ফেরা—*v* to turn back; to look back, (*fig*) to look to or consider the past পিছটান, পিছনটান—*n* (lit.) a pull from the back, (*fig*) attachment to one's family circle, which retards or impedes one's progress পিছপা—*a* taken aback, recoiled, reluctant পিছপা হওয়া—*v* to be taken aback, to recoil, to be reluctant. পিছমোড়া—*a* pinioned at the back. পিছমোড়া করে বাঁধা—to pinion one at one's back.

পিছটান, পিছনটান, পিছপা, পিছমোড়া—see পিছ

পিছল, পিছলা—coll corrup's of পিচ্ছিল

পিছলান—*v.* to slip, to slide, to glide.

পিছান—*v* to fall back, to recoil, to back out, to retreat, to beat a retreat, to move (towards one's) back, to put off or be put off, to postpone or be postponed, to defer or be deferred.

পিছিলা₁—corrup of পিচ্ছিল

পিছিলা₂—*a* (poet & obs) postern ('পিছিলা ঘাটে সে নায়')

পিছু—var of পাছু and পিছ

পিছে—(1) *prep* at the back of, on the back of, towards the back of (2) *adv* backwards, towards or in the past or future পিছে পিছে—on the back of, at one's heels, following, pursuing

পিজবোর্ড—*n* pasteboard

পিজান—*n* act of opening out the fibres of cotton, wool, etc, teasing, an apparatus for teasing

পিঞ্জর—*n* a cage, the ribs, the thorax পিঞ্জরাবদ্ধ—*a* incaged encaged পিঞ্জরাবদ্ধ করা—*v* to incage, to encage

পিঞ্জিকা—*n* a skein or roll or wisp of carded cotton

পিট—pop var of পিঠ

পিটন—same as পিটানি (see পিটা)

পিটনা—*n* a small cudgel for ramming the roof or the floor of a building, a rammer

পিটপিট—alt. spell of পিট্‌পিট্‌

পিটা, পিটান—(1) *v* to strike, to beat (লোহা পিটান), to pound, to batter, to ram (ছাদ পিটা), to whip up or switch, to thrash (ছেলে পিটান) (2) *a* beaten, rammed, thrashed, shaped by beating, wrought (পিটা লোহা) পিটাই, পিটানি, (pop) পিটুনি—*n.* act of beating or ramming or thrashing, a drubbing (পিটুনি খাওয়া)

পিটালি—*n* a paste made of pounded rice, used as a cooking ingredient

পিটিশন—*n* a petition পিটিশন করা—*v* to petition পিটিশনকারী—*n* a petitioner

পিটুনি—see পিটা

পিটুলি—pop var of পিটালি

পিট্‌টান, (rare) পিট্টান—*n* act of going off or departing quietly, fleeing, flight, act of beating a retreat পিট্‌টান দেওয়া—*v* to go off or depart quietly, to flee, to decamp, to take to one's heels, to show a clean pair of heels; to beat a retreat

পিট্‌পিট্‌—*int* expressing twitching as of the eye, flickering as of a lamp, peevishness, fastidiousness or mania for cleanliness পিট্‌পিট্‌ করা, পিট্‌পিটান—*v* (of the eye etc.) to twitch (of a lamp etc.) to flicker; to behave peevishly or fastidiously; to show a mania for cleanliness পিট্‌পিটানি—*n* twitching as of the eye, flickering as of a lamp, peevishness, fastidiousness; a mania for

cleanliness. পিট্‌পিটে—*a.* peevish, fastidious, stricken with a mania for cleanliness

পিঠ—*n.* the back, the rear, immediate succession (পিঠে পিঠে), a surface or face (এপিঠ ওপিঠ). পিঠ চাপড়ান—*v.* to pat on the back, to drum one's back lightly, (idio) to encourage patronizingly or with an air of superiority পিঠের চামড়া তোলা—*v* to flog severely. পিঠে পিঠে—back to back, on the back of, immediately succeeding in birth, born next.

পিঠা—*n.* a sweet pie, a kind of cake

পিঠাপিঠি—*adv* & *a.* same as পিঠে পিঠে (see পিঠ).

পিঠালি—var of পিটালি.

পিঠে—coll. corrup of পিঠা.

পিড়া, পিড়ি, পিড়ে—var 's of পিঁড়ি.

পিণ্ড—*n* a lump, a conglomerated mass, (loos) anything ball-shaped, a ball, food-offering to the manes of forefathers, a lump of food, the body (as a conglomerated mass of পঞ্চভূত or the five elements) পিণ্ড চটকান—*v* to crush lumps of food-offering to the manes, (fig.) to revile, to abuse soundly (when the man abused is absent) পিণ্ডখর্জুর—*n.* dates preserved in lumps, lump-dates পিণ্ডদ, পিণ্ডদাতা—(1) *a* scripturally authorized to give food-offering to the manes, giving food-offering to the manes, providing with food, (2) *n.* such a man *fem* পিণ্ডদা, পিণ্ডদাত্রী পিণ্ডদান—*n.* the sacrament of food-offering to the manes পিণ্ডদান করা—*v* to offer food to the manes পিণ্ডলোপ—*n* extinction or absence of persons or descendants authorized to offer food to one's manes; extinction of one's line of descent. পিণ্ডশরীর—*n* the body (as a conglomerated mass of পঞ্চভূত or five elements)

পিণ্ডাকার, পিণ্ডাকৃতি—*a* shaped like a lump; round and lumpish.

পিণ্ডারী—*n* a band of mercenary freebooters troublesome in India till 1817, Pindaris, Pindarees

পিণ্ডি—coll corrup. of পিণ্ড

পিণ্ডিত—*a* shaped into a lump, conglomerated, conglomerate.

পিতঃ—*int.* O father (cp. abba).

পিতল—*n.* brass

পিতা—*n* father পিতামহ—*n.* one's father's father or uncle, a grandfather or a grand-uncle, an appellation of Brahma (ব্রহ্মা) পিতামহী—*n fem* one's father's mother or aunt, a grandmother or a grand-aunt.

পিতুঃস্বসা—same as পিতৃস্বসা (see পিতৃ)

পিতৃ—*n* (chiefly used as a *pfx*) father. পিতৃ-আজ্ঞা—*n.* father's command পিতৃ-ঋণ—*n* one's obligation to one's father, filial obligation; debt incurred by one's father (esp that which should be paid off by children) পিতৃকর্ম—same as পিতৃকৃত্য পিতৃকল্প—(1) *a* father-like, fatherly, (2) *n* same as পিতৃকৃত্য পিতৃকার্য—same as পিতৃকৃত্য পিতৃকুল—*n* one's father's line, spearside পিতৃকৃত্য, পিতৃক্রিয়া—*n* obsequial rites performed in honour of the manes of one's father and forefathers পিতৃগণ—*n* (myth) heavenly sages (collectively) from whom the human race has evolved, manes of the forefathers of mankind or of an individual, dead ancestors. পিতৃগৃহ—*n* father's house or family পিতৃঘাতক, পিতৃঘ্ন—same as পিতৃহন্তা পিতৃতর্পণ—*n* water-offering to the

manes of one's forefathers, (cp) libation পিতৃতুল্য—*a* father-like, fatherly পিতৃত্ব—*n* paternity, fatherhood পিতৃদত্ত—*a*. given or transmitted by one's father , (rare) given to one's father পিতৃদায়—*n* the solemn obligation of performing the obsequial rites of one's deceased father পিতৃদায়গ্রস্ত হওয়া—*v* to be under the solemn obligation of performing the obsequial rites of one's deceased father পিতৃদেব—*n* father looked upon as a deity (used as a term of respect) পিতৃদ্রোহী—*a* rebelling against one's father পিতৃধন—*n* a patrimony পিতৃপক্ষ—*n* the dark fortnight immediately preceding the light fortnight of the month of Aswin (আশ্বিন), one's father's side, spear-side পিতৃপুরুষ—*n* an ancestor, a forefather পিতৃবন্ধু—*n* a father's friend পিতৃবিয়োগ—*n* death or bereavement of one's father পিতৃব্য—*n* a brother of one's father, an uncle পিতৃভক্ত—*a* devoted to or fond of one's father পিতৃভক্তি—*n* devotion to or fondness for one's father পিতৃমাতৃদায়—*n* the solemn obligation of performing the obsequial rites of one's deceased parents পিতৃমাতৃহীন—*a* bereft of parents, orphan পিতৃমেধ, পিতৃযজ্ঞ—same as পিতৃকৃত্য or পিতৃতর্পণ পিতৃযান—*n* the route for the journey of the manes to the lunar heaven or the region of the moon for settling there পিতৃরিষ্টি—*n* (astrol) the location of the zodiacal signs in one's horoscope indicating loss of one's father পিতৃলোক—*n* the region of the moon where the manes dwell, the lunar heaven পিতৃশোক—*n* grief or mourning for one's deceased father পিতৃশ্রাদ্ধ—*n*. obsequies of one's deceased father পিতৃষ্বসা—*n* a father's sister, an aunt. পিতৃসদৃশ, পিতৃসম—same as পিতৃতুল্য পিতৃসেবা—*n* act of attending upon or serving one's father devotedly পিতৃস্থানীয়—*a* deserving to be respected as one's father পিতৃহত্যা—*n* patricide পিতৃহত্যামূলক—*a* patricidal. পিতৃহন্তা—(1) *a* guilty of patricide, (2) *n* a patricide *fem* পিতৃহন্ত্রী পিতৃহীন—*a* fatherless *fem* পিতৃহীনা

পিত্ত—*n* bile, gall পিত্ত পড়া—*v* to lose appetite because of abstinence from food during hunger পিত্ত জ্বলা—*v* to have one's ill-humour roused পিত্তকোষ—*n* the gall-bladder পিত্তঘ্ন—*a* antibilious পিত্তজ্বর—*n*. bilious fever পিত্তনাশ—*n* abominable perversion or corruption (from the fact that a fish *tastes bitter* if its gall-bladder is burst open and its body smeared with bile) পিত্তনাশক—*a* antibilious পিত্তবিকার—*n* (med) biliary or bilious trouble. পিত্তরক্ত—*n* plethora পিত্তরক্ষা—*n* appeasement of hunger by eating a trifling quantity of food, (sarcas.) a mere show of gratification পিত্তরক্ষা করা—*v* to appease one's hunger by eating a trifling quantity of food, (sarcas) to make one content or be content with a mere show of fulfilment of one's desire

পিত্তল—*n* brass পিত্তলনির্মিত—*a*. made of brass, brazen পিত্তল-ফলক—*n* a brass-plate পিত্তলের কারিগর—a brazier

পিত্তাতিসার—*n*. (med.) bilious or biliary diarrhœa.

পিত্তাশয়—*n* the gall-bladder

পিত্তি—vul corrup of পিত্ত

পিত্তোশ, পিত্তোস—vul corrup 's of প্রত্যাশা

পিত্রালয়—*n* father's house (esp of a married woman)

পিত্র্য—same as পৈতৃক

পিদিম—vul corrup of প্রদীপ

পিধান—*n* a case, a sheath (as of a sword) ; a lid , a covering

পিন—*n* a pin পিন আটকান, পিনে আটকান—*v* to pin.

পিনদ্ধ—*a* tied, fastened (esp to one' body) , put on, worn

পিনাক—*n* the bow of Shiva (শিব) , a bow-shaped musical instrument of Shiva , a trident (esp that of Shiva) পিনাকপাণি, পিনাকী—*n* Shiva (শিব), who carries a পিনাক in his hand

পিনাল কোড—*n* the penal code

পিনাস, (coll.) পিনেস—*n* ozæna

পিন্ধন—*n* (poet. & obs) act of putting on or wearing

পিন্ধা—*v* (obs) to put on, to wear

পিন্ধাওল—*v* to dress (one) in

পিপা—*n* a cask, a barrel, a coop

পিপাসা—*n* thirst (fig) eager desire পিপাসা পাওয়া—*v* to feel thirsty পিপাসা মেটান, পিপাসা দূর করা—*v* to quench one's thirst , (fig) to satisfy one's desire পিপাসার্ত, পিপাসিত, পিপাসী, পিপাসু—*a* thirsty , (fig) eagerly desirous (of) *fem* পিপাসার্তা , পিপাসিতা, পিপাসিনী

পিপীলিকা, পিপীড়া—*n* the ant.

পিপুল—var of পিপ্পল

পিপে—coll corrup of পিপা.

পিপ্পল—same as অশ্বত্থ

পিপ্পলি, পিপ্পলী—*n* a small roundish pungent seed of the pepper genus used in medicine , its plant.

পিয়—poet corrup of প্রিয় and প্রিয়া

পিয়ন—*n* a postman, a liveried messenger, a footman, a peon পিয়নি —*n* the profession or post of a peon

পিয়া—same as পিয়

পিয়াজ—*n*. onion পিয়াজি—(1) *n* a kind of chop made of minced onion, light purple colour , effrontery , impudent waggery , (2) *a* of light purple colour

পিয়াদা—*n* an armed footman , a liveried messenger , a process-server , a bailiff , (in chess) a pawn

পিয়ান—*v* (poet) to make one drink, to cause to drink , to suckle

পিয়ানো—*n* a piano

পিয়ার, পিয়ারা, পিয়ারী—vul. corrup's of পেয়ার, পেয়ারা and পেয়ারী respectively

পিয়াল—*n* a kind of nut-tree , its nut or seed.

পিয়ালা—*n* a drinking cup, a cup, a goblet

পিয়াস, পিয়াসা, পিয়াসী, পিয়াসু—poet. corrup 's of পিপাসা, পিপাসী and পিপাসু respectively

পিরান—*n* a loose outer garment

পিরামিড—*n* a pyramid

পিরালী, পিরালি—(1) *n* a brahmin (also a kayastha) defiled or degenerated because of taking food touched or cooked by a Mussalman , a descendant of such a brahmin (or kayastha) (2) *a* thus defiled

পিরিচ—*n* a saucer

পিরিত, পিরিতি, পিরীত, পিরীতি—*n* love, amour , affection , attachment , secret or illicit love

পিল১—*n* a pill (of medicine)

পিল২—*n* the elephant , (in chess) the bishop.

পিল করা—*v* (in certain games) to send (a ball or marble) into the pocket, to pocket (গাবু পিল করা)

পিলখানা—*n* a stable for housing elephants

পিলপা—*n* a thick pillar. পিলপা-গাড়ি—*n* act of building or fixing a pillar to mark out the boundaries

পিলপিল—alt spell of পিল্‌পিল্‌

পিলপে—coll corrup of পিলপা

পিলসুজ—*n* a lamp-stand.

পিলা—coll corrup of প্লীহা

পিলু—*n* an Indian musical mode.

পিলে১—pop var of পিলা

-পিলে২—correl of ছেলে (ছেলেপিলে)

পিল্‌পিল্‌— *int* expressing a swarming crowd পিল্‌পিল্‌ করা—*v* to swarm পিল্‌পিল্‌ করে বেরন—to come out swarmingly

পিশাচ—*n* a necrophagous evil spirit, a ghoul, (fig) a man of vile or cruel or nauseating nature. *fem* পিশাচী, (inc) পিশাচিনী পিশাচসিদ্ধ—*a* one who has made a ghoul one's slave by means of rigorous ascetic practices *fem* পিশাচসিদ্ধা

পিশিত—*n* flesh, raw meat.

পিশুন—*a* scandal-mongering, tale-bearing, malicious, cruel

পিষণ—*n* pulping, pressing, squeezing, kneading, crushing, grinding, pulverization, pressure, oppression

পিষা—*v* to render into a paste by crushing, to pulp, to press, to squeeze, to knead, to crush, to grind, to pulverize, to oppress পিষাই—*n* cost or charge of grinding, pulping, pressing, squeezing, kneading, crushing, grinding, pulverization পিষান—*v* to cause to pulp or press or squeeze or knead or crush or grind or pulverize

পিষ্ট—*a* pulped, pressed, squeezed, crushed, ground, pulverized, oppressed

পিষ্টক—*n* a kind of cake or sweet pie

পিসতুতো, (pop) পিসতুত—*a* born of a sister of one's father or father-in-law পিসতুত ভাই বা বোন—a cousin

পিসবোর্ড—*n* pasteboard

পিসশাশুড়ী—*n fem* a sister of one's father-in-law

পিসশ্বশুর—*n* the husband of a sister of one's father-in-law

পিসা—*n* the husband of a sister of one's father

পিসি, পিসী—*n* a father's sister

পিসে—coll corrup of পিসা

পিস্তল—*n* a pistol

পিহিত—*a* sheathed, encased

পীচ—*n* a juicy stone-fruit, peach

পোকা, (dial) পোক—*n* an insect, a worm, a moth, a beetle কুমিরে-পোকা—*n* a kind of insect preying on cockroaches গান্ধি-পোকা—same as গান্ধী পোকায়-খাওয়া—*a* worm-eaten, moth-eaten

পোক্ত—*a* strong, firm, durable, lasting, experienced, accustomed, seasoned

পোখরাজ—*n* topaz

পোগণ্ড—*n* a child between the age of five and fifteen, a cripple

পোছা—pop var of পুঁছা

পোট—*n* friendly terms, agreement, love পোট খাওয়া—*v* to be on friendly terms (with), to agree (with), to be in love (with)

পোটলা—var of পোঁটলা

পোড়—*n* a spell of burning or scalding or singeing, affliction, distress, a severe ordeal পোড়-খাওয়া—*a* burnt, scalded, singed, passed through an affliction or distress or a severe ordeal

পোড়ন, পোড়া, পোড়ান, পোড়ানি, পোড়ানিয়া, পোড়ানে—pop var 's of পুড়ন পুড়া, পুড়ান, পুড়ানি, পুড়ানিয়া and পুড়ানে respectively পোড়া কপাল—hard luck, bad or ill luck, (as *int*) ah me! পোড়াকপালে—*a* unlucky, unfortunate. *fem* পোড়াকপালী

পোড়ো—alt spell of পড়ো১,২

পোশা—rej spell of পোনা.

পোত—*n.* a boat, a ship, a vessel (অর্ণবপোত, খপোত) পোত চালান—*v.* to captain (a ship), to pilot (an air-ship or ship) পোতচালক—*n* (of a ship) a captain (of an airship) a pilot. পোতধ্বংস—*n* shipwreck

পোতা১—*n* plinth (of a house).

পোতা২—*n.* (dial.) a son's son, a grandson.

পোতাধ্যক্ষ—*n* a captain or master of a ship, (rare) a pilot of an aero-plane

পোতারোহী—(1) *a* sailing in a ship (2) *n* a passenger of a ship

পোতাশ্রয়—*n* a harbour, a haven

পোদ—*n*. a socially depressed caste amongst Hindus

পোদ্দার—*n.* a professional examiner of the genuineness of coins, a money-changer, a pawn-broker, a banker, a money-lender পোদ্দারি—*n* the profession of a coin-examiner or money-changer or pawn-broker or banker or money-lender, (sarcas) display of false authority or power পরের ধনে পোদ্দারি—see পর৩

পোনা—*n*. young of fish (esp of a larger one like trouts etc) পোনামাছ—*n* a fish of the species of rui (রুই), katla (কাতলা), mrigel (মৃগেল), etc.

পোনি—*n* a pony, a tattoo

পোয়া—(1) *n* a fourth part, a quarter, one-fourth of a seer (সের), half-a-mile (2) *a* one-fourth, quarter চারপোয়া—*a* complete, full. পোয়া-বার—*n* a particular throw at dice, (sarcas) an extraordinary piece of luck, success in everything

পোয়াতি, পোয়াতী—(1) *a* pregnant (পোয়াতি বউ); recently delivered of a child (প্রসবের পরে পোয়াতি সুস্থ আছে) (2) *n.* a pregnant woman, a woman recently deliverd of a child. পোয়াতি-হাসপাতাল—*n* a maternity hospital

পোয়ান—coll. corrup of পোহান

পোয়া—pop var of পয়া৩.

পোর্টম্যানটো—*n* a portmanteau

পোল—pop var of পুল.

পোলা—*n* (vul. & dial) a son

পোলাও—*n* a highly spiced dish of rice and meat boiled in clarified butter, pilau

পোলো১—alt. spell. পলো

পোলো২—*n* polo

পোশাক—*n* dress, garment, clothes, apparel, outfit. পোশাক ছাড়া, পোশাক খোলা—*v* to undress oneself পোশাক ছাড়ান, পোশাক খোলান—*v* to undress পোশাক পরা—*v* to dress oneself, to put on one's dress পোশাক-পরা—*a* dressed (in) পোশাক পরান—*v* to dress পোশাকী—*a.* befitting fashionable society, fashionable (পোশাকী কথাবার্তা), elegant, refined, worn on formal or festive occasions, (পোশাকী জামাকাপড়), (sarcas) merely formal, insincere, hypocritical (পোশাকী ভদ্রতা)

পোষ১—coll. corrup of পউষ

পোষ২—*n* taming, domestication, act of bringing under one's control, subdual পোষ-মানা—*a* tame, domesticated, brought under control, subdued, habituated to obedience পোষ মানা—*v* to become tame or domesticated, to come under control, to be subdued, to be habituated to obedience, (of a horse) to be broken. পোষ মানান—*v* to tame, to domesticate, to bring under one's control, to subdue, to habituate to obedience, to break (as a horse)

পোষক—(1) *a* cherishing, nourishing, aiding, upholding, supporting,

countenancing or abetting (2) *n* one who or that which cherishes or nourishes, an aider, an upholder, a supporter, a countenancer or abettor পোষকতা—*n* aiding, upholding, support, countenancing, abetment পোষকতা করা—*v* to aid, to uphold, to support, to countenance, to abet

পোষড়া—coll corrup of পউষপার্বণ (see পউষ)

পোষণ—*n* upbringing, feeding, maintenance (পরিবার-পোষণ), cherishment, nourishment, act of supporting পোষণ করা—*v* to bring up, to maintain, to cherish, to nourish, to support পোষণীয়—var of পোষ্য

পোষা—(1) *v* pop var of পুষা (2) *a* tame, domesticated, pet, obediently following পোষা কুকুর—an obedient dog, a servilely obedient follower

পোষাক, পোষাকী—rej spell 's of পোশাক and পোশাকী respectively

পোষান—*v* to be sufficient for, to suffice (এ টাকায় পোষাবে না), to agree with, to pull on well with (তার সঙ্গে আমার পোষাবে না), to cause to bring up or rear (ছাগল পোষান), to pay for or compensate (খাটুনি বা লোকসান পোষান), to be able to bear or tolerate (এ শরীরে এত খাটুনি পোষায় না) পোষানি—*n* act of making another rear one's domestic animals

পোষ্ট—rej spell of পোস্ট

পোষ্টা—*a* one who or that which brings up or rears or nourishes

পোষ্টাই—(1) *a* nutritious, nourishing (2) *n* nutrition, nourishment.

পোষ্য—*a* worthy of being brought up or fed or maintained or cherished or nourished or supported, dependent for maintenace *n* পোষ্যপুত্র—*n* an adopted son পোষ্যবর্গ—*n pl* one's dependants (esp those who live in the same family)

পোস্ট১—*n* the postal system, post, mail (আজকের পোস্টের চিঠি), an office or appointment, a post (ক্লার্কের পোস্ট)

পোস্ট২—*n* a pillar, a post (ল্যাম্প-পোস্ট)

পোস্ট-অফিস—*n* a post-office

পোস্টকার্ড—*n* a post-card

পোস্ট-গ্রাজুয়েট—*a* post-graduate

পোস্টমাস্টার—*n* a postmaster

পোস্টাপিস—*n* a post-office

পোস্ত১, পোস্তদানা—*n* mawseed, poppy-seed

পোস্তা, (coll) পোস্ত২—*n* a joint (মেরে পোস্তা ওড়ান), a central or wholesale market (আলুপোস্তা), masonry construction for strengthening a wall, embankment, etc

পোহান—*v* to dawn, to end (রাত পোহান), to bask (রোদ পোহান), to warm up oneself (আগুন পোহান), to suffer or undergo (ঝামেলা পোহান)

পৌঁছ—*n* reach (পৌঁছ না মেলা), arrival (পৌঁছ-খবর = news of arrival)

পৌঁছা—*v* to arrive at, to reach (বাড়ি পৌঁছা, হাত পৌঁছা), to come within reach, to come to hand (চিঠি পৌঁছা) পৌঁছান—*v* to arrive at, to reach, to come within reach, to come to hand, to escort, to convey or carry (to), to bring to hand

পৌগণ্ড—*n* the age between five and fifteen, boyhood

পৌণ্ড্র—var of পুণ্ড্র

পৌত্তলিক—(1) *a* idolatrous. (2) *n* an idolater পৌত্তলিকতা—*n* idolatry

পৌত্র—*n* a son's or nephew's son, a grandson *fem* পৌত্রী—a son's or nephew's daughter, a grand-daughter

পৌনঃপুনিক—*a* recurring **পৌনঃপুন্য**—*n* recurrence, recurrency

পৌনে—*a* three quarters of, three-fourths (পৌনে এক দিন), a quarter to (পৌনে বারটা)

পৌর—*a* living in a particular city or house, relating to a city, urban, municipal, relating to a house, indoor, civic **পৌর-অধিকার**—*n* civic rights **পৌরক্রীড়া**—*n* an indoor game **পৌরজন**—*n* citizens, inmates (of a house) **পৌরপদ**—*n* citizenship **পৌরপিতা**—*n* a mayor (*fem* a mayoress) **পৌরবর্গ**—same as **পৌরজন** **পৌরবিজ্ঞান**—*n* civics **পৌরমুখ্য**—*n* an alderman (of a municipal corporation) **পৌরসঙ্ঘ, পৌরসংঘ**—*n* a municipality **পৌরসঙ্ঘ-কর্বণিক**—*n* a municipal clerk **পৌরসঙ্ঘ-বিচারক**—*n* a municipal magistrate **পৌরসভা**—*n* a municipal corporation **পৌরস্ত্রী**—same as **পুরনারী** (see **পুর২**)

পৌরব—*a* descending from King Puru (পুরু)

পৌরাঙ্গনা— same as **পুরনারী** (see **পুর২**)

পৌরাণিক—*a* pertaining to or versed in Hindu puranas (পুরাণ) or mythology, mythical, mythological, ancient **পৌরাণিক কাহিনী**—a mythological tale or episode, a legend **পৌরাণিক নাটক**—a mythological drama

পৌরুষ—same as **পুরুষত্ব** (see **পুরুষ**)

পৌরুষেয়—*a* (rare) pertaining to a man, masculine, man-made

পৌরোহিত্য—*n* the office or profession of a priest, priesthood, presidentship, presidency (সভার পৌরোহিত্য), leadership, leading (আন্দোলনের পৌরোহিত্য) **পৌরোহিত্য করা**—*v* to act as a priest, to preside over (a meeting), to lead (as a movement)

পৌর্ণমাসী—*n* the full-moon

পৌর্ব—*a* past, of the east, eastern

পৌর্বদেহিক, পৌর্বদৈহিক—*a* relating to the body of a previous birth, of a previous birth

পৌর্বাপর্য—*n* due order or succession, sequence

পৌর্বাহ্ণিক—*a* relating to or due to be done in the first part or quarter of the daytime or in the forenoon

পৌর্বী—*fem* of **পৌর্ব**

পৌলস্ত্য—*n* a son of Pulastya (পুলস্ত্য) the sage

পৌলোমী—*n* a daughter of Puloma (পুলোমা) the sage

পৌষ, পৌষালী—alt spell.'s of **পউষ** and **পউষালী** respectively

পৌষ্টিক—*a* nutritious, nutritive, alimentary **পৌষ্টিক নালী**—the alimentary canal

প্যাঁকাটি—coll corrup of **পাকাটি**

প্যাঁক্—*int* denoting the cry of the duck, quack **প্যাঁক্‌প্যাঁক্**—*int* quack! quack!

প্যাঁচ—alt spell of **পেঁচ**

প্যাঁচা—alt. spell **পেঁচা**

প্যাঁটরা—var of **পেটরা**

প্যাঁড়া—var of **পেড়া১**

প্যাকবন্দী—*a* packed in a box, container, etc

প্যাকিং—*n* packing, a package, a packet

প্যাচ্‌প্যাচ্—*int* denoting the noise caused by going along or wading through a slimy or miry place (প্যাচ্‌ প্যাচ্‌ করে চলা), sliminess, miriness (কাদা প্যাচ্‌প্যাচ্‌ করা) **প্যাচপেচে**—*a* giving out or resembling the aforesaid noise, slimy or miry

প্যাডেল—*n* a paddle, paddling **প্যাডেল করা**—*v* to paddle

প্যানট, প্যান্ট—*n* pantaloons, shorts

ফুলপ্যানট—*n* trousers হাফপ্যানট—*n* shorts

প্যান্‌প্যান্—*int* denoting the noise of complaining or imploring whimperingly or whiningly প্যান্‌প্যান্ করা, প্যান্‌প্যানান—*v* to complain or implore whimperingly or whiningly প্যান্‌পেনে—*a* given to complaining or imploring whimperingly or whiningly, whimpering or whining

প্যারাশ্যুট—*n* parachute

প্যারী—pop corrup of পেয়ারী

প্যালা—alt spell of পেলা

প্যাসেঞ্জার—(1) *n* a passenger (2) *a* meant for carrying passengers

প্র—*pfx* denoting excellence, celebrity, abundance, excess, intensity, extensiveness, inception, etc

প্রকট—*a* clearly revealed or exposed, manifest, obvious, evident, clear প্রকটন—*n* clear revelation or exposition, manifestation প্রকটিত—*a* clearly revealed or exposed

প্রকম্প—*n* a severe tremor or quake প্রকম্পন—*n* severe trembling or quaking প্রকম্পিত—*a* severely trembled or quaked or trembling or quaking প্রকম্পিত করা—*v* to cause to tremble or quake severely প্রকম্পিত হওয়া—*v* to tremble or quake severely

প্রকরণ—*n* a chapter or a part of a book, a process, a procedure, a (self-sufficient) part of a process or procedure, a context, a discourse

প্রকর্ষ—*n* excellence, superiority, amelioration, development

প্রকাণ্ড—(1) *a* huge, enormous, monstrous, gigantic, stupendous (2) *n* a trunk of a tree প্রকাণ্ডকায়—*a* enormous in size, of great bulk, gigantic, monstrous, huge

প্রকাম—*a* enough, sufficient

প্রকার—*n* class, kind, sort, type, species, genus, variety (বহুপ্রকার খাদ্য), mode, method, way, manner, procedure, process, means (কি প্রকারে) কি প্রকারে, কোন্ প্রকারে—by what means, in which way, how কোন না কোন প্রকারে—by some means or other, somehow, by hook or by crook

প্রকারণ—*n* variation নিরন্তর প্রকারণ —(bot) continuous variation সান্তর প্রকারণ—(bot) discontinuous variation

প্রকারান্তর—*n* another or a different sort or mode or way or method or means প্রকারান্তরে—*adv* in or by another or a different method or way, indirectly, (dero) insinuatingly

প্রকাশ—(1) *n* revelation, exposition (রহস্যপ্রকাশ, অর্থপ্রকাশ), demonstration, display, expression (দুঃখপ্রকাশ), suggestion, prognostication, appearance (আত্মপ্রকাশ), rise (সূর্যের প্রকাশ), efflorescence, blooming (পুষ্পপ্রকাশ), declaration, announcement (আদেশ প্রকাশ), publication (গ্রন্থপ্রকাশ), disclosure, divulgation, divulging (গুপ্তকথা প্রকাশ) (2) *a* revealed, transpired (journ) stated (প্রকাশ যে = it is stated that) প্রকাশ করা—*v* to reveal, to expose, to demonstrate, to display, to express, to suggest, to prognosticate, to cause to appear or rise or bloom, to declare, to announce, to publish, to disclose, to divulge প্রকাশ পাওয়া প্রকাশ হওয়া—*v* to be revealed or exposed, to transpire, to come to light, to appear, to rise, to bloom, to be published প্রকাশক—(1) *v* revealing, exposing, demonstrating, displaying, expressing, suggesting, prognosticating, causing to appear or rise or bloom,

declaring, announcing, publishing, disclosing, divulging, (2) *n* a revealer, an exposer, a demonstrator, a displayer, one who or that which expresses or suggests, a prognosticator, one who or that which causes to appear or rise or bloom, a declarer, an announcer, one who discloses and divulges, a publisher (esp of books) *fem* প্রকাশিকা প্রকাশন, প্রকাশনা—*n* publication (of books) প্রকাশনীয়—*a* that which can be or is to be revealed or demonstrated or published or disclosed প্রকাশমান—*a* appearing, rising, blooming, in the state of being revealed or published প্রকাশিত—*a* revealed, exposed, transpired, demonstrated, displayed, expressed, suggested, prognosticated, risen, bloomed, declared, announced, published, disclosed, divulged, (journ,) stated প্রকাশ্য—*a* that which can be or is to be or will be revealed or demonstrated or suggested or announced or published, under publication (ক্রমশঃ প্রকাশ্য), open to the public (প্রকাশ্য অধিবেশন), public (প্রকাশ্য স্থান), open (প্রকাশ্য আলোচনা) প্রকাশ্য দিবালোকে—in broad daylight প্রকাশ্যে, প্রকাশ্যতঃ (pop) প্রকাশ্যত—*adv* publicly, in the open

প্রকীর্ণ—*a* scattered or strewn or spread about, scattered or strewn or spread far and wide, various

প্রকীর্তন—*n* wide celebrity, publicity (নামযশ প্রকীর্তন)

প্রকীর্তি—*n* great fame, wide celebrity

প্রকীর্তিত—*a* greatly famed or famous, widely celebrated.

প্রকুপিত—*a* deeply enraged or angered, excited *fem* প্রকুপিতা

প্রকৃত—*a* true, real, genuine, pure, actual, right, correct veritable (প্রকৃত বদমাশ) প্রকৃতপক্ষে, প্রকৃতপ্রস্তাবে—*adv* in fact, actually, really, truly প্রকৃতরূপে —*adv* really, rightly

প্রকৃতার্থ—*n* true significance, real meaning, inner significance

প্রকৃতি—*n* nature (শান্তপ্রকৃতি), behaviour, habit, instinct (অসৎপ্রকৃতি), natural qualities, nature (বস্তুপ্রকৃতি), the external world, nature, the power that creates and regulates the world, Nature, the primordial female energy, (phil) illusion, maya, people or subjects, (gr) a root word প্রকৃতিগত—*a* pertaining to one's nature instinctive, habitual, pertaining to the physical nature, natural. প্রকৃতিজ, প্রকৃতিজাত—*a* natural, innate, inherent, native, instinctive প্রকৃতিদত্ত—*a* given by nature, natural, innate প্রকৃতিপুঞ্জ—*n pl* people or subjects প্রকৃতিপূজা—*n* nature-worship, animism. প্রকৃতিবাদ—*n* naturalism, materialism, (gr) consideration of the root-meaning of words, use of words in the root-meaning only, purism প্রকৃতিবাদী—(1) *a* naturalistic, materialistic, (gr) puristic, (2) *n* a naturalist, a materialist, (gr) a purist প্রকৃতিবিজ্ঞান—*n* physics, natural philosophy প্রকৃতিবিজ্ঞানী—*n* a physicist প্রকৃতিবিরুদ্ধ—*a* contrary to nature প্রকৃতিস্থ—*a* in one's natural or normal state, come to one's senses, recovered প্রকৃতিস্থ হওয়া—*v* to come to one's senses, to regain one's mental balance, to recover

প্রকৃষ্ট—*a* best, excellent, most auspicious or favourable or suitable (প্রকৃষ্ট সময়) *fem* প্রকৃষ্টা প্রকৃষ্টতা—*n* the

state of being the best, excellence, auspiciousness, suitability

প্রকোপ—*n* virulence, severity (জ্বরের প্রকোপ), excess (পিত্তের প্রকোপ), violent outbreak (কলেরার প্রকোপ), great anger, rage, great excitement প্রকোপন —*n* excitation, excitement, provocation, enragement প্রকোপিত—*a* excited, provoked, enraged, (of a disease etc) grown virulent, aggravated, (of an epidemic etc) violently broken out. প্রকোপিত হওয়া—*v* to be excited or provoked or enraged, to grow virulent, to aggravate, to break out violently

প্রকোষ্ঠ—*n* the part of the hand from the elbow to the wrist, the fore-arm, a room, a cabin, a compartment, a room near the gate

প্রক্রিয়া—*n* a process, a procedure, a mode, a method

প্রক্ষালন—*n* washing প্রক্ষালন করা—*v* to wash

প্রক্ষালিত—*a* washed

প্রক্ষিপ্ত—*a* flung, thrown, cast, placed within or inside, interpolated প্রক্ষিপ্তাংশ—*n* an interpolated part, an interpolation

প্রক্ষেপ, প্রক্ষেপণ—*n* flinging or casting, a throw, act or an instance of placing inside or within ; an interpolation প্রক্ষেপক—(1) *a* flinging, casting, throwing placing inside or within, interpolating, (2) *n* a thrower, one who places inside or within an interpolator

প্রক্ষোভ—*n* emotion

প্রখর—*a* very sharp or cutting, very keen (প্রখর বুদ্ধি), severe, (প্রখর তাপ), harsh (প্রখর বাক্য), very strict (প্রখর শাসন) *fem* প্রখরা প্রখরতা, প্রখরত্ব—*n* great sharpness or keenness, severity, harshness, excessive strictness

প্রখ্যাত—*a* famous, renowned, celebrated প্রখ্যাতনামা—*a* one whose name is famous *fem* প্রখ্যাতনাম্নী

প্রগণ্ড—*n* the upper arm

প্রগতি—*n* progress, advancement, (arith) a progression

প্রগল্‌ভ—*a* boastful, bragging, voluble, impertinent, saucy, impudent, unhesitating, smart, intrepid, bold, speaking unhesitatingly or smartly প্রগল্‌ভা—(1) *a fem* of প্রগল্‌ভ, (2) *n* a very sportive and wanton young woman প্রগল্‌ভতা—*n* boasting, bragging, volubility, impertinence, sauciness, impudence, absence of hesitation smartness intrepidity, unhesitating or smart talk

প্রগাঢ়—*a* very thick or deep or dense, very severe, profound প্রগাঢ়তা—*n* great thickness or depth or density, great severity, profundity

প্রচণ্ড—*a* furious, fierce, terrible, formidable ; violent, severe প্রচণ্ডতা —*n* furiousness, fierceness, terribleness, formidability, severity

প্রচয়—*n* culling, collection, accumulation, a multitude, increase, multiplication

প্রচল—(1) *a* current (2) *n* a convention প্রচলন—*n* act of bringing into practice, introduction, usage, practice, currency প্রচলন করা—*v* to bring into practice or currency to introduce প্রচলন হওয়া—*v* to be introduced or practised, to gain currency প্রচলিত—*a* introduced, current in vogue customary

প্রচায়—var of প্রচয়

প্রচার—*n* introduction, currency,

announcement, proclamation, circulation, propaganda, publicity, preaching, disclosure, publication প্রচার করা—*v* to introduce, to give currency (to), to announce, to proclaim, to circulate, to propagate, to give publicity to, to publicize, to preach, to disclose, to publish, to make public প্রচার হওয়া—*v* to be introduced, to gain currency, to be announced or proclaimed or circulated or propagated, to get publicity, to be preached or disclosed or published, to become public প্রচারক—(1) *a* introducing, giving currency (to), announcing, circulating, giving publicity to, preaching, disclosing, publishing, (2) *n* an introducer, one who gives currency (to), an announcer, a proclaimer, a circulator, a missionary, a propagandist, a publicist, a preacher, a discloser, a publisher প্রচারণ—*n* same as প্রচার and,—a communique প্রচারণা—same as প্রচার প্রচার-মন্ত্রক—*n* the ministry of information and broadcasting প্রচারিত—*a* introduced, that which has gained currency, current, announced, proclaimed, circulated, propagated, publicized, preached, disclosed, published

প্রচুর—*a* great in amount or degree or number, plentiful, abundant, profuse ample, numerous, enough, sufficient

প্রচেতাঃ, (pop) প্রচেতা—(1) *a* having a mind never to be perturbed, wise (2) *n* Varuna (বরুণ) the Water-god

প্রচ্ছদ, প্রচ্ছদপট—*n* a cover or a jacket (esp of a book)

প্রচ্ছন্ন—*a* covered hidden, concealed, secret, invisible, (esp in bot) latent. প্রচ্ছন্নতা—*n* covertness, concealment, secrecy, invisibility, latency, coverture, disguise প্রচ্ছন্নবেশে—*adv* in disguise, incognito প্রচ্ছন্নভাবে—*adv* covertly secretly, invisibly, stealthily, latently

প্রচ্ছাদন—*n* a cover, a thin wrapper for the upper body

প্রচ্ছায়—*n* deep shade, a deeply shady place প্রচ্ছায়া—*n* (astr) umbra.

প্রজন—*n* breeding (of cattle)

প্রজনন—*n* begetting, progeniture, generation, procreation, childbearing, (of animals) breeding

প্রজা—*n* created beings, creatures, offspring, progeny, a descendant, citizens collectively, the people, a citizen, a tenant, a ryot, the public প্রজাতন্ত্র—*n* a republic প্রজাতন্ত্রী—*a* republican প্রজাপতি—*n* (myth) the creator or protector of all living creatures, Brahma (ব্রহ্মা), any one of the ten sons of Brahma (ব্রহ্মা), the butterfly প্রজাপতির নির্বন্ধ—an ordinance or regulation of the creator or protector of living creatures, (loos) predestination in marriage প্রজাপালক—*n* a ruler, a king প্রজাপালন—*n* act of protecting or ruling the people প্রজাপালন করা—*v* to rule the people প্রজাবতী—*a fem* having children or offspring প্রজাবর্গ—*n* the whole body of subjects or citizens, the people, the tenantry প্রজাবিলি—*n* act or system of leasing out land and houses on fixed rents and terms প্রজাবৃদ্ধি—*n* multiplication of one's race, increase of population প্রজারঞ্জন—(1) *n* endeavour to please the people or subjects, (2) *a* devoted to please the people or subjects প্রজাশক্তি—*n* (pol) the pow-

er of the people of a state, the popular power

প্রজাত—*a* produced, grown *fem* প্রজাতা

প্রজাতি—*n* a species

প্রজ্ঞপ্তি—*n* a communication, a notice

প্রজ্ঞা—*n* superior understanding or intelligence profound wisdom, knowledge about philosophical reality প্রজ্ঞাচক্ষু—(1) *n* eyes having superhuman or rare power of attaining knowledge, power to attain knowledge about philosophical reality, (2) *a* having superhumanly or uncommonly knowing eyes, endowed with the knowledge about philosophical reality প্রজ্ঞাত—*a* well-known or widely known, famous প্রজ্ঞান—*n* especial or superior knowledge, knowledge about philosophical reality, a sign, a token, a hint প্রজ্ঞাপক—*n* a propagandist, a publicity man, a publicity officer প্রজ্ঞাপন—*n* propaganda, publicity, notification, a communique প্রজ্ঞাপারমিতা—*n* culmination of knowledge, highest knowledge, (in Buddhism) the goddess of knowledge. প্রজ্ঞাবান্—*a* endowed with the knowledge about philosophical reality, profoundly wise

প্রজ্বলন—*n* act of burning strongly, flaming, enkindling lighting, (fig) excitation or rousing

প্রজ্বলিত—*a* strongly burning, flaming, enkindled, lighted, (fig) excited or roused প্রজ্বলিত হওয়া—*v* to burn strongly, to be aflame or ablaze, to be enkindled or lighted, (fig) to be excited or roused

প্রজ্বালন—*n* act of causing to burn strongly, inflaming, enkindling, ignition, lighting, (fig) act of exciting or rousing

প্রজ্বালিত—*a* caused to burn strongly, inflamed, enkindled, ignited, lighted (fig) excited or roused প্রজ্বালিত করা—*v* to cause to burn strongly, to inflame, to enkindle, to ignite, to light, (fig) to excite or rouse

প্রণত—*a* bowed or bent or lying prostrate in obeisance, stooping, bent, inclined *fem* প্রণতা প্রণত হওয়া—*v* to bow or bend or lie prostrate in obeisance, to stoop, to bend, to incline প্রণতি—*n* act of bowing or bending or lying prostrate in obeisance, stooping or bending, inclination

প্রণব—same as ওঁ

প্রণয়—*n* love, amour, affection, attachment, friendship, amicable relation, good terms প্রণয়কোপ—*n* lover's anger, feigned anger of a lover প্রণয়গর্ভ—*a* full of love, amorous প্রণয়গাথা—*n* a love-lyric, a romantic ballad প্রণয়গীতি—*n* a love-song, a love-lyric প্রণয়ঘটিত—*a* amatory, amorous প্রণয়পত্র—*n* a love-letter, a billet-doux প্রণয়পাত্র—*n* an object of love, a lover প্রণয়পাশ—*n* the noose or bond of love প্রণয়পীড়িত—*a* love-sick, lovelorn প্রণয়বন্ধন—*n* the ties of love, a love-knot, a lover's knot প্রণয়ভাজন—(1) *n* same as প্রণয়পাত্র, (2) *a* worthy of being loved, beloved প্রণয়লিপি—same as প্রণয়পত্র প্রণয়লীলা—

n a lover's sport, an amorous sport, (pop) a love-affair (esp. a secret one), an affaire de cœur প্রণয়শর—*n* a love-shaft প্রণয়সম্ভাষণ—*n* love-making, courtship, wooing, amorous talk প্রণয়াকাঙ্ক্ষা—*n* a longing for love, desire for love প্রণয়াকাঙ্ক্ষী—*a* longing for or desirous of love প্রণয়ানুরাগ—*n* love or passion (for) প্রণয়ানুরাগী—*a* enamoured of *fem* প্রণয়ানুরাগিণী প্রণয়াসক্ত—*a* in love with, smitten with love (for) প্রণয়াস্পদ—same as প্রণয়ভাজন

প্রণয়ন—*n* act of making, composition (গ্রন্থপ্রণয়ন), compilation, creation (সৃষ্টিপ্রণয়ন), act of drawing up (আইন-প্রণয়ন) প্রণয়ন করা—*v* to make, to compose, to compile, to create, to draw up

প্রণয়ী—(1) *n* a lover, a gallant (2) *a* given to loving, amorous প্রণয়িনী—(1) *n fem* a sweetheart, a lady-love, a mistress, (2) *a fem* of প্রণয়ী

প্রণাম—*n* act of making obeisance by lying prostrate or bending and touching one's feet (cp kowtow) প্রণাম করা—*v* to lie prostrate or bend and touch one's feet in obeisance প্রণামী—*n* a present or money given at the time of making obeisance (গুরুপ্রণামী)

প্রণালী—*n* a drain, an aqueduct, (geog) a strait, a channel, a procedure, a mode, a method, a system প্রণালীবদ্ধ—*a* methodical, systematic প্রণালীবদ্ধ করা—*v* to systematize

প্রণিধান—*n* close attention, profound meditation, deep consideration, earnest application or employment প্রণিধান করা—*v* to pay close attention to, to meditate deeply, to consider deeply, to apply or employ earnestly (to) প্রণিধানযোগ্য—*a* deserving close attention or deep consideration

প্রণিধি—*n* a spy, an emissary, a guide (কন্যাপ্রণিধি), close attention, meditation, deep consideration, earnest application, solicitation

প্রণিপাত—same as প্রণাম

প্রণীত—*a* made, composed, compiled, created, drawn up

প্রণেতা—*n* a maker, a composer, a compiler, a creator, one who draws up *fem* প্রণেত্রী

প্রণোদন—*n* incitement, inducement, encouragement

প্রণোদিত—*a* incited, induced, encouraged প্রণোদিত করা—*v* to incite, to induce, to encourage

প্রতপ্ত—*a* very much heated or hot or angered or excited

প্রতর্ক—*n* doubt, hesitation, assumption, consideration

প্রতান—*n* (of creepers etc) tension, a tendril

প্রতাপ—*n* might, power, prowess, domineering influence heat. প্রতাপশালী, প্রতাপান্বিত, প্রতাপী—*a* mighty, powerful, domineeringly influential, (of the sun etc) strongly burning or shining

প্রতারক—*n* a cheat, a swindler, an imposter, a deceiver, a beguiler, a chicaner

প্রতারণা, প্রতারণ—*n* cheating, deception, a deceit, a swindle, a fraud, hoodwinking, beguilement প্রতারণা করা—*v* to cheat, to deceive, to swindle, to impose upon, to hoodwink, to beguile প্রতারণামূলক—*a* fraudulent, deceitful

For words in প্রণয়-, and প্রণয়া-, not given separately, see প্রণয়

প্রতারিত—*a* cheated, deceived, swindled, beguiled *fem* প্রতারিতা

প্রতি১—*prep* towards (গুরুর প্রতি), to (পুত্রের প্রতি), regarding, concerning (ফুলের প্রতি আকর্ষণ)

প্রতি২—*pfx* denoting every, each, substituting, deputizing, vice-, counter-, re-, proximity, neighbourhood (প্রতিবাসী), contrary, anti-, similar, exact (প্রতিমূর্তি), equal (প্রতিযোগিতা)

প্রতিকরণীয়—same as প্রতিকার্য

প্রতিকর্তা—(1) *a* redressing, remedying; avenging, preventing, counteracting (2) *n* a redresser, an avenger, a preventer, a counteractor

প্রতিকর্ম—*n* redress, remedying, avenging, prevention, counteraction, dressing, toilet

প্রতিকল্প—*n* a substitute প্রতিকল্পন—*n* substitution

প্রতিকার—*n* redress, remedy, revenge, prevention, counteraction প্রতিকার করা—*v* to redress, to remedy, to avenge, to prevent, to counteract

প্রতিকার্য—*a* redressible, remediable, that which can be or is to be avenged or counteracted, preventible

প্রতিকূল—*a* opposed, contrary, hostile, malignant, adverse, unfavourable প্রতিকূলতা—*n* opposition, contrariety, antagonism, hostility, malignancy, adverseness, disfavour প্রতিকূলতা করা—*v* to oppose, to be hostile to, to antagonize প্রতিকূলাচরণ—*n* opposition antagonism, hostility প্রতিকূলে—*prep* against.

প্রতিকৃত—*a* redressed, remedied, avenged, prevented, counteracted

প্রতিকৃতি—*n* a portrait, an image

প্রতিক্রম—*n* inverse or reverse order

প্রতিক্রিয়া—*n* a reaction, a response, an anti-progressive act or conduct, a swing-back, counteraction প্রতিক্রিয়াশীল—*a* (pol) anti-progressive, reactionary, (rare) responsive, reactive প্রতিক্রিয়াশীল হওয়া—*v* to react, to be reactionary প্রতিক্রিয়াশীল ব্যক্তি—a reactionary

প্রতিক্ষণ—*adv* every moment, always

প্রতিক্ষিপ্ত—*a* rebounded প্রতিক্ষিপ্ত হওয়া—*v* to rebound

প্রতিক্ষেপণ—*n* act of throwing back or rebounding প্রতিক্ষেপণ করা—*v* to throw back, to rebound

প্রতিগমন—*n* return প্রতিগমন করা—*v* to go back, to return, to recede

প্রতিগামী—*a* returning, receding.

প্রতিগ্রহ—*n*. acceptance of a gift, acceptance, a gift, a present, (astrol) a malignant planet or star প্রতিগ্রহণ—*n* acceptance of a gift, acceptance. প্রতিগ্রহণীয়—*a* acceptable

প্রতিগ্রাহ—*n* acceptance, acceptance of a gift প্রতিগ্রাহিত—*a* caused to accept a gift প্রতিগ্রাহী—*a* accepting a gift.

প্রতিগ্রাহ্য—*a* acceptable

প্রতিঘাত—*n* a counter-stroke, a counterblow প্রতিঘাত হানা—*v* to deal (one) a counterblow প্রতিঘাতন—*n* act of killing. প্রতিঘাতী—*a* killing *fem* প্রতিঘাতিনী

প্রতিচিত্র—*a* a blue print প্রতিচিত্রমুদ্রক—*n* a blue printer

প্রতিচ্ছায়া—*n* a reflection, a shadow, an image, a likeness, resemblance, likeness

প্রতিজ্ঞা—*n* a solemn resolve or declaration, a vow, a promise, a pledge, (geom) a theorem or a problem or a proposition. প্রতিজ্ঞা করা—*v* to resolve or declare solemnly to

promise প্রতিজ্ঞাত—*a* resolved, promised, accepted, proposed প্রতিজ্ঞাপত্র—*n* a written promise or agreement, a bond, a written confession প্রতিজ্ঞাপালন—*n* act of keeping a promise প্রতিজ্ঞাপালন করা—*v* to keep a promise প্রতিজ্ঞাবদ্ধ—*a* bound by a promise, under a pledge প্রতিজ্ঞাভঙ্গ—*n* a breach of promise প্রতিজ্ঞাভঙ্গ করা—*v* to break a promise প্রতিজ্ঞাভঙ্গকারী—(1) *a* promise-breaking, (2) *n* a promise-breaker

প্রতিদত্ত—*a* given in return or exchange, requited, returned

প্রতিদান—*n* a gift or payment in return of another, exchange, requital, requite, retribution, repayment, revenge প্রতিদান দেওয়া—*v* to give in return or exchange, to requite, to retribute, to repay, to take revenge upon প্রতিদানহীন—*a* unrequiting

প্রতিদিন—*adv* every day, daily, per diem, each day (প্রতিদিন কত মজুরি), day by day

প্রতিদিষ্ট—*a* overruled

প্রতিদেয়—*a* that which is to be or can be given in return or exchange, requitable, retributable

প্রতিদ্বন্দ্ব, প্রতিদ্বন্দ্বিতা—*n* mutual hostility or strife, rivalry, competition প্রতিদ্বন্দ্বিতা করা—*v* to fight or contend with, to rival, to compete with প্রতিদ্বন্দ্বিতামূলক—*a* competitive প্রতিদ্বন্দ্বী—(1) *a* contending, rivalling, competing, hostile, (2) *n* a contender, a rival, a competitor, an adversary *fem* প্রতিদ্বন্দ্বিনী

প্রতিধ্বনি—*n* an echo, a reverberation প্রতিধ্বনি করা—*v* to echo, to reverberate প্রতিধ্বনিত—*a* echoed, reverberated, resounded

প্রতিনিধি—*n* a deputy, an agent, a representative, a delegate, a substitute, a proxy প্রতিনিধিদ্বারা—*adv* by proxy রাজপ্রতিনিধি—*n* a viceroy প্রতিনিধিত্ব—*n* office or tenure of a deputy or agent or representative or substitute প্রতিনিধিত্ব করা—*v* to deputize, to act as an agent of, to represent, to act as a delegate or substitute or proxy of

প্রতিনিবর্তন—*n* return refraining or desistance

প্রতিনিবৃত্ত—*a* returned, having refrained or desisted (from) প্রতিনিবৃত্ত হওয়া—*v* to return (from), to refrain or desist (from) প্রতিনিবৃত্তি—same as প্রতিনিবর্তন

প্রতিনিয়ত—*adv* every moment, constantly, always

প্রতিপক্ষ—*n* the hostile party, the opposing party, the opposition, the opponent, an enemy, a rival, (in law) a defendant.

প্রতিপত্তি—*n* honour, good standing, dominating or powerful influence, influence, power, (rare) proof প্রতিপত্তিশালী, প্রতিপত্তিশীল, প্রতিপত্তিসম্পন্ন—*a* enjoying honour, well-established, having domineering influence, influential, powerful

প্রতিপত্র—*n* a counterfoil

প্রতিপদ—*n* the first lunar day of a month

প্রতিপদে—*adv* at every step, constantly

প্রতিপন্ন—*a* ascertained, corroborated, confirmed, verified, proved, substantiated প্রতিপন্ন করা—*v* to prove, to substantiate

প্রতিপাদ—*a* antipodal প্রতিপাদস্থান—*n* (geog) the antipodes

প্রতিপাদক—*a* ascertaining, corroborating, confirming, verifying, proving, substantiating, performing

প্রতিপাদন—*n* ascertainment, corroboration, confirmation, verification, proving, substantiation, accomplishment, performance প্রতিপাদন করা—*v* to ascertain, to corroborate, to confirm to verify, to prove, to substantiate to accomplish, to perform প্রতিপাদনীয়—same as প্রতিপাদ্য

প্রতিপাদিকা—*fem* of প্রতিপাদক

প্রতিপাদিত—*a* ascertained, corroborated, confirmed, verified, proved, substantiated, accomplished, performed

প্রতিপাদ্য—*a* ascertained or corroborated or confirmed or verified or proved or substantiated or accomplished or performed, ascertainable, confirmable, verifiable, provable, accomplishable, performable

প্রতিপালক—(1) *a* bringing up, rearing, fostering, feeding, maintaining, keeping, observing, complying, obeying, protecting, looking after the well-being of (2) *n* one who brings up, a rearer, a fosterer, a feeder, a maintainer, a keeper, an observer, one who complies (with) or obeys, a protector, a guardian

প্রতিপালন—*n* upbringing, rearing, fostering (পরের সন্তান-প্রতিপালন), feeding, maintenance (পরিজন-প্রতিপালন), keeping, observance (প্রতিশ্রুতি-প্রতিপালন) act of obeying, compliance (আদেশ-প্রতিপালন), protection, act of looking after the well-being of (প্রজাপ্রতিপালন) প্রতিপালন করা—*v* to bring up, to rear to foster, to feed to maintain, to keep, to observe, to comply with, to obey to protect, to look after the well-being of প্রতিপালনীয়—same as প্রতিপাল্য

প্রতিপালিকা—*fem* of প্রতিপালক

প্রতিপালিত—*a* brought up reared, fostered fed, maintained, observed complied with, obeyed protected, taken care of *fem* প্রতিপালিতা

প্রতিপাল্য—*a* worthy of being brought up or reared or fostered or fed or maintained or kept or observed or complied with or obeyed or protected or taken care of

প্রতিপোষক—*a* corroborative, bearing out supporting, aiding

প্রতিপোষণ—*n* corroboration, act of bearing out, act of supporting or aiding

প্রতিপ্রভ—*a* (phys & bot) fluorescent প্রতিপ্রভা—*n* fluorescence

প্রতিফল—*n* retributory punishment, retribution, requite, requital, retaliation revenge, (loos) punishment উপযুক্ত প্রতিফল—just retribution প্রতিফল দেওয়া—*v* to mete out retributory punishment (to), to take revenge upon, to punish প্রতিফল পাওয়া—*v* to suffer the consequences, to be punished

প্রতিফলন—*n* reflection (as in a mirror) প্রতিফলিত—*a* reflected প্রতিফলিত করা—*v* to reflect প্রতিফলিত হওয়া—*v* to reflect.

প্রতিবচন—same as প্রতিবাক্য

প্রতিবন্ধ—(1) *n* an obstacle, a hindrance, a frustration (2) *a* hindered, obstructed frustrated প্রতিবন্ধক—(1) *a* obstructing, hindering, opposing, (2) *n* an obstacle প্রতিবন্ধী—*a* obstructed, obstructing

প্রতিবর্তন—*n* obversion

প্রতিবল—(1) *a* equally strong or

powerful (2) *n* a hostile army or forces

প্রতিবস্তূপমা—*n.* (rhet) a parallel simile

প্রতিবাক্য—*n* an answer, a reply, a retort, an adverse comment

প্রতিবাত—*a* windward প্রতিবাতে—*adv* windwards

প্রতিবাদ—*n* a counter-plea, a counter-argument, a protest, a counter প্রতিবাদ করা—*v* to put forth a counter-plea or counter-argument, to protest প্রতিবাদ-সভা—*n* a protest meeting প্রতিবাদী—(1) *a* pleading against, pleading in reply, protesting, opposing, contending (against), (2) *n* (in law) a defendant, a respondent *fem* প্রতিবাদিনী

প্রতিবাসী—(1) *a* living or residing in the neighbourhood (2) *n* a neighbour *fem* প্রতিবাসিনী

প্রতিবিধান—*n* a counter-action or counter-measure, remedy, redress, revenge প্রতিবিধান করা—*v* to take measures against, to remedy, to redress, to right, to avenge

প্রতিবিধিৎসা—*n* desire of taking measures against or remedying or redressing, revengefulness প্রতিবিধিৎসু—*a* desirous of taking measures against or remedying or redressing, revengeful, avenging

প্রতিবিধেয়—*a* remediable, redressable

প্রতিবিম্ব—*n* a reflected image, a reflection, an image প্রতিবিম্বন—*n*, act of being reflected, reflection প্রতিবিম্বিত—*a* reflected

প্রতিবিষ—*n* an anti-toxin, an antidote

প্রতিবিহিত—*a* remedied, redressed, righted, avenged

প্রতিবেদন—*n* a petition of complaint, a report.

প্রতিবেশ—*n* dwelling-houses in the neighbourhood, environs, surroundings, environment প্রতিবেশী—same as প্রতিবাসী. *fem* প্রতিবেশিনী

প্রতিবোধ, প্রতিবোধন—*n* manifestation, revelation, awakening, consolation প্রতিবোধিত—*n* manifested, revealed, awakened, consoled

প্রতিভা—*n* keen intelligence, presence of mind, inventive or creative faculty, genius, glow brilliance

প্রতিভাত—*a* brightly appearing, shiningly visible, manifest, clearly revealed, clearly known, lighted, reflected

প্রতিভাধর, প্রতিভাশালী, প্রতিভাসম্পন্ন—*a* keenly intelligent, having presence of mind, endowed with inventive or creative faculty, endowed with genius প্রতিভাধর ব্যক্তি—a man of genius, a genius

প্রতিভূ—*n* a representative, a deputy, an agent, a substitute, a hostage

প্রতিম—*a* (in *comp* used as a *sfx*) like, resembling, equal to

প্রতিমা—*n* an icon, an image, an idol প্রতিমাচূর্ণকারী—(1) *a* iconoclastic, (2) *n* an iconoclast. প্রতিমাচূর্ণন—*n* iconoclasm প্রতিমাপূজক—(1) *n* an idolater, an iconolater, an image-worshipper, (2) *a* idolatrous প্রতিমাপূজা—*n* idolatry, iconolatry, image-worship প্রতিমাপূজাবিরোধী—*a* opposed to image-worship, iconoclastic

প্রতিমান, প্রতিমাণ—*n* a model, a pattern, (phys) balancing, a weight প্রতিমান করা—*v* (phys) to balance

প্রতিমুখ—(1) *n* a direction towards one, front (2) *a* (mech) unlike,

(bot) opposite, facing প্রতিমুখে—*prep* in the direction of

প্রতিমুহূর্ত—*adv* every moment, always

প্রতিমূর্তি—*n* an image, an icon, a portrait, a likeness, an exactly similar figure or appearance

প্রতিযোগ—*n* antipathy, enmity, hostility, quarrel, rivalry, competition প্রতিযোগিতা—*n* rivalry, competition, vying প্রতিযোগিতা করা—*v* to compete or vie (with) প্রতিযোগিতা-মূলক, প্রতিযোগিতাপূর্ণ—*a* competitive প্রতিযোগী—(1) *a* rivalling, competing, vying, (geom) conjugate, (2) *n* a rival, a competitor *fem* প্রতিযোগিনী

প্রতিযোজন—*n* (bot) adaptation.

প্রতিযোদ্ধা—*n* an opponent in duelling, an antagonist, a rival

প্রতিরক্ষা—*n* defence

প্রতিরুদ্ধ—*a* prevented, checked, resisted, obstructed, opposed, blockaded, stopped প্রতিরুদ্ধ করা—same as প্রতিরোধ করা

প্রতিরূপ—(1) *n* an image, a likeness, an exactly similar figure or appearance, a reflected image, a reflection, likeness, resemblance (2) *a* similar, like, exactly resembling

প্রতিরোধ—*n* prevention, check, resistance, obstruction, opposition, an obstacle, a blockade, stoppage প্রতিরোধ করা—*v* to prevent, to check, to resist, to obstruct, to oppose, to blockade, to stop প্রতিরোধক, প্রতিরোধী—*a* preventive, resistant, resisting, obstructive, obstructing, opposing, blockading, stopping

প্রতিলিপি—*n* a replica, a facsimile, a transcript, a copy

প্রতিলেখ—*n* act of copying, transcription, a transcript, a copy

প্রতিলোম—*n* reverse, inverse প্রতিলোম বিবাহ—marriage of a high-caste bridegroom with a low-caste bride প্রতিলোমজ—*a* born of a high-caste father and a low-caste mother.

প্রতিশব্দ—*n* a synonym, an echo

প্রতিশয়, প্রতিশয়ন—*n* a persistent squatting at the temple of a deity for divine favour or boon প্রতিশয়িত—*a* thus squatting

প্রতিশোধ—*n* revenge, requital, retaliation প্রতিশোধ দেওয়া, প্রতিশোধ লওয়া—*v* to requite, to retaliate, to take revenge (upon), to avenge

প্রতিশ্রুত—*a* promised, pledged, promise-bound, covenanted প্রতিশ্রুত হওয়া—*v*. to pledge oneself, to commit oneself by a promise প্রতিশ্রুতি—*n* a promise, a pledge, a covenant

প্রতিষেধ—*n* prohibition, forbiddance, prevention, an antidote, therapeutics, a therapeutical drug প্রতিষেধক—(1) *a* prohibitive, preventive, therapeutical, antidotal, (2) *n* a therapeutical or antidotal drug, an antidote.

প্রতিষ্ঠা—*n* setting up, establishment foundation (বিদ্যালয়-প্রতিষ্ঠা, বংশ-প্রতিষ্ঠা), solemn dedication, consecration (পুষ্করিণী-প্রতিষ্ঠা), installation (বিগ্রহপ্রতিষ্ঠা), observance (of a vow etc), settling down, habilitation, good footing or standing, fame, reputation (প্রতিষ্ঠালাভ) প্রতিষ্ঠা করা—*v* to set up, to establish, to found, to dedicate solemnly, to consecrate, to instal, to make one settle down প্রতিষ্ঠা পাওয়া—*v* to gain a good footing or standing, to earn fame or reputation প্রতিষ্ঠাতা—*n* an establisher, a founder, a dedicator one who instals or causes to settle down

fem প্রতিষ্ঠাত্রী প্রতিষ্ঠাধিকার—*n* goodwill (as of a business firm) প্রতিষ্ঠান—*n* an institute, an institution, an establishment প্রতিষ্ঠাপন—*n* setting up, establishment, foundation, solemn dedication, consecration, installation, settling down, habilitation প্রতিষ্ঠাপয়িতা—same as প্রতিষ্ঠাতা *fem* প্রতিষ্ঠাপয়িত্রী প্রতিষ্ঠাপিত—*a* set up, established, founded, solemnly dedicated, consecrated, installed, settled down, habilitated প্রতিষ্ঠাবান্—*a* having a good footing or standing, famous, reputed

প্রতিষ্ঠিত—same as প্রতিষ্ঠাপিত (see প্রতিষ্ঠা), and—well-established, reputed, famous প্রতিষ্ঠিত করা—same as প্রতিষ্ঠা করা (see প্রতিষ্ঠা), and—to cause to have a good footing or standing, to make famous or reputed

প্রতিসংহার—*n* withholding (of weapons etc), warding off প্রতিসংহার করা—*v* to hold back, to withhold, to ward off, to stave off

প্রতিসংহৃত—*a* (of weapons etc) held back, withheld, warded off.

প্রতিসরণ—*n* (phys) refraction প্রতিসরণ করা—*v* to refract প্রতিসরণীয়—*a* refrangible.

প্রতিসরাঙ্ক—*n* (phys) refracting index

প্রতিসর্গ—*n* (myth) expansion of the creation after the original one, the secondary creation, universal dissolution

প্রতিসারণ—*n* removal, withdrawal প্রতিসারণ করা—*v* to remove, to draw or lead away, to withdraw

প্রতিসারিত—*a* removed, led away

প্রতিসারী—*a* going in an opposite direction, refracting, going against

প্রতিসৃত—*a* (phys) refracted.

প্রতিহত—*a* checked, prevented, repelled, staved off, obstructed, hurt in return, hurt প্রতিহত করা—*v* to check, to prevent, to repel, to repulse, to stave off, to obstruct, to hurt back, to hurt.

প্রতিহনন—*n* act of killing a slayer

প্রতিহন্তা—*a* & *n* one who kills a slayer *fem* প্রতিহন্ত্রী

প্রতিহার—*n* a gate or a door a doorkeeper, a gateman, a porter (*fem* porteress, portress), a janitor (*fem* janitrix, janitress), an armed guard stationed at a door or a gate, act of giving up, abandonment, avoidance, a race of ancient India প্রতিহারী—*n* an armed guard stationed at a door or a gate, a doorkeeper, a gateman, a porter *fem* প্রতিহারিণী

প্রতিহার্য—*a* that which should be given up or abandoned or avoided

প্রতিহিংসা—*n* revenge, retaliation. প্রতিহিংসা গ্রহণ করা—*v* to take revenge (upon), to retaliate, to avenge প্রতিহিংসিত—*a* one upon whom revenge has been taken

প্রতীক—*n* a symbol, a sign প্রতীকবাদ, প্রতীকতা—*n* symbolism

প্রতীকার—alt. spell of প্রতিকার

প্রতীক্ষমাণ—*a* waiting for, awaiting, expecting, expectant *fem* প্রতীক্ষমাণা

প্রতীক্ষা—*n* act of waiting for, awaiting, expectation প্রতীক্ষা করা—*v* to wait for, to await, to expect

প্রতীক্ষিত—*a* awaited, expected

প্রতীচী—*n* the west, the western world, the western hemisphere, the Occident.

প্রতীচীন, প্রতীচ্য—*a* of the west or of the western world, western, occidental

প্রতীত—*a* realized, understood, cognized, having formed a notion, believing, convinced প্রতীতি—*n* realization, understanding, cognition, a notion, an impression, a belief, a conviction

প্রতীপ—(1) *a* (geom) vertically opposite, opposite or negative (2) *n* (rhet) a reversed simile প্রতীপকোণ —*n* (geom) a vertically opposite angle প্রতীপগতি—*n* retrogression, (astr) retrograde motion প্রতীপ চাপ—(phys) negative pressure প্রতীপ স্রোত —(geog) an anti-current

প্রতীয়মান—*a* that which is being or capable of being realized or cognized or known, suggested (প্রতীয়মান অর্থ), (loos) evident or visible

প্রতীহার, প্রতীহারী—alt spell's of প্রতিহার and প্রতিহারী respectively

প্রতুল—(1) *n* abundance, plenty, prosperity, richness (2) *a* abundant, plentiful

প্রত্ন—*a* ancient, old প্রত্নতত্ত্ব, প্রত্নবিদ্যা —*n* archæology প্রত্নতত্ত্ববিৎ, প্রত্নবিৎ—*n* an archæologist, an antiquary, an antiquarian প্রত্নতত্ত্বীয়, প্রত্নতাত্ত্বিক—*a* archæological, antiquarian

প্রত্যক্‌চৈতন্য—*n* subconscious, subconsciousness

প্রত্যক্ষ—(1) *n* perceptible by senses, perceptible, visible, apparent, manifest, evident, clear, direct (2) *n* sense-perception, perception, a percept প্রত্যক্ষ করা—*v* to perceive by senses, to perceive directly, to see, to visualize প্রত্যক্ষ উক্তি—(gr) direct speech or narration প্রত্যক্ষ দিগন্ত —the visible or apparent horizon প্রত্যক্ষ ফল—direct or immediate result or consequence, (loos) visible consequence প্রত্যক্ষকারী—same as প্রত্যক্ষদর্শী প্রত্যক্ষগোচর—*a* directly perceptible, visible, perceptible by senses প্রত্যক্ষতঃ, (pop) প্রত্যক্ষত—*adv* apparently প্রত্যক্ষদর্শন—*n* direct perception, visualization, act of seeing with one's own eyes প্রত্যক্ষদর্শী—(1) *a* directly perceiving, visualizing, seeing with one's own eyes, (2) *n* an eye-witness প্রত্যক্ষপ্রমাণ—*n* visible evidence, direct proof প্রত্যক্ষবাদ—*n* materialism, positivism প্রত্যক্ষবাদী —(1) *a* materialistic, positivistic, (2) *n* a materialist, a positivist প্রত্যক্ষী —same as প্রত্যক্ষদর্শী প্রত্যক্ষীকরণ—*n* visualization, witnessing, perception, sense-perception প্রত্যক্ষীকৃত—*a.* seen with one's own eyes, directly seen, witnessed, perceived, perceived by senses প্রত্যক্ষীভূত—*a* visible, directly seen, perceived or perceivable by senses

প্রত্যগাত্মা—*n* the Supreme Being, God, the human soul endowed with the knowledge about theological and philosophical reality

প্রত্যঙ্গ—*n* a subsidiary or minor limb, an appendage, (fig) a small component or subsidiary part.

প্রত্যন্ত—(1) *a* lying on or adjoining the border, bordering (on) (2) *n* the border, the frontier region, the frontier, the land of Mlechhas (ম্লেচ্ছ), modern Tibbet (?) প্রত্যন্তপ্রদেশ—*n* a neighbouring country, the frontier, outskirts প্রত্যন্তবাসী—*a* dwelling on the outskirts of a town or village or country, dwelling on a frontier

প্রত্যবায়—*n* sin, vice, harm প্রত্যবায়ী—*a* sinful, vicious harmful

প্রত্যভিজ্ঞা, প্রত্যভিজ্ঞান—*n* recognition

প্রত্যভিবাদ, প্রত্যভিবাদন—*n* a salute or salutation in return প্রত্যভিবাদন করা—

v to salute in return, to return a salute

প্রত্যভিযোগ—*n* a countercharge প্রত্যভিযোগ করা—*v* to bring a countercharge

প্রত্যয়—*n* trust, belief, confidence, conviction, firm impression or notion, (gr) an inflection প্রত্যয় করা—*v* to believe, to trust, to have confidence (in) প্রত্যয়জনক, প্রত্যয়যোগ্য—*a.* trustworthy, believable, convincing প্রত্যয়িত—*a* trusty প্রত্যয়ী—*a* believing, trusting, confident

প্রত্যর্থী—*n* (in law) a contestant, a defendant, an opponent, an opposite party, an accused

প্রত্যর্পণ—*n* act of giving back, return, repayment, restoration প্রত্যর্পণ করা—*v* to give back, to return, to repay, to restore (to) প্রত্যর্পিত—*a* given back, returned, repaid, restored

প্রত্যহ—*adv* every day, daily, day by day, per diem (প্রত্যহ মজুরি কত)

প্রত্যাকর্ষণ—*n* counter-attraction

প্রত্যাখ্যাত—*a* rejected, refused, discarded, disallowed, unentertained, (rare) neglected, slighted

প্রত্যাখ্যান—*n* rejection, refusal, discardment, disallowance, refusal of permission, refusal to entertain, (rare) neglect, slight প্রত্যাখ্যান করা—*v* to refuse to accept, to reject, to refuse, to discard, to disallow, to refuse permission, to refuse to entertain, to disappoint, (rare) to neglect, to slight

প্রত্যাগত—*a* come back, returned, (mech) recoiled প্রত্যাগতি—*n* return movement, return, (mech.) recoil

প্রত্যাগমন—*n* act of coming back, return প্রত্যাগমন করা—*v* to come back, to return, (mech.) to recoil

প্রত্যাঘাত—*n* a counterblow প্রত্যাঘাত করা—*v* to deal a counterblow, to strike back

প্রত্যাদিষ্ট—*a* divinely commanded or inspired, voided, repealed

প্রত্যাদেশ—*n* a divine command or inspiration, a divine announcement, an oracle, nullification, voidance, repeal

প্রত্যানয়ন—*n* act of bringing back, act of bringing again প্রত্যানয়ন করা—*v* to bring back, to bring again.

প্রত্যানীত—*a* brought back, brought again

প্রত্যাবর্তন—*a* act of coming or going back, return প্রত্যাবর্তন করা—*v* to come or go back, to return.

প্রত্যাবৃত্ত—*a* come or gone back, returned *fem* প্রত্যাবৃত্তা প্রত্যাবৃত্ত হওয়া—*v* to come or go back, to return

প্রত্যালীঢ়—*n* the kneeling posture of an archer whilst shooting with his right leg doubled in the front and the left stretched out at the back

প্রত্যাশা—*n* hope, longing, prospect, expectation, awaiting প্রত্যাশা করা—*v* to hope or long (for), to expect, to await. প্রত্যাশিত—*a* hoped, longed for, prospective, expected, awaited প্রত্যাশী—*a* hoping or longing for, expectant, awaiting

প্রত্যাসন্ন—*a* very near, contiguous, imminent, impending

প্রত্যাহত—*a* beaten back, repulsed, warded off, staved off, prevented, obstructed, resisted ; frustrated

প্রত্যাহরণ, প্রত্যাহার—*n* withdrawal, retraction ; revocation, repeal, (phil) abstraction প্রত্যাহরণ করা, প্রত্যাহার করা—*v* to withdraw, to retract, to revoke, to repeal.

প্রত্যাহৃত—*a* withdrawn, retracted, revoked, repealed

প্রত্যুক্তি—*n.* an answer, a reply, a retort.

প্রত্যুত—*con* & *adv.* on the contrary, rather

প্রত্যুত্তর—*n* a retort. প্রত্যুত্তর করা—*v* to retort, to answer back.

প্রত্যুৎপন্ন—*a* produced on the spur of the moment, extemporaneous, very prompt. প্রত্যুৎপন্নমতি—(1) *n* presence of mind, ready wit, (2) *a* endowed with presence of mind, ready-witted প্রত্যুৎপন্নমতিত্ব—*n* ready-wittedness, presence of mind.

প্রত্যুদাহরণ—*n* a counter-example, a counter-precedent.

প্রত্যুদ্গমন, প্রত্যুদ্গম—*n.* act of going forward or advancing in order to receive a visitor on the way প্রত্যুদ্গমন করা—*v* to go forward in order to receive a visitor on the way

প্রত্যুপকার—*n* a good turn in return প্রত্যুপকার করা—*v* to do (one) a good turn in return প্রত্যুপকর্তা, প্রত্যুপকারী—*a.* & *n* one who does (one) a good turn in return প্রত্যুপকৃত—*n* benefited in return

প্রত্যুষ, (rare) প্রত্যুষ—*n* the dawn, daybreak, the morning

প্রত্যেক—(1) *a* each, every (2) *pro* each, everyone.

প্রথম—*a* first, primitive (প্রথম যুগ), of the beginning, inceptive (প্রথমাবস্থা), most important, chief (প্রথম কথা), eldest (প্রথম পুত্র), foremost (প্রথম সারি), best (পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম) *fem* প্রথমা (পরীক্ষায়) প্রথম হওয়া—*v* to stand first (in an examination) প্রথমতঃ, (pop) প্রথমত—*adv* at first, firstly, in the first place, first. প্রথমদর্শন—*n* the first meeting প্রথমপাদ—*n* the first quarter প্রথমপুরুষ—*n* (gr.) the third person প্রথমবয়স—*n* the early age, the early youth প্রথমে *adv.* at first, in the first place, first, in the beginning, in front, before all.

প্রথা—*n* usage, custom, practice system, method. প্রথাগত—*a.* customary. প্রথানুসারে—*adv* according to the custom or practice or system

প্রথিত—*a* famous, celebrated প্রথিতনামা—*a* one whose name is famous, renowned, widely famous প্রথিতযশাঃ, (pop) প্রথিতযশা—*a* widely famous.

-প্রদ—*sfx* denoting giving (সুখপ্রদ).

প্রদক্ষিণ—*n* (ori. & ritually) clockwise circumambulation round an object, act of going around something প্রদক্ষিণ করা—*v* to circumambulate in a clockwise manner around something, to go round something

প্রদত্ত—*a* given, bestowed, conferred.

প্রদমিত—*a* subdued, restrained, suppressed

প্রদর—*n* leucorrhœa

প্রদর্শক—(1) *a* showing, exhibiting, displaying, demonstrating (2) *n* one who shows, one who shows one round, a guide, an exhibitor, a displayer, a demonstrator

প্রদর্শন—*n* act of showing or showing round or exhibiting or displaying or demonstrating, act of seeing or observing thoroughly or minutely or carefully. প্রদর্শন করা—*v* to see or observe thoroughly or minutely or carefully প্রদর্শন করান—*v* to show, to show one round, to exhibit, to display, to demonstrate প্রদর্শনী—*n* a public show, an exhibition

প্রদর্শশালা—*n* a museum

প্রদর্শিকা—*fem* of প্রদর্শক

প্রদর্শিত—*a* shown, shown round, exhibited, displayed, demonstrated, clearly shown

-প্রদা—*fem* of প্রদ

প্রদাতা—var. of প্রদায়ক *fem* প্রদাত্রী

প্রদান—*n* act of giving, bestowal, conferring, yielding, imparting প্রদান করা—*v* to give, to bestow, to confer, to yield; to impart

প্রদায়ক, প্রদায়ী—*a* giving, bestowing, conferring, yielding, imparting *fem* প্রদায়িকা, প্রদায়িনী

প্রদাহ—*n* distress, affliction (মর্মপ্রদাহ), burning pain, inflammation (ফোঁড়ার প্রদাহ) প্রদাহী—*a* distressful, afflicting, causing inflammation, inflammatory

প্রদীপ—*n* a lamp, a light, (fig) one who illuminates or glorifies (কুলপ্রদীপ) প্রদীপন—*n* act of illuminating or exciting, lighting of lamps

প্রদীপ্ত—*a* illuminated, enkindled, brightly burning, shining, excited প্রদীপ্ত করা—*v* to illuminate, to enkindle, to excite প্রদীপ্তি—*n* illumination, bright glow, lustre, excitement

প্রদৃপ্ত—*a* very proud or haughty or vigorous

প্রদেয়—*a* that which is to be or can be given

প্রদেশ—*n* a province, a district, a state, a country, a region, a part

প্রদোষ, প্রদোষকাল—*n* evening, nightfall, evening twilight, night প্রদোষান্ধকার—*n* the gloom of the evening

প্রদ্যোত—*n* glow, shine, a ray

প্রধান—(1) *a* chief, main, principal, prime, most important, leading, foremost, pre-eminent, predominant (2) *in comp* (used as a *sfx*) dominated by or chiefly characterized by (শীতপ্রধান). (3) *n* a chief, a headman, a leader, a royal counsellor, God, the primordial female energy *fem* প্রধানা প্রধান অক্ষ—the principal axis প্রধান আরক্ষিক—a head constable. প্রধান করণিক—a head clerk প্রধান কর্মসচিব—the chief Secretary প্রধানতঃ, (loos) প্রধানত—*adv* chiefly, mainly, principally, pre-eminently, predominantly. প্রধানতা—*n* primeness, supremacy, pre-eminence, predominance প্রধানমন্ত্রী—*n* a prime minister প্রধান মূল—(bot.) a tap root প্রধান শিক্ষক—a headmaster. *fem* প্রধান শিক্ষিকা—a headmistress প্রধান সেনাপতি—the commander-in-chief.

প্রধাবন—*n* act of running rapidly, a quick run, a quick race.

প্রধাবিত—*a* running or caused to be running rapidly প্রধাবিত করা—*v* to cause to run rapidly প্রধাবিত হওয়া—*v* to run rapidly

প্রধূমিত—*a* caused to emit smoke profusely, (of anger etc.) caused to be fuming, (fig) angered *fem* প্রধূমিতা প্রধূমিত করা—*v* to cause to emit smoke profusely, to fume. প্রধূমিত হওয়া—*v* to be emitting smoke profusely, to fume

প্রনষ্ট—*a* utterly lost or ruined or destroyed

প্রপঞ্চ—*n* extent, illusion, maya, delusion, phenomenal reality, the world, the worldly life, an error or mistake, untruth, falsehood, a collection, a multitude প্রপঞ্চময় —*a* full of illusions, illusory প্রপঞ্চিত —*a* extensive, extended, illusive, illusory, erroneous

প্রপন্নাধিকার—*n* the court of wards

প্রপা—*n* a place where drinking

water is available or distributed, (cp) a watering-place

প্রপাত—*n* fall (of water etc), a water-fall, a fall, a cascade, a cataract

প্রপান—same as প্রপা

প্রপিতামহ—*n* a great-grandfather (from one's father's side) *fem* প্রপিতামহী—a great-grandmother (from one's father's side)

প্রপূরণ—*n* act of filling up completely

প্রপূরিত—*a* completely filled up

প্রপৌত্র—*n* a grandson of one's son or nephew, a great-grandson *fem* প্রপৌত্রী—a grand-daughter of one's son or nephew, a great-granddaughter

প্রফুল্ল, (inc) প্রফুল্লিত—*a* fully blossomed, full-blown, blooming, (প্রফুল্লকমল), cheerful, gay, happy,' shining, bright. প্রফুল্লচিত্ত—*a* having a happy or cheerful heart প্রফুল্লচিত্তে—*adv* with a happy or cheerful heart প্রফুল্লতা—*n* cheerfulness, gaiety, happiness প্রফুল্লনয়ন—*a* bright-eyed প্রফুল্লবদন—*a* having a cheerful or happy or bright face প্রফুল্লহৃদয়—same as প্রফুল্লচিত্ত

প্রফেসর—*n* a professor (esp of a college) প্রফেসরি—*n* professorship প্রফেসরি করা—*v* to work as a professor

প্রবচন—*n* an adage, a proverb, an apophthegm, a pothegm, a popular or oft-quoted saying, (rare) amplification

প্রবঞ্চক—*n* a cheat, a swindler, an imposter, a deceiver, a beguiler

প্রবঞ্চনা—*n* cheating, deception, deceit, swindle, fraud, beguilement প্রবঞ্চনা করা—*v* to cheat, to deceive, to swindle, to impose upon, to hoodwink, to beguile প্রবঞ্চনামূলক—*a* fraudulent, deceitful

প্রবঞ্চিত—*a* cheated, deceived, swindled, beguiled *fem* প্রবঞ্চিতা

প্রবণ—*a* inclined or sloping (প্রবণভূমি), inclined to, prone to, tending to (ভাবপ্রবণ), attached or addicted to, given to (চৌর্যপ্রবণ), eager to, ready to ; proficient in প্রবণতা—*n* inclination, declivity, tendency, disposition, attachment, addiction, eagerness, readiness, proficiency প্রবণভূমি—*n* an escarpment, a declivity

প্রবন্ধ—*n* an essay, an article, a dissertation, a treatise, sequence, a trick, a stratagem ('যতেক প্রবন্ধ করে নিশাচরগণে') প্রবন্ধকার—*n* an essayist.

প্রবর—(I) *a* (chiefly used as a *sfx*) best, excellent (ধার্মিকপ্রবর) (2) *n* a line of descent, descent, the originating saint of a line of descent.

প্রবর্তক—(I) *a* introducing, bringing into use or currency, inaugurating, starting, founding, establishing, employing, initiating (2) *n* an introducer, a bringer into use, an inaugurator, a pioneer, a founder, an employer, an initiator

প্রবর্তন—*n* act of bringing into use, introduction, inauguration, start, inception, establishment, employment, initiation প্রবর্তন করা—*v* to bring into use or currency, to introduce, to inaugurate, to start, to begin, to found, to establish, to employ, to initiate প্রবর্তনা—*n* initiation, incitement, inducement, inspiration প্রবর্তনা দেওয়া—*v* to initiate, to incite, to induce, to inspire

প্রবর্তয়িতা—*n* an initiator, an inciter an inducer *fem* প্রবর্তয়িত্রী

প্রবর্তিত—*a* brought into use, introduced, inaugurated, started, commenced, established, founded, employed, initiated, induced

প্রবল—*a* very strong or powerful, mighty (প্রবল শত্রু প্রবল ঝড়), severe, intense, excessive (প্রবল দুঃখ, প্রবল তাপ), predominant (বাক্যই প্রবল) *fem* প্রবলা প্রবল পশ্চিমা—brave west winds প্রবলতা —*n* great strength or power, severity, intensity, predominance. প্রবলপরাক্রম, প্রবলপরাক্রান্ত, প্রবলপ্রতাপ—*a* extremely powerful or mighty, mightily influential

প্রবসন—*n* emigration

প্রবসিত—*a* emigrated

প্রবহ—*n* a current, a flow (as of air or a stream) প্রবহণ—*n* act of flowing or blowing প্রবহণশীল, প্রবহমান —*a* flowing or blowing

প্রবাদ—*n*. a proverb, an adage, hearsay (জনপ্রবাদ) প্রবাদ আছে যে—there is a saying that, it is said that প্রবাদ-বাক্য—*n* a proverb

প্রবাল—*n* coral, a young shoot, a sprout, a new tree-leaf প্রবালকীট—*n* the polyp, polype প্রবালদ্বীপ—*n* a coral island প্রবাল-প্রাচীর—*n* a coral reef, a barrier reef.

প্রবাস—*n* act or a spell of staying abroad, a foreign land প্রবাসন—*n*. act of sending abroad, banishment, (inc) emigration প্রবাসনপাল—*n* the protector of emigrants প্রবাসনাধ্যক্ষ—*n* the superintendent of emigrants প্রবাসিত—*a* sent abroad, banished, (inc) emigrated প্রবাসী—*a* & *n* one who is living abroad *fem* প্রবাসিনী

প্রবাহ—*n* a stream, a current, a flow (as of a river or air), a series, a train ((ঘটনাপ্রবাহ চিন্তাপ্রবাহ), (fig) continuous onward movement (জীবনপ্রবাহ)

প্রবাহিণী—(1) *a* flowing, (2) *n* a river, a stream. প্রবাহিত—*a* (of a river) flowing, streaming, (of air, wind, etc) blowing, (fig) passing or continuously moving onward *fem* প্রবাহিতা প্রবাহিত হওয়া—*v* to flow, to stream, to blow, (fig) to pass, to move onward continuously (সময় বা জীবন প্রবাহিত হওয়া) প্রবাহী—*a*. flowing.

প্রবিষ্ট—*a* entered *fem* প্রবিষ্টা প্রবিষ্ট হওয়া—*v*. to enter.

প্রবীণ—*a* elderly, aged, old, wise, judicious, well-experienced, skilful, delighted, or consoled ('প্রবীণ প্রবীণচিত হয়') *fem* প্রবীণা প্রবীণতা, প্রবীণত্ব —*n* elderliness; agedness, oldness, wisdom, judiciousness, well-experiencedness, skilfulness

প্রবুদ্ধ—*a* enlightened, awakened or activized (প্রবুদ্ধ ভারত), inspired with wisdom, very wise

প্রবৃত্ত—*a* engaged in, occupied with, induced to, undertaken or commenced. প্রবৃত্ত করান—*v*. to set (one) to, to induce. প্রবৃত্ত হওয়া—*v* to set about, to be engaged in, to commence. প্রবৃত্তি—*n*, act or state of being engaged in or occupied with or initiated to, engagement, occupation, initiation, inclination, tendency, desire, propensity, taste, appetite (আহারে প্রবৃত্তি নেই) প্রবৃত্তি দেওয়া—*v* to induce প্রবৃত্তিমার্গ—*n*. the worldly life (as a way to salvation)

প্রবৃদ্ধ—*a* very old, overgrown, expanded, (geom) reflex (প্রবৃদ্ধকোণ =a reflex angle)

প্রবেট—corrup of প্রোবেট

প্রবেশ—*n* entrance, entry, admission (কলেজে প্রবেশ), right or power or freedom of entrance, access প্রবেশ

করা—*v.* to come or go in or into, to enter, to be admitted into প্রবেশ করান—*v* to cause to enter, to enter, to admit into, to usher, to drive or thrust into (দেহে তরবারি প্রবেশ করান) প্রবেশ নাই—no entry প্রবেশ নিষেধ—entrance prohibited, no entrance, no admission, no admittance, no entry প্রবেশক—(1) *a* entering, (2) *n* an enterer প্রবেশদ্বার—*n* a gate, an entrance প্রবেশন—*n* entering, entrance, act of being admitted into, admission, act of causing to enter প্রবেশপথ—*n* a gateway, an entrance প্রবেশমূল্য—*n* admission fee. প্রবেশলাভ করা—*v* to be able to enter, to be admitted into প্রবেশা—poet form of প্রবেশ করা প্রবেশাধিকার—*n* right or freedom of entrance or admission, entry, access প্রবেশানুমতি—*n*. permission to enter or be admitted into, admittance প্রবেশিকা—(1) *a fem* entering, (2) *n fem* a primary text-book (ব্যাকরণ-প্রবেশিকা), a ticket, a pass প্রবেশিকা-পরীক্ষা—*n* the entrance examination (also the matriculation examination) প্রবেশিত—*a* caused to enter, admitted (into), ushered প্রবেশ্য—*a* enterable

প্রবেষ্টা—*n* an enterer

প্রবোধ—*n* consolation, solace, knowledge, enlightenment, manifestation, awakening প্রবোধ দেওয়া—*v* to console, to solace প্রবোধ পাওয়া—*v* to get consolation প্রবোধ মানা—*v* to yield to consolation, to be consoled, to be amenable to consolation প্রবোধন—*n* consoling, awakening, enlightening. প্রবোধিত—*a* consoled, enlightened, awakened

প্রব্রজ্যা—*n* wandering asceticism. প্রব্রজ্যা লওয়া—*v* to take to wandering asceticism.

-প্রভ—*in comp* (used as a *sfx*) glowing like (অনলপ্রভ), glowing or shining (সুপ্রভ), resembling in splendour or glory (দেবপ্রভ), like.

প্রভঞ্জন—*n* a storm, a violent gust of wind, wind

প্রভব—*n* cause, source, origin, influence, (*phys*) generative cause.

প্রভা—*n* glow, radiance, a ray, lustre, brilliance, splendour, brightness প্রভাকর—*n* the sun প্রভাকীট—*n* the glow-worm প্রভাবান্—*a* radiant, glowing, shining, luminous *fem* প্রভাবতী

প্রভাত—*n* morning, daybreak, প্রভাত হওয়া—*v* to dawn এখন প্রভাত—it is morning প্রভাতকাল—*n* the morning-time, morning প্রভাতফেরি, প্রভাতফেরী—*n* act of singing awakening songs in procession through the streets of a town or village প্রভাতরাগ—*n* the morning glow প্রভাতী, প্রভাতি—(1) *a* of the morning, (2) *n* a morning song or glorification, a matin

প্রভাব—*n* authority, power, dominance, influence. প্রভাব বিস্তার করা—*v* to extend one's influence, to exert one's influence (upon), to bear upon প্রভাবশালী, প্রভাবসম্পন্ন—*a* influential *fem* প্রভাবশালিনী, প্রভাবসম্পন্না প্রভাবান্বিত—*a* influenced, (rare) endowed with the power of influencing. প্রভাবিত—*a* influenced প্রভাবিত করা—*v* to influence

প্রভু—*n* a master, a lord, an overlord, an employer, a husband, an owner, a king, God, a superman, a holy or very reverend man প্রভুতা, প্রভুত্ব

For words in প্রভা-, not given separately, see প্রভা

—*n* mastery, authority, predominance, overlordship, supremacy, ownership; sovereignty, rule প্রভুত্ব করা—*v* to lord it over, to rule, to govern প্রভুত্বব্যঞ্জক—*a* imperious, authoritative, peremptory প্রভুপত্নী—*n fem* a mistress. প্রভুপরায়ণ—same as প্রভুভক্ত প্রভুপাদ—*n* a title of honour affixed to the names of the religious teachers of Vaishnavas (বৈষ্ণব). প্রভুভক্ত—*a* devoted or faithful to one's master, loyal প্রভুভক্তি—*n* devotion or faithfulness to one's master, loyalty প্রভুশক্তি—*n* government power, ruling power, domination, dominance, authority, influence

প্রভূত—*a* profuse, much, abundant. plentiful, (rare) grown or evolved

প্রভৃতি—*con* et cetera, and the rest, and so on

প্রভেদ—*n* distinction, difference, discrimination প্রভেদ করা—*v* to differentiate, to distinguish, to discriminate, to separate

প্রমত্ত—*a* inebriate, drunk, intoxicated, tipsy, beside oneself, infatuated, besotted, reckless, frenzied *fem* প্রমত্তা প্রমত্ততা—*n* inebriety, inebriation, drunkenness, intoxication, tipsiness, the state of being beside oneself, infatuation, besottedness, recklessness, frenzy

প্রমথ—*n* one of the demi-gods attending on Shiva (শিব)

প্রমথন—*n* act of trampling or routing or subduing or killing

প্রমথিত—*a* trampled, routed, subdued, killed

প্রমথেশ—*n* the lord of Pramathas (প্রমথ), Shiva (শিব)

প্রমদা—*n* a charming woman, a woman

প্রমা—*n* true or positive knowledge, truth, conviction

প্রমাই—vul corrup of পরমায়ু

প্রমাণ—(1) *n*. proof, evidence, testimony, witness, a precedent, authority, conviction (2) *a* of the standard size (প্রমাণ শার্ট), standard (প্রমাণ মাপ); (esp in phys) normal (প্রমাণ প্রেষ), equivalent to, resembling (পর্বতপ্রমাণ) প্রমাণ করা—*v* to prove, to demonstrate, to substantiate প্রমাণ দেওয়া—*v* to give evidence or proof (of), to prove, to demonstrate, to testify প্রমাণ হওয়া—*v* to be proved. প্রমাণগ্রন্থ—*n* an authoritative book প্রমাণপঞ্জি, প্রমাণপঞ্জী—*n*. a bibliography প্রমাণপত্র—*n* a document; a written warrant or affidavit, a voucher, a receipt, a certificate a testimonial. প্রমাণবাক্য—*n* an authoritative saying, a citation of precedents প্রমাণসই, প্রমাণসহি—*a*. of full measure, up to the mark প্রমাণসাপেক্ষ—*a* subject to proof. প্রমাণসিদ্ধ—*a*. established by evidences, proved প্রমাণাভাব—*n*. want of evidence or proof প্রমাণিত, প্রমাণীকৃত—*a* proved, demonstrated, substantiated

প্রমাতা—*a* & *n* one who proves or demonstrates or substantiates or testifies

প্রমাতামহ—*n* the grandfather or a grand-uncle of one's mother, a maternal great-grandfather *fem* প্রমাতামহী—the grandmother or a grand-aunt of one's mother, a maternal great-grandmother

প্রমাথী—*a* trampling, routing, subduing, killing *fem* প্রমাথিনী

প্রমাদ—*n* inadvertence, carelessness, an error, confusion, oblivion, intoxication, frenzy, a calamity, a

terrible danger or distress (প্রমাদে পড়া) প্রমাদশূন্য—*a* free from error

প্রমারা—*n* primero

প্রমিত—*a* sure, ascertained, proved, measured, (esp in phys) standardized, (as a *sfx*) measuring (চারিহস্তপ্রমিত) প্রমিত করা—*v* to ascertain, to prove, to standardize প্রমিত দ্রব—(phys) a standard solution প্রমিতকরণ—*n* (phys) standardization প্রমিতি—*n* measure, true or positive knowledge, truth, conviction, proof.

প্রমীলা—*n* drowsiness, a female character of the Mahabharata, (fig) a spirited and domineering woman (প্রমীলাদের দেশে), (cp) an Amazon

প্রমুখ—*a* (used as a *sfx*) headed by, beginning with (কালিদাসপ্রমুখ কবিগণ)

প্রমুখাৎ—*adv* from the mouth of, by word of one's mouth, verbally from

প্রমেয়—*a* measurable, mensurable, (alg) commensurable, provable, ascertainable.

প্রমেহ—*n* gonorrhœa, diabetes

প্রমোদ—*n* joy, delight, merriment, hilarity, enjoyment, pleasure, recreation, an entertainment, luxury প্রমোদক—*a* gladdening, pleasing, entertaining প্রমোদকানন—*n* a pleasure-garden প্রমোদগৃহ—*n* a pleasure-house, a recreation-room, a recreation-hall. প্রমোদন—(1) *n* act of gladdening or pleasing or entertaining, (2) *in comp* (used as a *sfx*) giving delight or pleasure to, entertaining, (চিত্তপ্রমোদন) প্রমোদ-ভ্রমণ—*n* a pleasure-trip, promenade প্রমোদ-ভ্রমণ করা—*n* to be on a pleasure-trip, to promenade প্রমোদিত—*a* delighted, pleased, recreated, entertained প্রমোদোদ্যান—*n* a pleasure-garden.

প্রযত্ন—*n* repeated or thorough endeavour or effort, perseverance প্রযত্ন করা—*v* to persevere প্রযত্নসহকারে—*adv* perseveringly

প্রয়াণ—*n* departure, (fig) death প্রয়াণ করা—*v* to depart, (fig) to die

প্রয়াস—*n* an effort, an endeavour, a hard effort, toil, a desire প্রয়াস করা—*v* to endeavour, to try or endeavour hard, to toil, to desire প্রয়াস পাওয়া—*v* to endeavour, to make a hard attempt, to toil প্রয়াসী—*a* endeavouring, toiling hard, desirous.

প্রযুক্ত—(1) *a* employed, applied, used (2) *prep* for the sake of, owing to, due to, caused by, actuated by (ভয়প্রযুক্ত) প্রযুক্তি—*n* employment, application, a technique প্রযুক্তিবিদ্যা—*n* technology প্রযুক্তিবিদ্যাগত—*a* technological

প্রযুজ্যমান—*a* in the state of being applied

প্রযোক্তা—*n* an employer, an applier, a performer

প্রয়োগ—*n* employment, application, use, mention, a precedent, an example, an instance প্রয়োগ করা—*v* to employ, to apply, to use প্রয়োগবাদ—*n* (phil) pragmatism প্রয়োগবাদী—(1) *a* pragmatic, (2) *n* a pragmatist. প্রয়োগবিন্দু—*n* (phys) a point of application প্রয়োগশালা—*n* a laboratory প্রয়োগিক—*a* (phil) empirical

প্রয়োজক—*a* employing, applying, using, performing, introducing, inaugurating or founding

প্রযোজক—(1) *a* same as প্রয়োজক (2) *n* a producer esp of motion-pictures, a film-producer

প্রয়োজন—*n* necessity, need; purpose, object, end, motive, cause, occasion, use প্রয়োজনাতিরিক্ত, প্রয়োজনাতীত—*a.* more than what is necessary, more than enough, superfluous, unnecessary, redundant প্রয়োজনানুরূপ—*a.* satisfying needs, adequate, sufficient. প্রয়োজনীয়—*a* necessary, needful, serviceable, useful. প্রয়োজনীয়তা—*n* necessity, need, serviceability, usefulness

প্রযোজ্য—*a* applicable প্রযোজ্যতা—*n* applicability.

প্ররোচক—(1)*a.* (usu dero) inducing, instigating, persuading inciting (2) *n* an inducer, an instigator, a persuader, an inciter.

প্ররোচন, প্ররোচনা—*n* (usu dero) inducement, instigation, persuasion, incitement প্ররোচনা দেওয়া—same as প্ররোচিত করা (see প্ররোচিত). প্ররোচনাদায়ক—*a* same as প্ররোচক (*a*).

প্ররোচিত—*a* (usu dero) induced, instigated, persuaded, incited প্ররোচিত করা—*v* to induce, to instigate, to persuade, to incite

প্ররোহ—*n* a bud, a shoot, a sprout, a scion, (bot) an offset.

প্রলপন—*n.* raving, delirium, incoherent utterance

প্রলপিত—(1) *a.* raved, uttered in delirium, incoherently uttered (2) same as প্রলাপ

প্রলম্ব—*n* an aerial root or a branch of a tree, anything creeping or hanging প্রলম্বন—*n* creeping, hanging, suspension, prolongation প্রলম্ববিন্দু—*n* (phys) a point of suspension প্রলম্বিত—*a* hanging, suspended, pendent, prolonged, creeping প্রলম্বিত করা—*v* to hang, to suspend to prolong

প্রলয়, প্রলয়কাণ্ড—*n* universal dissolution or annihilation, a complete or very extensive destruction, (fig) a terrible disturbance or affray প্রলয়কাল—*n* the time of universal dissolution or annihilation প্রলয়ঙ্কর. প্রলয়ংকর—*a* causing universal dissolution, causing a complete or very extensive destruction, (fig) terribly disturbing প্রলয়পয়োধি—*n* the ocean of universal cataclysm or deluge

প্রলাপ—*n* raving, delirium, incoherent utterance প্রলাপ বকা—*v* to rave, to utter delirium, to talk incoherently. প্রলাপী—*a* raving, delirious; incoherently talking *fem* প্রলাপিনী

প্রলিপ্ত—*a* coated or smeared (with), involved or implicated (in), engaged or employed (in)

প্রলুব্ধ—*a* greatly allured or tempted, extremely greedy *fem* প্রলুব্ধা প্রলুব্ধতা—*n* the state of being greatly allured or tempted, extreme greed

প্রলেপ—*n* a coating, an ointment, act of coating or smearing প্রলেপ দেওয়া—*v* to apply a coating or an ointment (to); to coat or smear (with) প্রলেপক—*a* coating, smearing. প্রলেপন—*n* coating or smearing প্রলেপন করা—*v* to coat, to smear

প্রলোভ—*n* very strong greed

প্রলোভন—*n* allurement, temptation, enticement, a tempting object. প্রলোভন দেখান—*v* to bring an allurement (to), to try to allure or tempt

প্রলোভিত—*a.* allured, tempted, enticed. প্রলোভিত করা—*v* to allure, to tempt, to entice. প্রলোভিত করিয়া লইয়া যাওয়া—*v* to entice away

প্রশংসক—*n.* a praiser, an admirer.

প্রশংসন—*n* act of praising, commendation, extolment, admiration প্রশংসনীয়—*a* praiseworthy, commendable, laudable, admirable

প্রশংসা—*n* praise, commendation extolment laudation, admiration, eulogy, applause, fame প্রশংসা করা—*v.* to praise to commend, to extol, to laud, to admire, to eulogize, to applaud প্রশংসাপত্র—*n* a certificate of merit a written address of honour or felicitation প্রশংসাবাক্য, প্রশংসাবাদ—*n* a compliment a eulogy প্রশংসাভাজন—*n* an object of praise a praiseworthy person প্রশংসামূলক—*a* commendatory, laudatory, eulogistic প্রশংসার্হ—*a* praiseworthy commendable, laudable প্রশংসাসূচক—same as প্রশংসামূলক

প্রশংসিত—*a* praised, extolled, admired, eulogized applauded

প্রশমন, প্রশম—*n* allayment, soothing stopping, dissuasion: restraining or resisting quelling, (phys) neutralization, mitigation, pacification প্রশমন করা—*v* to allay, to soothe, to stop to dissuade, to check, to restrain, to resist, to subdue, to quell, (phys) to neutralize, to mitigate, to pacify প্রশমলবণ—*n* (chiefly in chem) neutral salt প্রশমিত—*a* allayed, soothed, stopped, issuaded, checked restrained, esisted, subdued, quelled (phys) ieutralized mitigated pacified শমিত করা—same as প্রশমন করা

প্রশস্ত—*a* praiseworthy, commendble, best, excellent, most suitable, ittest auspicious (প্রশস্ত ক্ষণ), aagnanimous, libberal (প্রশস্ত হৃদয়), vide, broad (চারিহস্তপরিমাণ প্রশস্ত), pacious, roomy (প্রশস্ত কক্ষ) প্রশস্ততা—*n* praiseworthiness, excellence, suitability, fitness, auspiciousness, magnanimity, liberality, width, breadth, spaciousness

প্রশস্তি—*n* praise, a short laudatory hymn, a eulogium, a panegyric.

প্রশস্য—*a* praiseworthy, commendable laudable

প্রশাখা—*n* a branchlet, an offshoot.

প্রশান্ত—*a* very calm or quiet or peaceful, tranquil, unperturbed, unruffled প্রশান্তচিত্ত—(1) *a* enjoying peace or tranquillity at heart, (2) *n* a peaceful or tranquil heart প্রশান্তবদন—(1) *a* having a tranquil or calm face or appearance, (2) *n* a tranquil or calm face প্রশান্ত মহাসাগর—the Pacific Ocean, the Pacific. প্রশান্তমূর্তি—*a* having a tranquil or calm or composed appearance প্রশান্তহৃদয়—same as প্রশান্ত চিত্ত প্রশান্তি—*n* perfect calm or quiet or peace, tranquillity

প্রশাসন—*n* administration প্রশাসনিক—*a* administrative.

প্রশিষ্য—*n* a disciple's disciple, a pupil's pupil. *fem* প্রশিষ্যা

প্রশ্ন—*n* a question, a query, interrogation, inquiry (জীবনপ্রশ্ন), a point at issue, a problem (বাঁচার প্রশ্ন), a disputed point. প্রশ্ন করা—*v* to question, to ask, to inquire, to interrogate, to set questions (as for examinees) প্রশ্নকর্তা—*n* a questioner, an inquirer, an interrogator; one who sets questions (as for examinees), a paper-setter *fem* প্রশ্নকর্ত্রী প্রশ্নপত্র—*n* a set of questions for the examinees, a paper প্রশ্নমালা—*n* a set of questions, (loos) an exercise (for students). প্রশ্নোত্তর—*n.* a question and its answer a catechism প্রশ্নোত্তরী—*n* a catechism

প্রশ্বাস—*n* inhalation

প্রশ্রয়—*n* indulgence, latitude, pampering, over-affection, (rare) politeness প্রশ্রয় দেওয়া—*v* to give (one) indulgence or latitude, to indulge, to pamper, to treat with over-affection প্রশ্রয়দাতা—*n* one who gives indulgence, an indulger প্রশ্রয়দান—*n* act of giving indulgence, indulgence প্রশ্রয়প্রাপ্ত—*a* indulged, pampered

প্রসক্ত—*a* greatly inclined or attached to, enamoured of, greatly addicted to প্রসক্তি—*n* great inclination for or attachment or addiction to

প্রসঙ্গ—*n* a subject for or under discussion, a topic, discussion, narration (রামায়ণ-প্রসঙ্গ), context (প্রসঙ্গবর্ণনা) প্রসঙ্গ উল্লেখপূর্বক—with reference to the context প্রসঙ্গক্রমে, প্রসঙ্গতঃ, (pop) প্রসঙ্গত—*adv* in course of discussion, incidentally প্রসঙ্গান্তর—*n* another topic, a different topic

প্রসন্ন—*a.* satisfied, pleased, delighted, glad, happy, gracious, propitious, favourable, clear, limpid, transparent (প্রসন্নসলিলা), calm and happy, complacent, bright (প্রসন্নবদন) *fem* প্রসন্না প্রসন্নতা—*n* satisfied or pleased state, complacence complacency, delightedness, gladness, happiness, graciousness, propitiousness, favourableness, clarity, limpidity, transparence, brightness

প্রসব—*n* act of bringing forth (a child or young), parturition, delivery, childbirth, production, creation, birth প্রসব করা—*v* to bring forth, to give birth, (often facet) to produce প্রসব করান—*v* to deliver of a child or young প্রসব হওয়া—*v* to be delivered of a child or young প্রসববেদনা—*n* labour-pain, travail. প্রসববেদনা ওঠা—*v* to be in travail. প্রসবিতা, প্রসবী—(1) *a* giving birth to, producing, (2) *n* a father, a progenitor, a producer প্রসবিত্রী, প্রসবিনী—(1) *a fem* bringing forth, producing, (2) *n. fem* a mother, a progenitress, a (female) producer

প্রসর—*n* act of going, movement, speed, expanse, extent, range উষ্ণতার প্রসর—(geog) the range of temperature প্রসরণ—*n* strolling, encompassment of enemy forces, expansion, extension, expanse, extent, range

প্রসাদ—*n* grace, favour, propitiousness (ঈশ্বরপ্রসাদ), food-offering to a deity (this is taken by devotees after the sacrifice), remains of food taken by a superior or venerable person (গুরুর প্রসাদ), complacency, (of lit. composition) perspicuity (also প্রসাদগুণ) প্রসাদ পাওয়া—*v* to enjoy the grace of, to partake of the food offered to a deity or of the remains of food taken by a superior person প্রসাদ লওয়া—*v* to partake of the food offered to a deity or of the remains of food taken by a superior person প্রসাদন—*n* act of pleasing, propitiation প্রসাদপ্রার্থী—*a.* & *n* one who asks for a favour, one desirous of partaking of the food offered to a deity or of the remains of food taken by a superior person *fem* প্রসাদপ্রার্থিনী প্রসাদাৎ—*adv* through the grace or favour of প্রসাদিত—*a* propitiated প্রসাদী—*a* (of a food etc.) offered to a deity or partaken of by a superior person

প্রসাধক—*a* & *n* one who dresses or does another's toilet, one who embellishes or decorates

প্রসাধন—*n* dressing, toilet, toilette,

embellishment, decoration প্রসাধন করা —*v* to dress (usu oneself), to make (one's) toilet, to embellish, to decorate প্রসাধনী—*n* a comb, a toilet article, a cosmetic.

প্রসাধিকা—*fem* of প্রসাধক

প্রসাধিত—*a* dressed, toileted, embellished, decorated

প্রসার—*n* width, expanse, extent, expansion (বাণিজ্যের প্রসার), spread (শিক্ষার প্রসার) প্রসারণ—*n* act of stretching (out), extension, expansion, spreading, spread, (phys) dilatation, dilation. প্রসারণ করা—*v* to stretch (out), to extend, to expand, to spread, (phys) to dilate প্রসারাঙ্ক—*n* (phys) the co-efficient of expansion or dilation প্রসারিণী—*fem* of প্রসারী প্রসারিত—*a* stretched (out), extended, expanded, spread (out) প্রসারী —*a* extending, expanding, expansive, extensive, wide

প্রসার্য—*a* stretchy, extensible, expansible প্রসার্যমান—*a* in the process of being stretched (out) or expanded

প্রসিদ্ধ—*a* famous, renowned, celebrated, well-known, reputed, (dero) notorious *fem* প্রসিদ্ধা প্রসিদ্ধি—*n* fame, renown, celebrity, reputation, (dero) notoriety

প্রসীদ—*v* be pleased (প্রসীদ হে দেবী)

প্রসুপ্ত—*a* soundly sleeping প্রসুপ্ত থাকা—*v* to sleep soundly প্রসুপ্তি—*n* sound sleep

প্রসূ—*n* (chiefly used as a *sfx* and in an adjectival sense) mother, progenitress (স্বর্ণপ্রসূ=auriferous)

প্রসূত—*a* produced (of), resulted (from), evolved (out of), born (of), brought forth (by), begotten (by) প্রসূতা প্রসূতি—*n* *fem* a mother, progenitress, a woman recently delivered of a child, a (female) producer, (loos) a woman in travail or a parturient woman প্রসূতিতন্ত্র—*n* midwifery প্রসূতিসদন—*n* a maternity home, a maternity hospital

প্রসূন—*n* a flower, a fruit, a bud, a blossom

প্রসৃত—*a* emerged, widened, expanded, extended. প্রসৃত হওয়া—*v* to emerge (from), to widen.

প্রস্থ—*n* a set (এক প্রস্থ বাসন), a wad (এক প্রস্থ নোট), a suite (এক প্রস্থ পোশাক), a spell (এক প্রস্থ ধমক)

প্রস্তর—*n* stone, rock, pebble, fossil, a jewel প্রস্তরতুল্য—*a* stone-like, stony, (fig) very hard, motionless, unfeeling প্রস্তরনির্মিত—*a* made of stone, stony প্রস্তরফলক—*n* a stone slab প্রস্তরময়—*a* stony, rocky, made of stone. প্রস্তরমূর্তি—*n* a stone statue প্রস্তরমূর্তিবৎ—*a* statuesque, (fig) motionless or unperturbed প্রস্তরযুগ —*n* the Stone Age প্রস্তরীভূত—*a* petrified, fossilized

প্রস্তাব—*n* context, a proposal, a subject for or under discussion, a topic, a discourse, a motion, (of a book) a chapter, a section প্রস্তাব করা —*v* to propose, to put up a proposal, to move a motion, to name (as a candidate for election), to propose প্রস্তাব তোলা—*v* to raise a topic, to move a proposal or motion, to propose প্রস্তাবক—*n* a proposer, a mover (of a motion) প্রস্তাবনা—*n* a proposal, commencement, (of dramas etc) a prologue প্রস্তাবিত—*n* proposed, raised or moved (as a topic), under discussion

প্রস্তুত—*a* made, manufactured, formed, prepared ready প্রস্তুত করা —*v* to make, to manufacture, to

form, to prepare, to make ready. প্রস্তুত হওয়া—v. to be made or manufactured or formed, to get ready. প্রস্তুতি—n making, manufacture, formation, preparation, readiness.

প্রস্থ১—corrup of প্রস্ত

প্রস্থ২—n width, breadth; expanse, extent, level ground, a plain (ইস্ত্র-প্রস্থ), a tableland, a plateau প্রস্থচ্ছেদ—n (math) a cross section

প্রস্থান—n act of going off or setting out, departure, act of going out, (in drama) exit প্রস্থান করা—v to go off, to set out, to depart; to go out প্রস্থানোদ্যত—a on the point of departing or going out প্রস্থানোদ্যোগ—n preparations for departure

প্রস্থিত—a gone off, set out, departed, gone out.

প্রস্ফুট, প্রস্ফুটিত—a full-blown, thoroughly manifested or revealed or unfolded *fem* প্রস্ফুটিতা প্রস্ফুটন—n act of blooming fully, full bloom, thorough manifestation or revelation

প্রস্ফুরণ—n slight vibration or tremor, phosphorescence, effervescence প্রস্ফুরণশীল—a slightly vibrating or trembling, phosphorescent, effervescent প্রস্ফুরিত—a slightly vibrated or trembled phosphoresced, effervesced প্রস্ফুরিত হওয়া—v to vibrate or tremble slightly, to phosphoresce, to effervesce

প্রস্বাপন—a soporific, opiate

প্রস্রব—n an oozing

প্রস্রবণ—n a fountain, a spring; oozing অন্তঃপ্রস্রবণ—n (geog) an underground spring উপরিপ্রস্রবণ—n (geog) a surface spring উষ্ণপ্রস্রবণ—n a hot spring গর্ভোথ-প্রস্রবণ—n (geog) a deep-seated spring ধাতব প্রস্রবণ—(geog) a mineral spring. সবিরাম প্রস্রবণ—(geog) an intermittent spring

প্রস্রাব—n urine, urination. প্রস্রাব করা—v to pass urine, to make water, to urinate প্রস্রাবের পীড়া—a urinary disease or trouble

প্রস্রুত—a oozed or trickled or dripped (from) প্রস্রুত হওয়া—v to ooze or trickle or drip (from)

প্রহত—a hurt, wounded, beaten, struck (as a drum)

প্রহর—n a measure of time equal to three hours

প্রহরণ—n a weapon (usu one wielded by the hand, that is, not a missile), act of beating or striking

প্রহরা—n act of watching or guarding, a watch, a watchman, a watcher, a sentinel, a sentry, a guard, a guardsman প্রহরা দেওয়া—v to watch, to guard, to sentinel প্রহরারত—a engaged in watching or guarding.

প্রহরী—n. a guard, a watchman, a watcher, a guardsman *fem.* প্রহরিণী

প্রহসন—n a farce, a joke, a banter কিছু বা কাহাকেও লইয়া প্রহসন করা—to make a farce of, to make a song of.

প্রহার—n a beating or striking, a blow, a stroke, (dial.) trouble or punishment (ছেলেটা আমার প্রহার) প্রহার করা—v to beat, to strike প্রহার দেওয়া—v to giveone a thrashing or licking. প্রহারক, প্রহারকর্তা—a & n one who beats or strikes *fem* প্রহারকর্ত্রী

প্রহৃত—a beaten, smitten, struck.

প্রহৃষ্ট—a very much delighted, very glad or happy প্রহৃষ্টচিত্ত—a very glad or happy at heart.

প্রহেলিকা—n a riddle, an enigma, a puzzle প্রহেলিকাময়—a enigmatic, riddling, puzzling.

প্রহ্লাদ—*n* (myth) an Asura (অসুর) prince who was very much devoted to Vishnu (বিষ্ণু) দৈত্যকুলে প্রহ্লাদ—(fig) a saint amongst infidels

প্রাইজ—*n* a prize, a reward

প্রাইভেট টিউটর—*n* a private tutor

প্রাইমারি, প্রাইমারী—*a* primary

প্রাংশু—*a.* tall, high, lofty (প্রাংশু বৃক্ষ), hefty (প্রাংশুদেহ), long (প্রাংশুভুজ)

প্রাকাম্য—*n* (ascetical) power of moving or enjoying at will.

প্রাকার—*n* a wall, a bulwark, a rampart, a parapet. প্রাকারবেষ্টিত—*a* surrounded by a wall

প্রাকৃত—(1) *a* natural, physical, pertaining to the populace, (cp) plebian, traditional, commonplace, usual, general, base, mean, vulgar (2) *n* the Prakrit language. (usu প্রাকৃতভাষা)

প্রাকৃতিক—*a* natural, physical, inorganic প্রাকৃতিক দৃশ্য—a natural scenery প্রাকৃতিক নিয়ম—a law of nature, a physical law প্রাকৃতিক নির্বাচন—(sc) natural selection. প্রাকৃতিক বিজ্ঞান—natural science, physics প্রাকৃতিক ভূগোল—physical geography প্রাকৃতিক মানচিত্র—a physical map

প্রাক্—*pfx* denoting prior, pre-, eastern

প্রাক্কলন—*n* an estimate

প্রাক্কাল—*n* previous or former or preceding time, (pop) immediately preceding time, eve প্রাক্কালিক প্রাক্কালীন—*a* former, previous প্রাক্কালে—*adv* (rare) formerly, before, (pop) on the eve of

প্রাক্তন—(1) *a* previous, former, of a previous birth, earned or acquired or done in a previous birth (প্রাক্তন কর্ম, প্রাক্তন সংস্কার) (2) *n* destiny, fate, consequence of an act done in a previous birth (এ দুঃখ তার প্রাক্তন)

প্রাখর্য—same as প্রখরতা (see প্রখর)

প্রাগভাব—*n* (phil) non-existence of an object prior to its being brought into existence

প্রাগল্‌ভ্য—*n* same as প্রগল্‌ভতা (see প্রগল্‌ভ), and—shamelessness of women in love-affairs

প্রাগাধুনিক—*a* eocene

প্রাগুক্ত—*a* aforesaid, aforementioned

প্রাগৈতিহাসিক—*a* prehistoric

প্রাগ্‌জ্যোতিষ—*n* the ancient name of Kamrup or its inhabitants

প্রাঙ্গণ—*n* a courtyard, a compound

প্রাঙ্মুখ—*a* facing eastwards

প্রাচী—*n* the east, the eastern hemisphere, the eastern world, the Orient

প্রাচীন—*a* old, ancient, antique, aged, out-of-date, old-fashioned, antiquated *fem* প্রাচীনা প্রাচীনতা, প্রাচীনত্ব—*n* oldness, ancientness, antiqueness, agedness, old-fashionedness antiquatedness

প্রাচীর—*n* a wall, a rampart, a parapet

প্রাচুর্য—*n* plenty, abundance; affluence, milk and honey, profusion, amplitude, numerousness, sufficiency

প্রাচ্য—(1) *a* eastern, oriental (2) *n* same as প্রাচী

প্রাজন—*n* a truncheon for driving cattle

প্রাজাপত্য—(1) *n* the usual Hindu form of marriage (2) *a* relating to Prajapati (প্রজাপতি) the creator or protector of living beings

প্রাজ্ঞ—*a* learned, wise, prudent *fem* প্রাজ্ঞা প্রাজ্ঞতা—*n* learning, wisdom, prudence

প্রাঞ্জল—*a.* easily understood, lucid, perspicuous, precise, clear, transparent প্রাঞ্জলতা—*n* lucidity, perspicuity, precision, preciseness, clarity, clearness, transparence

প্রাণ—*n* life, the first of the five vital airs (namely, প্রাণ, অপান, সমান, উদান and ব্যান) or these five airs collectively, life-breath, breath, heart, earnest desire ('প্রাণ চায়, চক্ষু না চায়'), vitality, vigour, vivacity (কাজে প্রাণ নেই), (in endearment) an extremely beloved person প্রাণ ওষ্ঠাগত হওয়া—*v* (rare) to feel like dying, (fig & pop) to be extremely harassed or troubled or irritated প্রাণ খোলা—*v* to open one's heart, to speak out one's heart প্রাণ থাকা—*v* to remain alive প্রাণ দেওয়া—same as প্রাণদান করা প্রাণ নেওয়া—*v* to kill, to torture almost to the point of killing প্রাণ পাওয়া—same as প্রাণলাভ করা প্রাণ বাঁচা—same as প্রাণরক্ষা হওয়া. প্রাণ বাঁচান—same as প্রাণরক্ষা করা প্রাণ বাহির করা—*v* to make one out of breath, to exasperate beyond endurance প্রাণ বাহির হওয়া, প্রাণ যাওয়া—*v.* to breath one's last, to become out of breath, to be exasperated প্রাণ লওয়া—*v* to take one's life, to kill প্রাণ হারান—*v* to lose one's life, to die, to be killed প্রাণকান্ত—same as প্রাণেশ্বর প্রাণকৃষ্ণ—*n* Krishna (কৃষ্ণ) who is regarded by a devotee or a lover as dear as life, (fig) a favourite or lover as dear as one's life. প্রাণ-খোলা—*a* open hearted, frank, candid, hearty প্রাণগত—*a* lying in one's heart of hearts, inmost, sincere প্রাণগতিক—*a* concerning one's life or living, bodily, physical. প্রাণঘাতী—*a* life-killing. murderous; deadly, fatal প্রাণত্যাগ—*n* death. প্রাণত্যাগ করা—*v* to die প্রাণদ—*a* life-giving, animating, invigorating, resuscitant, life-saving প্রাণদণ্ড—*n* death sentence, a lifer, capital punishment প্রাণদণ্ড দেওয়া—*v* to sentence (one) to death, to award capital punishment. প্রাণদা—*fem* of প্রাণদ প্রাণদাতা—*n* a giver of life, an animator, an invigorator, a resuscitant, a resuscitator *fem* প্রাণদাত্রী প্রাণদান—*n* infusion of life (into), animation, invigoration, resuscitation, saving of life প্রাণদান করা—*v* to infuse life (into), to give life (to), to animate, to invigorate, to give back one's life, to resuscitate, to save one's life, to sacrifice one's life, to give up one's life প্রাণদায়ক—same as প্রাণদ *fem* প্রাণদায়িকা প্রাণধারণ—*n* act of living, sustenance of oneself প্রাণধারণ করা—*v* to live, to sustain oneself প্রাণনাথ—same as প্রাণেশ্বর প্রাণনাশক—same as প্রাণঘাতী প্রাণপণ—*n* resolve of doing something even at the cost of one's life. প্রাণপণে—*adv* staking one's life, even at the cost of one's life প্রাণপতি—same as প্রাণেশ্বর প্রাণপাখি—*n* the bird of life imprisoned in the cage of the body প্রাণপাত করা—*v* to wreck or sacrifice one's life, to strain all one's energies প্রাণপুতুল—same as প্রাণবস্তু প্রাণপ্রতিম—*a* resembling life, as dear as life প্রাণপ্রতিমা—*n* the idol of one's life a woman or girl as dear as one's life প্রাণপ্রতিষ্ঠা—*n* the rite of investing an idol with life, (cp) consecration, infusion of life (into), activization (as of *an organization*) প্রাণপ্রতিষ্ঠা করা—*v* (eccl) to invest (an idol) with life, to consecrate, to infuse life into (an orga-

nization), to activize প্রাণপ্রদ—same as প্রাণদ প্রাণপ্রিয়—*a* as dear as life, dearer than life প্রাণবঁধু—*n* a lover as dear as one's life, a sweetheart প্রাণবধ—killing or slaying, manslaughter প্রাণবধ করা—*v* to kill, to slay, to take a life প্রাণবন্ত—*a* living, alive, animate, lively vivacious, sprightly, cordial, genial, volatile, active প্রাণবন্তা—*n* the state of being alive or living, animation, liveliness, vivacity, sprightliness cordiality, geniality, volatility, fullness of activity প্রাণবল্লভ—same as প্রাণেশ্বর প্রাণবায়ু—*n* life-breath, the first of the five vital airs (namely *প্রাণ, অপান, সমান, উদান* and *ব্যান*) or all these airs collectively প্রাণবায়ু বাহির হওয়া—*v* to breathe one's last, to die প্রাণবিয়োগ—*n* death প্রাণবিয়োগ হওয়া—*v* to die প্রাণবিসর্জন—*n* sacrifice of one's life প্রাণবিসর্জন দেওয়া—*v* to sacrifice one's life প্রাণভয়—*n* fear of losing one's life, fear of life প্রাণময়—*a* same as প্রাণবন্ত, and also —the sole object of one's life *fem* প্রাণময়ী প্রাণময় কোষ—(Hindu phil) the life-cell of the body প্রাণযাত্রা—*n* living one s life. প্রাণরক্ষা করা—*v* to save one's life, to sustain প্রাণরক্ষা হওয়া—*v*. to be saved from death, to be saved, to sustain oneself প্রাণলাভ—*n* act of coming or coming back to life. প্রাণলাভ করা—*v* to come or come back to life প্রাণশূন্য—*a* lifeless, inanimate, lacking in liveliness or vivacity or sprightliness, dull, lacking in cordiality or geniality, cold, inactive, lethargic, callous প্রাণসংশয়—*n* possibility of losing one's life, risk or hazard or peril of one's life প্রাণসংহার—same as প্রাণবধ প্রাণসখা—*n* a bosom friend প্রাণসঙ্কট—same as প্রাণসংশয় প্রাণসঞ্চার—same as প্রাণদান প্রাণসম—*a* equal to life প্রাণহন্তা—*n* a slayer, a killer, a murderer (*fem* a murderess) *fem* প্রাণহন্ত্রী প্রাণহর, প্রাণহারক, প্রাণহারী—same as প্রাণঘাতী *fem* প্রাণহরা, প্রাণহারিকা, প্রাণহারিণী প্রাণহীন—same as প্রাণশূন্য. প্রাণাত্যয়—*n* destruction or loss of life, death time of death or of loss of life প্রাণাধিক—*a* dearer than one's life *fem* প্রাণাধিকা প্রাণান্ত—*n* termination of life, death প্রাণান্তকর—*a* causing death or termination of life, (fig) extremely toilsome or causing extreme suffering প্রাণান্তপরিচ্ছেদ—*n* *that which ends in* or extends up to death, (fig) extreme toil or suffering প্রাণায়াম—*n* breath-control as prescribed in the yoga system প্রাণিজগৎ—*n* the animal kingdom, the animal world প্রাণিতত্ত্ব, প্রাণিবিজ্ঞান, প্রাণিবিদ্যা—zoology প্রাণিতত্ত্বজ্ঞ, প্রাণিবিজ্ঞানী, প্রাণিবিদ্যাবিৎ—*n* a zoologist প্রাণিতত্ত্বীয়—*a* zoological প্রাণিহিংসা—*n* killing of animals, (rare) cruelty to animals প্রাণী—*n* a living being, a creature, an animal, a human being, a person (বাড়িতে দুটি মাত্র প্রাণী), (obs) life ('কেমন করিছে প্রাণী') প্রাণেশ, প্রাণেশ্বর—*n* the lord of one's life, a husband, a lover প্রাণেশ্বরী—*n* *fem* the mistress of one's life, a wife, a lady-love, a sweetheart প্রাণোৎসর্গ—*n* sacrifice of one's life প্রাণোৎসর্গ করা—*v* to sacrifice one's life

প্রাতঃ, (pop) প্রাত—*n* morning, the early morning, (fig) inception, beginning প্রাতঃকর্ম—same as প্রাতঃকৃত্য প্রাতঃকাল—*n* morning, the early morning প্রাতঃকালীন—*a* of or for

or in the morning, morning প্রাতঃকালীন সঙ্গীত—a morning song, a matin প্রাতঃকৃত্য, প্রাতঃক্রিয়া—*n*. the routine morning duties of evacuation of bowels, personal washing, religious prayer etc প্রাতঃনমস্কার—*n* the morning salutation, good morning প্রাতঃপ্রণাম—*n* obeisance by touching one's feet done in the morning প্রাতঃসন্ধ্যা—*n* the morning meditation or devotion, morning prayers প্রাতঃসমীর, প্রাতঃসমীরণ—*n* the morning breeze প্রাতঃস্নান—*n* bath at sunrise, the morning ablution or bath প্রাতঃস্মরণীয়—*a* (lit) one whose name should be uttered on waking in the morning, (fig) of immortal fame, ever memorable

প্রাতরাশ, প্রাতর্ভোজন—*n* the first meal of the day, the morning meal, breakfast প্রাতরাশ আহার করা, প্রাতর্ভোজন করা—*v* to take the morning meal or the first meal of the day, to breakfast

প্রাতর্বাক্য—*n*. the first words uttered on waking in the morning

প্রাতর্ভোজন—see প্রাতরাশ

প্রাতিকূল্য—*n* same as প্রতিকূলতা (see প্রতিকূল)

প্রাতিপদিক—(1) *n* (gr) an uninflected noun or adjective, a root noun or root adjective (2) *a* (gr) uninflected

প্রাতিভাসিক—*a* apparent but not real or actual, seemingly real

প্রাতিস্বিক—*a* individual, characteristic, personal

প্রাত্যহিক—*a* daily, diurnal *fem* প্রাত্যহিকী

প্রাথমিক—*a* relating to inception or beginning, initial, early, primitive, primary প্রাথমিক বিদ্যালয়—a primary school. প্রাথমিক শিক্ষা—primary education

প্রাদি—*n* প্র পরা অপ সম নি অব অনু নির্ দুর্ বি অভি অধি সু উৎ পরি প্রতি অপি অতি উপ আ these twenty prefixes collectively প্রাদি-সমাস—*n* (gr) a system of forming compound words by adding any one of the aforesaid prefixes

প্রাদুর্ভাব—*n* appearance, manifestation, serious or terrible outbreak (দুর্ভিক্ষের প্রাদুর্ভাব), extensive and terrible prevalence or excess (রোগের বা মশার প্রাদুর্ভাব), (dero.) act of coming into power or importance

প্রাদুর্ভূত—*a* manifested, seriously or terribly broken out, extensively and terribly prevalent, existing in a large number, (dero—of a person) flourished প্রাদুর্ভূত হওয়া—*v* to appear, to become manifest, to break out seriously or terribly and usu extensively (রোগ প্রাদুর্ভূত হওয়া), (dero) to come into power or importance, to flourish

প্রাদেশিক—*a* provincial. প্রাদেশিক প্রেষাধিকারিক—the Presidency Postmaster প্রাদেশিকতা—*n* provincialism

প্রাধান্য—*n* primeness, supremacy prominence, pre-eminence, predominance প্রাধান্য করা—*v* to predominate, to domineer, to lord it over প্রাধান্য পাওয়া—*v* to gain supremacy or prominence, to become predominant.

প্রাধিকার—*n* authority. প্রাধিকারিক—*n* a special officer

প্রাধিকৃত—*a* authorized

প্রান্ত—*n* an extremity, an end, a tip, a border, a margin a brim, a rim, the outskirts (নগরপ্রান্ত) প্রান্ত-প্রাবরেখা—*v* (geog) the terminal

moraine প্রান্তবর্তী, প্রান্তস্থ, প্রান্তস্থিত—*a* lying or situated in or on or at the border, terminal, marginal, bordering প্রান্তস্পর্শী—*a* (bot) valvate প্রান্তিক, প্রান্তীয়—*a* lying or situated in or on or at the border, terminal, (esp in bot.) marginal, bordering, (arith) extreme বহুপ্রান্তীয়—*a* parietal প্রান্ত্য—*a* (esp in phys) terminal, marginal

প্রান্ত-প্রাবরেখা, প্রান্তবর্তী—see প্রান্ত

প্রান্তর—*n* a prairie, a wilderness, a waste, a large tract of grassland

প্রান্তস্থ, প্রান্তস্থিত, প্রান্তস্পর্শী, প্রান্তিক, প্রান্তীয়, প্রান্ত্য—see প্রান্ত

প্রাপক—*n* a delivery-man

প্রাপণ—*n* act of giving delivery

প্রাপিত—*a* received or delivered through some agency

প্রাপ্ত—*a* obtained, got received, found, acquired, gained, attained, learnt (শিক্ষাপ্রাপ্ত), informed of (সংবাদপ্রাপ্ত) প্রাপ্ত হওয়া—*v* to obtain, to get, to receive, to be given, to find, to come across, to acquire, to gain, to attain, to learn, to be informed প্রাপ্তকাল—*a* on the point of death, dying, having attained the fullness of age প্রাপ্তবয়স্ক, প্রাপ্তবয়াঃ—*a* one who has attained majority, of age, adult, grown-up প্রাপ্তব্য—*a* same as প্রাপ্য (*a*) প্রাপ্তব্যবহার—same as প্রাপ্তবয়স্ক প্রাপ্তযৌবন—*a* adult *fem* প্রাপ্তযৌবনা প্রাপ্তযৌবন বালক—an adult

প্রাপ্তি—*n* obtaining or getting, receipt, act of finding, acquirement, acquisition, gaining, attainment, act of learning income, earnings, (often facet) profit প্রাপ্তিযোগ্য—*a* same as প্রাপ্য (*a*) প্রাপ্তিস্থান—*n* a place from which something may be had.

প্রাপ্য—(1) *a* obtainable, receivable, acquirable, attainable, to be paid, due (2) *n* due

প্রাবরণ—*n* a thin and large scarf, a covering, a cover

প্রাবল্য—*n* same as প্রবলতা (see প্রবল)

প্রাবার—var of প্রাবরণ

প্রাবীণ্য—*n* same as প্রবীণতা (see প্রবীণ)

প্রাবৃট্, প্রাবৃষা—*n* the rainy season, the rains প্রাবৃষিক, প্রাবৃষ্য—*a.* of the rainy season

প্রাবেশিক—*a* pertaining to entrance or admission প্রাবেশিক পরীক্ষা—an admission test

প্রাভাতিক—*a* of the morning

প্রামাণিক—*a* authoritative, authentic প্রামাণিকতা—*n* authoritativeness, authenticity

প্রামাণ্য—(1) *n* authoritativeness, authenticity (2) *a.* same as প্রামাণিক.

প্রায়১—*adv* usually (এমনই ত প্রায় ঘটে), frequently, every now and then, often (সে প্রায় এখানে আসে)

প্রায়২—*a* (chiefly used in co p as a *sfx*) resembling, like (গতপ্রায়), nearing, about, nearly, a little less than (প্রায় প্রতিদিন, প্রায় শত টাকা)

প্রায়৩—*n* death by starvation, desire to die of starvation or fasting (প্রায়োপবেশন), overmuchness

প্রায়শঃ, (pop) প্রায়শ—*adv* usually, often, frequently

প্রায়শ্চিত্ত, (vul corrup) প্রায়শ্চিত্তি—*n* expiation, penance, the sacrament of penance প্রায়শ্চিত্ত করা—*v* to expiate, to do penance প্রায়শ্চিত্তমূলক—*a* expiatory

প্রাযুক্তিক—*n* a technologist

প্রায়োগিক—*a* (phil) pragmatic, technical

প্রায়োপবিষ্ট—*a* seated fasting till death, (loos) on hunger strike

প্রায়োপবেশন—*n* act of sitting fasting till death, (loos) hunger strike

প্রারব্ধ—(1) *a* commenced, started, taken on hand, undertaken (প্রারব্ধ কর্ম) (2) *n* destiny, fate, the consequences of activities of a previous birth, which have begun to take effect (ভোগদ্বারা প্রারব্ধের ক্ষয়)

প্রারম্ভ—*n* beginning, commencement, outset, inception প্রারম্ভিক—*a* of the beginning, initial

প্রার্থনা, প্রার্থন—*n.* a prayer (secular or religious), act of asking for, solicitation, supplication, application প্রার্থনা করা—*v* to pray, to say one's prayer, to ask for, to solicit, to supplicate, to apply (for)

প্রার্থনীয়, প্রার্থয়িতব্য—*a* worth praying or asking or applying for

প্রার্থয়িতা—same as প্রার্থী *fem* প্রার্থয়িত্রী

প্রার্থিত—*a* prayed for, asked for, applied for, desired

প্রার্থিনী—*fem* of প্রার্থী

প্রার্থী—(1) *a* praying for, asking for, applying for, desiring (2) *n* one who prays for or asks for, an applicant a candidate, a desirer

প্রাশন—*n* act of eating, initiation to eating (অন্নপ্রাশন)

প্রাস—*n* an ancient missile

প্রাসঙ্গিক—*a.* contextual, relevant, pertinent

প্রাসাদ—*n* a royal residence, a palace, a large building, an edifice প্রাসাদ-কুক্কুট—*n* the pigeon প্রাসাদ-প্রহরী—*n* a palace-guard

প্রাহ্ণ—*n* the first part or quarter of the day, (loos) forenoon.

প্রিন্টার—*n* a printer

প্রিন্সিপাল—*n.* a principal (of an institution).

প্রিভি কাউন্সিল—*n.* the Privy Council (of Great Britain)

বল২—*n* power, might, force, strength, ability, energy, an armed force, a man or piece in chess, support or help, a supporter or helper বলকর, বলকারক—*a* strengthening, invigorating, (med) tonic বলক্ষয় —*n* loss or decay of strength, loss or decrease of soldiers or men (of an army etc), (in chess) loss of pieces বলক্ষয়কর—*a* weakening, causing loss of strength, causing loss of soldiers or men, (in chess) loss of pieces or men বলগর্ব—same as বলদর্প বলগর্বিত—same as বলদৃপ্ত বলতুল্যাঙ্ক—*n* (phys) a mechanical equivalent (of heat) বলত্রিভুজ—*n* a triangle of forces বলদর্প—*n* pride of strength or power বলদৃপ্ত—*a* proud of strength or power, conceited with strength or power বলপূর্বক —*adv* by force, by violence বলপ্রদ same as বলকর বলপ্রদান করা—*v* to strengthen or invigorate বলপ্রয়োগ —*n* exercise or application of force, violence বলপ্রয়োগ করা—*v* to apply force, to force বলপ্রয়োগে—*adv.* by force, by violence বলবতী—*fem* of বলবান বলবৎ—*a* operative, in force, intact. বলবৎ করা—*v* to put (a law etc.) into force বলবত্তর—*a* stronger, more forceful বলবত্তা—*n* powerfulness, (rare) forcefulness, possession of strength বলবন্ত—same as বলবান্ বলবর্ধন—(1) *n* increase of strength or power, invigoration, acceleration of force, (2) *a* causing increase of strength or power, invigorating, (med) tonic, accelerating the force of বলবর্ধন করা—*v* to increase strength or power, to invigorate, (med) to tone up, to accelerate the force of বলবান্—*a* strong, powerful, robust, sturdy বলবিদ্যা—*n* mechanics বলবিন্যাস—*n* arraying of troops arraying of pieces in chess বলশালিতা—same as বলবত্তা বলশালী—same as বলবান্ *fem* বলশালিনী বলশূন্য—same as বলহীন বলশ্রেণী —*n* (phys) system of forces বলসামন্তরিক—*n* (mech) a parallelogram of forces বলসাম্য, বলস্থিতি—*n* (phys) equilibrium of forces বলহীন—*a* devoid of strength, weak, powerless infirm, impotent *fem* বলহীনা

বলক—*n* swelling up of milk

by boiling বলকা—*a* swelled up by boiling (এক বলকা দুধ=milk swelled up but once by boiling)

বল-খেলা—see বল১

বলদ১—*n* the bull the ox

বলদ২—same as বলপ্রদ (see বল২) *fem* বলদা

বলন১—*n* speaking or narrating

বলন২—*n* increase, (bot) nutation

বল-নাচ—*n* ball-dance বল-নাচ নাচা —*v* to take part in a ball

বলবেয়ারিং—see বল১

বলয়—*n* an ornament for the wrist, a bangle, a bracelet, an annulus, a circular region, a sphere, an orb or orbit, a belt (শান্তবলয়) বলয়গ্রাস—*n* (astr) an annular eclipse বলয়াকার, বলয়াঙ্কিত—*a* ring-shaped, circular, annular বলয়িত—*a* encircled, enclosed, surrounded (সাগর-বলয়িত=sea-girt), having a ring, ring-shaped, circular, annular বলয়ী—*a* (bot—of roots etc) annulated

বলা—*v* to say, to deliver a lecture, to speak, to mention (ও কথা আর বলো না), to inform, to tell (এ খবর কাউকে বলো না), to permit (ডাক্তার ভাত খেতে বলেছে), to order or request, to ask (আনতে বলো), to counsel or advise (কি করি বল), to invite, to call (বিয়েতে কাউকে বলিনি), to speak out, to express (মনের কথা বলা), to narrate, to relate (গল্প বলা), to rebuke or censure (অন্তর পুড়ে যাচ্ছে—আর বলো না), to consider (ধন বল, মান বল, সবই দুদিনের)

বলাই—corrup of বলরাম

বলাক—*n* a kind of small goose capable of flying high. *fem* বলাকা

বলাকা—*n* a flight of geese

বলা-কহা, বলা-কওয়া—*n* earnest solicitation or request (অনেক বলা-কহার পর রাজী হওয়া)

বলাৎকার—*n* act of doing forcibly, act of forcing, violence, outrage, forcible outrage of modesty or chastity, rape, ravishment বলাৎকার করা—*v* to do forcibly, to force, to outrage, to outrage one's modesty or chastity forcibly, to rape, to ravish

বলাধান—*n* infusion of strength, invigoration বলাধান করা—*v* to infuse strength (into), to strengthen, to invigorate

বলাধিক্য—*n*. excess or abundance or increase of strength or forces

বলাধ্যক্ষ—*n* the commander of an army, a commander-in-chief

বলান—*v* to make one say or speak or tell or confess or divulge

বলাম্বিত—*a* powerful, strong, having armed forces or soldiers

বলাবল—*n* ability and disability, strength and weakness

বলাবলি—*n* conversation, discussion, repeated requests বলাবলি করা —*v* to converse, to discuss, to request repeatedly

বলি১—*n* a line of folding of the skin (ত্রিবলি), a wrinkle of the skin, a protrusion of the large intestine as in piles

বলি২—*n* a sacrifice, sacrificing, sacrifice, immolation, a sacrificial beast, a victim, (fig) one subjected to forcible death or suffering, a victim বলি দেওয়া—*v* to immolate, to sacrifice to victimize

বলিত—*a* marked with lines of folding of the skin, furrowed, wrinkled wrinkly

বলিদান—*n* immolation, sacrifice. বলিদান দেওয়া—*v* to immolate, to sacrifice, to victimize

বলিভুক্—n the crow or any other bird, subsisting on orts of a meal

বলিয়া—(1) v pr pt of বলা (2) adv & con because, as, on the plea of (মা বকিয়াছেন বলিয়া খাবে না ?) (3) adv. shortly, presently (বৃষ্টি আসিল বলিয়া) বলিয়া রাখা—v to inform or tell beforehand

বলিয়ে—a having good speaking power, eloquent

বলিষ্ঠ—a. robust, stout, sturdy, burly, vigorous, nervous (বলিষ্ঠ রচনা) বলিষ্ঠকায়—a having a strong-built body, burly বলিষ্ঠতা—n robustness, stoutness, sturdiness, vigour

বলিহারি, (rej) বলিহারী—(1) a (iron) excellent (বলিহারি বুদ্ধি) (2) adv. rendered speechless, dumbfounded (বলিহারী যাই) (3) int excellent, bravo

বলী১—alt. spell. of বলি১

বলী২—a full of strength, powerful, strong, heroic, valorous

বলীবর্দ—n the ox, the bull

বলীয়ান্—a very strong or powerful

বলে—coll corrup of বলিয়া

বল্কল, বল্ক—n the rind of a tree, bark বল্কলধারী—a wearing bark (instead of a loin-cloth) fem বল্কলধারিণী

বল্‌গা, বল্গা—n the mouthpiece of a bridle, bit, rein বলগা আঁটা—v (lit & fig) to bit বলগা-হরিণ—n the reindeer

বল্মীক, বল্মিক—n an ant-hill

বল্লব—n a milkman, a cook

বল্লভ—n a husband (fem a wife), a lover, a sweetheart, a favourite fem বল্লভা, (inc) বল্লভী

বল্লম—same as বর্শা

বল্লরী, বল্লরি—n a spike, a creeper

বল্লা—n. (dial) the wasp.

বল্লালী—a relating to king Ballal Sen বল্লালী প্রথা—the order of nobility of certain families as introduced by Ballal Sen

বল্লী, বল্লি—n. a creeper

বশ—(1) n will, order, command, control, hold, authority, domination (বশে থাকা), influence (মোহবশে) (2) a subject to another's will or command, subjugated, controlled, influenced, charmed (জাদুতে বশ), obedient, submissive, very much fond (of) and obedient (to) (বাচ্ছাটি তার ভাবী বশ). বশ করা, বশে আনা—v to bring under control, to tame, to break (as a horse), to win over, to influence, to charm বশ হওয়া, বশে আসা—v to be bought under control, to be tamed or won over or influenced or charmed. বশংবদ—a obedient, submissive, at one's beck and call বশতঃ, (pop) বশত—adv on account of, owing to, because of. বশতা—n subjection to another's will or command, subordination, subjection, state of being controlled or influenced or charmed, obedience, submissiveness, submission, great fondness and obedience বশবর্তী—a obedient, attached or addicted (to), influenced (by) fem বশবর্তিনী বশবর্তিতা—n obedience, attachment or addiction, the state of being influenced (by) বশম্বদ—inc spell of বশংবদ

বশিতা, বশিত্ব—n perfect continence (which is one of the eight divine graces of Shiva) attainable by men through asceticism, the power to control or charm everybody

বশী—a perfectly continent free, independent, (erron) dependent.

বশীকরণ—*n* act of bringing under one's control, enchantment, hypnotization, a weird process to bring somebody under one's control বশীকরণ করা—*v* to bring somebody under one's control (esp by means of the aforesaid weird process), to enchant. বশীকরণ-মন্ত্র—*n* incantation believed to possess occult power of bringing others under control.

বশীকৃত—*a* brought under control, subjugated, tamed, enchanted, made obedient. *fem* বশীকৃতা

বশীভূত—*a* brought under control, attached or addicted to, enchanted, fond of and obedient to *fem* বশীভূতা

বশ্য—*a* controllable, tamable, subduable, subjugated, dependent, obedient, submissive, attached or addicted (to), influenced (by) *fem* বশ্যা বশ্যতা—*n* dependence, obedience, submissiveness, attachment or addiction, the state of being influenced (by), loyalty বশ্যতাস্বীকার করা—*v* to surrender, to give in, to yield (to)

বষট্—*n* a mantra or incantation to be recited whilst presenting burnt-offering to a deity বষট্‌কার—*n* a burnt-offering, an oblation

বসতি, (coll) বসত—*n* residing or dwelling, residence, habitation, a dwelling-house, a residence, a habitation (জনবসতি), a colony, (loos) a locality বসতি করা—*v* to dwell, to reside, to set up or build one's residence or dwelling-house, to colonize, to settle বসতি স্থাপন করা—*v* to set up one's residence, to colonize, to settle বসতবাড়ি, বসতবাটি—*n* a dwelling-house, a homestead

বসন—*n* cloth, a loin-cloth, a wearing cloth, dress বসনাঞ্চল—*n* the hem or corner of a cloth

বসন্ত—*n* the spring season, spring, the springtime, pox, small-pox, chicken-pox, an Indian musical mode বসন্তকাল—*n* the spring season, the springtime, spring বসন্তকালীন—*a* of spring, vernal বসন্তদূত—*n* the messenger of spring, the cuckoo বসন্তপঞ্চমী—*n* the fifth lunar day of the light fortnight of Magh (মাঘ) when Goddess Saraswati (সরস্বতী) is worshipped বসন্তবায়ু—*n* vernal breeze, the south wind বসন্তসখ—*n* the friend of spring, the cuckoo. বসন্তসখা—*n* one attended upon by Spring, Madana (মদন) the Hindu god of love বসন্তোৎসব—*n* the spring festival, the festival of holi (হোলি)

বসবাস—*n* act of residing or dwelling permanently, act of settling down. বসবাস করা—*v* to reside or dwell permanently, to settle down

বসা১—*n* a substance found in adipose tissue, fat, marrow, grease

বসা২—(I) *v* to sit, to take one's seat, to be installed (গদিতে বসা), to inhere (পীঠে বসা), to be established or founded (গ্রামে গ্রামে স্কুল বসা), to start, to commence (আমাদের স্কুল এগারটায় বসে), to freeze, to congeal, to solidify (দই বসা), to accumulate or settle (বুকে সর্দি বসা), to fit (মাথায় টুপি বসা), to be imposed or levied (টেকস বসা), to enter (পেরেক বসা), to pierce (ছুরি বসা, দাঁত বসা), to stick or to get stuck (কাদায় গাড়ির চাকা বসা), to be imprinted (দাগ বসা), to be soaked (in) (গায়ে জল বসা), to be applied closely, to be attracted (মন বসা), to be wizened, to look haggard (চোখমুখ

বসা), to become hoarse (স্বর বসা), to wait (তুমি একটু বস), to come to stay or reside (প্রজা বা ভাড়াটে বসা), to be engaged in (বিচারে বসা), to do or commit something suddenly (করিয়া বসা, বলিয়া বসা) (2) *a* seated, frozen, congealed, solidified, wizened, haggard, hoarsened, sunken, depressed (বসা জমি), requiring much sitting, sedentary (বসা কাজ), unemployed (তার সব ছেলেই বসা) **বসান**—*v* to cause to sit, to seat, to establish or found, to cause to congeal, to congeal, to freeze, to solidify, to impose or levy, to drive into, to enter, to pierce with, to imprint, to cause to be soaked (in), to apply closely, to cause to stay or reside, to engage, to set or stud with, to inlay (আঙটিতে পাথর বসান), to place or put (উনুনে হাঁড়ি বসান), to implant, to deal (চড় বসান) **বসিয়া থাকা**—*v* to be sitting, to remain sitting, to wait (for), to be unemployed, to be without work **বসিয়া পড়া**—*v* to sit down, to be utterly disappointed (ফেল করে সে বসে পড়ল), to be ruined utterly (মামলায় হেরে সে বসে পড়ল) **বসিয়া বসিয়া**—*adv* by waiting for a long time (বসিয়া বসিয়া বেলা গেল), in an unemployed state, doing nothing, idly (বসিয়া বসিয়া খাওয়া) **বসিয়া যাওয়া**—*v* (of land etc) to sink, to become depressed, to be ruined, to desist or rest, (আর খেলিস না—বসে যা), to become inactive (কর্মীটি বসে গেছে) to stop (বাধা পড়েছে—বসে যাও)

বসু—*n* one of a class of demigods, wealth, riches **বসুধা**—*n* the earth **বসুধারা**—*n* an auspicious symbol painted on the inner wall of a room by Hindus at wedding etc **বসুন্ধরা, বসুমতী**—*n* the earth (often personified as the mother-earth)

বস্—*int* enough, no more (বস্, এবার থাম), presently, thereupon (বস্, লড়াই বেঁধে গেল)

বস্তা—*n* a sack, a large bag, a bale **বস্তাপচা**—*a* rotted or spoilt by being packed in a sack for a long time, (fig) hackneyed, banal, trite **বস্তাবন্দী, বস্তাবন্দি**—*a* packed in a bale or sack.

বস্তি১—*n* quarters for the poor people (কুলি-বস্তি), a slum esp. one consisting of cutcha huts

বস্তি২, **বস্তী**—*n* the abdomen, the bladder **বস্তিশোধন**—*n* a diuretic

বস্তু—*n* a thing, a material, subject-matter (usu বিষয়বস্তু), substance (তোমার শরীরে বস্তু নেই), truth, (phil.) matter, (phys) mass **বস্তুগত**—*a* relating to a thing or matter **বস্তুগত মান**—intrinsic value **বস্তুজগৎ**—*n* the material world **বস্তুতঃ**, (pop) **বস্তুত**—*adv* in fact, indeed, really **বস্তুতত্ত্ব**—*n*. physics **বস্তুতত্ত্ববিৎ**—*n* a physicist **বস্তুতন্ত্র**—*n* realism **বস্তুতন্ত্রী, বস্তুতন্ত্রীয়, বস্তুতান্ত্রিক**—*a* realistic

বস্ত্র—*n* cloth, loin-cloth, clothing, dress **বস্ত্রগৃহ**—*n* a tent, a pavilion **বস্ত্রহরণ**—*n*. divestiture of clothes (esp of the loin-cloth), denudation, stealing of (another's) clothes or loin-cloth **বস্ত্রাঞ্চল**—*n* the hem or corner of a loin-cloth **বস্ত্রাবাস**—*n* a tent, a pavilion **বস্ত্রালঙ্কার**—*n* clothes and ornaments

বহ—(used as a *sfx*) carrying, bearing, conveying (বার্তাবহ গন্ধবহ), complying with (আজ্ঞাবহ)

বহতা—*a* flowing (বহতা নদী)

বহন—*n* carrying, bearing, conveying (যাত্রিবহন, সংবাদবহন), enduring,

suffering (দুঃখবহন), flowing বহন করা —*v* to carry, to bear, to convey, to endure or suffer বহনযোগ্য, বহনীয়—*a* carriageable, bearable, conveyable, portable

বহমান—*a* flowing, running (বহমান নদী), carrying, bearing, conveying

বহর—*n* a collection or multitude (পোতবহর), a fleet (নৌবহর), width, breadth (বহরে বড), ostentatious show, glamour (রূপের বহর, কাজের বহর)

বহা—*v* to bear, to carry, to endure or suffer, to flow, to run, to elapse, to pass (সময় বহা), to keep active, to keep up (শরীর বহে না).

বহান—*v* to cause to bear or carry or convey or flow or run

বহাল—*a* appointed, employed (চাকরিতে বহাল), installed, continuing in (পদে বহাল), (still) in force or effective (বহাল আদেশ বা চুক্তি), hale, healthy (বহাল তবিয়ত) বহাল করা—*v* to appoint, to employ, to instal, to bring in force, to make effective বহাল থাকা—*v* to continue in, to be in force বহাল রাখা—*v* to let (one) continue in, to keep in force, to keep up, to maintain (ঠাট বহাল রাখা) বহাল তবিয়তে —in good or sound health

বহি—almost obs form of বই২

বহিঃ—(1) *n* outside, the exterior (2) *a* outer, exterior, external বহিঃকর্ণ—*n* the external ear, the auricle বহিঃকোণ—*n* (geom) an external angle বহিঃপ্রকোষ্ঠ—*n* a room at the side of a house বহিঃপ্রকোষ্ঠাস্থি—*n* the outer bone of the forearm, the radius বহিঃপ্রকোষ্ঠাস্থিগত—*a* radial. বহিঃশুল্ক—*n* customs duty বহিঃসমুদ্র—*n* the high sea বহিঃস্থ—*a* external, exterior, outer

বহিত্র—*n* a ship, a boat, a vessel, a scull, an oar.

বহিন—*n* a sister, a cousin (sister).

বহিরঙ্গ—(1) *a* external, outer, superficial, unrelated (2) *n* an external limb

বহিরাগত—*a* emerged, issued out, coming from outside, foreign

বহিরাগমন—*n* act of issuing out or issuing forth, emergence

বহিরাবরণ—*n* an outer covering, an outside coating, a shell, a crust, a slough, a rind

বহিরিন্দ্রিয়—*n* any one of the five sense-organs, namely, the eye, the ear, the nose, the tongue, the skin

বহির্গত—*a* gone or come out, issued forth, emerged বহির্গত হওয়া—*v* to go or come out, to issue, to issue forth, to emerge

বহির্গমন—*n* act of issuing forth, emergence, act of going out বহির্গমন করা—*v* to issue forth, to emerge, to go out

বহির্গামী—*a* issuing forth, emerging, going out, outgoing

বহির্গ্রহ—*n* (astr) a superior planet

বহির্জগৎ—*n* the outer or external world, the visible or phenomenal world, the material world

বহির্নিষ্ক্রম—*a* (bot.) exogenous

বহির্দেশ—same as বহির্ভাগ

বহির্দ্বার—*n* the front-door (of a building), the gate the main gate (as of a town, village or building)

বহির্দ্বিখণ্ডক—*n* (geom) an external bisector

বহির্বাটি—*n* an outhouse, a parlour or drawing-room

বহির্বাণিজ্য—*n* foreign trade, external trade, export

বহির্বাস—*n.* a thin scarf or wrapper for the upper body, an outer-garment

বহির্বৃত্ত—*n* (geom) an ex-circle

বহির্ভাগ—*n* an outer or external or exterior portion, outskirts (as of a village or town)

বহির্ভূত—*a* issued forth, emerged, lying outside or beyond (দেশবহির্ভূত), beyond the range of (দৃষ্টিবহির্ভূত), contravening (বিধিবহির্ভূত)

বহির্মুখ—*a* facing outwards, (physiol) out-carrying, efferent (বহির্মুখ নার্ভ), (bot) extrose, worldly-minded, (chiefly phil) extrovert. *fem* বহির্মুখী বহির্মুখ ব্যক্তি—a worldly-minded man, an extravert, an extrovert বহির্মুখতা—*n* the state of facing outside, the state of being efferent, extroversion, worldly-mindedness.

বহির্লিখিত—*a* (geom) escribed

বহিশ্চর্ম—*n* epidermis, cuticle

বহিষ্করণ, বহিষ্কার—*n* expulsion, removal, ejectment banishment, extraction, drainage, discovery বহিষ্করণ করা, বহিষ্কার করা—*v* to drive out, to expel, to remove, to eject, to banish, to extract, to drain, to draw out, to discover

বহিষ্কৃত—*a* driven out, expelled, removed, ejected, banished, extracted, drained, discovered

বহিষ্ক্রান্ত—*a* gone or come out, issued forth

বহিস্ত্বক্—*n* epidermis, cuticle

বহিস্থ—same as বহিঃস্থ (see বহিঃ)

বহু১—*n* (obs) a wife

বহু২—*v* (poet & obs) blows, let blow ('মলয় পবন বহ মন্দা')

বহু৩—*a* many, numerous, much, manifold, diverse, profuse, abundant, long, more than one, poly-, multi- বহুকাল—*n* a long time বহুকাল ধরিয়া—for a long time, for long. বহুকাল পরে—after a long time. বহুকাল পূর্বে—long ago বহুকালব্যাপী—*a* long-continued or long-lasting, very old বহুকেলে—*a* very old, antique বহুকেশর—*a* (bot) polyandrous বহুকোষ্ঠ—*a* (bot) multilocular বহুক্ষণ—*n* a long while, a long time বহুগর্ভপত্রী—*a* (bot) polycarpellary বহুগুচ্ছ—*a* (bot) polyadelphous বহুগুণ—*a* multiplied many times, many times over, many more, much more বহুজ্ঞ—*a* polymathic, having varied or vast experience বহুজ্ঞ ব্যক্তি—a polymath, a man of varied or vast experience বহুতর—*a* many more, too many, too much, diverse, various, manifold, many, numerous, much, profuse বহুতলক—*n* (geom) a polyhedron. বহুতা—same as বহুত্ব বহুত্র—*adv* at or in many or diverse places বহুত্ব—*n* numerousness, muchness, profusion, abundance, excessiveness, diversity বহুদর্শিতা—*n* varied or vast experience বহুদর্শী—*a* having seen much, having varied experience or vast experience *fem.* বহুদর্শিনী বহুদূর—(1) *a* very far, far-away, far-off, distant, (2) *adv* very far, far off, far away, at a great distance, (3) *n* a great distance, a far cry বহুদূরবর্তী—*a* far-off, remote বহুধা—*adv* in many and diverse modes or methods or ways or directions or parts, diversely, many times বহুপত্নীক—*a* having many wives, polygamous বহুপদ—*a* (alg) polynomial, (zoo) polypod বহুপদ প্রাণী—a polypod, a multiped বহুপার্শ্বীয়—*a* (bot.) multiparous, multilateral বহুপ্রসবিনী—*a* *fem* bearing

many children, prolific, fertile বহুপ্রাচীর—*a.* parietal বহুফলকপত্র—*n* (bot.) a compound leaf. বহুবচন—see বচন বহুবর্ষজীবী—*a* (bot) perennial, (of man) long-lived বহুবল্লভ—*n* one beloved of many women, Krishna (কৃষ্ণ) *fem* বহুবল্লভা—a woman beloved of many men, a flirt, a prostitute বহুবিধ—*a.* of many and diverse sorts বহুবিবাহ—polygamy বহুবিবাহকারী—(1) *a* polygamous, (2) *n* a polygamist *fem* বহুবিবাহকারিণী বহুবীজপত্রী—*a* (bot.) polycotyledon বহুব্যয়সাধ্য—*a* very expensive or costly বহুব্রীহি—*n* (gr) a system of forming compound words (a compound word formed by this system gives a meaning which neither of the constituent words implies) বহুভর্তৃক—*a* having many husbands বহুভাগ, বহুভাগ্য—(1) *a* very fortunate, (2) *n* a great fortune বহুভাষিতা—*n* act of speaking many languages, garrulity, talkativeness বহুভাষী—*a* speaking many languages, polyglottic, garrulous, talkative বহুভাষী ব্যক্তি—a polyglot, a garrulous or talkative person বহুভুজ—(1) *a* (geom) polygonal, (bio) polypous, (2) *n* a polygon, a polyp বহুভুজক্ষেত্র—*n* (geom) a polygon বহুভ্রূণবীজতা—*n* (bot) polyembryony বহুভ্রূণবীজী—*a* (bot.) polyembryonic. বহুমত—*a* highly esteemed, greatly honoured বহুমান—*n* high esteem, great honour বহুমুখ—*a* multifaced, multifarious multiplex (বহুমুখ টেলিগ্রাফ), (of a school or co-operative society) multipurpose. *fem* বহুমুখী বহুমূত্র—*n* diabetes বহুমূত্ররোগগ্রস্ত—*a* diabetic বহুমূত্রপীড়িত—*a* diabetic বহুমূল্য—*a* very costly, very precious বহুযৌগিক—*a* (bot.) decompound বহুরাশিক—*n* (arith) the double rule of three বহুরূপ১—*a* diverse, multifarious বহুরূপ২, বহুরূপী—(1) *a* assuming different forms, polymorphic, multiform, (2) *n* the chameleon, an itinerant showman who amuses people by assuming various forms *fem a* বহুরূপিণী বহুশ—*adv* many times, many a time and oft, in a great measure, to a great extent. বহুশাখ—*a* having many branches বহুশাস্ত্রজ্ঞ—*a* polymathic বহুশাস্ত্রজ্ঞ ব্যক্তি—a polymath বহুশিরাল—*a* (bot.) multicostate বহুস্বামিক—*a* having to serve many masters, having many owners

বহুড়ী—*n* (obs) a newly married woman, a childwife

বহুত, (rej) বহুৎ—*a* much or many বহুত আচ্ছা—*int* very good, excellent

বহুল—*a* much, profuse, abundant, plentiful বহুলপরিমাণে—*adv* in a great measure, profusely বহুলতা, বহুলত্ব—*n* muchness, profusion, abundance, plenty বহুলীকরণ—*n* multiplication বহুলীকৃত—*a* multiplied.

বহেড়া—*n* the beleric myrobalan.

বহ্নি—*n* fire বহ্নিজ্বালা—*n* a flame, glow or heat of fire বহ্নিমান্—*a* flaming, blazing বহ্নিশিখা—*n* a tongue of fire, a flame বহ্নিসংস্কার—*n* cremation of a dead body.

বহ্বাড়ম্বর—*n* excessive pomp or éclat, great fuss

বহ্বারম্ভ—*n* a grand or fussy preparation বহ্বারম্ভে লঘুক্রিয়া—much cry but little wool

বা১—var of বাঃ

বা২—(1) *con* or (2) *adv* possibly, perhaps (হয়তো বা); alternatively (তুমিই বা গেলে), used to emphasize a question (হবেই বা না কেন?)

বাই১—alt spell of বাঈ২.

বাই২—*n* neurosis, a mania (শুচি-বাই), a strong hobby, a crotchet, a craze (খেলা দেখার বাই)

বাই৩, বাইওয়ালী—*n* *fem* a professional dancing-girl and songstress

বাইচ, বাইচখেলা—*n* a boat-race, a regatta

বাইজী—same as বাই৩

বাইন—var of বান১ and বায়েন

বাইনাচ—*n* the dance of a professional dancing girl

বাইবেল—*n* the Bible

বাইরে—coll corrup of বাহিরে and বাহির

বাইল—*n* a stalked leaf of the coconut-tree, palm-tree, etc, a leaf of a door esp of a folding door

বাইশ—*n* & *a* twenty-two বাইশে—(1) *n* the twenty-second day of a month, the twenty-second, (2) *a* (of the days of a month) twenty-second

বাইস১—*n* a (carpenter's) chisel

বাইস২—*n* a griping tool, a vice

বাইসিকল, বাইসিকেল, বাইসাইকেল—*n* a bicycle, a cycle বাইসিকলে চড়া—*v* to ride a bicycle বাইসিকলে চড়িয়া যাওয়া—*v* to cycle বাইসিকল-আরোহী—*n* a cyclist

বাঈ১—alt spell of বাই৩

বাঈ২—*n* a title affixed to the names of Maratha and Rajput women

বাউটি—*n* a kind of bracelet

বাউণ্ডুলে, বাউণ্ডুলা—*a* regarding nobody or nothing as one's own, Bohemian, vagabond

বাউরা—*a* mad, insane

বাউরী—*n* a lowly Hindu caste, a member of this caste.

বাউল—*n* one of a class of Hindu stoical devotees singing songs in a special mode illustrating their doctrine, their song or mode of singing

বাওয়া১—pop var of বাহা২

বাওয়া২—*a* not containing any embryo, barren, addle (বাওয়া ডিম=an addle egg, a wind-bag)

বাংলা১—alt. spell of বাঙলা

বাংলা২, বাংলো—*n* a bungalow

বাঃ—*int* denoting an exclamation in praise, wonder, taunt, disgust, etc, ah, (cp bah)

বাঁ, (dial.) বাঁও১—*a* & *n* left বাঁ-হাতি—*a* lying on the left, directed towards the left, anti-clockwise বাঁ-হাতের ব্যাপার—(iron) act of accepting bribes

বাঁও২—*n* a fathom.

বাঁওড়—*n* a bend of a river where the current is obstructed, (cp) an eddy, a whirlpool

বাঁওয়া—*a* (dial) left-handed.

বাঁক—*n* curvature, a curve, a bend, a turn (as of a road or river), a piece of long and bent pole borne on one's shoulder for carrying loads fastened to its ends বাঁকনল—*n* a blowpipe, a u-tube, (bot.) a bent tube বাঁকমল—*n.* a kind of twisted bangle for the ankle

বাঁকা—(1) *v.* to bend, to curve (রেখাটি বেঁকিয়াছে), to turn (পথটি এখানে বাঁকিয়াছে), to become reluctant or unfavourable or antipathetic (কর্তা বেঁকেছেন) (2) *a* bent, curved (বাঁকা বাঁশ), stooping, hunched (বাঁকা পিঠ), slanting, aslant (খুঁটিখানা বাঁকা). winding, tortuous, sinuous, spiral, roundabout (বাঁকা পথ), furtive, squint, oblique (বাঁকা চাহনি), cynical or unfriendly (বাঁকা দৃষ্টিভঙ্গি), crooked, (বাঁকা মন), rude, harsh (বাঁকা কথা), insinuating, sly (বাঁকা উক্তি), reluctant, unfavourable,

antipathetic বাঁকাচোরা—*a* having many curves and twists, not straightforward, crooked (বাঁকাচোরা কথা) বাঁকান—*v* to bend, to make reluctant or unfavourable or antipathetic বাঁকিয়া বসা—*v* to be placed or fixed slantingly, to become reluctant or unfavourable or antipathetic, to revise or retract one's previous opinion, desire, resolve, etc

বাঁখারি—var of বাখারি

বাঁচন—*n* act of living, act of keeping alive, subsisting, resuscitation, revival rescue or relief, state of remaining unimpaired, freedom from involvement.

বাঁচা—*v* to live, to keep alive, to subsist (বাঙালি ভাতে বাঁচে), to get back life, to be resuscitated, to revive (বিশল্যকরণীর গুণে লক্ষ্মণ বাঁচলেন), to be saved or rescued or relieved, to remain unimpaired, to be kept up or maintained or protected (স্বাস্থ্য বাঁচা, মান বাঁচা), to be not incurred or involved or required, to be escaped (লোকসান বাঁচা, খরচা বাঁচা) to become surplus (ভোজের শেষে অনেক সন্দেশ বেঁচেছে). বাঁচান—*v* to give back life, to resuscitate to revive, to save or rescue or relieve, to keep up, to maintain, to protect, to escape, to save, to cut, to curtail (খরচা বাঁচান), to save from being consumed (খাবার বাঁচান), to carry on, to maintain (চাকরি বাঁচান) কাহারও পরে বাঁচিয়া থাকা—to outlive a person কিছুর পরে বা কিছু এড়াইয়া বাঁচিয়া থাকা—to survive something

বাঁচোয়া—*n* (rare) protection of life, rescue, relief, escape, safety

বাঁজা, বাঁঝা—*a* barren, sterile, unproductive

বাঁট₁—*n* an udder, a teat, a dug

বাঁট₂—*n* a haft, a handle

বাঁটওয়ারা—alt spell of বাঁটোয়ারা

বাঁটন—*n* dividing, apportionment, allotment, distribution

বাঁটা—*v* to divide, to share out, to apportion, to allot, to distribute বাঁটান—*v* to cause to divide or apportion or allot or distribute.

বাঁটুল—*n* a small ball (usu of iron and used as a missile), (facet) a short and fat man, a dumpy

বাঁটোয়ারা—var of বাটোয়ারা

বাঁদর—*n* the monkey, the ape, (dero) a mischievous person *fem* বাঁদরী বাঁদরমুখো—*a* having a face as ugly as that of a monkey *fem* বাঁদরমুখী বাঁদরামি, বাঁদরাম—*n* mischievousness, a monkey-trick, monkeyism বাঁদুরে—*a* monkeyish,

বাঁদিপোতা—*n* a chequered cloth having multi-coloured stripes

বাঁদী—*n* a maid-servant, a handmaid, a woman slave

বাঁধ—*n* a dam, a breakwater, a bulwark, (geog) a dyke বাঁধ দেওয়া—*v* to dam, (fig) to restrain বাঁধ নির্মাণ করা, বাঁধ বাঁধা—*v* to build a dam or breakwater or dyke.

বাঁধন—*n* binding or fastening, a tie, a knot, damming, obstruction, stopping or parking (as of a vehicle), restraining or appeasement (as of one's mind), composition (গান বাঁধন), formation (খোঁপা বাঁধন), construction, building, setting up (ঘর বাঁধন), turning, attunement (বীণা বাঁধন), unification (প্রাণে প্রাণে বাঁধন), reduction or rendering (দানা বাঁধন), compactness (কথার বাঁধন) বাঁধনি—*n* binding or fastening, a tie, a knot, due arrangement, methodicalness, order (কাজের বাঁধনি), compactness

বাঁধা১—(1) *n* pawning or mortgaging. (2) *a* pawned, pledged, mortgaged বাঁধা দেওয়া—*v.* to pawn, to pledge, to mortgage বাঁধা রাখা—*v* to give or take in pledge

বাঁধা২—(1) *v* to bind, to tie, to fasten, to obstruct (স্রোত বাঁধা), to dam (খাল বাঁধা), to stop or park (গাড়ি বাঁধা), to restrain or appease (মন বাঁধা), to compose (গান বাঁধা), to form, to do (খোঁপা বাঁধা), to build or set up (ঘর বাঁধা), to attune (বীণা বাঁধা), to unite (প্রাণে প্রাণে বাঁধা), to be reduced to or rendered into, to turn into (জমাট বাঁধা, দানা বাঁধা) (2) *a* bound, tied, fastened, obstructed, dammed, composed, formed, done, built, set up attuned, routine (বাঁধা কাজ), regular (বাঁধা খদ্দের), stock (বাঁধা গৎ), rigid (বাঁধা নিয়ম) fixed (বাঁধা মাইনে), brick-built or stone-built, pucka (বাঁধা ঘাট) বাঁধাই—*n* act or cost of binding esp a book, act or cost of enframing (as a picture) বাঁধাকপি—*n* cabbage. বাঁধা গৎ—a stock phrase, a rigid rule or system বাঁধাছাদা—*n* act of rolling up and tying as a baggage বাঁধাছাদা করা—*v.* to pack. বাঁধ-ধরা—*a.* fixed, rigid, routine, stock, monotonous, trite বাঁধান—(1) *v* to bind (as a book), to enframe (as a picture), to fix or manufacture artificial ones (দাঁত বাঁধান), to inlay (হীরা দিয়ে বাঁধান), to plate (সোনা দিয়ে বাঁধান), to pave, to macadamize (রাস্তা বাঁধান), to build with stone or brick (ঘাট বাঁধান), to dam (খাল বাঁধান), to cause to compose (গান বাঁধান), to cause to build or set up (ঘর বাঁধান), to cause to attune (বীণা বাঁধান), to reduce to or render into (জমাট বাঁধান), (2) *a* bound, enframed, artificial (বাঁধান দাঁত), inlaid, plated, paved, macadamized, brick-built or stone-built, pucka, dammed, built or set up বাঁধাবাঁধি—(1) *a* fixed, hard and fast, unalterable, (2) *n* a rigid rule or system, strictness

বাঁধিগৎ— var of বাঁধা গৎ (see বাঁধা২)

বাঁধুনি—var of বাঁধনি (see বাঁধন)

বাঁয়া—*n* a small semi-circular instrument of percussion played along with the tabla (তবলা) ঢাকের বাঁয়া—(fig & derisively) a mere nothing, some one else's ditto

বাঁশ—*n* the bamboo বাঁশ দেওয়া—(sl) to ruin. বুকে বাঁশ দেওয়া—to make a person lie at full length in between two bamboo-poles and then roll the poles oppressively as a punishment, (fig) to torment extremely বাঁশের চেয়ে কঞ্চি দড়—(fig) the chip is harder than the old block, the greenhorn is tougher than the veteran বাঁশবনে ডোম কানা—(fig) one cannot see the wood for trees বাঁশগাড়ি—*n* (law) act of planting a bamboo-pole in the ground of an estate as a sign of taking possession of it বাঁশঝাড়—*n* a bamboo-clump

বাঁশি, (rej) বাঁশী, বাঁশরি, (rej) বাঁশরী—*n* a flute made of a kind of slender bamboo, a reed, a flute, a pipe বাঁশি বাজান—*v* to play on a flute, to pipe

বাঁশিওয়ালা, বাঁশুরিয়া—*n* a flutist, a fluter, a piper

বাকল, (dial) বাকলা—*n* rind of a tree, bark

বাকস—*n* a medicinal plant, justicia gandrussa

বাকি, বাকী—(1) *a* remaining (বাকি জীবন), outstanding (বাকি কাজ), unrealized or unpaid, overdue (বাকি

পাওনা) (2) *n* the remainder, the balance, arrears (বাকি শোধ), credit (বাকিতে বেচা) বাকি পড়া—*v*. to fall into arrears, to be overdue বাকি খাজনা—arrears of rent. বাকি জায়—a list of unrealized rent or revenue বাকিবকেয়া—*n* dues

বাক্—*n*. speech, language, learning, the organ of speech বাক্চাতুরি, বাক্চাতুর্য—*n* cleverness of speech, gift of the gab, artful or wheedling language, a quibble বাক্চাপল্য—*n* flippancy in speech, flippant speech, loquacity, talkativeness বাক্ছল—*n* artfulness or wheedlesomeness of speech, equivocation, a quibble বাক্জাল—same as বাগ্জাল বাক্পটু—same as বাগ্বিদগ্ধ বাক্পটুতা, বাক্পটুত্ব—same as বাগবৈদগ্ধ বাক্পারুষ্য—*n* rudeness of speech, insulting words বাক্প্রণালী—*n* mode of speaking, an idiom বাক্প্রপঞ্চ—*n* elaborate speech, eloquence বাক্রোধ—inc var of বাগ্রোধ বাক্শক্তি—*n* power or faculty of speaking বাক্শক্তিরহিত, বাক্শক্তিহীন—*a* dumb, rendered speechless, dumbfounded বাক্সর্বস্ব—*a*. excelling only in words and incapable of action বাক্সর্বস্ব ব্যক্তি—a person of mere words, a wind-bag বাক্সিদ্ধ—*a* having the power to utter infallible words. *fem* বাক্সিদ্ধা বাক্স্ফূর্তি—*n* utterance of words

বাক্য—*n* speech, language, (gr) a sentence, an expression, a saying বাক্যজ্বালা—*n* tormenting language, a talking-to বাক্যদান করা—*v* to give one's word, to promise বাক্যনবাব—*n* an eloquent person, a person of mere words, a wind-bag বাক্যপ্রয়োগ করা—*v* to use particular words or language বাক্যবাগীশ—*a* having the gift of the gab, eloquent, voluble, glib, talkative, garrulous, excelling in words but incapable of action বাক্যবাণ—*n* (lit) a shaft of words; piercing words বাক্যবিন্যাস—*n* (gr.) syntax, (loos) skilful use of words, praiseworthy oration. বাক্যবিশারদ—same as বাক্যবাগীশ বাক্যব্যয়—*n* speaking, talking বাক্যব্যয় করা—*v* to speak, to talk. বৃথা বাক্যব্যয় করা—*v* to throw away words বাক্যস্ফূর্তি—*n* utterance of words বাক্যালাপ—*n* conversation (বাক্যালাপে মগ্ন), speaking terms (তাহাদের বাক্যালাপ নাই=they are not on speaking terms) বাক্যালাপ করা—*v* to converse, to talk together (usu familiarly), to speak with.

বাক্স, বাক্স—*n* a box, a case. বাক্সজাত, বাক্সবন্দী—*a* kept into a box. বাক্সজাত করা, বাক্সবন্দী করা—*v* to put into a box, to box

বাখানা—*v* (poet) to narrate or describe or delineate or praise

বাখারি—*n* a piece of split bamboo, a bamboo-slip

বাখারি চুন—*n* unslaked lime, quicklime

বাগ$_1$—*n* a garden (গোলাপবাগ)

বাগ$_2$—*n* bridle (বাগডোর), control (বাগে পাওয়া), device or mode (কাজের বাগ), opportunity or advantage (বাগ পেয়ে), a way or route (সে কোন্ বাগে গেল?) বাগ মানান, বাগে আনা—*v* to bring under control

বাগড়া—*n* (coll) an obstacle, a hindrance, a hitch বাগড়া দেওয়া—*v* to create a hitch, to hinder

বাগডোর—*n* rein

বাগদা বাগদা-চিংড়ি—*n* the prawn

বাগদী, বাগদি—*n* a lowly Hindu caste, one of this caste *fem* বাগদিনী

বাগাড়ম্বর—*n* grandiloquence, tall talk, verbiage. বাগাড়ম্বর করা—*v* to speak grandiloquently, to talk big, to brag, to speak verbosely

বাগান১ (pronun বাগান্)—*n* a garden, a pleasure-ground, a grove আমবাগান—*n* a mango-grove কলাবাগান—*n* a clump of plantain trees নারিকেল-বাগান—*n* a coconut-grove ফলবাগান—*n* an orchard ফুলবাগান—*n* a flower garden, a flower-bed সবজি-বাগান—*n* a kitchen garden বাগান করা—*v.* to garden বাগানে কাজ করা—*v* to garden বাগানের কাজ—gardening

বাগান২ (pronun বাগানো)—*v* to bring under control, to break (বদমেজাজী ঘোড়াকে বাগান), to manage to obtain (চাকরি বাগান, টাকা বাগান), to manage to have performed or executed or done (কাজ বাগান), to flourish (তেড়ি বাগান), to defalcate or misappropriate (তবিল থেকে বাগান)

বাগি—*n* bubo

বাগিচা—*n* a small garden

বাগিন্দ্রিয়—*n* the organ of speech

বাগী—alt spell of বাগি

বাগীশ, বাগীশ্বর—*n* an eloquent man, a fluent speaker, an orator, (*fem* an oratress, an oratrix) বাগীশ্বরী—*fem* of বাগীশ, (2) *n* Saraswati (সরস্বতী) the goddess of speech

বাগুরা—*n* (obs) a net, a snare

বাগ্‌জাল—*n* a web or mesh or trap of words or speech, wheedling language, circumlocution, grandiloquence, verbiage বাগ্‌জাল বিস্তার করা—*v* to weave a web or set a trap of words, to speak wheedlingly, to circumlocute, to speak grandiloquently or verbosely.

বাগ্‌ডম্বর—var of বাগাড়ম্বর

বাগ্‌দত্তা, বাগ্দত্তা—(1) *a fem* betrothed, affianced (2) *n fem* a betrothed girl, a fiancée (*masc* a fiancé) *masc* বাগ্‌দত্ত, বাগ্দত্ত

বাগ্‌দান, বাগ্দান—*n* betrothal বাগ্‌দান করা—*v* to betroth, to affiance

বাগ্‌দেবী, বাগ্দেবী—*n* Saraswati (সরস্বতী) the goddess of speech

বাগ্‌ধারা—*n* a manner or mode of using words in speech, an idiom বাগ্‌ধারাগত—*a* idiomatic

বাগ্‌বহুল—*a* prolix, verbose, wordy

বাগ্‌বাদিনী, বাগ্বাদিনী—same as বাগ্‌দেবী

বাগ্‌বাহুল্য—*n* prolixity, verbosity

বাগ্‌বিতণ্ডা, বাগ্বিতণ্ডা—*n* altercation, wrangling, a hot dispute

বাগ্‌বিদগ্ধ, বাগ্বিদগ্ধ—*a* clever in speech, having the gift of the gab, eloquent *fem* বাগ্‌বিদগ্ধা, বাগ্বিদগ্ধা

বাগ্‌বৈদগ্ধ, বাগ্বৈদগ্ধ, বাগ্‌বৈদগ্ধ্য, বাগ্বৈদগ্ধ্য—*n* cleverness of speech, gift of the gab, eloquence.

বাগ্মী—(1) *a* having eloquence or oratorical power (2) *n* a good or eloquent speaker, an orator বাগ্মিতা—*n* eloquence, oratory

বাগ্‌যন্ত্র—*n* the larynx

বাগ্‌যুদ্ধ—*n* altercation, a hot dispute, a debate বাগ্‌যুদ্ধ করা—*v* to altercate, to bandy words (with), to dispute hotly, to debate

বাগ্‌রোধ—*n* loss of speaking power, loss of speech.

বাঘ—*n* the tiger, (loos) the panther, the leopard, the cheetah, the wolf, the hyæna. *fem* বাঘিনী—the tigress বাঘে-গোরুতে এক ঘাটে জল খাওয়া—(fig) a very powerful administration under which even traditional antagonists behave as friends বাঘের ঘরে ঘোগের বাসা—(lit.) a tiger-wolf taking up its abode in a tiger's lair, (fig.)

a weakling resorting to its deadly enemy বাঘের বাচ্চা—a tiger's cub বাঘের মাসী—the cat বাঘছাড়, বাঘছাল—*n* the skin of a tiger বাঘনখ—*n* a tiger's nail, an ornamental pendant for the neck, an aromatic substance, (hist) a nail-like weapon worn by Shivji as handgloves বাঘবন্দী—*n* an indoor game akin to fox and geese.

বাঘা—(1) *n* (dero) the tiger, a tiger-ling (গোবাঘা), (affec) a traditional name of a dog, (2) *a* very large (বাঘা মাছ), very powerful (বাঘা শাসন), very efficient (বাঘা কেরানি, বাঘা খেলোয়াড), extremely sour (বাঘা তেঁতুল), commanding submission from others, very imposing (বাঘা লোক) বাঘাম্বর—*n* a piece of tiger's skin worn as loin-cloth.

বাঙ্গলা, বাঙলা—vars.'s of বাঙ্গালা

বাঙ্গাল, বাঙাল—(1) *n* a native of East Bengal, (iron) an unrefined rustic. (2) *a* of East Bengal (বাঙ্গাল প্রথা), born in East Bengal *fem n* বাঙ্গালিনী, বাঙ্গালনী, বাঙালিনী, বাঙালনী

বাঙ্গালা—(1) *n* Bengal, the Bengali language, Bengali (2) *a* written in Bengali (বাঙ্গালা বই); of Bengali (বাঙ্গালা সাহিত্য), of Bengal (বাঙ্গালা সরকার)

বাঙ্গালিনী, বাঙালিনী—*fem* of বাঙ্গালী and বাঙ্গাল

বাঙ্গালী, বাঙালী—(1) *n* a native of Bengal, a Bengali, a Bengalee (2) *a* of Bengalis or of Bengal

বাঙ্গালে, বাঙালে—*a.* pertaining to East Bengal or to her people

বাঙ্‌নিষ্পত্তি—*n* utterance of words বাঙ্‌নিষ্পত্তি করা—*v* to speak, to talk

বাঙ্ময়—*a* full of words, wordy, composed of words, worded বাঙ্ময়ী—(1) *a fem* of বাঙ্ময়, (2) *n* Saraswati (সরস্বতী) the goddess of speech

বাচ—coll corrup of বাইচ

বাচক১—*a* signifying, denoting

বাচক২—*n* (coll) prohibition or prejudice, (coll) abstinence

বাচন—*n* speaking, narration, utterance, a saying, reading, expounding, explanation বাচনিক—*a* verbal, oral, in word.

বাচবিচার—coll corrup of বাছবিচার

বাচস্পতি—*n* an eloquent speaker, an orator, a learned man

বাচস্পত্য—*n* eloquence, erudition.

বাচাল—*a* talkative, garrulous, voluble বাচালতা—*n* talkativeness, garrulity, volubility.

বাচ্চা, বাচ্ছা—(1) *n* a young child, an infant, (sl) a kid, offspring (লোকটা মানুষের বাচ্চা নয়), the young of a beast (2) *a* young, infant (বাচ্চা ছেলে, বা কুকুর) বাচ্চাকাচ্চা—*n pl* young or infant children, little ones, (sl) kiddies

বাচ্য—(1) *a* to be spoken or uttered, speakable, utterable, fit to be regarded as, namable (পদবাচ্য) (2) *n* (gr) voice বাচ্যার্থ—*n* actual or simple (and not figurative) meaning or sense of a word or sentence.

বাছন, বাছনি১—*n* same as বাছাই (*n*)

বাছনি২—milder form of বাছা২

বাছবিচার—*n* discrimination or choice (usu. meticulous or over-cautious one), prejudicial abstinence or avoidance বাছবিচার করা—*v* to choose meticulously or over-cautiously, to abstain from, to avoid, to be prejudiced against. বিনা বাছবিচারে—indiscriminately.

বাছা২—*n* (in affectionate address) a son or a daughter or a person

deserving to be treated as such (cp. My child)

বাছা১—(1) *v* to choose, to select, to pick and choose, to sort out or separate (ভাল-মন্দ বাছা, খুদ বাছা), to eliminate unwanted eliments from (চাউল বাছা), to pick and eleminate or kill (উকুন বাছা). (2) *a* chosen, selected ; sorted, freed from unwanted elements, choice, select (বাছা বাছা লোক).

বাছাই—(1) *n* choosing, choice, selection, picking and choosing, sorting or separating, elimination of unwanted elements (2) *a* same as বাছা২ (*a*) বাছাই করা—same as বাছা (*v*)

বাছাধন—*n* *masc* same as বাছা১.

বাছুর—*n* the young of the cow, the calf. বাছুর বিয়ান—*v* to calve.

বাজ১—*n* thunderbolt, thunder, (loos.) lightning

বাজ২—*n*. the hawk, the falcon

-বাজ৩—*sfx* denoting skilled, given to, full of, etc (ফন্দিবাজ, ফুর্তিবাজ)

বাজখাঁই—*a* (of voice) very harsh and loud (বাজখাঁই গলা)

বাজন—*n* the state of being played or beaten or sounded or rung (as a musical instrument, bell, coin, etc), the sound of beating or playing on a musical instrument or a bell etc বাজনদার, বাজনাদার, বাজনাওয়ালা—*n* an instrumentalist (esp a professional one) বাজনা—*n* act or sound of playing on a musical instrument, music, a musical instrument

বাজদৈবী, বাজবহরী—*n* a variety of large falcons, the eagle (?)

বাজরা১—*n* bulrush-millet, millet

বাজরা২—*n* a wicker-hamper

বাজা—*v*. to sound or be sounded (মোটরের হর্ন বাজা), to ring or be rung, to toll (ঘণ্টা বাজা), to be played on (বীণা বাজা), to be beaten (ঢাক বাজা) ; to strike (ঘড়ি বাজা, তিনটে বাজা), to be announced by a sound (প্রহর বাজা), to be felt (হাতে বা কানে বাজা), to be obstructed or to strike to (ঘুড়িখানা গাছে বেজেছে) ; to smart or pain (মনে বাজা) ঘড়ি বাজে—the clock chimes or strikes ঘড়িতে একটা বাজে—the clock strikes one, it is one o'clock স্কুলের ঘণ্টা বাজে—the school-bell goes

বাজান—*v*. to sound, to ring, to toll, to play on (as a musical instrument), to beat (as an instrument of percussion), to clink (as coins), to try to discover the inclinations, thoughts, etc. of, to sound (লোকটাকে বাজিয়ে দেখ).

বাজার—*n* a market, a fair (রথের বাজার), goods (esp for cooking purchased from the market (বাজারটা রাখলে কোথায় ?) বাজার করা—*v* to visit a market for buying things (esp daily necessaries), to shop বাজার বসেছে—the market has opened for the day, a new market has opened, a fair is held গরম বাজার—(comm) boom চড়া বাজার—dear market. নরম বাজার—(comm) slump বাজার-দর—*n* market-price, the current price বাজারে—*a*, selling or dealing at a market, (of woman) taken to harlotry. বাজারে মেয়েমানুষ—a prostitute বাজারে লোক—a market-man, a marketer

-বাজি১—*sfx*. denoting practice, propensity, repleteness, etc (ফন্দিবাজি)

বাজি২—*n* magic, jugglery, legerdemain (ভোজবাজি), a feat (দড়াবাজি, মুখবাজি), a game, a bout, a turn, a spell (এক বাজি তাস বা খেলা), fireworks,

a wager, , a stake, (fig) one's existence and activities in this world ('এবার বাজি ভোর') বাজি জেতা—*v* to win a stake বাজি ধরা—*v* to lay a wager, to stake বাজি পোড়ান—*v* to make a display of fire-works বাজি হারা—*v* to lose a stake

বাজিকর—*n* a juggler, a magician, (rare) an acrobat.

বাজিমাত, (rej) বাজিমাৎ—*n* (in chess) checkmate, complete victory or triumph in a game or anything

বাজিয়ে—(1) *a* skilled in playing on a musical instrument (2) *n* an instrumentalist.

বাজী১—alt spell of বাজি১,২

বাজী২—*n* the horse, an arrow

বাজীকরণ—*n* an aphrodisiac process or drug, an aphrodisiac

বাজু—*n*. an ornament for the arm, an armlet (also বাজুবন্ধ, বাজুবন্দ), the arm, a side, a side-post of a door or a cot.

বাজে—*a* inferior or trashy (বাজে মাল), insignificant, contemptible, worthless (বাজে লোক), false, unsubstantial, idle (বাজে কথা), useless, unnecessary (বাজে খাটুনি), undesirable, unwanted (বাজে ঝামেলা), extra or incidental (বাজে খরচ, বাজে আদায়) বাজে-মার্কা—*a* of inferior make, inferior, insignificant

বাজেয়াপ্ত—*a* confiscated, forfeited, foreclosed বাজেয়াপ্ত করা—*v* to confiscate, to forfeit, to foreclose বাজেয়াপ্ত-করণ—*n* confiscation, forfeiture; foreclosure

বাঞ্ছন—in *comp* (used as a *sfx*) desired (by) (দেবেন্দ্রবাঞ্ছন)

বাঞ্ছনীয়—*a* desirable, agreeable

বাঞ্ছা—*n* a desire, a longing, a wish. বাঞ্ছা করা—*v* to desire or long or wish (for) বাঞ্ছাকল্পতরু—*n* (myth) a wishing-tree of heaven, one who grants all desires of supplicants

বাঞ্ছিত—*a* desired, longed-for, wished-for *fem* বাঞ্ছিতা

বাট১—*n* (usu poet.) a path, a road

বাট২—*n* ingot, bullion.

বাটখারা—*n* a mass of metal adjusted to a standard and used in finding weight, a weight.

বাটন—*n* act of turning into paste by rolling something on a flat mortar with a pestle বাটনা—*n* spices turned thus into paste a quantity of spices to be rolled thus

বাটপাড়, বাটপার—*n* a highwayman, a robber a swindler বাটপাড়ি, বাটপারি—*n* highway robbery robbery, swindling চোরের উপর বাটপাড়ি—(fig) a swindler robs a thief

বাটা১—var of বাট্টা

বাটা২—*n* a variety of small silvery-white fresh-water fish

বাটা৩—*n* a kind of metal tray(esp one for holding betel-leaves)

বাটা৪—*n*. a Hindu rite of offering dishes of food to a son-in-law.

বাটা৫—(1) *v* to turn into paste by rolling (spices etc.) on a flat mortar with a pestle (2) *a* thus turned into paste (বাটা মসলা)

বাটালি, (rej) বাটালী—*n* a chisel

বাটি—*n* a hemispheroidal cup without handles বাটি চালা—*v* to set a cup chasing a culprit by means of occult incantations

বাটিকা—*n* a small house, (loos) a house (উদ্যানবাটিকা)

বাটী—obs form of বাড়ি২.

বাটুল—var of বাঁটুল

বাটোয়ারা—*n*. apportionment, division, partition

বাট্টা—*n* (comm) a discount. আসল বাট্টা—true discount

বাড়—*n* growth, development (গাছের বাড), increase (বেতনের বাড়), aggravation (রোগের বাড়), audacity বাড় বাড়া—to grow audacious

বাড়ই—*n* a carpenter, a joiner

বাড়তি—(1) *n* growth or development or increase or aggravation or flourish (বাড়তির মুখে) (2) *a* surplus (বাড়তি মাল), extra (বাডতি রোজগার), excessive, in excess, (বাড়তি লাভ=excess profit)

বাডন১—same as বাড়

বাড়ন২—*n* a besom, a broom

বাড়ন্ত—*a.* inclined to grow or develop, growing (বাড়ন্ত গড়ন), flourishing (বাডন্ত অবস্থা), (iron) exhausted, having deficit (ঘরে চাল বাড়ন্ত)

বাডবাড়ন্ত—*n* great or growing prosperity (iron) bluster, lofty show.

বাড়ব—(1) *a.* (myth.) relating to a sea-horse vomiting fire constantly (2) *n* fire vomited by the aforesaid sea-horse (usu বাড়বানল)

বাড়া১—*v* to proceed, to go আগে বাড়া—*v* to go forward, to advance

বাডা২—(1) *v* to grow up, to develop (গাছ বাড়া), to increase (লোক বাডা), to augment (বিপদ বাড়া), to be expanded (রাজ্য বাড়া), to aggravate (রোগ বাড়া), to flourish, to thrive (ধনসম্পদে বাড়া), to mend (পেনসিল বাড়া), to grow audacious (বদমাশটা বড বেড়েছে), to serve on a dinner-plate (ভাত বাড়া) (2) *a* mended, served on a dinner-plate, more or greater than ('সে মাটি মায়েব বাডা') বাড়ান—*v* to develop, to increase, to multiply (বংশ বাড়ান), to augment, to expand, to aggravate, to cause to mend, to stretch, to extend (হাত বাডান, গলা বাডান), to cause to serve on a dinner-plate, to exalt or extol unduly or give undue importance to (অযোগ্য লোককে বাড়ান), to exaggerate (বাড়িয়ে লেখা), to over-indulge (ছেলেটাকে সে বাড়িয়েছে), to enhance falsely (বয়স বাডান) বাড়াবাড়ি—*n* excess, immoderation, intemperance, overmuchness, aggravation (রোগের বাড়াবাডি) বাড়াবাড়ি করা—*v* to go beyond the limit বাড়াবাড়ি হওয়া—*v* to be aggravated, to be in excess

বাড়ি১—*n* a stroke, a hit (লাঠির বাড়ি), a staff, a stick, a cudgel (পাচনবাড়ি) বাড়ি দেওয়া, বাড়ি মারা—*v* to deal (one) a blow, to strike.

বাড়ি২, (rej) বাড়ী—*n* a house, a building, a dwelling-house, a residence, a home বাড়িওয়ালা—*n* the owner of a house (esp of a tenanted one), (cp) a landlord (*fem* a landlady) *fem* বাড়িওয়ালী, (coll) বাড়িউলী বাড়িঘর—*n* homestead, houses and buildings, habitations

বাণ—*n* an arrow, a shaft, a dart বাণ ছোডা—*v* to shoot an arrow. বাণবিদ্ধ—*a* pierced with an arrow বাণলিঙ্গ—*n* a phallic symbol of Shiva

বাণিজ্য—*n* trade, commerce, traffic বাণিজ্য করা—*v* to trade, to traffic বাণিজ্য-কর—*n* a commercial tax বাণিজ্যকেন্দ্র—*n* a trade centre বাণিজ্যতরী—*n* a merchant ship, a merchantman বাণিজ্যদূত—*n.* a consul বাণিজ্যদূতাবাস—*n* a consulate বাণিজ্যনাবী—*n* the merchant navy বাণিজ্যপোত—same as বাণিজ্যতরী বাণিজ্য-বায়ু—*n* trade-wind বাণিজ্য-মন্ত্রক—*n* the Ministry of Commerce বাণিজ্যমন্ত্রী—*n* a Minister of Commerce

বাণিয়া—rej spell. of বানিয়া

বাণী—*n* word, speech, a message, a maxim, an apophthegm, Saraswati (সরস্বতী) the goddess of speech

বাণ্ডিল—alt spell of বানডিল

বাত১—*n* word, speech (লম্বা বাত), news, information ('পুছে বাত')

বাত২—*n* wind, air, rheumatism, rheum বাতকর্ম—*n* farting, a fart বাতগহ্বর—*n* an air-pocket বাতগ্রস্ত—*a* rheumatic বাতচক্র—*n* a windmill বাতঘ্ন—*a* curing rheumatism or lymphatic disorders বাতজনিত—*a* rheumatic বাতজ্বর—*n* rheumatic fever বাতপৈত্তিক—*a* rheumatic and biliary বাতবেদনা—*n* rheumatic pain বাতব্যাধি—*n* (ori but rare) rheumatism, (pop) paralysis বাতব্যাধিগ্রস্ত—*a* (rare) rheumatic, (pop) paralytic বাতরক্ত—*n* a kind of blood-poisoning বাতরোগ—*n* rheumatism বাতরোগগ্রস্ত—*a* rheumatic বাতশূল—*n* neuralgia বাতশোষক—*n* (bot) an aspirator

বাতলান—(I) *v* to suggest, to devise (2) *a* suggested, devised

বাতা—*n* a slip of bamboo or wood esp one used in roofing, a lath, a slat.

বাতান্দোলিত—*a* agitated or moved by wind

বাতান্বিত—*a*. aerated বাতান্বিত পানীয়—aerated waters, (loos) mineral water

বাতাপি—dial corrup of বাতাবি

বাতাবকাশ—*n*. an air space

বাতাবর্ত—*n* a whirlwind, a cyclone

বাতাবি, (rej) বাতাবী—*n* the shaddock, the pompelmoose, the pomelo (also বাতাবিলেবু)

বাতায়ন—*n* a window, a ventilator

বাতাস—*n* air, wind, a gust of wind, fanning, (usu dero) influence or touch (নাস্তিকের বাতাস) বাতাস করা—*v*. to fan বাতাস খাওয়া—*v* to enjoy fanning, to cool oneself with fanning, to take the air বাতাস দেওয়া—*v* to fan, (fig) to kindle or encourage (ঝগড়ায় বাতাস দেওয়া) বাতাস পাওয়া—*v* to get air, (of boats etc) to get favourable wind, (usu. dero) to be influenced by বাতাস লাগা—*v* to get air or (of boats etc) wind, (usu dero) to be influenced by, to be possessed by an evil spirit বাতাসে ওড়া—*v*. to fly in air, (fig) to move light-heartedly or airily বাতাসে ভর করে চলা—*v* (fig) to move as swiftly as the wind, (fig) to move very lightly, (fig) to move light-heartedly

বাতাসা—*n* a kind of convex sweet drop of sugar or molasses

বাতাহত—*a* wind-beaten, wind-stricken, (rare) wind-bound

বাতি—*n* a lamp, a light, a candle, a stick or rod (গ্লিসারিন বাতি)

বাতিক—*n* neurosis, a mania, a strong hobby, a crotchet, a craze (খেলা দেখার বাতিক) বাতিকগ্রস্ত—*a* neurotic, crotchety বাতিকগ্রস্ত ব্যক্তি—a neurotic, a crotchety man

বাতিদান—*n* a lampstand, a candlestick

বাতিল—*a* forsaken or disowned, rejected, (law) void, set aside, annulled, rescinded, cancelled বাতিল করা—*v* to forsake or disown, to reject, (law) to void, to set aside, to annul, to rescind, to cancel

বাতুল—*a* neurotic, mad, insane, crazy বাতুলতা—*n* neurosis, madness, insanity, craziness

বাত্যা—*n* a strong wind, a gale, a storm বাত্যাপীড়িত—*a* storm-stricken

বাৎলান—rej spell of বাতলান

বাৎসরিক—*a.* yearly, annual.

বাৎসল্য—*n.* affection, love ; parental love, philoprogenitiveness ; (rhet. & vaishnaba phil.) the sentiment of parental love or act of regarding God as one's child, parental devotion towards God.

বাথান—*n.* a cowhouse, a grazing ground, a pasture

বাথুয়া—*n* a variety of spinach

বাদ১—*n.* an obstacle, a hindrance ; opposition বাদ সাধা—*v.* to obstruct, to hinder, to oppose, to foil.

ভাসা—*v* to float, to drift, to swim, to be buoyant, to be flooded or overflowed (with) (বন্যায় দেশ ভাসা), to rise or strike or appear in, to occur to (মনে ভাসা) ভাসান—(1) *v* (pronun ভাসানো) to cause to float, to float, to levitate, to set adrift, to flood or overflow, to cause to rise or strike or appear, (2) *n* (pronun ভাসান্) immersion (as of an image of a deity), a kind of folk-song celebrating activities of some deities (মনসার ভাসান) ভাসা-ভাসা—*a* shallow, superficial ভাসা-ভাসা জ্ঞান — index-learning, skin-deep knowledge

ভাসুর—alt spell of ভাশুর

ভাস্কর—*n* the sun, a sculptor

ভাস্কর্য—*n* sculpture

ভাস্বতী—*fem* of ভাস্বান্

ভাস্বর, ভাস্বান্—*a* luminous, radiant, bright, (phys) incandescent. ভাস্বর দীপ—an incandescent lamp

ভিক্ষা—*n* begging, earnest request or prayer, solicitation, importuning, alms, a dole, a charitable or gracious gift. ভিক্ষা করা—*v* to beg, to live by begging, to request or pray earnestly (for), to solicit (for), to importune ভিক্ষা দেওয়া—*v* to give alms, to dole to give or grant (something) charitably or condescendingly ভিক্ষাজীবী—*a* living by begging, living on alms, mendicant *fem* ভিক্ষাজীবিনী ভিক্ষান্ন—*n* food obtained by begging. ভিক্ষাপাত্র—*n* an alms-dish, a beggar's bowl, (cp) a clack-dish ভিক্ষাবৃত্তি—*n* begging, mendicancy ভিক্ষাভাণ্ড—same as ভিক্ষাপাত্র ভিক্ষার্থী—*a* & *n* one

who asks or prays for alms *fem* ভিক্ষার্থিনী ভিক্ষালব্ধ—*a* obtained by begging

ভিক্ষু—*n* a Buddhist mendicant friar, a mendicant friar, a beggar-man

ভিক্ষুক—*n* a beggar, a mendicant, a beggar-man, an alms-man, a humble petitioner ভিক্ষুকরমণী—*n* an alms-woman, a beggar-woman ভিক্ষুক-সম্প্রদায়—*n* the beggardom

ভিক্ষুণী—*n* *fem* a Buddhist mendicant nun, a mendicant nun, a beggar-woman

ভিখ—*n* (coll) alms ভিখ মাগা—same as ভিক্ষা করা (see ভিক্ষা) গেঁয়ো যোগী ভিখ পায় না—(fig) a prophet is never honoured in his own country, (cp) familiarity breeds contempt

ভিখারি, ভিখারী, (coll) ভিখিরি—same as ভিক্ষুক *fem* ভিখারিনী, (rej) ভিখারিণী পথের ভিখারি—a street beggar, (fig) an utterly resourceless and indigent person

ভিজা—(1) *v* to get wet, to soak with water or any other liquid, to soften by being steeped in water or any other liquid, (fig) to soften emotionally, to be toned down (মন ভিজা) (2) *a* wet, soaked with or steeped in water etc, containing water or vapour, damp, hydrous, vapoury (ভিজা বাতাস) ভিজান—*v* to make wet, to soak with or steep in water etc, to soften by steeping in water etc, (fig) to tone down

ভিজিট—*n* a physician's fee for a professional call or visit

ভিজে—*a*. coll corrup of ভিজা (*a*) ভিজে বেড়াল—(fig) a terrible rogue appearing to be perfectly innocent and harmless, a wolf in sheep's skin

ভিটা—*n*. the piece of ground on which a dwelling-house (esp an ancestral one) rests, foundation, homestead ভিটা-ছাড়া—*a* ejected or ousted from one's homestead, displaced from one's country ভিটা-ছাড়া লোক—a displaced person ভিটামাটি—same as ভিটা ভিটামাটি উচ্ছন্ন করা, ভিটামাটি চাটি করা—*v* to raze one's homestead to the ground.

ভিটামিন—*n* vitamin

ভিটে—coll corrup of ভিটা

ভিড—*n* a crowd, throng, concourse, a mob, the rabble, multitude, rush (কাজের ভিড) ভিড় করা—*v* to crowd, to throng, to rush (in) (মাথায চিন্তা ভিড় করা)

ভিড়া—*v* to come to (কূলে ভিড়া), to come to the coast or bank (নৌকা ভিড়া), to associate with (দলে ভিড়া) ভিড়ান—*v* to bring to, to bring to the coast or bank, to dock or wharf, to cause to associate with

ভিত—*n* foundation, base, plinth, a wall, direction, side, a point of the compass (চারিভিতে)

ভিতর—(1) *n* the interior, the inside, the midst, the middle, the inmost part (মনের ভিতরটা খাঁ-খাঁ করছে) (2) *prep & adv* in, within, into, inside, in the midst of, amidst (3) *a* inner ভিতরের কথা, ভিতরের খবর—a secret ভিতরের ব্যাপার—a secret, an internal affair ভিতর-দিক্—*n* the inside, the inward direction or portion ভিতর বাড়ি—*n* the inner apartments of a residential building, the gynæceum, the seraglio ভিতর-বাহির—*n* the inside and outside, ins and outs ভিতর-ভিতর—*adv* inwardly, at heart, secretly ভিতর-মহল—same as ভিতর-বাড়ি ভিতরে—*prep & adv* same as

ভিতর (*prep* & *adv*) ভিতরে-ভিতরে—same as ভিতর-ভিতর

ভিত্তি—*n* foundation, base, plinth, a wall, basis, ground, cause ভিত্তিপ্রস্তর—*n* the foundation-stone ভিত্তিমূল—*n* the bottom of a foundation, base, plinth ভিত্তিস্থাপন করা—*v* to lay the foundation of ভিত্তিহীন—*a* groundless, baseless, causeless

ভিদ্যমান—*a* in the state of being pierced or penetrated

ভিন—corrup of ভিন্ন ভিনদেশ—*n* another country, a foreign land

ভিন্দিপাল—*n* an ancient missile

ভিন্ন—(1) *a* other, different, separate, separated, isolated, segregated, estranged, parted, partitioned, split, torn, rent, severed, broken, fractured (2) *prep* except, without, other than ভিন্নজাতীয়—*a* of a different race or nation, of a different kind or sort, heterogeneous ভিন্নতা—*n* otherness, difference ভিন্নপ্রকার—*a* of a different kind or sort, heterogeneous ভিন্নমত—(1) *n* a different opinion, (2) *a* disagreeing in opinion, dissenting ভিন্নমতাবলম্বী—*a* dissentient *fem* ভিন্নমতাবলম্বিনী ভিন্নরুচি—*a* differing or disagreeing in taste or choice. ভিন্নার্থ—(1) *n* a different meaning, (2) *a* conveying a different meaning or purport. ভিন্নার্থক—*a* same as ভিন্নার্থ (*a*)

ভিমরুল—*n* the hornet. ভিমরুলের চাক—a hornet's nest ভিমরুলের চাকে খোঁচা দেওয়া—(lit & fig) to bring a hornet's nest about one's ears

ভিয়ান, (coll) ভিয়েন—*n*. act of making sweetmeat, confectionery ভিয়ান করা—*v* to prepare sweetmeat, to confect ভিয়ান-ঘর—*n* a room for making sweetmeat, a confectionary

ভিরকুটি—*n* a frown, a grimace ভিরকুটি করা—*v* to frown, to grimace

ভিরমি, ভির্মি—*n* sudden dizziness or daze, fainting, a swoon ভিরমি খাওয়া, ভিরমি লাগা—*v* to be affected with sudden dizziness, to be dazed suddenly, to faint, to swoon

ভিল—*n* one of an aboriginal non-Aryan tribe of India

ভিষক্—*n* a physician

ভিসা—*n* a visa

ভিস্তি, ভিস্তী—*n* a leathern bag for carrying water, a water-bag, a water-carrier, a bhisti ভিস্তিওয়ালা—*n* a bhisti

ভীড়—alt spell of ভিড়

ভীত—*a* frightened, alarmed, afraid *fem* ভীতা ভীত করা—*v* to frighten, to alarm ভীতচিত্ত—*a* timid, faint-hearted. ভীতি—*n* fear, fright, dread, terror, alarm ভীতিকর, ভীতিজনক, ভীতিপ্রদ—*a* fearful, frightful, dreadful, terrible, horrible, alarming, threatening, menacing ভীতিপ্রদর্শক—(1) *a* threatening, (2) *n* a threatener ভীতিপ্রদর্শন—*n* threatening or menacing, a threat, menace ভীতিপ্রদর্শন করা—*v* to threaten, to menace ভীতিবিহ্বল—*a* beside oneself with fright; seized with utter fright, terror-stricken ভীরু—*a* timid, cowardly, faint-hearted, chicken-hearted

ভীম—*a* terrible, terrific, horrible, awful, tremendous

ভীমকর্মা—*a* doing terrible things

ভীমদর্শন—*a* having a horrible or awful appearance, awesome

ভীমনাদ—*n* a terrfic sound or noise

ভীমপরাক্রম—*a* awfully mighty or vigorous

ভীমপলশ্রী, (coll) ভীমপলাশী—*n* an Indian musical mode

ভীমবেগ—*n*. a terrible or tremendous speed

ভীমরথী, (coll) ভীমরতি—*n* senility, ভীমরতিগ্রস্ত—*a* senile

ভীমরুল—alt spell of ভিমরুল

ভীমা—*fem* of ভীম

ভীরু—*a* timid, cowardly, dastardly ভীরু ব্যক্তি—a timid person, a faint-heart, a coward, a dastard, a poltroon ভীরুচিত্ত—*a* faint-hearted, chicken-hearted, timid, cowardly ভীরুতা—*n* timidness, faint-heartedness, cowardice, poltroonery ভীরুস্বভাব—*a* timid or cowardly by nature.

ভীল—alt spell of ভিল

ভীষণ—*a* terrible, horrible, terrific, awful, tremendous, severe (ভীষণ গরম), formidable (ভীষণ শত্রু), monstrous (ভীষণ মূর্তি) *fem* ভীষণা ভীষণতা—*n* terribleness, awfulness, tremendousness, severity, formidability monstrosity ভীষণদর্শন—*a* having a horrible appearance ভীষণাকার—*a* having a monstrous form

ভীষ্ম—(1) *a* terrible (2) *n* a character of the Mahabharata ভীষ্মের প্রতিজ্ঞা—an unalterable or resolute vow or pledge, a firm resolve.

ভুঁই—*n* ground, a place, agricultural land, a field, land (জল থেকে ভুঁইয়ে ওঠা), a country (বিভুঁই) ভুঁই-চাঁপা—*n* a kind of fragrant flower ভুঁইঞা—alt spell of ভুঁইয়া ভুঁইফোঁড় —(1) *a* upstart, (2) *n* an upstart, a parvenu, mushroom ভুঁইমালী—*n* one of the Hindu sweeper community. ভুঁইয়া—*n* (hist) any one of the twelve (feudal) princes of Bengal flourished during the Mughal regime, a landowner.

ভুঁড়ি—*n* (usu facet.) a pot-belly, (facet.) the belly ভুঁড়ি হওয়া—*v* to grow pot-bellied

ভুঁড়ো—*a* pot-bellied, abdominous

ভুঁদী—*fem* of ভোঁদা

ভুঁদো—var of ভোঁদা

-ভুক্—*sfx* eating, subsisting on

ভুক্ত—*a* eaten, enjoyed, suffered or experienced, enjoyed as one's property, included or incorporated or comprised in (গ্রন্থভুক্ত, রাজ্যভুক্ত) ভুক্তভোগী—*a* having had similar suffering or experience in the past. ভুক্তাবশিষ্ট, ভুক্তাবশেষ—(1) *a* (of food and drink) left from a meal, (2) *n* leavings of a meal, orts ভুক্তি—*n* eating, enjoyment, possession as one's own, inclusion, incorporation, comprisal, an administrative division of land, a district.

ভুখ—*n* hunger ভুখ-মিছিল, ভুখা-মিছিল —*n* a hunger-march ভুখা—*a* hungry ভুখা ভগবান্—the hungry mass, the proletariat, the have-nots

ভুগা—*v* to suffer, to undergo, to sustain (যন্ত্রণা ভুগা), to suffer from (জ্বরে ভুগা), to be afflicted or troubled or harassed or punished, (দুর্বুদ্ধির জন্য ভুগা) ভুগান—*v* to cause to suffer or undergo, to cause to suffer from, to afflict or trouble or harass or punish, to give persistent or protracted trouble (এ জ্বরে ভোগাবে) ভুগানি —*n* suffering, affliction, trouble, harassment.

ভুজ—*n* the arm, the hand, (geom) an arm (of an angle), a side (of a triangle, rectangle, polygon, etc), (math) an abscissa

ভুজংভাজাং—*n* false or flimsy arguments or allurements or consolation (ভুজংভাজাং দিয়ে ভোলান)

ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম—*n* the snake *fem* ভুজগী, ভুজঙ্গী, ভুজঙ্গমী, (pop) ভুজঙ্গিনী ভুজঙ্গপ্রয়াত—*n* a metre of Sanskrit poetry

ভুজপাশ, ভুজবন্ধন—*n* the snare or clasp of one's arms, an embrace, (in wrestling etc) a hug ভুজপাশে বা ভুজবন্ধনে বাঁধা—*v* to clasp with the arms, to embrace, to hug

ভুজবল—*n* the strength of one's arms, physical strength, might, powers

ভুজা—*n* parched corn eaten as snacks

ভুজাংশ—*n* a celestial longitude

ভুঞ্জা (poet)—*v* to eat, to enjoy, to enjoy as one's property, to enjoy sexually, to suffer or undergo

ভুঞ্জিত (poet)—*a* eaten, enjoyed, enjoyed as one's property, enjoyed sexually, suffered or undergone

ভুট্টা—*n* maize, mealies

ভুট্‌ভাট্—*int* denoting grumbling noise in the abdomen

ভুড়্‌ভুড়্—*int* denoting noise of effervescence ভুড়্‌ভুড়্ করা—*v* to effervesce ভুড়্‌ভুড়ানি, ভুড়্‌ভুড়ি—*n* effervescence

ভুঁড়ি, ভুঁড়ি—same as ভুঁড়ি

ভুতুড়ে, ভুতুড়িয়া—*a* relating to ghosts (ভুতুড়ে কাহিনী=a ghost-story), done by ghosts, ghostly (ভুতুড়ে কাণ্ড=a ghostly affair), haunted by ghosts (ভুতুড়ে বাড়ি=a haunted house), ghost-like, haggard (ভুতুড়ে চেহারা), eerie, eery, weird, uncanny (ভুতুড়ে আবহাওয়া)

ভুনিখিচুড়ি—*n* a kind of hotch-potch cooked by frying rice and pigeon-pea very slightly in ghee

ভুবঃ—*n* (myth) the second of the seven heavens, the ethereal region, the sky, the firmament

ভুবন—*n* (myth) the seven heavens and seven underworlds, the universe, the world, the earth ভুবনবিখ্যাত—*a* world-famous ভুবনবিজয়ী—*a* world-conquering ভুবনবিদিত—*a* known all over the world ভুবনব্যাপী—*a* worldwide, universal ভুবনমনোমোহিনী—*a fem* captivating the minds of all people of the world ভুবনমোহন—*a* fascinating the whole world *fem* ভুবনমোহিনী ভুবনেশ্বর—*n* the lord of the universe, Shiva (শিব) esp whose image is installed at Bhubaneswar, God *fem* ভুবনেশ্বরী—one of the ten manifestations of Goddess Durga (দুর্গা)

ভুবর্লোক—same as ভুবঃ

ভুয়া, (coll) ভুয়ো—*a* unsubstantial, hollow, empty, false.

ভুরা—*n* a kind of unrefined and coarse sugar

ভুরু—*n* the eyebrow

ভুরো—coll. corrup of ভুয়া

ভুর্‌ভুর্—*int* denoting diffusion with fragrance or perfume

ভুল—(1) *n* an error, a mistake, a blunder, an omission, oblivion, delirium (ভুল বকা) (2) *a* erroneous, incorrect, wrong ভুল করা—*v* to err, to blunder, to commit a mistake, to mistake (লোক বা পথ ভুল করা), to be guilty of omission, to forget ভুল ভাঙ্গা—*v* to be disillusioned ভুল হওয়া—*v* to be wrong or incorrect, to be mistaken or omitted or forgotten ভুলচুক, ভুলভ্রান্তি—*n pl* errors and omissions ঠিকে ভুল—an error in addition, (loos) an error in fundamentals ভুলা—*v* to mistake to err, to blunder, to forget, to omit, to be relieved of (দুঃখ ভুলা), to be indifferent or callous to (মানসম্মান ভুলা), to be charmed or bewitched

(সুন্দর মুখ দেখে ভুলা), to be enticed or deceived or tempted (প্রলোভনে ভুলা), to be cajoled (তোকবাকো ভুলা), to be wheedled (খেলা দিলে ছেলেটা ভুলে), to be consoled (উপদেশে তাপিত হৃদয় ভুলবে) ভুলান—(1) *v* to cause to err or mistake or forget or omit, to relieve of, to charm, to bewitch, to entice, to deceive, to tempt, to cajole, to wheedle, to console (2) *a* causing to err or mistake or forget or omit, relieving of, charming, bewitching, enticing, deceiving, tempting, cajoling, wheedling, consoling. ভুলানি, ভুলানী, ভুলুনি, ভুলুনী—*a & n fem* one who charms or bewitches or entices or tempts or cajoles or wheedles *masc* ভুলানে, ভুলুনে, ভুলো—*a* apt to err, forgetful, oblivious

ভুশ্‌ড়ি—*n*. the inedible pulp within a jack-fruit or any other fruit. ভুশ্‌ড়ি ভাঙ্গা—*v* to surfeit oneself, to gormandize গল্পের ভুশ্‌ডি ভাঙ্গা—*v* to go on telling stories one after another

ভুশ্‌ণ্ডি—coll corrup of ভুশণ্ডী

ভুশ্‌—*int* denoting noise of springing up from under water, mire etc

ভুষা—rej spell of ভুসা

ভুষি—alt spell of ভুসি

ভুষ্টিনাশ—*n* wholesale or gross waste (টাকার ভুষ্টিনাশ), utter bungle (কাজের ভুষ্টিনাশ), complete ruin or destruction (শত্রুর ভুষ্টিনাশ)

ভুসা—*n* soot, collyrium ভুসাকালি—*n* ink made of soot, lampblack

ভুসি—*n* chaff, husk, bran ভুসিমাল—*n* cereals, refuse, waste matter ভুসিমালের খরিদদার—a buyer or customer of cereals, (fig & dero.) a contemptible customer ভুসিমালের বেপারি—a corn-dealer, a corn-merchant.

ভূ—*n* the earth, the world, land, ground ভূকম্প, ভূকম্পন—*n* earthquake, ভূকম্পবিদ্যা—*n* seismography, seismology ভূকম্পলিক্‌—*n* a seismograph. ভূকর্ণ—*n* a radius of the equator. ভূকেন্দ্র—*n* the centre of the earth ভূকেন্দ্রীয়—*a* (astr) geocentric ভূখণ্ড—*n* a division or part of the earth, a region, a part of the landed portion of the earth, a country ভূগর্ভ—*n* the bowels or inside of the earth, a subterranean region ভূগর্ভস্থ, ভূগর্ভস্থিত—*a* lying in the bowels of the earth, underground, subterranean ভূগর্ভস্থ রেলপথ—an underground railway, a tube-railway ভূগহ্বর—*n* an underground cavity or hole, (geog) a cavern, an underground chamber, a subterranean, a subterrene ভূগহ্বরবাসী—(1) *a* dwelling underground, (2) *n* a dweller underground, a subterranean ভূগোলক—*n* a sphere representing the earth, a globe, the earth, the globe ভূচর—*a* living or moving on land, terrestrial ভূচিত্র—*n* a map ভূ-চুম্বকত্ব—*n* (phys) terrestrial magnetism ভূচ্ছায়া—*n* the shadow of the earth, darkness ভূতত্ত্ব, ভূতত্ত্ববিদ্যা—*n* geology ভূতত্ত্ববিৎ, ভূতাত্ত্বিক—*n* a geologist ভূতত্ত্বীয়—*a* geological. ভূতল—*n*. the surface of the earth, the face or floor of the earth, the nether world, Hades, ground ভূতলশায়ী—same as ভূশায়ী *fem* ভূতলশায়িনী ভূতলস্থ—*a* terrestrial, earthly ভূতাত্ত্বিক—*n* a geologist. ভূত্বক্‌—*n* (geog & geol.) the crust of the earth ভূনিম্ন—(1) *n* the region underground, (2) *a*. underground. ভূনিম্ন তার—an

underground cable ভূপাতিত হওয়া—*v* to fall on or to the ground, to prostrate oneself to the ground ভূপাত—*n* (geog) a landslip ভূ-পাতিত করা—*v* to pull down or fell to the ground, to knock to the ground, to floor ভূপৃষ্ঠ—*n* the surface of the earth ভূপ্রদক্ষিণ করা—*v* to ambulate or travel round the earth, to rotate round the earth, (geog) to circumnavigate ভূপ্রকৃতি—*n* (geog) configuration of land ভূ-বলয়—*n* the equator ভূ-বাসন—*n* land settlement, settlement ভূ-বাসন আধিকারিক—a settlement officer ভূ-বিষুব—*n* the equator ভূবিষুবরেখা—*n* the equatorial line, the equator ভূবিদ্যা—*n* geology ভূবিদ্যাগত—*a* geological ভূবিদ্যাবিৎ—*n* a geologist ভূবৃত্ত—*n* the equatorial circle, the equator ভূভাগ—same as ভূখণ্ড ভূভার—*n* the burden of sins committed by mankind, the burden of the earth, the burdensome charge of administering and protecting the earth. ভূভার হরণ করা—*v* to redeem or absolve the sins of mankind, to free the earth from the sins of mankind ভূভৃৎ—*n* a mountain, a hill, a king ভূর্লোক—*n* the earth ভূলুণ্ঠিত—*a* rolling or wallowing on the ground, fallen to the ground, prostrated on the ground *fem* ভূলুণ্ঠিতা ভূলুণ্ঠিত হওয়া—*v* to roll or wallow on the ground, to fall to the ground, to prostrate oneself on the ground ভূলোক—*n* the earth ভূশয্যা—*n* use of bare ground as one's bed ভূশায়িত, ভূশায়ী—*a* laid or lying upon the bare ground, fallen to or prostrated on the ground, knocked to the ground, floored *fem* ভূশায়িতা, ভূশায়িনী ভূসংস্থান—*n* topography ভূসম্পত্তি—*n* landed property, demesne ভূস্তর—*n* (geog & geol) a stratum of the earth ভূস্পন্দ—*n* (geog) an earth-tremor ভূস্বর্গ—*n* an earthly Paradise, Kashmere

ভূঃ—*n* (myth) the first of the seven regions

ভূগোল, ভূগোলবিদ্যা—*n* geography

ভূত—(1) *n* one of a class of supernatural beings who attend on Shiva (শিব), (cp) genii, a ghost, an evil spirit, a bogey, a goblin, a spectre, an apparition, a creature, (সর্বভূত), any one of the five constituent elements (namely, earth, water, heat, air and space) (2) *a* past, gone by, (as a *sfx*) reduced to (প্রস্তরীভূত) (3) *n* the past (ভূত-ভবিষ্যৎ) ভূত ছাড়ান, ভূত ঝাড়া, ভূত তাড়ান —*v* to exorcise ভূত দেখা—*v* to see an apparition, (fig) to be frightened suddenly ভূত নামান—same as ভূত ছাড়ান, and—(as by spiritualists) to call up ghosts in order to obtain messages from them ভূতে ধরা, ভূতে পাওয়া—*v* to be possessed by an evil spirit, to be possessed ভূতের ওঝা —an exorciser ভূতের নাচ—devils' dance, (fig) devil of a mess, the devil and all ভূতের বাপের শ্রাদ্ধ— (fig) great and gross waste or extravagance ভূতের বেগার, ভূতের বোঝা —(fig) profitless toil ভূতের রোজা —an exorciser ঘাড়ে ভূত চাপা—(fig) to be seized with an evil influence or company or practice or intention, to be possessed, to be

obsessed. সরিষার মধ্যে ভূত—(fig.) virus in the antidote ভূতকাল—n. days gone by, the past ; (gr.) the past tense. ভূতগ্রস্ত—a possessed by an evil spirit, possessed , (fig) working or moving mechanically as if possessed , dazed fem ভূতগ্রস্তা ভূতনাথ —n Shiva (শিব) ভূতপক্ষ—n the dark lunar fortnight ভূতপূর্ব—a former, late, whilom ভূতপ্রেত—n evil spirits collectively, ghosts and spirits collectively ভূতবলি—same as ভূতযজ্ঞ ভূতভবিষ্যৎ—n the past and the future ভূতভাবন—n the creator and protector of all living beings , Shiva (শিব) ভূতযজ্ঞ—n the ceremonial feeding of all living beings by a householder ভূতযোনি—n existence in the shape of a ghost after one's death ভূতযোনি প্রাপ্ত হওয়া—to become a ghost after one's death. ভূতশুদ্ধি—n purification of the elemental or mortal body ভূতসঞ্চার—n inhabitation of a ghost ভূতসঞ্চার হওয়া—v to be inhabited or possessed by a ghost ভূতাত্মা —n the elemental body , the human body , Brahma (ব্রহ্মা) or Vishnu (বিষ্ণু) ভূতাপেক্ষ—a retrospective ভূতাবিষ্ট— same as ভূতগ্রস্ত (see ভূত) ভূতাবেশ—n possession by a ghost or evil spirit. ভূতুড়িয়া, ভূতুড়ে—rej spell 's of ভূতুড়িয়া and ভূতুড়ে respectively

ভূধর—n a mountain, a hill

ভূপ, ভূপতি, ভূপাল—n a king

ভূপালী, ভূপালি—n an Indian musical mode

ভূভারত—n India and the rest of the world , the whole world

ভূমণ্ডল—n the earth as a spherical body, the earth, the globe

ভূমধ্য—n the centre of the earth , the bowels or inside of the earth. ভূমধ্যসাগর—n the Mediterranean Sea ভূমধ্যসাগরীয়—a Mediterranean

ভূমা—(1) n the Omnipresent , the Supreme Being , God , sublimity , plurality , diversity (2) a most abundant or numerous ভূমানন্দ—a most abundant delight , the greatest or sublime joy , ecstasy , joy in a sense of vastness

ভূমি—n the earth , the surface of the earth , soil , ground , floor , agricultural land, land, a field, a place, a site (রণভূমি) , a country (জন্মভূমি) , a repertory or receptacle (বিশ্বাসভূমি), (geom) a base ভূমিকম্প, ভূমিখণ্ড, ভূমিগর্ভ—same as ভূকম্প, ভূখণ্ড and ভূগর্ভ respectively (see ভূ) ভূমিগ্রহ—n land acquisition. ভূমিগ্রহ-সমাহর্তা—n a Land Acquisition Collector ভূমিজ—a grown out of the earth , earth-born , holding tenancy of land in lieu of menial services ভূমিজ প্রজা— a villein ভূমিতল—n the surface of the earth , ground , floor ভূমিদান— n a grant of land ভূমিলেখ্য—n land records ভূমিশয্যা, ভূমিশায়িত, ভূমিশায়ী —same as ভূশয্যা, ভূশায়িত and ভূশায়ী respectively (see ভূ) ভূমিষ্ঠ হওয়া—v to fall to the ground , to prostrate oneself on the ground (ভূমিষ্ঠ হইয়া প্রণাম) , to be born ভূমিসাৎ—a fallen to the ground , razed to the ground ভূমিসাৎ করা—v to pull down to the ground, to raze to the ground. ভূমিসাৎ হওয়া—v to fall to the ground, to be razed to the ground ভূমিসুত —n the Mars ভূমিস্থ, ভূমিস্থিত—a lying or situated on the ground

---

For words in ভূ- and ভূমি-, not given separately, see ভূ and ভূমি respectively

ভূমিকা—*n* a preface, a preamble, an introduction, a foreword, an introductory talk preceding a speech or action, a prologue, a presage, assumption of a dress or disguise, transfiguration, a role, a part ভূমিকা গ্রহণ করা—*v* to take up a role, to take up the role of, to act as

ভূম্যধিকারী—same as ভূস্বামী

ভূয়ঃ, (pop) ভূয়—(1) *adv* again and again, repeatedly (2) *a* repeated ভূয়সী—*a* repeated, profuse, copious ভূয়িষ্ঠ—*a* most abundant or numerous, great many, very much ভূয়োদর্শন, ভূয়োদর্শিতা—*n* experience gathered by repeated direct perception or contact, wide experience ভূয়োভূয়ঃ, (pop) ভূয়োভূয়—same as ভূয়ঃ

ভূরি—*a* large in amount or number, abundant, profuse, copious, much, excessive, numerous, many ভূরিভোজন—*n* a hearty meal, surfeit

ভূর্জ—*n* the birch ভূর্জপত্র—*n* the birch, the bark of the birch (formerly used in lieu of paper)

ভূশণ্ডি, ভূশণ্ডী—*n.* (myth) a crow living through ages, (ridi) a very old person with out-of-date notions and often acting as a wet blanket

ভূষণ—*n* an ornament, a dress, ornamentation, dressing, personal embellishment, decoration, one who or that which adds to the beauty or glory (বিদ্বান্ দেশের ভূষণ = a learned man is the ornament of his country) ভূষণপ্রিয়া—*a fem* fond of ornaments

ভূষণ্ডী—alt spell of ভূশণ্ডি

ভূষা১—var of ভূষণ

ভূষা২—rej spell of ভুসা

ভূষিত—*a* ornamented, dressed, decorated, adorned *fem* ভূষিতা ভূষিত করা—*v* to adorn with ornaments, to ornament, to dress, to decorate, to adorn

ভূস্বামী—*n* a landowner, a landlord, a zeminder, a king *fem.* ভূস্বামিনী—a female landowner, a landowner's wife, a queen

ভৃগু—*n* a table-land, a plateau, a stiff cliff, a precipice

ভৃঙ্গ—*n* the bumble-bee, the bee, the drongo ভৃঙ্গবোল—*n* the hornet

ভৃঙ্গার—*n* a pitcher or jug with a spout, a ewer, (cp) a flagon

ভৃঙ্গারিকা, ভৃঙ্গারী—*n* a kind of insect, the cricket

ভৃঙ্গি, ভৃঙ্গী—*n* one of the two chief attendants of Shiva (শিব)

ভৃত—*a* salaried or wage-earning, replete, full. ভৃতক—(1) *a* salaried or wage-earning, (2) *n* a salary, wages ভৃতি—*n* salary, wages, maintenance, feeding, filling ভৃতিভুক্—*a* salaried or wage-earning ভৃতিভুক্ সম্প্রদায়—the salariat, the salaried class

ভৃত্য—*n* a servant, a salaried employee, a domestic servant

ভেউভেউ—*int* denoting noise of loud blubbering, a dog's yelling bark, bow-vow

ভেংচান—*v* to make faces (at), to grimace, to grin (at)

ভেংচি—*n* a grimace, a grin ভেংচি কাটা—same as ভেংচান

ভেঁপু—*n* a kind of wind-instrument, a bugle, a trumpet, a honk, a horn, a hoot (মোটরের ভেঁপু) ভেঁপু বাজান—*v* to blow the aforesaid wind-instrument, to bugle, to trumpet, to honk, to hoot, to horn

ভেক১—var of ভেখ

ভেক২—*n* the frog

ভেকা, (dial) ভেকো—*a*. confused, bewildered, stupefied ভেকা লাগা—*v* to get confused, to be stupefied

ভেখ—*n* asceticism, ascesis, Vaishnaba asceticism, the garb of an ascetic esp of a Vaishnaba ascetic, disguise; simulation ভেখ ধরা—*v* to take to asceticism esp Vaishnaba asceticism, to put on the garb of an ascetic esp, of a Vaishnaba ascetic, to assume a disguise, to simulate ভেখধারী—*n* an ascetic, a Vaishnaba ascetic, a disguised person, a hypocrite

ভেঙচান, ভেঙ্চান—alt spell 's of ভেংচান

ভেঙচি, ভেঙ্চি—alt. spell 's of ভেংচি

ভেঙান, ভেঙ্গান—dial. var 's of ভেংচান

ভেজা, ভেজান১—pop var 's of ভিজা and ভিজান respectively

ভেজান২—*v* to close (a door, window, etc) without bolting, to close

ভেজাল—(1) *n* an adulterant, adulteration, (coll.) a trouble, a pest (উড়ো ভেজাল) (2) *a* adulterated, spurious ভেজাল দেওয়া বা মেশান—*v* to adulterate ভেজাল বাঁধান—*v* to cause trouble, to tangle

ভেট—*n* a tribute (paid to a prince) or a complimentary gift or present (paid to a superior person) esp during an interview (ভেট দেওয়া), a short visit, a call, a meeting, an interview ভেট করা—*v* to call on, to visit; to meet, to interview

ভেটকি—*n* a species of large flat-fish found in rivers

ভেটা—poet form of ভেট করা

ভেটেরাখানা—*n* an inn, a place full of confused uproar (cp a bedlam)

ভেড়া১—pop corrup of ভিড়া

ভেড়া২—*n* the ram (*masc*), the sheep (*neut*), a fool পোষা ভেড়া—a cosset. ভেড়ার গোয়াল—a sheep-fold. ভেড়ার গোয়ালে আগুন লেগেছে—(facet.) a bad singer has started his musical baaing ভেড়ার ঠেং—a sheep-shank ভেড়ার ডাক—bleat, baa ভেড়ার পাল—a flock of sheep ভেড়ার মাংস—sheep's flesh, (when taken as food) mutton. ভেড়ার লোম—sheep's wool ভেড়া চড়ানর মাঠ—a sheep-run

ভেড়াকান্ত—*n* an utter fool

ভেড়ান—corrup of ভিড়ান (see ভিড়া)

ভেড়ি—*n* an embankment, a dam, an embanked low land used as a fishery, a fishery dam ভেড়ি বাঁধা—*v* to embank, to dam ভেড়িওয়ালা—*n* an owner of a fishery dam

ভেড়ী—*n* *fem* the ewe

ভেড়ুয়া, (coll.) ভেড়ে, (coll) ভেড়ো—(1) *a* as dastardly or silly as a sheep, henpecked, accompanying a professional dancing girl with instrumental music (2) *n* such a man

ভেণ্ডার—*n* a vendor

ভেতো—pop corrup of ভাতুয়া

ভেদ—*n* piercing, cleavage, split, difference, dissimilarity, disagreement, dissension, hostility, disunity, estrangement, antagonism, quarrel, separation, differentiation, discrimination, penetration (ব্যূহভেদ), disintegration, exposition, expounding (অর্থভেদ), change, alteration (বুদ্ধিভেদ), a kind, a sort (রূপভেদ), looseness of bowels, diarrhœa. ভেদ করা—*v* to pierce, to cleave, to split, to differentiate, to discriminate, to penetrate, to expose, to expound ভেদ জন্মান—*v* to sow dissension or discord, to disintegrate, to estrange. ভেদক—*a* one who or

that which pierces or cleaves or splits or disintegrates or differentiates or discriminates or penetrates ভেদজ্ঞান—*n* perception of difference, discrimination, partiality ভেদন—*n* piercing, cleaving, splitting, penetration ভেদনীয়—*a* capable of being pierced or cleft or split or penetrated, pregnable, vulnerable ভেদনীতি —*n* the policy of discrimination ভেদবুদ্ধি—same as ভেদজ্ঞান ভেদবমি—*n*, diarrhœa attended with vomiting, cholera. ভেদাভেদ—*n* discriminatory treatment, discrimination, sense of meum and tuum (mine and thine) ভেদী—same as ভেদক ভেদ্য—same as ভেদনীয়

ভেপসা—pop corrup of ভাপসা

ভেবড়ান—*v* to be confounded or stupefied with fear, amazement, etc

ভেবা—*a* confounded, bewildered, grossly foolish ভেবাগঙ্গারাম—*n* an utter fool ভেবাচেকা—*n* bewilderment, confusion ভেবাচেকা খাওয়া—*v* to be bewildered or confounded.

ভেরী, ভেরি—*n* a drum, a kettle-drum

ভেরেণ্ডা—*n* the castor-oil plant, Ricinus Communis ভেরেণ্ডা ভাজা—(fig) to go idling, to while away time, to sit idle or unemployed.

ভেল১—(obs & poet) became or happened ('দশদিশ ভেল নিরবন্ধা')

ভেল২—*a* spurious, counterfeit

ভেলকি, ভেলকিবাজি—*n* magic, jugglery, hocus-pocus, conjuring, illusion ভেলকি দেখান—*v* to exhibit a magical show, to juggle, to conjure ভেলকি লাগা—*v* to be dazed with a conjuring trick, to be spell-bound or conjured, to be filled with illusions. ভেলকি লাগান—*v* to put a spell on, to conjure, to illusion ভেলকি-ওয়ালা—*n* a magician, a juggler, a conjuror

ভেলা—*n* a raft, a float, a coracle.

ভেল্কি—alt spell of ভেলকি

ভেষজ—*n* a medicine, a drug, medical science, medicine ভেষজ-অধ্যাপক —*n* a professor of medicine ভেষজ-বিদ্যা—*n* medical science, medicine ভেষজালয়—*n* a dispensary, a medical store, a drug-store, a pharmacy

ভেস্ত—corrup of বেহেশ্‌ত

ভেস্তা—*a* upset or spoilt or foiled ভেস্তান—*v* to upset or spoil or foil, to be upset or spoilt or foiled.

ভৈরব—(1) *n* a manifestation of Shiva (শিব), an Indian musical mode. (2) *a* terrible or tremendous ভৈরবী —(1) *n fem* one of the ten manifestations of Goddess Durga (দুর্গা), a female ascetic worshipping Shiva (শিব), an Indian musical mode, a turbulent woman, (cp) a termagant, (cp) an Amazon ভৈরবীচক্র—*n* a Tantrist drinking party.

ভৈল—var of ভেল১

ভৈষজ্য, ভৈষজ—var 's of ভেষজ

ভো১—*int* ho, hoa, hullo

ভোঁ২—pop corrup of ভোম

ভোঁ৩—(1) *int* expressing noise of the movement of wind, of running apace, of whistle, etc (2) *n* a whistle, a siren, etc (কারখানার ভোঁ) ভোঁ দেওয়া—*v* to whistle

ভোঁতা—*a* blunt (ভোঁতা ছুরি), dull (ভোঁতা বুদ্ধি) ভোঁতা করা—*v* to blunt, to dull, to take away the edge of

ভোঁদড়—*n* the otter, the civet-cat

ভোঁদা—*a* corpulent, dull-witted, dunderheaded, imbecile

ভোঁ-দৌড়—*n* a very swift run, a break-neck run.

ভোঁ-ভোঁ—*int* denoting dizziness (মাথা ভোঁ-ভোঁ), emptiness (পকেট ভোঁ-ভোঁ), great swiftness, whiz (ভোঁ-ভোঁ দৌড়), buzzing noise (কানামাছি ভোঁ-ভোঁ), repetition of ভোঁ sound

ভোঁস্, ভোঁস—*int* denoting noise of deep and loud breathing (ভোঁস্‌ভোস্ করে ঘুমান), heavy ফোঁস্ sound

ভোক্তব্য—*a* edible, eatable; enjoyable, (facet) sufferable

ভোক্তা—(1) *a* eating, enjoying (2) *n* an eater, an enjoyer, *fem* ভোক্ত্রী

ভোগ—*n* enjoying, enjoyment, suffering or sustaining, sufferance, act of possessing and using as one's own, appropriation, sensual or earthly pleasures, an object of enjoyment or an article of food, food-offering made to a deity, an affliction, a trouble (দুঃখ ভোগ) ভোগ করা—*v* to enjoy, to suffer or sustain, to suffer from, to possess and use as one's own, to enjoy sensual or earthly pleasures ভোগ দেওয়া—*v* to offer food and entertainments to a deity, to offer food-offering ভোগতৃষ্ণা—*n* thirst for sensual or earthly pleasures ভোগদেহ—*n* the subtle body to which a mortal being is reduced after death to enjoy or suffer the consequences of its earthly activities ভোগবাসনা—same as ভোগলালসা ভোগবিলাস—*n* sensual or earthly pleasures and luxury, (cp) milk and honey ভোগবিলাসী—*a* enjoying sensual or earthly pleasures and luxury ভোগলালসা—*n* craving for sensual or earthly pleasures ভোগসুখ—same as ভোগবিলাস

ভোগবতী—*n* (myth) the name of the Ganges as flowing in the nether world

ভোগবৃত্ত—*a* (phy) passive. ভোগবৃত্তি—*n* passivity

ভোগা১—*n* cheating or swindling, deceiving or hoaxing ভোগা দেওয়া—*v* to cheat, to swindle, to deceive, to hoax,

ভোগা২, ভোগান, ভোগানি—corrup's of ভুগা, ভুগান, and ভুগানি respectively

ভোগানে—*a* causing suffering or harassment or trouble, irksome (ভোগানে মামলা)

ভোগান্ত, (coll) ভোগান্তি—*n* extreme suffering or trouble ভোগান্ত হওয়া—*v* to suffer or be troubled extremely

ভোগাসক্ত—*a* attached to sensual or earthly pleasures *fem* ভোগাসক্তা

ভোগী—*a* ও *n* one who enjoys, one who suffers or sustains, one who possesses and uses something as one's own, one who enjoys sensual or earthly pleasures, one nourished with milk and honey

ভোগৈশ্বর্য—same as ভোগবিলাস (see ভোগ)

ভোগ্য—*a* enjoyable *fem* ভোগ্যা—enjoyable, fit for sexual intercourse

ভোজ—*n.* a feast, a banquet, a meal, a repast ভোজ দেওয়া—*v* to give or hold a feast, to entertain at a feast or dinner নৈশভোজ, সান্ধ্যভোজ—*n* supper, dinner মধ্যাহ্নভোজ—*n* lunch, luncheon ভোজের পোশাক—*n* a dinner-suit.

ভোজন—*n* eating, feeding (কাঙালীভোজন), a feast (বনভোজন), an article of food, food (কুভোজন) ভোজন করা—*v* to eat ভোজন করান—*v* to feed ভোজনং যত্রতত্র শয়নং হট্টমন্দিরে—practice of living a wild life in which one has no settled place for eating or sleeping, (cp.) Bohemianism, vagabondage. ভোজন-দক্ষিণা—*n* a honorarium

paid by a host to a brahmin for the latter's condescending to eat the food offered by the former **ভোজনপটু**—*a* capable of eating voraciously, voracious **ভোজনপাত্র**—*n* a dinner-plate **ভোজনবিলাস**—*n* gourmandise, gluttony, voraciousness **ভোজনবিলাসী**—*a* gourmand, voracious **ভোজনবিলাসী ব্যক্তি**—a gourmand, a glutton **ভোজনশালা, ভোজনাগার**—*n* a dining-room, a dining-hall, an eating-house a hotel, a restaurant **ভোজনাবশিষ্ট, ভোজনাবশেষ**—same as ভুক্তাবশিষ্ট **ভোজনালয়**—*n* an eating-house, a restaurant, a hotel

ভোজপুরী—*a* born or grown in Bhojpur, of Bhojpur

ভোজবাজি, ভোজবাজী, ভোজবিদ্যা—*n* magic, jugglery, hocus-pocus, conjuring, illusion (সংসার ভোজবাজি)

ভোজয়িতা—*a* & *n* one who feeds, feeding *fem* ভোজয়িত্রী

ভোজালি—*n*. a kukri

ভোজী—*a* (used as a *sfx*) eating, feeding on (তৃণভোজী) *fem* ভোজিনী

ভোজোৎসব—*n* a feast, a banquet.

ভোজ্য—(1) *a* eatable, edible (2) *n* an article of food, an eatable, food, food offering to the manes

ভোট$_1$—(1) *n* Bhutan (2) *a* Bhutanese

ভোট$_2$—*n* vote, franchise, election **ভোট দেওয়া**—*v* to cast votes, to vote **ভোট নেওয়া**—*v* to take votes, to put to vote **ভোটে দাঁড় করান**—*v* to nominate for election **ভোটে দাঁড়ান**—*v* to stand for or face election, to be elected **ভোটে দেওয়া**—*v* to put to vote. **ভোটে দেওয়ার জন্য বলা**—*v* to call for a division **ভোটার**—*n* a voter

ভোম—*a*. stupefied, besotted, fuddled (নেশায় ভোম)

ভোমর$_1$—*n* a drill, an auger

ভোমর$_2$, ভোমরা—corrup of ভ্রমর

-ভোর$_1$—*sfx* denoting continuing all through (দিনভোর), amounting (to) or measuring (তোলাভোর) etc

ভোর$_2$—*a* engrossed (চিন্তায় ভোর), stupefied, fuddled (নেশায় ভোর)

ভোর$_3$—*n* morning, dawn, daybreak, termination, end (নিশিভোর), (*fig*) awakening, rise (নবজীবনের ভোরে) **ভোর করা**—*v* to pass the night (esp without sleep), to spend or pass (রাত্রি ভোর করা) **ভোর হওয়া**—*v* to dawn

ভোরাই$_1$—*n* a morning song or hymn, a matin, (*cp*) Matins

ভোল$_1$—corrup of ভোর$_2$

ভোল$_2$—*n* a dress, a guise, a disguise, appearance **ভোল ফেরান**—*v* to change one's dress, to improve one's appearance, (*fig*) to improve one's social or financial condition

ভোলা$_1$—pop corrup of ভুলা

ভোলা$_2$—(1) *a* forgetful, oblivious, forgotten (2) *n* a forgetful person, Shiva (শিব)

ভোলান—pop corrup of ভুলান

ভোলানাথ—*n* an utterly forgetful person, Shiva (শিব)

ভোলানি, ভোলানী—coll corrup's of ভুলানি *masc* ভোলানে

ভোল্টীয়—*a* (*sc*) voltaic

ভৌগোলিক—*a* geographical

ভৌত—*a* elemental, material, physical **ভৌতধর্ম**—*n* a physical property

ভৌতিক—*a* pertaining to or caused by apparitions, ghostly, elemental, material, physical, natural, astral. **ভৌতিক কাণ্ড**—a ghostly affair an unintelligible affair **ভৌতিক গল্প**—a ghost-story **ভৌতিক দেহ**—the elemental body, the mortal frame, (*theos*)

an astral body, a ghost ভৌতিক নিয়ম—the physical law, the law of nature ভৌতিক পদার্থ—a material thing ভৌতিক ব্যাপার—same as ভৌতিক কাণ্ড ভৌতিক স্তর—(theos) the astral plane

ভৌম—(1) *n* the Mars (2) *a* earthly, terrestrial, born out of earth

ভৌমিক—*n* a landowner, a landlord, a feudal prince

ভৌমী—*a fem* of ভৌম (*a*)

ভ্যা—*int* denoting bleating, baa, loud weeping (ভ্যা করে কাঁদা)

ভ্যান্‌ভ্যান্‌—*int* denoting buzzing noise (of flies, mosquitoes, etc), noise of continuous complaint

ভ্যাবা—alt. spell of ভেবা

ভ্যালা—*int* (ridi.) fine, nice

ভ্রংশ, ভ্রংশন—*n* detachment, fall, downfall, deviation, a casting off (জাতিভ্রংশ), deprivation, loss, (বুদ্ধিভ্রংশ), (phys) displacement ভ্রংশ-হার—*n* (phys) the rate of displacement ভ্রংশিত—*a* detached, fallen, downfallen, deviated, cast off, deprived of, (phys) displaced

ভ্রম—*n* an error, a mistake, a blunder, an omission, oblivion; illusion, a whirl, a whirlpool, a whirlwind ভ্রম করা—*v* to err, to blunder, to commit a mistake, to mistake ভ্রম হওয়া—*v*. to be mistaken, to be guilty of omission ভ্রমে পড়া—*v* to fall into an error, to be mistaken, to be confounded ভ্রমনিরসন করা—*v* to remove a wrong notion (of), to disillusion, to correct or rectify an error, to amend, to emend ভ্রমপ্রবণ—*a* fallible ভ্রমপ্রবণতা—*n* fallibility. ভ্রমপ্রমাদ—*n pl* errors and omissions ভ্রমবশতঃ, (pop) ভ্রমবশত—*adv* through a mistake or wrong notion ভ্রমসংশোধন করা—same as ভ্রমনিরসন করা ভ্রমসঙ্কুল—*a* full of errors, erroneous, full of wrong notions

ভ্রমণ—*n* travel, journey (দেশভ্রমণ), ambulation, walking (প্রাতর্ভ্রমণ), revolution, rotation, whirl ভ্রমণ করা—*v* to travel, to itinerate, to ambulate, to walk, to revolve, to rotate, to whirle ভ্রমণকারী—*n* a traveller, an ambulator, a walker *fem* ভ্রমণকারিণী ভ্রমণবৃত্তান্ত—*n* an account of journey, travels ভ্রমণশীল—*a* itinerant.

ভ্রমর—*n* the hornet, the bumblebee, the bee *fem* ভ্রমরী ভ্রমরকৃষ্ণ—*a* as (beautifully) black as the bumblebee, glossy and deep black. ভ্রমরগুঞ্জন—*n* the humming or buzzing of bumble-bees or bees

ভ্রমা—poet form of ভ্রমণ করা

ভ্রমাত্মক—*a* erroneous, illusive, illusory

ভ্রমান্ধ—*a* blinded with errors or illusions

ভ্রমি, ভ্রমী—*n* a whirlpool, an eddy

ভ্রষ্ট—*a* detached, fallen, downfallen, cast off, deprived of, deviated, strayed, strayed from the rightful path, corrupted, vitiated in character, depraved. *fem* ভ্রষ্টা ভ্রষ্টচরিত্র—*a* characterless, depraved. *fem* ভ্রষ্টচরিত্রা ভ্রষ্টতা—*n* detached or fallen or downfallen or cast off state, deprivation, deviation, corruption, depravity ভ্রষ্টাচরণ, ভ্রষ্টাচার—*n* a wicked or depraved practice, wrong-doing, depravity ভ্রষ্টাচারী—*a* given to wrong-doing or depravity

ভ্রাতা—*n* a brother, a cousin brother, a cousin

For words in ভ্রম-, not given separately, see ভ্রম

ভ্রাতুষ্পুত্র—*n* a brother's son, a nephew *fem* ভ্রাতুষ্পুত্রী—a brother's daughter, a niece

ভ্রাতৃ—*n* (used as a *pfx*) a brother ভ্রাতৃঘাতক—*n* a fratricide ভ্রাতৃঘাতী—*a* fratricidal ভ্রাতৃজায়া—*n* a brother's wife, a sister-in-law ভ্রাতৃত্ব—*n* the state of being a brother, fraternity, brotherhood ভ্রাতৃদ্বিতীয়া—*n* the second lunar day of the bright fortnight in the month of Kartika (কার্তিক) when is held the Hindu ceremony of marking brothers' foreheads by their sisters with sandalwood-paste ভ্রাতৃপ্রেম—*n* fraternal love ভ্রাতৃবৎ—*a* & *adv* like a brother ভ্রাতৃবৎসল—*a* affectionate towards one's brothers, full of fraternal love *fem* ভ্রাতৃবৎসলা ভ্রাতৃবধ—*n* fratricide ভ্রাতৃবধূ—same as ভ্রাতৃজায়া ভ্রাতৃভাব—*n* brotherly feeling, brotherliness ভ্রাতৃস্নেহ—*n* brotherly love ভ্রাতৃহত্যা—*n* fratricide ভ্রাতৃহত্যাকারী—(1) *a* fratricidal, (2) *n* a fratricide.

ভ্রাত্রীয়—*a* brotherly, fraternal

ভ্রান্ত—*a* erroneous, erring, mistaken, having a false notion, under an illusion ; deluded, illusive, illusory ভ্রান্তি—*n* an error, a mistake, a false notion, illusion, delusion ভ্রান্তিকর, ভ্রান্তিজনক—*a* causing to err, illusive, delusive ভ্রান্তিবশতঃ, (pop) ভ্রান্তিবশত, ভ্রান্তিবশে—*adv* by mistake ভ্রান্তিমান্—(1) *a* erroneous, mistaken, (2) *n* (rhet) a figure of speech marked by illusion ভ্রান্তিমূলক—*a* erroneous, illusory, delusive

ভ্রামর—*a* of or like the bee or bumble-bee *fem* ভ্রামরী.

ভ্রাম্যমাণ—(1) *a* that which is being made to travel or rotate, that which is being circulated, (inc) itinerant, travelling (ভ্রাম্যমাণ বিক্রেতা), (inc) circulating (ভ্রাম্যমাণ পাঠাগার) (2) *n* (inc) a traveller ('ভ্রাম্যমাণের দিনপঞ্জিকা')

ভ্রূ, ভ্রু—*n* the eye-brow ভ্রূকুঞ্চন, ভ্রূকুটি, ভ্রূকুটী—*n* a frown ভ্রূকুটি করা—*v* to frown ভ্রূকুটিকুটিল—*a* (of looks or eyes) frowning ভ্রূক্ষেপ—*n* act of casting one's eyes neglectfully or cursorily, (fig) slightest heed. ভ্রূক্ষেপ না করা—*v* to refuse to look at even cursorily (fig) to take no heed of, to ignore completely ভ্রূধনুঃ, (pop) ভ্রূধনু—*n* the arch of the eyebrows ভ্রূবিলাস—*n* a pleasant knitting of one's brows, a charming frown, a lustful frown ভ্রূভঙ্গ, ভ্রূভঙ্গি—same as ভ্রূকুঞ্চন ভ্রূলতা—*n* the eye-brows as beautiful as creepers ভ্রূলেখা—*n* the hachures ভ্রূসঙ্কেত, ভ্রূসংকেত—*n* a beckoning (esp a stealthy one) by moving the eye-brows

ভ্রূণ—*n* a fetus, a fœtus, an embryo. ভ্রূণসম্বন্ধীয়—*a* fœtal, fetal ভ্রূণহত্যা—*n* fœticide, feticide. ভ্রূণহত্যা করা—*v* to destroy a fœtus, to cause an unlawful abortion

ম

ম—*n* the twenty-fifth consonant of the Bengali alphabet

মই—*n* a ladder (usu one made of bamboo and rope), a harrow মই দেওয়া—*v* to harrow (a field)

মউ—*n* honey মউ-আলু—*n* sweet yam মউচাক, মউমাছির চাক—*n* a honeycomb, a beehive মউমাছি—*n* the bee মউমাছির রানী—a queen-bee মউমাছি পালন—*n* bee-keeping মউলোভী—*a* fond of honey

For words in মউ-, not given separately, see মউ

মউড—*n* a tiara made of sola.
মউতাত—alt spell of মৌতাত
মউনি—*n* a churn, a churning-staff
মউরলা, (dial) মউরালা—*n* a species of very small and delicious fish
মউরি, মউরী—*n* aniseed মউরির জল—aqua anetha
মওড়া, মওলবী, মওলানা—corrup 's of মহড়া, মৌলবী and মৌলানা respectively
মকদ্দমা—*n* a lawsuit, a case, a process an affair (বিয়েটা একদিনের মকদ্দমা); a dispute মকদ্দমা আনা—*v* to bring a lawsuit (against), to proceed (against) মকদ্দমা করা—*v* to bring or file a lawsuit, to proceed (against), to conduct a case, to plead in a case, to try or judge a case, to enter into litigation মকদ্দমা তোলা—*v* to bring up a case for trial
মকর—*n* a mythological aquatic animal, (astrol) the Capricorn মকরকেতন, মকরকেতু—*n* the Hindu God of love whose flag bears the symbol of the mythological makar (মকর) মকরক্রান্তি—*n* the winter solstice মকরক্রান্তিবৃত্ত—*n*. the tropic of Capricorn মকরধ্বজ—*n* a medicinal sublimate of mercury, sulphur and gold মকরবাহিনী—(1) *a fem* riding on the mythological makar (মকর), (2) *n* Goddess Ganga (গঙ্গা) মকরমণ্ডল—*n* the tropic of Capricorn মকররাশি—*n* (astrol) the Capricorn মকরসংক্রান্তি—*n* (astr) the transition of the sun from the Sagittarius to the Capricornus, (inc) the winter solstice
মকরন্দ—*n* the nectar or honey of a flower
মকরবী—pop corrup of মকরবী
মকরীয়—*a* of the Capricorn, of the tropic of Capricorn মকরীয় শান্তবলয়—(geog) the calms of Capricorn.

মকাই—*n* maize
ম-কার—*n* a word beginning with ম পঞ্চ ম-কার—see পঞ্চ
মকুব, মকুফ—*n* remission, condonation, exemption মকুব করা—*v* to remit, to condone; to exempt
মক্কা—*n* maize
মক্কেল—*n* a client (of a pleader, barrister, attorney, etc) মক্কেলহীন—*a* (of a legal practitioner) briefless.
মক্তব—*n* a Muslim primary school
মক্‌মক্—*int* denoting the croaking noise of the frog মক্‌মক্ করা—*v*. to croak. মক্‌মকি—*n*. croak
মক্‌শ—alt spell. of মক্স
মক্ষিকা, মক্ষী—*n* the fly মক্ষিমল—*n* wax. মক্ষিরানী—*n* the queen-bee
মক্‌স, মক্স—*n* practice, practice by tracing, মক্স করা—*v* to practise (বন্দুক-চালনা মক্স করা), to practise by tracing (ড্রয়িং বা লেখা মক্স করা)
মখমল—*n* velvet মখমলী—*a* made of velvet, velvety (মখমলী আবাস)
মগ[1]—*n* a mug
মগ[2]—*n* a native of Arakan or Burma মগের মুল্লুক—Arakan, Burma, (fig) a lawless country
মগজ—*n* brains, intelligence, the intellect or the pate, memory
মগডাল—*n* the topmost branch of a tree
মগ্ন, (poet) মগন—*a* drowned, sunken, submerged, engrossed, absorbed (ধ্যানমগ্ন), overwhelmed (শোকমগ্ন), latent dormant (মগ্নচৈতন্য) *fem* মগ্না মগ্নচড়া—*n* a shoal মগ্নচৈতন্য—*n* (psy) the subconscious মগ্নশৈল—*n* a submarine rock
মঘা—*n* the tenth of the twenty-seven stars according to the Hindu astronomy

মঙ্গল— *n* well-being, weal, welfare, good, benefit, the Mars, Tuesday, a kind of Bengali epic poems about popular deities (usu মঙ্গলকাব্য) মঙ্গল করা—*v* to do good to মঙ্গলক—*n* manganese মঙ্গলকর—*a* auspicious, propitious, doing good মঙ্গলকামনা—*n* good wishes মঙ্গলকামী—*a* well-wishing মঙ্গলকামী ব্যক্তি—a well-wisher মঙ্গলকারী—*a & n* one who does good to others *fem* মঙ্গলকারিণী মঙ্গলগীত—*n* a song narrating the glory of a deity মঙ্গলগ্রহ—*n* the Mars মঙ্গলঘট—*n* a consecrated pitcher placed in a house to win divine favour. মঙ্গলচণ্ডী—*n* a manifestation of Goddess Durga (দুর্গা) মঙ্গলজনক, মঙ্গলদায়ক—same as মঙ্গলকর *fem* মঙ্গলদায়িকা মঙ্গলবার—*n* Tuesday মঙ্গলময়—*a.* benign, benignant, gracious, doing good, auspicious *fem* মঙ্গলময়ী মঙ্গলসংবাদ, মঙ্গলসমাচার—*n* news of well-being, good news, (Christ) gospel. মঙ্গলা—Goddess Durga (দুর্গা) মঙ্গলাকর—*n* a mine of good মঙ্গলাকাঙ্ক্ষা—same as মঙ্গলকামনা মঙ্গলাকাঙ্ক্ষী—same as মঙ্গলকামী *fem* মঙ্গলাকাঙ্ক্ষিণী মঙ্গলাচরণ, মঙ্গলাচার—*n* a prayer to obtain divine benison on the eve of commencing a work or in the beginning of a drama, poem, etc, any rite performed for the welfare of the votary মঙ্গলামঙ্গল—*n* good and evil, weal and woe. মঙ্গলারতি—*n* the ceremonial waving of lights before an idol at dawn মঙ্গল্য—var of মাঙ্গলিক

মঙ্গোল, মঙ্গোলীয়—(1) *n* a Mongol (2) *a* Mongol, Mongolian, Mongoloid

মচকান—*v* to sprain or be sprained, to twist মচকানি—*n* sprain, twist, ভাঙ্গে তবু মচকায় না—would rather break than bend.

মচ্—*int* denoting a sharp snapping noise. মচ্‌মচ্—*int* denoting repeated snapping noise মচ্‌মচে—*a* crisp (মচ্‌মচে বিসকুট)

মচ্ছব—coll corrup of মহোৎসব

মচ্‌মচে, মচ্‌মচ্—see মচ্

মছলন্দ—corrup of মসলন্দ

মজদুর—var of মজুর

মজবুত—*a* firm, stiff, fast, strong, hard, expert (আড্ডা দিতে মজবুত), lasting, durable

মজলিস, (rej) মজলিশ—*n* a sitting, a meeting, a gathering, a party (চায়ের মজলিস), an association, a society, a club মজলিসী—*a* of or fit for a party or assembly, capable of brightening up a gathering or party with pleasant talk or bearing

মজা₁—(1) *v* to be drowned, to lose oneself (in) (প্রেমে মজা, নেশায় মজা), to be charmed (with) or won over (by) (কথায় মজা), to silt up (পুকুর মজা), to be pickled thoroughly (আচার মজা), to mature or ripen thoroughly or overmuch (কলাগুলি মজেনি), to be greatly endangered or utterly ruined (ব্যাঙ্ক ফেল পড়ায় সে মজল) (2) *a* silted up thoroughly or overmuch, matured or ripened (3) *n* the delicious leavings of certain fruits from which juice has been extracted (তালের মজা)

মজা₂—*n* pleasure, enjoyment, comfort and luxury (মজায় থাকা), sport, frolic, fun, banter, joke, a funny or pleasant affair or object মজা করা—*v* to make fun (of), to make a song of, to pull one's leg, to indulge in pleasures and frolics মজা টের পাওয়া—*v* to feel the weight

or brunt of danger or difficulty; to feel the evil consequences, to be punished, to have to kiss the rod মজা টের পাওয়ান, মজা দেখান—v to drag one into a danger or trouble as a punishment, to punish, to teach one a lesson, to make one feel the evil consequences of মজা দেখা—v to take delight in other's trouble, to view other's trouble with secret joy মজা মারা, মজা লোটা—v to enjoy, to indulge in pleasures and frolics, to enjoy undue benefit from something, to live amidst pleasure and luxury. মজার গল্প—a funny or amusing story

মজাদার—a funny, amusing, delicious, palatable (মজাদার খাবার)

মজান—v to drown, to cause to lose oneself (in), to charm, to win over, to silt up, to pickle thoroughly, to cause to mature or ripen thoroughly, to endanger greatly or ruin utterly.

মজুদ, মজুত—a stored up; hoarded, reserved, in reserve for future use, reserve, still existing (আমার শক্তি এখনও মজুদ), ready to hand (হুকুম তামিলের জন্য মজুত আছি) মজুদ তহবিল—reserve fund, reserve capital মজুদদার, মজুতদার—n a hoarder মজুদদারি, মজুতদারি—n hoarding

মজুমদার—n (Mus) a revenue accountant

মজুর—n a labourer, a workman, a worker fem মজুরনী মজুর-গণ্ডগোল—n labour trouble. মজুর-পার্টি—n (pol) the Labour Party মজুর-সরদার—n a foreman of a gang, a gangsman, a ganger মজুরের দল—a band of labourers, a gang মজুরি—n labour cost or charges, labour pay or wages, labour work মজুরি করা—v. to work as a labourer

মজ্জন—n sinking or being drowned.

মজ্জমান—a in the state of being drowned, sinking fem মজ্জমানা

মজ্জা—n marrow, bone-marrow, pith, (physio) core মজ্জাগত—a pertaining to marrow; inherent or inveterate মজ্জা-গহ্বর—n a pith cavity

মদ্—pro a (poet. & obs) my

মঞ্চ—n a platform, a dais, a rostrum, a scaffold, the stage or theatre, মঞ্চভাষণ—n a platform speech মঞ্চশিল্প—n stage-craft, stage-play, মঞ্চশিল্পী—n a stage-player মঞ্চস্থ করা—v (of a drama) to stage, to enact, (rare) to place on a platform.

মঞ্জন—n act of cleansing (as teeth) by rubbing, brushing, etc, an article for cleansing with (দন্তমঞ্জন)

মঞ্জরা—v (poet.) to blossom or sprout ('অশোক রোমাঞ্চিত মঞ্জরিয়া')

মঞ্জরি—alt. spell of মঞ্জরী

মঞ্জরিত—a blossomed, budded, flowered, sprouted মঞ্জরিত হওয়া—v to blossom, to bud, to flower, to sprout

মঞ্জরী—n a young shoot or twig with new leaves (আম্রমঞ্জরী), a shoot, a sprout, a spike (পুষ্পমঞ্জরী), an ear (শস্যমঞ্জরী), a flower-spike (বকুলমঞ্জরী) মঞ্জরীদণ্ড—n (bot.) a rachis, a rhachis মঞ্জরীপত্র—n (bot.) a bract.

মঞ্জিল—n a palace, a magnificent building, a mansion

মঞ্জিষ্ঠা—n the Bengal madder

মঞ্জীর—n an anklet with small jingling bells

মঞ্জু—a beautiful, graceful, lovely, delicate, pleasant; sweet মঞ্জুকেশী—a fem having beautiful hair মঞ্জু-

ভাষিণী—*a fem* suave in speech, honey-mouthed, fair-spoken মঞ্জুলে—(1) *a* same as মঞ্জু, (2) *n* a flower-grove, a grove, a bower মঞ্জুশ্রী—*n* delicate or charming grace or beauty মঞ্জুহাসিনী—*a fem* sweet-smiling

মঞ্জুর—*a* sanctioned, approved, granted permitted, accepted, admitted (আপীল মঞ্জুর হওয়া) মঞ্জুর করা—*v* to sanction, to approve, to grant, to permit, to accept, to admit

মঞ্জুরি—*a* sanctioning, approving, permitting, accepting (মঞ্জুরি দস্তখত)

মঞ্জুরিত—inc var of মঞ্জরিত

মঞ্জুরী—alt spell of মঞ্জুরি

মঞ্জুষা, (rare) মঞ্জুষা—*n* a box, a chest, a casket

মটকা—*n* a coarse variety of tusser, the topmost (and also central) part of the surface of a thatched roof (cp loft), feigned sleep, a large earthen barrel or cask মটকা মারা—*v* to close up or block the opening at the centre of a thatched roof, to pretend to be sleeping

মটকান—*v* to twist (as a finger) or break (as a twig) with a snapping noise আঙুল মটকান—*v* to snap one's finger

মটকি, মটকী—*n* a large earthen barrel or cask

মটন—*n* mutton মটনচপ—*n* a mutton-chop

মটর১—corrup of মোটর

মটর২—*n* pea, (ori) pease মটরকলাই, (dial) মটরকড়াই—*n* pea মটরডাল—*n* husked ripened pea-seeds used as dal মটরদানা—*n* a grain or seed of pea, a necklace or a girdle studded with small balls resembling seeds of pea. মটরমালা—*n* a necklace studded with small balls resembling pea-seeds মটরশাক—*n* pea-plant eaten as spinach মটরশুঁটি—*n* a pea-pod, a peascod, a pease-cod, a pea-cod

মট্—*int* denoting a snapping noise as caused by the splitting or twisting of anything hard মট্‌মট্—*int.* denoting repeated মট্-sound

মুণ্ড, (coll) মুণ্ডু—*n* the head মুণ্ড ঘুরে যাওয়া—*v* to be dazed (by astonishment, fear, worry, etc), to be infatuated, to have one's head turned (রূপ দেখে তার মুণ্ড ঘুরে গেল) মুণ্ডচ্ছেদ করা, মুণ্ডচ্ছেদন করা—*v* to behead, to decapitate মুণ্ডন—*n* shaving, a shave, cutting or cropping মুণ্ডন করা—*v.* to shave, to cut or crop মুণ্ডপাত করা—*v* to behead, (fig) to ruin, to shower abuse on মুণ্ডমালা—*n* a string or wreath of severed human heads মুণ্ডমালিনী—(1) *a fem* wearing a wreath of severed human heads, (2) *n* Goddess Kali (কালী) মুণ্ডাকার—*a* shaped like a head, (bot) capitate মুণ্ডি—*n* a sweet drop steeped in sugar syrup মুণ্ডিত—*a* shaven, cropped, pollarded, lopped মুণ্ডিত করা—*v* to shave, to crop, to pollard, to lop মুণ্ডিতকেশ, মুণ্ডিতমস্তক—*a* shaven-headed.

মুত—*n* (coll & now vul) urine

মুতওয়ালি—*n* (Mus) an official trustee of a property given as a gift for the promotion of religion or for the good of the people

মুতা—*v* to urinate, to make or pass water, to piss, to micturate

মুতান—*v* to cause to urinate

মুতাবেক—*adv* in accordance with, according to, in compliance with

মুৎসুদ্দী, মুৎসুদ্দি—*n* a deputy or agent, a commercial agent, a banian.

মুথা, (coll) মুথো—*n* a kind of grass with aromatic roots

মুদা—*v* to close, to shut (আঁখি মুদা)

মুদারা—*n* (mus) the scale of the medium tone (cp) barytone

মুদি, মুদিখানা, মুদিনী—see মুদী

মুদিত১—*a* delighted, pleased

মুদিত২—*a* closed, shut মুদিত করা—*v* to close, to shut

মুদী, মুদি—*n* a grocer *fem* মুদিনী মুদীখানা, মুদিখানা—*n* a grocer's shop

মুদ্গ—same as মুগ

মুদ্গর—*n* a mallet, a club, a cudgel, a rammer, a hammer

মুদ্দতী—*a* continuing or enforced for a fixed period, periodical

মুদ্দাফরাশ, মুদ্দোফরাশ—coll corrup 's of মুর্দাফরাশ (see মুর্দা)

মুদ্রণ—*n* printing, stamping, impression মুদ্রণ করা—*v* to print, to stamp, to impress মুদ্রণ ও নিদর্শ বিভাগ—Press and Forms Department মুদ্রণ-শোধক—*n* a press corrector, a proof-reader মুদ্রণ-শোধন—*n* press correction, proof-reading

মুদ্রা—*n* a coin a rupee, money, wealth, a seal, a signet, a stamp, any one of the peculiar signs made with fingers during prayer, any pose or gesture of dancing, a (ludicrous) mannerism (মুদ্রাদোষ) মুদ্রাকর—*n* a printer মুদ্রাকর-প্রমাদ—*n* a printing mistake মুদ্রাকার—*a* nummular মুদ্রাক্ষর—*n* a printing type মুদ্রাঙ্কন—*n* stamping or impressing or sealing মুদ্রাঙ্কিত—*a* stamped, impressed, sealed মুদ্রাঙ্কিত করা—*v* to stamp, to impress, to seal মুদ্রাদোষ—*n* a (ludicrous) mannerism. মুদ্রাবিজ্ঞান—*n* numis-

matics মুদ্রাবিজ্ঞানী—*n* a numismatist. মুদ্রামান—*n.* (econ) money standard মুদ্রামূল্য—*n* value of a coin or currency মুদ্রামূল্যহ্রাস—*n* depreciation or devaluation of a coin or currency মুদ্রাযন্ত্র—*n*, a printing machine মুদ্রালিপি—*n* a lithograph মুদ্রাশঙ্খ—*n* litharge মুদ্রাস্ফীতি—*n* (econ) inflation of money.

মুদ্রিত—*a* stamped, impressed, sealed, printed, shut, closed মুদ্রিত করা—*v* to stamp, to impress, to seal, to print, to shut, to close মুদ্রিতক—*n* press or publication মুদ্রিতক-বিবাচন—*n* press censorship মুদ্রিত-নয়নে—*adv* with closed eyes

মুনশী—*n* a clerk, a scrivener, a scribe, a secretary, an Urdu teacher, a scholar, a munshi, a moonshee মুনশীয়ানা—*n* erudition, skill in drafting or composition, calligraphy, skill, virtuosity খাস-মুনশী—*n* a private secretary

মুনসেফ—*n* an officer trying suits at the lowest civil court, a munsiff মুনসেফি, মুনসেফী—(1) *n* the office of a munsiff, (2) *a* relating to a munsiff (মুনসেফি কাণ্ড)

মুনাফা—*n* a profit মুনাফা লোটা—*v* to profiteer মুনাফাখোর, মুনাফাবাজ—*a* given to profiteering মুনাফাখোরি, মুনাফাবাজি—*n* profiteering

মুনাসিব—*a* to one's liking or choice, agreeable to, fit, worthy

মুনি—*n* a sage practising ascetical meditation (usu in solitude), a hermit, a sage or an ascetic মুনির আশ্রম—a hermitage.

মুনিব—var of মনিব

মুনিবর—*n* a chief hermit

মুনিয়া—*n* a tiny Indian bird

মুনিষ—*n* a farm-hand

মুনীন্দ্র—*n* a chief hermit

মুন্সী—alt spell. of মুনশী

মুন্সেফ—alt. spell of মুনসেফ

মুফত, মুফৎ—*adv* & *a* cost-free, without remuneration, gratis

মুফতি—*n* (Mus) an expounder of Mohammedan laws, a mufti, the civilian dress of one who wears a uniform, mufti

মুমুক্ষা—*n* desire for salvation

মুমুক্ষু—*a* desirous of salvation

মুমূর্ষু—*a* (orı but rare) desirous of dying, (pop) about to die, dying, moribund মুমূর্ষু দশা—dying state, মুমূর্ষাবস্থায়—*adv* in a dying state, on the point of death

মুয়াজ্জীন—*n* (Mus) a muezzin

মুরগা—var of মোরগ

মুরগি, মুরগী—*n* (as *fem*) the hen, (as *neut*) a fowl, a chicken মুরগির ছানা—a chick, a chicken

মুরছা, মুরছিত—poet corrup's of মূর্ছা and মূর্ছিত respectively

মুরজ—*n* an instrument of percussion resembling a tom-tom

মুরতি—poet. corrup of মূর্তি

মুরদ—*n* ability, power, strength

মুরব্বী, মুরব্বি—*n* a guardian, a patron, a leader মুরব্বীর জোরে—on carpet consideration মুরব্বীগিরি, মুরব্বীয়ানা—*n* guardianship, tutelage, patronage, leadership মুরব্বীগিরি বা মুরব্বীয়ানা করা—*v* to assume officiously the post of a guardian or leader to assume the condescending air of a patron (towards)

মুরলী, মুরলি—*n* a flute, a pipe

মুরারি—*n* Krishna (কৃষ্ণ), who killed Mura (মুর) the demon

মুরি—*n* a sewer, a gutter, a drain

মুরীদ—*n* (Mus) a devout person

মুরুব্বী, মুর্গা, মুর্গি—var 's of মুরব্বী, মুরগা and মুরগি

মুর্দা—*n* a dead body, a corpse

মুর্দাফরাশ, মুর্দাফরাস—*n* a cremator

মুলতবী, মুলতবি—*a.* postponed, adjourned, deferred (মুলতবী পাওনা), held in abeyance (মুলতবী আইন) মুলতবী রাখা বা করা—*v* to postpone, to adjourn, to defer, to put or hold in abeyance

মুলতান—*n* an Indian musical mode

মুলতানী—*a* of Multan

মুলতুবি—coll corrup of মুলতবী

মুলা—*n* the radish.

মুলাকাত—*n* an interview, a meeting মুলাকাত করা—*v* to meet, to interview, to pay one a visit

মুলুক—*n* a country, a kingdom, native land, motherland

মুলো—coll corrup of মুলা

মুল্লুক—var of মুলুক

মুশকিল—*n* a difficulty, a trouble, a fix, a hitch, a rub মুশকিল বেঁধেছে—there is a difficulty or trouble or fix or hitch মুশকিলে পড়া—*v* to run into a difficulty or trouble or fix

মুষড়ান—*v* to become downhearted or depressed or discouraged

মুষল—*n* a mallet, a club, a rammer, a pestle (esp of a husking-tree which is operated in the seesaw manner or of a mortar) মুষলধারা—*n* torrential downpour মুষলধারে বৃষ্টি পড়া—to rain cats and dogs, to rain in torrents.

মুষ্ক—*n* the scrotum মুষ্কগ্রন্থি—*n* the testicles মুষ্কচ্ছেদন করা—*v* to castrate ছিন্নমুষ্ক—*a* castrated

মুষ্টি—*n* cupped palm of the hand, a handful, a fist, a handle, a haft, a hilt, firm hold, grip মুষ্টিগত—*a* gripped, firmly held or controlled, clenched মুষ্টিপ্রহার—same as মুষ্ট্যাঘাত মুষ্টিবদ্ধ—*a* having a hand or hands closed or clenched, (of a hand) closed or clenched মুষ্টিভিক্ষা—*n* a handful of rice or other cereals given in charity মুষ্টিমেয়—*a* only a handful of, a little or a few মুষ্টিযুদ্ধ—*n* boxing, buffeting মুষ্টিযুদ্ধ করা—*v* to engage in a boxing মুষ্টিযোগ—*n* a quack remedy or medicine মুষ্টিযোদ্ধা—*n* a boxer, a pugilist মুষ্ট্যাঘাত—*n* a fisticuff, a box, a buffet মুষ্ট্যাঘাত করা—*v* to box, to buffet

মুসব্বর—*n* the Aloe or aloe

মুসম্মৎ, মুসম্মত—*n* (Mus) an appellation affixed to the names of Muslim women, (cp) Miss, Mrs

মুসলমান, মুসলিম—(1) *n* a Mussulman, a Muslim (2) *a* Mohammedan, Muslim মুসলমানধর্ম—*n* Islam, Mohammedanism মুসলমানি, মুসলমানী—(1) *n* a Mohammedan female, a Mussulwoman, the Muslim mode of life or fashion and practices, (2) *a* Mohammedan

মুসা—*n* Moses

মুসাফির—*n* a wayfarer, a traveller, a traveller in foreign lands মুসাফিরখানা—*n* an inn, a caravanserai

মুসাবিদা—*n* a draft (of a document, writing, etc) মুসাবিদা করা—*v* to draft

মুসুরি—*n* lentil

মুস্কিল—alt spell of মুশকিল

মুহম্মদ—corrup of মোহাম্মদ

মুহরি১—*n* a sewer, a gutter, a drain, a strainer covering the mouth of a drain, a nut of a bolt, the measure of the cuff or ankle of garments

মুহরি২, মুহুরী—*n* a clerk or scrivener মুহরিগিরি—*n* clerkship

মুহুঃ—*adv* again, repeatedly

মুহুর্মুহুঃ, মুহুরী—corrup's of মুহুর্মুহুঃ

মুহুর্মুহুঃ—(1) *adv* (also *a*) again and again, repeatedly, with little or no respite

মুহূর্ত—*n* a division of time (=48 minutes), a point of time, a moment, a while, a very short time এই মুহূর্তে—at this moment, just now, immediately, at once মুহূর্তকাল—*n* a moment, a while মুহূর্তমধ্যে—in a moment, in an instant, in two ticks মুহূর্তমাত্র—(1) *adv* only for a moment or while, (2) *n* only a moment.

মুহ্যমান—pop. corrup of মোহ্যমান

মূক—*a* dumb, mute, dumbfounded, speechless (বিস্ময়ে মূক হওয়া) মূক-বধির—*a* deaf and dumb মূক-বধির ব্যক্তি—a deaf-mute

মূঢ়—*a* moving under an illusion, infatuated, stupid, ignorant, indiscreet, mentally obsessed

মূত্র—*n* urine মূত্রকৃচ্ছ্র—*n* painful micturition, strangury মূত্রত্যাগ করা—*v* to urinate, to make or pass water, to piss, to micturate, মূত্রধানী—*n* a urinal, a piss-pot. মূত্রনালী—*n* the urethra মূত্রনালী-প্রদাহ—urethritis. মূত্রনিঃসরণ—*n* discharge of urine, urination মূত্ররোধ—*n* retention of urine মূত্রবর্ধক—*a* diuretic মূত্রবর্ধক-ঔষধ—a diuretic মূত্রাধার, মূত্রাশয়—*n* (anat) the bladder

মূরছা—alt. spell of মূর্ছা

মূরতি—alt spell of মূর্তি

মূর্খ—(1) *a* stupid, foolish, uneducated, illiterate, ignorant, inexperienced (2) *n* a stupid person, a fool, an idiot, a dunce, an uneducated or illiterate person, an inexperienced person, a greenhorn মূর্খতা—*n* stupidity, foolishness, a folly; lack of education, illiteracy, ignorance, inexperience মূর্খতা প্রকাশ করা—*v* to betray one's stupidity or ignorance

মূর্ছনা—*n* (mus) a gradual modulation or rise and fall of voice, (mus) a sweet tremor of voice

মূর্ছা—(1) *n* a fainting fit, a swoon, (med) a syncope, (2) *v* same as মূর্ছা যাওয়া মূর্ছা যাওয়া—*v* to faint, to swoon মূর্ছাগত, মূর্ছাপ্রাপ্ত—*a* fainted, swooned, lying unconscious মূর্ছাপ্রাপ্তি—*n* fainting, swooning মূর্ছাবায়ু, মূর্ছারোগ—*n* epilepsy, syncope মূর্ছাবায়ুগ্রস্ত—*a* epileptic, syncopic, syncoptic মূর্ছাভঙ্গ—*n* regaining of consciousness from a fainting fit.

মূর্ছিত—*a* fainted, swooned মূর্ছিত হওয়া—*v* to faint, to swoon.

মূর্ত—*a* corporeal, embodied, personized, incarnate, concrete, material, (phys) real, (fig) palpable, tangible, visible, manifest মূর্ত হওয়া—*v* to assume a form, to be incarnated, to become palpable or tangible or visible or manifest

মূর্তি—*n* a body, an incarnation, an embodiment, a form, a shape, a figure, an appearance মূর্তিধারণ করা, মূর্তিপরিগ্রহ করা—*v* to assume a material body or a form, to be incarnated, to assume a particular appearance, to personate. মূর্তিপূজক—*n* an idolator (*fem* an idolatress), an image-worshipper মূর্তিপূজা—*n* idolatry, image-worship মূর্তিমান, (loos) মূর্তিমন্ত—*a* embodied, incarnate, personized, personified, manifest, visible, (dero) downright or mischievous *fem* মূর্তিমতী

মূর্ধন্য—(1) *a* (gr) cerebral (2) *n* (gr) a cerebral letter, a cerebral

মূর্ধা—*n*. the head মূর্ধাভিষিক্ত—*a*. enthroned by being sprinkled with holy water on one's head

মূর্বা, মূর্বী—*n* the bow-string hemp

মূল—(1) *n* a root, an esculent root, a bulbous plant, a bulb, beginning, origin, a cause or source of origin, (of money) capital or principal (সুদেমূলে), foundation, base, basis (অমূলক), the basal or embedded part of anything, the foot (বৃক্ষমূল), (math) a factor of a quantity, root (2) *a* first, original, fundamental, basic, primary, principal, chief, main, real, (of invested money etc) capital or principal অবরোহ মূল—(bot) a hanging root. অস্থানিক মূল—(bot) an adventitious root প্রধান মূল, মুখ্য মূল—(bot) a tap root মূল উপাদান—an essential element. মূল একক—a fundamental unit. -মূলক—*sfx* caused by, originating from (ভ্রান্তিমূলক বিশ্বাস), (inc) causing or exhibiting (দুঃখমূলক ব্যাপার). মূলকর্ম—*n* the original or principal work মূলকারণ—*n* the first or original cause, the root-cause, the real cause মূলকেন্দ্র—*n* the principal centre, headquarters, (comm) the head office, (geom) the radical centre মূলগত—*a* basic, fundamental, radical মূল গায়েন—the leading singer of a chorus মূলগ্রন্থ—*n* the original text or manuscript মূলচ্ছেদ, মূলচ্ছেদন—same as মূলোচ্ছেদ মূলজ—*a* originating from the root, radical মূলজ প্রেষ—*n* (bot) the root-pressure মূলজীবী—*n* (bot.) a root-parasite মূলতঃ—same as মূলে মূলতত্ত্ব—*n* the first or primary principle, the basic or fundamental truth মূলত্র—*n* (bot) a root-cap মূলদ—(1) *a* (alg) rational, (2) *n* (alg) a rational quantity, a rational মূলধন—*n* capital or principal (invested) মূলধর্ম—*n* the fundamental properties মূলনীতি—*n* the fundamental or basic or primary principle মূলপ্রকৃতি—*n* the original or elemental nature, (theol) same as আদ্যাশক্তি মূলভিত্তি—*n* the foundation, the groundwork, inauguration, the primary or principal ground or basis মূলমন্ত্র—*n* an esoteric word or words uttered inwardly at prayer, the guiding principle, firm resolve (জীবনের মূলমন্ত্র) মূলরশ্মি—*n* (phys) a direct ray মূলরোম—*n* (bot) a root-hair মূল শিকড়—(chiefly bot) the main root মূলসূত্র—*n* the fundamental rule or principle মূলে—*adv* at the root or base, in the beginning, originally, primarily, basically, fundamentally, at all মূলে ভুল করা—to get hold of the wrong end of the stick

মূলা১—*n* the radish

মূলা২—*n* the nineteenth of the twenty-seven stars of Hindu astronomy

মূলাকর্ষণ—*n* a pull by the root. মূলাকর্ষণ করা—*v* to pull by the root.

মূলাধার—*n* the real cause

মূলীভূত—*a* causing origination, lying at the root, serving as the first or primary cause

মূলে—see মূল২

মূলোচ্ছেদ, মূলোৎপাটন—*n*. extirpation, eradication, (fig) complete destruction মূলোচ্ছেদ করা, মূলোৎপাটন করা—*v* to uproot, to root out, to extirpate, to eradicate, (fig) to destroy completely or thoroughly

মূল্য—*n* price, rate, cost, value, worth, charge, wages, fee, remune-

ration, hire-charge, hire, freight. মূল্য দেওয়া—*v* to give price of, to remunerate; (fig) to appreciate or recognize the value or worth of মূল্যনির্ধারক, মূল্যনিরূপক—(1) *a* appraising, evaluating, (2) *n* an appraiser, an evaluator মূল্যনির্ধারণ বা নিরূপণ করা—*v* to appraise, to evaluate মূল্যবান্—*a* valuable, costly, precious মূল্যবৃদ্ধি—*n* increase or rise in price, appreciation মূল্যবেদন—*n*. quotation of price or charge মূল্যবেদনপত্র—*n* a tender মূল্যহীন—*a* valueless, worthless, (fig) futile or useless মূল্যানুসারে—*adv* according to value or price, ad valorem মূল্যাবধারণ করা, মূল্যায়ন করা—*v* to assess or estimate the price or value of, to appraise, to evaluate

মূষা১—*n* a crucible

মূষা২, মূষিক—*n* the rat, the mouse (pl mice)

মৃগ—*n* the deer, the stag, the antelope, ground game, a beast, an animal. কস্তুরীমৃগ—*n* the musk-deer কৃষ্ণসার-মৃগ—*n* the black antelope চিত্রমৃগ—*n* the spotted deer শাখামৃগ—*n* the monkey মৃগচর্ম—*n* deer-skin, animal skin মৃগতৃষা, মৃগতৃষ্ণা, মৃগতৃষ্ণিকা—*n* a mirage মৃগনয়না—*a* *fem* having eyes as those of a deer মৃগনাভি—*n* musk মৃগমদ—*n* musk মৃগয়া—*n* hunting (esp of big games) মৃগয়া করা—*v* to hunt মৃগয়া করিতে যাওয়া—*v* to go out hunting মৃগয়াকারী—*n* a hunter, a huntsman মৃগরাজ—same as মৃগেন্দ্র মৃগলোচনা—same as মৃগনয়না মৃগশিরাঃ, (pop) মৃগশিরা, মৃগশীর্ষ—*n* the fifth of the twenty-seven stars according to Hindu astronomy মৃগশিশু—*n* a fawn মৃগাক্ষী—same as মৃগনয়না *masc*. মৃগাঙ্ক মৃগাঙ্ক—*n*. one who bears the sign of a deer, the moon. মৃগাঙ্কমৌলি, মৃগাঙ্কশেখর—*n* one who bears the moon on one's forehead as a crown, Shiva (শিব) মৃগাজীন—*n* a deer-skin, an animal skin মৃগাজীব—*n* a professional hunter মৃগী—*n* (as *fem*) the doe, the female deer or antelope, any female beast (শাখামৃগী), (as *neut*) epilepsy মৃগেন্দ্র—*n* the king of beasts, the lion

মৃগেল—*n* a species of large fresh-water fish with reddish eyes

মৃণাল—*n* a stalk of the lotus or water-lily, the white esculent root of the lotus মৃণালনিন্দিত—*a* excelling even a lotus-stalk in beauty or delicateness মৃণালভুজ—*n* an arm as delicate as a lotus-stalk মৃণালিনী—*n* a clump of the lotus or water-lily, (loos) the lotus or the water-lily.

মৃত—*a* dead, deceased, defunct, lifeless, inanimate মৃতকল্প, মৃতপ্রায়, মৃতবৎ—*a* almost or nearly dead, dying, moribund মৃতদার—*a* *masc* one whose wife is dead মৃতদার ব্যক্তি—a widower মৃতবৎসা—*a* *fem* (usually) giving birth to still-born babies মৃতসঞ্জীবনী—(1) *a* capable of bringing back the dead to life, (2) *n* anything (esp a medicine) capable of bringing back the dead to life মৃতাশৌচ—*n* personal impurity caused by the death of a blood-relation

মৃৎ—*n* earth, clay মৃৎকাণ্ডজ—*n* (bot) a radical leaf মৃৎপাত্র—*n* an earthen pot or vessel, an earthenware মৃৎপিণ্ড—*n* a lump of clay or earth, a clod of earth মৃৎশিল্প—*n* the potter's art, pottery, clay-modelling

মৃত্তিকা—*n* earth, clay, mud, soil, the ground, the earth, the world বাহিত মৃত্তিকা—(geog) transported soil মৃত্তিকাগঠিত, মৃত্তিকানির্মিত—same as মৃন্ময় মৃত্তিকাগর্ভ—*n* the bowels of the earth, an underground place, the underground মৃত্তিকাপাত্র, মৃত্তিকাভাণ্ড—same as মৃৎপাত্র (see মৃৎ) মৃত্তিকাভোজন—*n* geophagy মৃত্তিকাভোজী—*a* geophagous

মৃত্যু—*n* death, decease, demise, loss of life, Yama (যম) the Hindu god of death মৃত্যুকবল—same as মৃত্যুগ্রাস মৃত্যুকামনা—*n* desire of death মৃত্যুকামনা করা—*v* to desire to die, to desire another's death মৃত্যুকামী—*a* desirous of dying, desirous of another's death মৃত্যুকাল—*n* the time of death, the dying moment. মৃত্যুকালীন—*a* pertaining to the time of death or to the dying moments মৃত্যুকালীন এজাহার—a dying statement or declaration মৃত্যুচিহ্ন—same as মৃত্যুলক্ষণ মৃত্যুঞ্জয়—(1) *a* one who has conquered death, deathless, immortal, (2) *n* Shiva (শিব) মৃত্যুঞ্জয়ী—*a* loose var of মৃত্যুঞ্জয় (*a*) মৃত্যুগ্রাস—*n* the jaws of death মৃত্যুগ্রাসে পতিত হওয়া—*v* to fall into the jaws of death, to die, to be killed মৃত্যুতুল্য—*a* deathlike, deathly মৃত্যুদণ্ড—*n* a death-sentence, capital punishment মৃত্যুদণ্ড দেওয়া—*v* to sentence to death, to award capital punishment (to) মৃত্যুদণ্ডে দণ্ডিত হওয়া—*v* to be sentenced to death মৃত্যুমুখ—same as মৃত্যুগ্রাস মৃত্যুযন্ত্রণা—*n* death-agony, death throe মৃত্যুলক্ষণ—*n* a sign of death or being dead মৃত্যুশয্যা—*n* death-bed মৃত্যুহীন—*a* deathless, immortal, everlasting

মৃদঙ্গ—*n* an instrument of percussion shaped almost like a tom-tom

মৃদু—*a* soft, supple, delicate, slight, gentle, not heavy, light, slow, dim, tender, not loud, low, temperate (মৃদু তাপ), mild, meek, effeminate (মৃদু স্বভাব), noiseless, stealthy (মৃদু চরণে), not sharp or keen (মৃদু ধার, মৃদু বুদ্ধি) মৃদুগতি—same as মৃদুগামী মৃদুগমনা—same as মৃদুগামিনী, মৃদুগম্ভীর—*n* low and deep, rumbling (মৃদুগম্ভীর স্বর বা ধ্বনি) মৃদুগামী—*a* slowly going or moving, softly or stealthily going or moving *fem* মৃদুগামিনী মৃদুজল—(chem) soft water মৃদুনাদ, (loos) মৃদুনাদী—*a* low-sounding মৃদুপবন, মৃদুবায়ু—*n* a gentle breeze, (naut.) a cat's-paw মৃদুমন্দ—(1) *a* gently and pleasantly moving (মৃদুমন্দ বাতাস), low and sweet (মৃদুমন্দ ধ্বনি), slow, (iron) light but sharp (মৃদুমন্দ আঘাত), (2) *adv* moving gently and pleasantly, gently and pleasantly, in a low and sweet manner, slowly, (iron) lightly but sharply. মৃদুরোমশ—*a* (bot.) downy মৃদুল—*a* soft, tender, slow, light, noiseless. *fem* মৃদুলা

মৃদ্‌ভাণ্ড—same as মৃৎপাত্র

মৃন্ময়—*a* made of earth or clay, earthen, clayey, mud-built (মৃন্ময় কুটির) *fem* মৃন্ময়ী মৃন্ময় তলানি—(geog) terrigenous deposit মৃন্ময়পাত্র—same as মৃৎপাত্র মৃন্ময়মূর্তি—*n* a clay-model, an image made of clay মৃন্ময়শিল্প—same as মৃৎশিল্প

মে—*n* (the month of) May মে দিবস—*n* Mayday

মেও, মেউ—var 's of মিউ

মেওয়া—*n* a collective name for several nutritious fruits namely, pomegranates, grapes, raisins, almonds, etc, any nutritious fruit.

মেওয়াওয়ালা—*n* a fruit-seller, a fruiterer *fem* মেওয়াওয়ালী—a fruiteress

মেকি, মেকী—*a* counterfeit, spurious, faked, forged, artificial, false (মেকি কথা), dissimulating, impersonating (মেকি লোক).

মেখলা—*n* an ornamental girdle, (rare) a sword-guard or sword-belt

মেঘ—*n* cloud মেঘ করা—*v* to cloud মেঘ কেটেছে—*v* clouds have dispersed. মেঘ জমা—*v* to cloud মেঘ করা—*v* to look cloudy, to become somewhat cloudy মেঘ হওয়া—*v* to cloud অলক-মেঘ—*n* the cirrus অলকান্তর-মেঘ—*n* the cirro-stratus আন্তর-মেঘ—*n* the stratus ঝঞ্ঝা-মেঘ, (coll.) ঝড়ো মেঘ—*n* the nimbus পুঞ্জ-মেঘ—*n* the cumulus পুঞ্জালক-মেঘ—*n* the cirro-cumulus ভাঙা মেঘ—scattered clouds রাঙা মেঘ, সিঁদুরে মেঘ—a crimson-coloured cloud which presages a great storm মেঘখণ্ড—*n* a cloudlet মেঘগর্জন—*n* the roar or rumble of clouds, a clap of thunder মেঘজাল—*n* cumulated clouds মেঘডম্বর—*n* cumulation of clouds, the roar or rumble of clouds, a clap of thunder মেঘডম্বর শাড়ি—a sari (শাড়ি) having the colour of the nimbus, a dark blue sari মেঘনাদ—*n* the roar or rumble of clouds, one who roars like rumbling clouds মেঘনির্ঘোষ—same as মেঘগর্জন মেঘমণ্ডিত—*a* overcast with clouds, cloudy, cloudtopped, (poet) cloud-capt মেঘমন্দ্র—*n* the rumble of clouds মেঘমন্দ্রস্বর—*n* a voice resembling the rumble of clouds মেঘময়—*a* full of clouds, cloudy, clouded মেঘমল্লার—*n* an Indian musical mode মেঘমালা—*n* a string or series of clouds মেঘমেদুর—*a* rendered cool or pleasantly shadowy for being overcast with clouds মেঘলা—*a* overcast with clouds, cloudy মেঘাগম—*n* the break of the monsoon, the rainy season. মেঘাচ্ছন্ন—*a* thickly overcast with clouds, thickly clouded মেঘাড়ম্বর—same as মেঘডম্বর মেঘাত্যয়—*n* the autumn

মেচেতা—*n* freckles, lentigo মেচেতা পড়া—*v* to be freckled

মেছুনি, মেছুনী—*n* *fem* a fish-wife, a fish-woman, a fisher-woman

মেছুয়া—(1) *n* a fish-monger or a fisherman (2) *a* relating to fish (মেছুয়া গন্ধ), where fish is sold or auctioned or caught, piscivorous (মেছুয়া কুমির) মেছুঘাঘেরি—*n* a place for catching fish, a fishery মেছুয়াবাজার—*n* a fish-market মেছুয়াহাটা—*n* a retail market for selling consignments of fish by auction

মেছেতা—var of মেচেতা

মেছো—*pop var of* মেছুয়া

মেজ₁—*n* a table, a desk

মেজ₂—*n* second-born (মেজছেলে), second in order of age or seniority (মেজকর্তা, মেজসাহেব)

মেজরাব—pop corrup of মিজরাব

মেজমেজ—*int* denoting a feeling of physical indisposition or indolence মেজমেজ করা—*v* to feel physically indisposed, to be stricken with an indisposition to activity

মেজাজ—*n* mood (of the mind), the habitual frame of mind, temperament, a fit of ill-humour or rage, temper মেজাজ খারাপ থাকা—*v* to be out of humour মেজাজ খারাপ হওয়া—*v* to run out of humour, to be in temper মেজাজ দেখান—*v* (usu. dero) to show temper মেজাজ ভাল থাকা—*v* to be in good humour মেজাজ ভাল

হওয়া—*v* to recover one's good humour খারাপ মেজাজ—ill humour খিট্‌খিটে মেজাজ—bilious or peevish temperament খোশমেজাজ—see খোশ বদমেজাজ—see বদ ভাল মেজাজ—good humour রুক্ষ মেজাজ—choleric or haughty temperament হাসিখুশি মেজাজ—jolly or jovial temperament মেজাজী—*a* having a particular temperament (বদ-মেজাজী), vainglorious, haughty, stylish (মেজাজী খেলা), in lofty temper or mood

মেজে, মেঝে—*n* the floor

মেট—*n* a ganger or gangsman, (naut.) a mate, (in India) a prisoner appointed the taskmaster of his fellow-prisoners, a mate

মেটা—pop var of মিটা

মেটুলি, মেটুলী, মেটে১—*n* the liver of a goat, sheep, etc taken as food

মেটে২—*a* made of clay or earth (মেটে পুতুল), mud-built (মেটে ঘর), plastered with clay or terra-cotta (দোমেটে), of earthy complexion, mud-coloured মেটে সাপ—a non-venomous mud-coloured snake

মেঠাই—corrup of মিঠাই

মেঠো—*a* pertaining to a field, befitting an open field, unparliamentary (মেঠো বক্তৃতা) মেঠো পথ—a path through an open field formed by frequent movement of people

মেড়া—*n* a ram proficient in fighting, a fighting-ram, the ram, (fig) a blockhead, a dunce

মেড়ুয়া—var of মেড়ো

মেডেল—*n* a medal মেডেল-ধারী, মেডেল-পাওয়া—*a* medalled মেডেল-পাওয়া লোক—a medallist

মেড়ো—*n* (contem) a native of Marwar, a Marwari, (contemp) an up-countryman of India

মেঢ়া—var of মেড়া

মেথর—*n* a cleanser of filth and night-soil, a scavenger, a sweeper *fem* মেথরানী মেথরগিরি—*n* the profession of the aforesaid cleanser or sweeper, scavenging

মেথি—*n* the fenugreek plant or its seed

মেদ—*n* fat, marrow মেদজ—*a.* produced from fat

মেদা, মেদামারা—*a* effeminate, lacking in vigour or energy, spiritless

মেদি—coll corrup of মেহেদি

মেদিনী—*n* the earth, the world.

মেদুর—*a* pleasantly soft or smooth; glib, unctuous, verdant, green.

মেধ—*n* a religious sacrifice, an oblation (অশ্বমেধ)

মেধা—*n* intellect, power of remembrance, (good) memory মেধাবী—*a* intelligent, gifted, endowed with a good memory or parts *fem.* মেধাবিনী

মেধ্য—*a* sacrificial, sacred

মেনি, মেনী—*n* (in endearment) a puss, a pussy-cat মেনিমুখো—*a* bashful, shy, effeminate (esp in speech)

মেম—*n* a European woman মেম-সাহেব, (coll) মেমসাব—*n* a European woman, a mem-sahib, a courteous form of addressing a lady of high social standing (esp an anglicized one) used by servants, etc

মেম্বার, মেম্বর—*n* a member

মেয়—*a* measurable, mensurable, countable, estimable (অমেয়, পরিমেয়), conjecturable, cognizable

মেয়াদ—pop corrup of মিয়াদ

মেয়ে—(1) *n* a daughter, a little girl, a girl, a woman (2) *a* female, she- (মেয়ে-বিড়াল), effeminate মেয়ে-মর্দ, (coll) মেয়ে-মদ্দ—*n pl* men and

women, husband and wife মেয়েমর্দানি—n, a termagant, an Amazon মেয়েমানুষ—n a woman, womankind মেয়েমুখো—a (of men) effeminate or timid in speech (and also in activity) মেয়েলি, মেয়েলী—a of women, feminine, womanly, effeminate, womanish (মেয়েলি পুরুষ) মেয়েলোক—n a woman

মেরজাই—n a kind of waistcoat

মেরাপ—n a temporary shed built of straw and bamboo-poles

মেরামত—n repair, mending, reconditioning মেরামত করা—v to repair, to mend, to recondition মেরামত হওয়া —v to be repaired or mended or reconditioned মেরামতি, মেরামতী—(1) n cost or charges of repairing or mending or reconditioning, (2) a of repairing or mending or reconditioning

মেরু—n either of the two ends of the earth's axis, a pole, the backbone, the spine, an axis সুমেরু—n the North pole মেরু-চুম্বকমাত্রা—n (phys) the pole-strength. মেরুজ্যোতিঃ, (pop) মেরুজ্যোতি—same as মেরুপ্রভা মেরুদণ্ড—n. the backbone, the spine, the vertebral column, (fig) strength or firmness of character মেরুদণ্ডহীন—a having no backbone, spineless, invertebrate, (fig.) lacking in strength of character মেরুদণ্ডহীন প্রাণিবর্গ—n pl the Invertebrata মেরুদণ্ডী—a having a backbone or spine, vertebrate মেরুদণ্ডী প্রাণিবর্গ—n pl the Vertebrata মেরুপ্রদেশ—n a polar region মেরুপ্রভা—n the polar lights মেরুরেখা—n the earth's axis, an axis উপাক্ষ-মেরুরেখা—n the earth's axis minor পরাক্ষ-মেরুরেখা—n the earth's axis major

মেল১—(1) n the letter-conveying post, the mail, any vehicle carrying the mail (পঞ্জাব মেল) (2) a carrying the mail (মেল-ট্রেন=a mail-train)

মেল২—n union, unity, an assemblage, a gathering,, mating (esp of domestic animals), (loos) the heredity of a family considered for matrimonial purposes (ফুলিয়া মেল)

মেলা১—a great in number or quantity or expanse, numerous or abundant or extensive

মেলা২—n a fair (রথের মেলা), a temporary exhibition (স্বদেশী শিল্পমেলা), an assemblage, a concourse (লোকের মেলা), a society (পণ্ডিতের মেলা)

মেলা৩—v to open (চোখ মেলা), to spread out (রোদে কাপড় মেলা).

মেলা৪, মেলান১—pop var's of মিলা and মিলান respectively

মেলান২—v to cause to open or spread out

মেলানি—n meeting or union, a crowd, a society or association, parting, farewell, farewell greetings, a parting gift, a present, a gift.

মেলামেশা, মেশা, মেশান, মেশামেশি—pop var's of মিলামিশা, মিশা, মিশান and মিশামিশি respectively

মেশিন—n a machine

মেষ—n (as *masc*) the ram, (as *neut*) the sheep, (astrol) the Aries, the Ram *fem* মেষী—the ewe মেষতুল্য, মেষবৎ—a sheepish মেষপাল—n a flock of sheep, a shepherd (*fem* a shepherdess) মেষপালক—n a shepherd মেষমাংস—n mutton মেষশাবক—n a lamb, a yeanling

মেস—n an establishment for a number of persons taking their meals (and often living) together, a mess মেস-বাড়ি—n a mess-building, a mess

মেসো—*n* the husband of one's mother's sister or cousin-sister, an uncle

মেহ—*n* gleet, gonorrhœa

মেহগনি—*n* mahogany

মেহনত, মেহনৎ, মেহন্নত—*n* physical or manual labour, toil, (fig) laborious effort or endeavour মেহনত করা—*v* to labour, to toil, (fig) to work or endeavour laboriously মেহনতানা—*n* remuneration for or wages of labour মেহনতি, মেহনতী—*a* engaged in manual labour, labouring, toiling

মেহেদি—*n* the henna.

মেহেরবান—*a* kind, benevolent, merciful মেহেরবানি—*n* kindness, benevolence, mercy মেহেরবানি করিয়া *adv* kindly, please, graciously

মৈ—alt spell. of মই

মৈত্র—(1) *a* same as মৈত্রেয় (2) *n* same as মৈত্রী মৈত্রী, মৈত্র্য—*n* alliance, friendship, amity, an alliance or treaty, cooperation মৈত্রেয়—*a* relating to allies or friends

মৈথিল—*a* of or inhabiting Mithila মৈথিলী—*n* the language of Mithila, a woman of Mithila

মৈথুন—*n* sexual intercourse, copulation

মৈনাক—*n* a mythological mountain

মোকদ্দমা, মোকররি (মোকররী), মোকাবিলা—corrup's of মকদ্দমা, মুকররি and মুকাবিলা respectively

মোকাম—*n* a residence, a dwelling-house, a trading-station, a station an address (চিঠির মোকাম)

মোক্তার—*n* a mukhtar, a legally appointed representative, an attorney মোক্তারনামা—*n* a power-of-attorney মোক্তারি—*n* mukhtarship মোক্তারি করা—*v* to practise as a mukhtar

মোক্ষ—*n* (theol) release from the world or from the influence of nature, eternal emancipation, final beatitude, nirvana, salvation of the soul, rescue, death, release (গ্রহণ-মোক্ষ) মোক্ষণ—*n* freeing or rescuing or releasing or discharging, bleeding or letting or shedding or removing or wiping মোক্ষণ করা—*v* to free, to rescue, to release, to discharge, to bleed, to let blood, to shed, to remove, to wipe মোক্ষদ—*a* giving final beatitude or salvation of the soul, redeeming the soul *fem* মোক্ষদা মোক্ষদাতা—(1) *a* same as মোক্ষদ, (2) *n* a giver of eternal emancipation, a redeemer of the soul *fem* মোক্ষদাত্রী মোক্ষদায়ক—same as মোক্ষদ *fem* মোক্ষদায়িকা, মোক্ষদায়িনী মোক্ষধাম—*n* the abode of the blessed dead, heaven, (cp) Elysium মোক্ষলাভ করা—*v* to attain eternal salvation

মোক্ষম—*a* unfailing, irrefutable, undeniable, terrible, fatal

মোগল—(1) *n* a Mogul (2) *a* Mogul মোগলাই—*a* pertaining to Moguls, current amongst Moguls

মোচ—*n* a nib (of a pen), a point (of a pencil), a moustache, a mustache

মোচড়—*n* a contortion, a wring, a twist, a wriggle, a wrench, (fig) constraint, pressure মোচড় দেওয়া—*v* to contort, to wring, to twist, to wriggle, to wrench, (fig) to constrain, to put (undue) pressure মোচড়ান—pop var of মুচড়ান মোচড়া-মোচড়ি—*n.* repeated contortion or wringing or twisting or wriggling or wrenching, (fig.) persistent solicitation or higgling মোচড়ামোচড়ি করা—*v* to contort or wring or twist or wriggle

or wrench, (fig) to solicit or higgle persistently

মোচন—*n* releasing or loosening or opening or removing or dispelling or discharging or shooting (শরমোচন) or shedding (পত্রমোচন, অশ্রুমোচন) or (loos) wiping মোচন করা—*v* to set free, to release, to loosen, to unloose, to open, to remove, to dispel, to discharge or shoot, to shed, (loos) to wipe

মোচা—*n* a cone of the banana মোচাকার—*a* conical

মোছ—rare spell of মোচ

মোছা, মোছান—pop var's of মুছা and মুছান respectively

মোজা—*n* stockings, socks, hose গরম মোজা—woollen socks ফুল-মোজা—*n* socks that come up to the knee হাত-মোজা—*n* gloves হাফ-মোজা—*n* socks that come only up to the calf মোজা-পরা—*a* stockinged, hosed

মোট১—(1) *n* a total, an aggregate, a sum total (2) *a* total, aggregate, principal, chief, essential মোট কথা—the sum and substance মোট দেওয়া—*v* to add up, to total মোটের উপর—on the whole, generally, on an average.

মোট২—*n* a load, a burden, a bundle, luggage মোটঘাট—*n pl* different items of luggage মোটবাহক—*n* a porter

মোটর—*n* a motor, a motor-car মোটর-গাড়ি—*n* a motor-car মোটর-গাড়ি চালান—*v* to drive a motor-car, to motor. ভাড়াটে মোটর-গাড়ি—a taxi-cab ভাড়াটে মোটর-গাড়ির আড্ডা—a taxi-stand মোটর-গাড়ির চালক, মোটর চালক—a motor-driver, a motorist মোটর মিস্ত্রি—*n* a motor-mechanic

মোটা—*a* fat, corpulent, fatty, adipose, bulky, voluminous (মোটা বই), thick, coarse (মোটা কাপড়, মোটা চাউল), grave or hoarse (মোটা স্বর), dull (মোটা বুদ্ধি), heavy (মোটা খরচ), large (মোটা আয), high or handsome (মোটা মাইনে), plain, simple (মোটা কথা), gross, rough, ordinary (চিত্রাদিতে মোটা কাজ) মোটা ভাত-কাপড়—plain living মোটান—*v* to grow fat, to fatten মোটামুটি—(1) *a* roughly or grossly estimating (মোটামুটি একমাস), rough (মোটামুটি হিসাব), summary (মোটামুটি বিচার), cursory (মোটামুটি পাঠ), moderate, middling (মোটামুটি অবস্থা) (2) *adv* roughly, grossly, summarily, cursorily, moderately, on the whole মোটাসোটা—*a* burly, stout and strong

মোটে—*adv* in total, in all, altogether, only now, just now, at all, only মোটেই—*adv* at all

মোড়—*n* a turn, a bend, a crossing (রাস্তার মোড়)

মোড়ক—*n* a packet, a tiny packet containing a dose of medicine, a carton, a paper cover

মোড়া১—*n* a wicker stool'

মোড়া২, মোড়ান, মোড়ামুড়ি, মোণ্ডা, মোতা, মোতান, মোতাবেক—var's of মুড়া২,৩, মুড়ান২,৩, মোচড়া-মুচড়ি, মণ্ডা,১, মুতা, মুতান and মুতাবেক respectively

মোতায়েন—*a* stationed, posted, posted on guard, ready at hand for action মোতায়েন করা বা রাখা—*v* to station, to post, to post on guard, to keep ready at hand for action

মোতি—*n* pearl

মোতিচুর—same as মিহিদানা

মোতিয়া—*n* a kind of small sweet-scented flowers

মোদক—*n* a ball-shaped sweetmeat (usu made of posset), an invigorating

(and also intoxicating) drug made of hemp-leaves, a confectioner

মোদিত—*a* filled with fragrance, perfumed, delighted, cheerful

মোদের—var of আমাদের

মোদ্দা—(1) *a* chief, main, gross (2) *adv* on the whole, after all, in short (মোদ্দা যাওয়া চাই) (3) *con* but (যাই কর, মোদ্দা চাকরি ছেড না) মোদ্দা কথা—the long and short (of it), the sum and substance, the chief thing

মোনা—*n* the pestle of a foot-driven husking-tree

মোম—*n* beeswax, মোম মাখান—*v* to wax মোম-জামা, মোম-ঢাল—*n* wax-cloth মোম-বাতি—*n* a wax-candle মোম-বাতিদান—*n* a candlestick মোম-বাতিবিক্রেতা—*n* a wax-chandler. মোমের কাগজ—wax-paper মোমের পুতুল—a wax-doll

মোয়—poet var of আমাকে

মোয়া—*n* a sweetened ball of parched or fried rice etc ছেলের হাতের মোয়া—(fig) a thing very easily obtainable

মোর—var of আমার

মোরগ—*n* (as *masc*) the cock, (as *neut*) a fowl, a chicken মোরগের ঝুঁটি—*n* a cock's-comb, a cockscomb মোরগের ডাক—crow, cock-a-doodle মোরগফুল—*n* the cockscomb, the yellow-rattle, the Rhinanthus

মোরব্বা—*n* sweetened fruit conserve, fruit jelly, jam

মোরা—var of আমরা

মোরে—var of আমাকে

মোলাকাত—pop corrup of মুলাকাত

মোলায়েম—*a* soft and smooth (মোলায়েম জিনিস), suave (মোলায়েম কথা),

মোল্লা—*n* (Mus) a Muslim theologian or priest or teacher, a mullah, a mollah মোল্লাগিরি—*n* the profession or office of a mullah মোল্লাতন্ত্র—*n* government by or predominantly influenced by mullahs (cp mullahcracy) মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত—(dero) one with restricted knowledge cannot go beyond the range of one's learning, a churchman becomes a fish out of water outside the church, the utmost reach of one's tether

মোষ, মোষড়ান, মোসম্মত—corrup 's of মহিষ, মুষড়ান and মুসম্মত respectively

মোসলেম—var of মুসলিম

মোসাহেব—*n* a fawning or cringing attendant, a fawner, a toady, a flatterer মোসাহেবি—*n* fawning, toadyism, flattery মোসাহেবি করা—*v* to fawn upon as a sycophant, to toady, to fawn upon, to flatter

মোহ—*n* (theol) ignorance about reality, illusion, ignorance, mental obsession, infatuation, fascination, deep attachment, dotage, a fainting fit, a swoon, enchantment, bewitchment মোহ নিরসন করা—*v* to dispel illusion or infatuation or enchantment মোহগ্রস্ত—*a* affected with an illusion, ignorant, mentally obsessed, deluded, infatuated, fascinated or fondly attached, doting, fainted, swooned, enchanted, bewitched, stupefied মোহঘোর—*n* a spell of illusion or ignorance or mental obsession or infatuation or fainting fit or enchantment. মোহজনক—*a* illusive, causing mental obsession, infatuating, fascinating, causing to faint, enchanting, bewitching মোহজাল—same as মোহপাশ মোহতিমির—same as মোহঘোর মোহনিদ্রা—*n* stupor caused by illusion, infatuation, a fainting fit মোহপাশ—*n* the

mesh of illusion or infatuation or enchantment মোহবদ্ধ—*a* caught in the mesh of illusion or infatuation or enchantment মোহবন্ধ, মোহবন্ধন—*n*. the bondage of illusion or infatuation or enchantment মোহভঙ্গ—*n* recovery from illusion or infatuation or enchantment or from a fainting fit. মোহমদ—*n*. pride caused by illusion or ignorance মোহমন্ত্র—*n* an incantation to enchant, a magic spell মোহময়—*a* illusive, illusory, infatuating, enchanting মোহমুগ্ধ—*a* captivated by illusion, infatuated, fascinated, fondly attached, doting, enchanted, bewitched, spell-bound মোহমুদ্গর—*n* a book of verse by Shankaracharya intending to dispel illusion, a cudgel dispelling illusion or ignorance or infatuation

মোহড়া—rare var of মহড়া

মোহন—(1) *n* enchantment, bewitchment, infatuation, fascination (2) *a* infatuating, fascinating (গোপীমোহন), charming (মোহন বেণু) মোহনচূড়া—*n* an attractive bun of hair put up on the crown of one's head মোহনভোগ—*n*. a kind of porridge made by boiling corn-flour in milk মোহনমালা—*n* a variety of gold necklace মোহনমূর্তি—*n* a fascinating figure.

মোহনা—var of মোহানা

মোহনিয়া—var of মোহন (*a*)

মোহন্ত—corrup of মহন্ত

মোহর—*n* an obsolete gold coin of India and Persia, a mohur, a seal, a stamp

মোহরত—*n* ceremonial beginning or renewal (হিসাবের খাতা মোহরত), opening ceremony (ফিল্মের মোহরত)

মোহরার—*n* a clerk, a scrivener, a scribe.

মোহা—same as মোহিত করা

মোহানা—*n* (of a water-reservoir, pond, etc.) a conduit, a channel, (of a river) a mouth, an estuary

মোহান্ত—corrup. of মহন্ত

মোহান্ধকার—same as মোহঘোর

মোহাম্মদী, মোহাম্মদীয়—(1) *a* Mohammedan (2) *n* a Mohammedan

মোহিত—*a* enmeshed in illusion, fascinated, infatuated, beside oneself, swooned, enchanted, charmed, hypnotized মোহিত করা—*v* to enmesh in illusion, to fascinate, to infatuate, to cause to swoon, to enchant, to charm, to hypnotize

মোহিনী—(1) *a fem* enchanting, bewitching, charming, infatuating, possessing bewitching personal charm (2) *n fem* (myth) an exquisitely bewitching figure of a woman which Vishnu (বিষ্ণু) assumed to delude asuras (অসুর), a woman of bewitching beauty or personal charm, witchcraft or sorcery (usu মোহিনীবিদ্যা), hypnotism, mesmerism (also মোহিনীবিদ্যা) মোহিনী মায়া—an enchanting illusion মোহিনীশক্তি—*n* the power of enchanting or bewitching, hypnotic power

মোহ্যমান—*a* stunned, stupefied, benumbed, extremely afflicted (শোকে মোহ্যমান) *fem* মোহ্যমানা

মৌ—alt spell of মউ

মৌক্তিক—*n* a pearl, nacre

মৌখিক—*a* verbal, oral, viva voce, lip-deep (মৌখিক ভালবাসা), windy (মৌখিক বড়াই) মৌখিক উপাসনা—oral

For words in মোহ-, not given separately, see মোহ

prayer, lip-service **মৌখিক পরীক্ষা**—an oral examination, a viva voce test.

মৌচাক—*n* a beehive, a honeycomb

মৌজ—*n* pleasant stupor caused by drugging, besottedness (আফিমের মৌজ) comfort, ease, pleasure, relish **মৌজ করা**—*v* to drug oneself to enjoy a pleasant stupor, to sit or lie comfortably or at ease, to relax (খাওয়ার পর মৌজ করা) to do something with relish (মৌজ করে খাওয়া) **মৌজ করে বসা**—*v* to sit easy or comfortably, (cp) to be at home

মৌজা—*n* a village a group or block of villages regarded as an administrative unit (cp a county)

মৌতাত—*n* extreme craving for liquor or drugs at routine hours as felt by inveterate drunkards and drug-addicts, act of drinking wine or taking drugs at routine hours, pleasant stupor caused by drugging or drinking **মৌতাত করা**—*v* to drink wine or take drugs at the fixed hour **মৌতাত ছুটে যাওয়া**—*v* to have one's pleasant drug-stupor or besottedness disturbed **মৌতাতের সময়**—a fixed hour for taking drugs or drinking wine

মৌন—(1) *n* abstention from speech, reticence (2) *a* (inc but pop) same as মৌনী মৌনত্যাগ করা, মৌনভঙ্গ করা—*v* to break silence (esp after the completion of a vow of abstaining from speech) **মৌনব্রত**—*n* a vow of abstaining from speech **মৌনব্রতী**—*a* abstaining from speech under a vow **মৌনভাব**—*n* reticence, silence মৌনভাব ধারণ করা—*v* to keep silent মৌনসম্মতি—*n* tacit consent. **মৌনস্বভাব**—*a* habitually reserved in speech. **মৌনাবলম্বন করা**—*v* to undertake a vow of abstaining from speech, to keep silent **মৌনী**—*a* abstaining from speech under a vow, silent, reticent, speechless or dumbfounded (বিস্ময়ে মৌনী), mute (মৌনী প্রকৃতি)

মৌমাছি, মৌরলা, মৌবালা, মৌরি—alt. spell's of **মউমাছি, মউরলা, মউরালা** and **মউরি** respectively

মৌরসী, মৌরসি—*a* ancestral, hereditary, enjoyable (মৌরুসি সম্পত্তি) or settled hereditarily (মৌরুসি পাট্টা)

মৌর্বী—*n* a bowstring (esp one made of the bowstring hemp)

মৌর্য—*n* the Maurya dynasty

মৌল—(1) *a* relating to or originating from the root, radical, original, primary, fundamental, basic, (sc) elemental (2) *n* (sc) an element **মৌল নীতি**—a basic or fundamental principle **মৌল পদার্থ**—(sc) an element **মৌল বেতন**—the basic pay **মৌল শিক্ষা**—basic education

মৌলবী—*n* (Mus) a Mohammedan scholar or teacher

মৌলানা—*n* (Mus) a Mohammedan scholar or teacher of an order higher than that of maulabis (মৌলবী)

মৌলি—*n* a crown, diadem, the head or forehead, hair done in a bun on the crown of the head

মৌলিক—*a* pertaining to or originating from the root, radical, primitive, aboriginal, fundamental, basic, primary (মৌলিক নীতি বা শিক্ষা), prime (মৌলিক সংখ্যা), original (মৌলিক রচনা বা চিন্তা), (sc) elementary, (of Hindu families) noble but not kulin (কুলীন) **মৌলিক পদার্থ**—(sc.) an element. **মৌলিক সংখ্যা**—(math) a prime number **মৌলিকতা**—*n* originality

মৌশী—alt spell of মৌসি.

মৌসুম—*n* a season, a fixed time or period of the year for occurrence or performance of something, a tide, the monsoon, the rainy season, the rains মৌসুমী, মৌসুমি—*a* seasonal (মৌসুমি ফুল), periodical (মৌসুমি ভ্রমণ), monsoonal (মৌসুমি বাতাস) মৌসুম বায়ু—the monsoon

ম্যাও—var of মিউ

ম্যাগাজিন—*n* a periodical publication, a magazine

ম্যাচ১—*n* a formal contest or game, a match (ফুটবল-ম্যাচ)

ম্যাচ২—*n* a match-box, matches

ম্যাজম্যাজ—alt spell of মেজমেজ

ম্যাজিক—*n* magic ম্যাজিক-লণ্ঠন—*n* magic lantern,

ম্যাজিসট্রেট, ম্যাজিস্ট্রেট—*n* a magistrate.

ম্যাজিসিয়ান—*n* a magician

ম্যাজেনটা, ম্যাজেণ্টা—*n* magenta

ম্যাড়ম্যাড়—*int* expressing lack of brightness, dullness ম্যাড়মেড়ে—*a* dull in colour, lack-lustre, mat, matt, dull

ম্যানেজার—*n* a manager (*fem* a manageress) ম্যানেজারি—*n* managership ম্যানেজারি করা—*v* to act as a manager, to manage

ম্যাপ—*n* a map ম্যাপ দেখা—*v* to read a map ম্যাপ রচনা করা—*v* to draw a map

ম্যালেরিয়া—*n* malaria ম্যালেরিয়া-ঘটিত—*a* malarial ম্যালেরিয়া জ্বর—*n* malarial fever

ম্রিয়মাণ—*a* (ori) dying, moribund, (pop) glum, melancholy, deeply distressed, sorrowful *fem* ম্রিয়মাণা

ম্লান—*a* pale, haggard, emaciated, shrivelled, dim, lack-lustre, mat, matt, dull, cheerless, glum, sorrowful, darkened, gloomy, fatigued, wornout; (fig) reduced, humbled, tarnished (গৌরব ম্লান হওয়া) ম্লানতা, ম্লানত্ব, ম্লানি, ম্লানিমা—*n* paleness, haggardness, dimness, dullness, glumness, sadness, gloominess, fatigued state. ম্লানায়মান—*a* getting pale or haggard or dim or dull or glum or gloomy.

ম্লায়মান—*a* darkening

ম্লেচ্ছ—(1) *n* a non-Aryan tribe of ancient India; a member of this tribe, a Greek settler of India, (loos but pop) a non-Hindu (2) the ancient Mlechchhas (ম্লেচ্ছ); non-Hindu or anti-Hindu, wicked, sinful, given to unscriptural practices ম্লেচ্ছদেশ—*n* the part of India inhabited by the ancient Mlechchhas (ম্লেচ্ছ) ম্লেচ্ছাচার—*n* the custom and practices of Mlechchhas (ম্লেচ্ছ), non-Hindu or unscriptural or evil custom and practices ম্লেচ্ছাচারী—*a* adopting the custom and practices of Mlechchhas, given to non-Hindu or unscriptural or evil practices

য

য—*n* the twenty-sixth consonant of the Bengali alphabet.

যই—alt spell of জই

যক—coll corrup of যক্ষ যক দেওয়া—*v* to inter ceremonially a living child together with all one's riches so that the ghost of the child may guard the riches, (sl—facet) to cheat one of one's money যকের ধন—riches guarded by a ghost, (fig) riches of an extremely miserly person

যকৃৎ—*n* the liver

যক্ষ—*n* (myth.) one of a class of demigods, a ghost appointed to

guard a treasure hidden underground, (iron) an extremely miserly man যক্ষপুরী—*n* (myth) the city of Kuvera (কুবের) যক্ষরাজ—*n* Kuvera (কুবের) the king of Yakshas (যক্ষ)

যক্ষিণী—*fem* of যক্ষ

যক্ষ্মা—*n* phthisis, tuberculosis, pulmonary consumption

যখন—*adv & con* when, whilst, whereas, because, as, since যখনই—*adv & con* whenever, as soon (as), no sooner (than) যখনকার—*a* of a particular or specified time যখনকার যা তখনকার তা—(fig) every work has its own time, everything must be done in its own proper time যখন-তখন—*adv* in time or out of time, in season or out of season, frequently (and often vexatiously) যখন যেমন তখন তেমন—suitable for the occasion, seasonable, (fig) time-serving, (cp) do in Rome as the Romans do

যজন—*n* worshipping, worship, act of offering in sacrifice, sacrifice যজন-যাজন—*n* act of worshipping on behalf of one's own self as well as on behalf of others, priestcraft.

যজমান—*n* one on whose behalf a priest worships, a sheep of a priest

যজুঃ, (pop) যজু, যজুর্বেদ—*n* the Yajurveda যজুর্বেদীয়—*a* of or conforming to the Yajurveda

যজ্ঞ—*n* a Vedic sacrifice, a religious sacrifice, an oblation, a sacrifice, a burnt-offering, (fig) a great and pompous affair or ceremony যজ্ঞকুণ্ড—*n* a pit in which the sacrificial fire is made যজ্ঞডুমুর—*n* a variety of large figs যজ্ঞধূম—*n* the smoke of the sacrificial fire যজ্ঞপশু—*n* a sacrificial beast, a victim যজ্ঞপাত্র—*n* a sacrificial vessel যজ্ঞবেদী—*n* a sacrificial altar, an altar যজ্ঞভূমি, যজ্ঞশালা, যজ্ঞস্থল, যজ্ঞস্থান—*n* a place of sacrifice যজ্ঞসূত্র—same as উপবীত যজ্ঞাগ্নি, যজ্ঞানল—*n* the sacrificial fire যজ্ঞীয়—*a* sacrificial যজ্ঞেশ্বর—*n* the lord of religious sacrifices, Vishnu (বিষ্ণু) যজ্ঞোপবীত—same as উপবীত

যত—*pro, a, adv & con* as many or as much (যত এল তত গেল), all, whatsoever (যত নষ্টের গোড়া), more (যত দেখবে, তত মজবে) যতই—emphatic from of যত যতকাল—*adv & con* as long (as), so long যত-কিছু—*pro & a* whatever, whatsoever যতক্ষণ—same as যতকাল যতক্ষণ না—until যতখানি—*adv & con* as much (as), as long (as), as far (as), as many (as) যতগুলি, (dial) যতগুলো—*adv. & con* as many (as) যতটা—same as যতখানি যতদিন—*adv & con* as many days (as), as long (as), so long যতদূর—*adv & con* as far (as) যতবার—*adv & con* as many times (as), as often (as) যত নষ্টের গোড়া—the root of all evils or mischiefs যত বড় মুখ নয় তত বড় কথা—(fig) an audacious utterance or remark

যতন—poet corrup of যত্ন

যতি১, যতী—*n* an ascetic, a hermit, a widow (ব্রাহ্মণের যতি)

যতি২—*n* (gr) a stop, (pros) a pause, a cæsura. যতিচিহ্ন—*n* (gr) a punctuation-mark যতিপাত, যতিভঙ্গ—*n* (pros) a metrical fault or breach

যতেক—*a & con* (poet) as much or as many, all whatever

যৎ১—*n* an Indian musical measure

যৎ২—*a* what, whatever, whatsoever all whatever যৎকালে—*adv & con* at the time when, when, whilst যৎকিঞ্চিৎ, যৎসামান্য—*a* (also *pro*) (the

little) whatever , the little , (only) a little যৎপরোনাস্তি—*a* extreme

যত্ন—*n* laborious or zealous effort, careful or earnest attention, care , nursing , cordial or warm reception (অতিথিকে যত্ন) , zeal , labour, toil যত্ন করা, যত্ন নওয়া—*v* to endeavour laboriously or zealously , to attend to carefully, to take care of , to nurse , to receive cordially or warmly , to be zealous , to labour, to toil যত্নপূর্বক—*adv* with laborious or zealous endeavour , with careful or earnest attendance , carefully , zealously , laboriously যত্নবান্, যত্নশীল—*a* laboriously or zealously endeavouring , carefully or earnestly attending to , careful , zealous , laborious *fem* যত্নবতী, যত্নশীলা

যত্র—*adv* & *con* in whichever place or subject , wherever , as much (as) যত্রতত্র—*adv* here and there , anywhere and everywhere , everywhere যত্র আয় তত্র ব্যয়—spending all one earns

যথা—(1) *adv* as , as for instance, as for example, namely , as much , to the utmost degree, amount or number , in accordance with , where or in which (2) *a* proper, fitting, right. যথাকর্তব্য—*adv* & *a* in accordance with one's duty , as one's duty warrants যথাকালে—*adv.* at the proper or right or suitable or due time , in time , in good time, betimes , seasonably , in due course যথাক্রমে—*adv* in regular or due order or succession , respectively যথাতথ —*a* accurate , actual , true , real যথাতথা—same as যত্রতত্র (see যত্র) যথাদিষ্ট —*a* complying with or obedient to the order যথানিয়মে—*adv* in accordance with the rule or law or formalities যথানুপূর্ব—*a* conforming to the regular or due order or succession or sequence. যথাপূর্ব —*a* & *adv* as before যথাপূর্বং তথা পরং—no change in the condition or state যথাবৎ—*a* & *adv* according to the rule or law or formalities , as before , without change. যথাবিধি —same as যথানিয়ম যথাবিহিত—*a* & *adv* as is prescribed or due. যথাভিমত— *a.* & *adv* according to one's desire, as one pleases যথায়—*adv* where, wherein যথাযথ—(1) *a* & *adv* according to the due order or succession or sequence, (2) *a* accurate , exact , correct , right , just , true , fit , (3) *adv* accurately , exactly , correctly , rightly , justly , truly , fittingly, fitly যথাযোগ্য same as যথোচিত. যথারীতি—*a* & *adv* as is usual or customary, according to usage or custom or practice যথারুচি—*a* & *adv* according to one's inclination or taste or choice যথাশক্তি—*a* & *adv* to the best of one's abilities, as much as one can যথাশাস্ত্র—*a* & *adv* conforming to scriptures or scriptural prescriptions যথাসময়ে—same as যথাকালে যথাসম্ভব—*adv* as far as or as much as or as many as possible যথাসর্বস্ব —*n* whatever one possesses যথাসাধ্য —same as যথাশক্তি যথাস্থান—*n* the right or proper or fixed or appointed place

যথার্থ—*a* right , correct, accurate, real , genuine , authentic , true , actual , proper, exact

যথেচ্ছ, (rare) যথেচ্ছা—*a* & *adv* as one desires or pleases or chooses or likes যথেচ্ছাচার—*n* wilfulness , waywardness , indiscipline , reckless

conduct যথেচ্ছাচারী—*a* wilful, wayward, lacking in discipline, wild *fem* যথেচ্ছাচারিণী

যথেষ্ট—(1) *adv.* & *a* as much or as many as one desires (2) *a* enough, sufficient, abundant, profuse

যথোচিত, যথোপযুক্ত—*a* proper, fit, as one deserves, as is due to one, fitting, just

যদবধি—*adv* & *con* up to which time, till when, from which time, since when

